
Vol. 2
June 2008

DAVID HARE TRAINING COLLEGE

Centenary Celebration Souvenir



25/3 PRAMATHESH BARUA SARANI
(BALLYGUNGE CIRCULAR ROAD)
KOLKATA–700 019
Phone No. : 2486-4848 ✱ Website : www.dhtc_iase.org



মাননীয় অধ্যক্ষ, অধ্যাপিকা-অধ্যাপকবৃন্দ, গ্রন্থাগারিক এবং অফিসকর্মী

বসে (বাঁদিক থেকে ডানদিকে)—শ্রী সমীর কুমার চক্রবর্তী, অধ্যাপক পূর্ণেন্দু আচার্য, অধ্যাপক নাগার্জুন ভরদ্বাজ, অধ্যক্ষ ডঃ প্রণবকৃষ্ণ চৌধুরী, অধ্যাপক ডঃ বিষ্ণুপদ বেরা, অধ্যাপিকা ডঃ জয়শ্রী ব্যানার্জী, অধ্যাপিকা ডঃ স্মৃতি রায়, অধ্যাপক ডঃ রবীন্দ্রনাথ কর্মকার।

দাঁড়িয়ে (বাঁদিক থেকে ডানদিকে)—অধ্যাপক ডঃ সুভাষচন্দ্র ভাট, অধ্যাপক পীযূষকান্তি ত্রিপাঠী, অধ্যাপক ঋতব্রত চ্যাটার্জী, অধ্যাপক ডঃ পার্থ চট্টোপাধ্যায়, শ্রী অনুপকান্তি গুহ, অধ্যাপক ডঃ কুমার বিশ্ববন্ধু, অধ্যাপক অম্লান গাঙ্গুলী, অধ্যাপিকা ভারতী ভট্টাচার্য এবং অধ্যাপিকা ব্যাপ্তি।

CENTENARY CELEBRATION SOUVENIR VOLUME-TWO

DAVID HARE TRAINING COLLEGE

1908-2008 A.D.

25/3, PRAMATHESH BARUA SARANI

(Ballygunge Circular Road)

KOLKATA-700 019

YEAR-2008

❋ Date of publication ❋
March, 2008

❋ Publisher ❋
Dr. Bishnupada Bera
General Secreatary,
Centenary Celebration Committee
David Hare Training College, Kol-19

❋ Cover Design ❋
Sri Samir Kumar Chakrabarti

❋ Printing by ❋
Science Vision
Kolkata-700006
Ph. 9830951744 (M) / 23605760

সূচীপত্র

কী আছে এর মধ্যে	কে	কোথায়

শুভেচ্ছা ও মুখবন্ধ *i—xxii*

মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় কর্তৃক প্রদত্ত ভাষণের অনুলিখন ১

উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী মহাশয় কর্তৃক প্রদত্ত ভাষণের অনুলিখন ৫

মন্ত্রী শ্রী ক্ষিতি গোস্বামী মহাশয় কর্তৃক প্রদত্ত ভাষণের অনুলিখন ৬

শতবর্ষে ডেভিড হেয়ার শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়—(সংকলক) —শ্রী নাগার্জুন ভরদ্বাজ ৯

ভারতে শিক্ষক-শিক্ষণের প্রেক্ষাপট এবং ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের আদিপর্ব —ভবেশ মৈত্র ৩১

David Hare Training College for the Betterment of Education —Kamal Krishna De ৩৯

Some Snapshots of Reminiscences around David Hare Training College —Dilip Kumar Sinha ৪৯

নানা রঙের দিনগুলি —হরিপদ মণ্ডল ৫২

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ, কিছু স্মৃতি —খগেন্দ্রনারায়ণ দাস ৫৬

একটি পালকির খোঁজে (ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে) —সমীর চক্রবর্তী ৫৯

কিছু স্মৃতিকথা ও শিক্ষাপ্রসঙ্গে —মধুসূদন পাঁজা ৬২

वक्त के साँचे को बदल जाते हैं कुछ लोग! —ডাঁ০ कुमार विश्वबंधु ৬৮

A few words on Teacher-Education in West Bengal —Prof. D. Mahanta ৭৩

Teacher Eduction–A Profile of West Bengal —Dr. Pronab Krishna Choudhury ৭৫

Prospect of Teacher Education Programme in India —Dr. Dilip Kumar Chakraborty ৮৮

Transforming Schools–Empowering Teacher Education System —Swapan Kumar Sarkar ৯৪

The National Curriculum Framework 2005 and concerns for teacher education —Dr. Rathindranath De ১০১

শিক্ষক-শিক্ষণের প্রাসঙ্গিক কিছু বিষয় —রূপক হোমরায় ১০৬

Right to Education—The Mandate and after —R. G. Mukherjee ১১০

Freedom in Education —Sakti Pada Bhattacharyya ১২৫

Curriculum and Community —A. K. Bhattacharya ১২৮

Pupil-Pupil relationships in our Schools —Kulada Prasad Chaudhury ১৩২

Psychology of manpower management in proverbs
—Ramesh Chandra Das ১৩৮
Self-Love —Dr. Jnanandra Chandra Das Gupta ১৪৬
গান্ধীজীর শিক্ষানীতি ঃ প্রেক্ষিত একুশ শতকের ভারত —সূর্যাংশু ভট্টাচার্য ১৬০
একবিংশ শতাব্দীতে ভারতে শিক্ষার ভবিষ্যৎ সম্পর্কে কিছু ভাবনা ও দুর্ভাবনা —জ্যোতির্ভূষণ দত্ত ১৬৬
(কু) সংস্কার অপনোদনে শিক্ষকের ভূমিকা —মনোতোষ দাশগুপ্ত ১৭৬
অভিভাবক-শিক্ষক সহযোগিতা —সুরেশ চন্দ্র আচার্য্য ১৮৯
সংস্কৃতির অর্থ* —ডঃ নীহাররঞ্জন রায় ১৯৬
Matacognition in Learning Strategy — Jayasri Banerjee ১৯৯
The New Coins of Educational Constructs : Their Implications In Healthy Mind —Dr. Nilanjana Sanyal ২০২
Bharat brand English : its journey through the years
—Rhitabrata Chatterjee ২১৯
Our Alma Mater—A Memorabilia —Prof. Amarnath Ghosh ২২৮

ANNEXTURE-III ২৩০
List of Activities of IASE David Hare Training College during the year 2007
Names of Trainees ২৩৩
লেখক-পরিচিতি ২৮৫

রাজ্যপাল, পশ্চিমবঙ্গ

সত্যমেব জয়তে

রাজভবন

কলকাতা-৭০০ ০৬২



১ জুন ২০০৭

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের বর্ষব্যাপী শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠান আগামী ১লা জুলাই, ২০০৭ থেকে শুরু হবে জেনে আমি আনন্দিত।

আমি আশা করি যে শিক্ষক মহাশয়দের প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে এই কলেজ তার সুদীর্ঘ ঐতিহ্য বজায় রেখে প্রশিক্ষণের মান উত্তরোত্তর বৃদ্ধির প্রতি সচেষ্ট থাকবে।

আমি শতবর্ষ উদযাপন অনুষ্ঠানের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে সংশ্লিষ্ট সকলকে আমার অভিনন্দন জানাই।

গোপালকৃষ্ণ গান্ধী

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,

অধ্যক্ষ,

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,

কলকাতা

নং-৭৪০-পি.সি.এম

৪ জুন, ২০০৭

সত্যমেব জয়তে

মুখ্যমন্ত্রী

পশ্চিমবঙ্গ



ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষে পদার্পণের সূচনা-অনুষ্ঠান আগামী ১ ও ২ জুলাই, ২০০৭ আয়োজিত হবে জেনে আনন্দিত হয়েছি। শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় হিসেবে এই প্রতিষ্ঠানটি বিশেষ গৌরবে মণ্ডিত। ঐতিহ্য ও আধুনিকতার মেলবন্ধন ঘটিয়ে মহাবিদ্যালয়টি তার বহুমুখী কর্মসূচি দক্ষতার সঙ্গে পালন করে যাবে, এই বিশ্বাস রাখি।

শতবর্ষ কর্মসূচির সাফল্য কামনা করি।

(বুদ্ধদেব ভট্টাচার্য)

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

মন্ত্রী
অর্থ ও আবগারি দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

ডঃ অসীম কুমার দাশগুপ্ত

এপ্রিল ১৯, ২০০৭

শুভেচ্ছাপত্র

আগামী ১লা জুলাই, ২০০৭ ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে একটি স্মারক পত্রিকা প্রকাশিত হবে জেনে আনন্দিত হয়েছি।

আমি এই অনুষ্ঠানের সাফল্য কামনা করি।

ধন্যবাদান্তে,

(অসীম কুমার দাশগুপ্ত)

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

SUDARSAN RAYCHAUDHURI
MINISTER-IN-CHARGE
HIGHER EDUCATION
GOVERNMENT OF WEST BENGAL
BIKASH BHAWAN, BIDHANNAGAR
KOLKATA-700 091
Office - 033 2334 6181
Residence - 033 2674 0744

সুদর্শন রায়চৌধুরী
মন্ত্রী
উচ্চ শিক্ষা বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন, বিধাননগর
কলকাতা-৭০০ ০৯১

Dated, Kolkata, the HEms/752 2007

তারিখ ২৪/৫/ ২০০৭.



শুভেচ্ছা

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবার্ষিকী উৎসব আগামী ১লা জুলাই, ২০০৭ থেকে আগামী এক বছরব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে উদ্‌যাপিত হচ্ছে জেনে খুশি হলাম।

শতাব্দীপ্রাচীন এই শিক্ষাপ্রতিষ্ঠানের গৌরবময় ঐতিহ্য আগামীদিনে আরও সমুজ্জ্বল হয়ে উঠুক এই কামনা করি।

এই শতবর্ষ উদ্‌যাপনের বিভিন্ন অনুষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা।

(সুদর্শন রায়চৌধুরী)

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

ক্ষিতি গোস্বামী
KSHITI GOSWAMI

মন্ত্রী
পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
MINISTER-IN-CHARGE
PUBLIC WORKS & P.W. (ROADS) DEPARTMENT
GOVERNMENT OF WEST BENGAL
KOLKATA, THE....২৫-০৪-.2007
D.O. NO..........৬১৩ -......MPW

শুভেচ্ছা

ঐতিহ্যমণ্ডিত ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের এক বছরব্যাপী শতবর্ষ উদ্‌যাপন বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে আগামী ১লা জুলাই, ২০০৭ তারিখে সূচনা করা হবে। এই উপলক্ষ্যে একটি পত্রিকাও প্রকাশিত হবে।

একটি শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের জীবনে, বিশেষত ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে ১০০ বছরের যাত্রাপথ অনেক সুখ দুঃখ আনন্দ বেদনায় আবৃত থাকে। আজ ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের আনন্দ উৎসবের শুভ মুহূর্তে সকলে নিশ্চয়ই পুরনো দিনের সুখ দুঃখের স্মৃতির কথা ভাববেন। আমাদের দেশ আজও সার্বিক সাক্ষরতা অর্জন করতে পারেনি। এই উৎসবের মধ্য থেকে তাই দেশের প্রান্তে প্রান্তে যাতে সাক্ষরতা অভিযান জোরদার করা যায় সেই সংকল্পই গ্রহণ করা হোক। শতবর্ষের আড়ম্বরপূর্ণ আনন্দ অনুষ্ঠানের এই লগ্নে শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের প্রাক্তন অধ্যাপক ও অধ্যাপিকাদের শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানানো প্রয়োজন।

শিক্ষার সার্বিক প্রসারের ক্ষেত্রে এই কেন্দ্রের অগ্রণী ভূমিকা আগামী দিনে আরও সুদৃঢ় ও সম্প্রসারিত হোক এই কামনা করে শতবার্ষিকী উৎসবের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক অভিনন্দন।

ক্ষিতি গোস্বামী
(ক্ষিতি গোস্বামী)
২৪।৪।০৭

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

Writers' Buildings, Kolkata-700001, Tel : 2214-3161, Fax : 2214-4788

সত্যমেব জয়তে

পার্থ দে
মন্ত্রী
বিদ্যালয় শিক্ষা বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
☎ : (০৩৩) ২৩৩৪ ২২৫৬
(০৩৩) ২৩৫৮ ৮৮৫৮ (ফ্যাক্স)

নং- ৫১৩/এস (শুভেচ্ছা)/স্কুল শিক্ষা/০৭

তারিখ ২২/০২/০৭

শুভেচ্ছা

আগামী ১-লা জুলাই, ২০০৭, কলকাতার ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের বর্ষব্যাপী শতবর্ষ উৎসব উদ্‌যাপন-এর প্রারম্ভিক অনুষ্ঠান উপলক্ষে স্মরণিকা প্রকাশিত হচ্ছে জেনে আনন্দিত হলাম। এই সময়ের মধ্যে এই শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় দেশবাসীকে বহু কৃতী সন্তান উপহার দিতে পেরেছে...সে বিষয়ে কোনো সন্দেহ নেই। তদানীন্তন ব্রিটিশ শাসনে অবিভক্ত বাংলার প্রাণকেন্দ্রে এই শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় যাঁরা স্থাপন করেছিলেন, তাঁরা শিক্ষা বিশেষ করে শিক্ষক-শিক্ষণ প্রশিক্ষণ শিক্ষা সম্পর্কে কতখানি উৎসাহী ছিলেন, তা বোঝা যায় পরাধীন দেশে এই রকম একটি শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের মাধ্যমে। নূতন উৎসাহে, নূতন কলেবরে শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়টি তার দায়িত্ব পালনে ব্রতী হোক—সেই আশা একান্তভাবে করি। শতবর্ষ পূর্তি অনুষ্ঠান বর্ণময় হয়ে উঠুক, যাবতীয় কর্মসূচি আরও অর্থবহ হয়ে আত্মপ্রকাশ করুক—এই আশা আমি একান্তভাবে করি।

এই শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়ের প্রাক্তন ছাত্রদের, অধ্যক্ষ, অধ্যাপক-অধ্যাপিকাদের ও অন্যান্য সকলকে আমি আমার আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি।

এই মহাবিদ্যালয়ের সাথে বর্তমানে যাঁরা যুক্ত আছেন তাঁদের সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

পার্থ দে ২২/২/০৭
(পার্থ দে)

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

Dr. Abdus Sattar
Minister of State
Minorities Development & Welfare and Madrasah,
Government of West Bengal.

Phones:
Office: (033) 23593939, *Res.*: (033) 23445419, *(M)*: 9433005419
e-mail: abdussattar@rediffmail.com

Bikash Bhavan, Bidhannagar, Kolkata
Phone & Fax : (033) 23593939

Writers' Buildings, Kolkata
Phone & Fax : (033) 22143066

সত্যমেব জয়তে

ড. আবদুস সাত্তার
রাষ্ট্রমন্ত্রী,
সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ এবং মাদ্রাসা শিক্ষা,
পশ্চিমবঙ্গ সরকার

দূরভাষ : অফিস : (০৩৩) ২৩৫৯৩৯৩৯, *আবাস* : (০৩৩) ২৩৪৪৫৪১৯,
(মোবাইল) : ৯৪৩৩০০৫৪১৯
ই-মেল : abdussattar@rediffmail.com

বিকাশ ভবন, বিধাননগর, কলকাতা
ফ্যাক্স ও দূরভাষ : (০৩৩) ২৩৫৯৩৯৩৯

মহাকরণ, কলকাতা
ফ্যাক্স ও দূরভাষ : (০৩৩) ২২১৪৩০৬৬

শুভেচ্ছা

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১লা জুলাই, ২০০৭ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সারা বছর ধরে এই অনুষ্ঠান চলবে। অনুষ্ঠানটিকে স্মরণীয় করে রাখতে একটি স্মারকগ্রন্থ প্রকাশিত হবে জেনে আনন্দিত হলাম। অনুষ্ঠানটির সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি। উদ্যোক্তাদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

ধন্যবাদান্তে,

(আবদুস সাত্তার)

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

ভারপ্রাপ্ত মন্ত্রী
কারিগরি শিক্ষা ও
প্রশিক্ষণ বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন
কলকাতা-৭০০ ০৯১
দূরভাষ নং : ২৩৩৪-১৪৪৩
ফ্যাক্স : ২৩৩৪-৮০৭৪

ডি.ও. নং ....

তাং ....

सत्यमेव जयते

Minister-in-Charge
Technical Education and
Training Deptt.
Government of West Bengal
Bikash Bhawan
Kolkata-700 091
Phone No. : 2334-1443
Fax : 2334-8074

D.O. No. 317/MIC/2007
Date 14-6-2007

শুভেচ্ছা

শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্যে যে কটি শিক্ষা প্রতিষ্ঠান নিরলস কাজ করে চলেছে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ তাদের অন্যতম। এই প্রতিষ্ঠানটি আগামী ১লা জুলাই, ২০০৭ শতবর্ষ উদ্‌যাপন করতে চলেছে জেনে অত্যন্ত আনন্দিত হলাম।

আশা রাখব, আগামী দিনেও এই মহাবিদ্যালয় উপযুক্ত শিক্ষক সৃষ্টির ব্রতে অবিচল থাকবে।

শুভেচ্ছান্তে—

(চক্রধর মেইকাপ)

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

তপন রায়
ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী
জনশিক্ষা প্রসার বিভাগ
এবং গ্রন্থাগার পরিষেবা
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন, বিধাননগর
কলকাতা-৭০০ ০৯১

TAPAN ROY
Minister of State-in-Charge
MASS EDUCATION EXTENSION
DEPTT. & LIBRARY SERVICES
GOVT. OF WEST BENGAL
Bikash Bhavan, Bidhan Nagar
Kolkata - 700 091

পত্রাঙ্ক ৩২৯

কলকাতা, তাং ২৫.৫.০৭

D. O. No.

Kolkata, Dated

শুভেচ্ছা

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ শতবর্ষে পদার্পণ করেছে। এই উপলক্ষ্যে আগামী ১লা জুলাই, ২০০৭ কলেজ কর্তৃপক্ষ বর্ষব্যাপী শতবর্ষ উদ্‌যাপনের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করেছেন এবং একটি স্মারক পত্রিকা প্রকাশের উদ্যোগ নিয়েছেন জেনে আনন্দিত হলাম।

স্মারক পত্রিকা প্রকাশ সহ সমগ্র অনুষ্ঠানের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি এবং সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

ধন্যবাদান্তে,

তপন রায়

(তপন রায়)
২৫.৫.০৭

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

Professor Asis Kumar Banerjee
VICE-CHANCELLOR
University of Calcutta

87/1, College Street
Senate House
Kolkata-700 073
Ph. Nos. 2241-3288/0071/4984
Fax No. 91-33-2241-3288
E-mail : vc@cahiniv.ac.in

June 5, 2007

It is a matter of great pleasure for me to learn that David Hare Training College has completed one hundred years of its glorious existence and is going to hold Centenary Celebration from 1st July, 2007 in a befitting manner and that to commemorate the occasion a souvenir will be published incorporating a description of the academic activities of the College.

I believe that the Celebration is going to be a landmark in the history of the College. All teachers, students and well-wishers who are or were associated with the College have reasons to feel proud of the heritage the College represents.

I am aware that during these long years the College has rendered commendable service towards dissemination of knowledge and has produced a number of brilliant students who have distinguished themselves in their careers.

On this auspicious occasion I convey my greetings to the teachers, students, former students and all others associated with the College and wish the Centenary Celebration of the College all success.

A. K. Banerjee

(Asis Kumar Banerjee)

Dr. Pranab Krishna Choudhury
Principal
David Hare Training College and
President, Centenary Celebration Committee
25/3, Ballygunge Circular Road
Kolkata-700 019

যাদবপুর বিশ্ববিদ্যালয়

PROFESSOR SHYAMAL KANTI SANYAL
VICE-CHANCELLOR
অধ্যাপক শ্যামল কান্তি সান্যাল
উপাচার্য

*JADAVPUR UNIVERSITY
KOLKATA-700 032, INDIA

OFFICE OF THE VICE-CHANCELLOR : AUROBINDO BHAVAN ANNEXE

Date: June 6, 2007

Dr. P. K. Choudhury
Principal
David Hare Training College
25/3, Ballygunge Circular Road,
Kolkata-700019
Ph: 2486-4848 (O)

MESSAGE

It is a very pleasant occasion to convey my message on the eve of the hundredth year celebration of David Hare Training College.

I thank all the teachers, students, staff members and ex-students of the College hope the students will celebrate befittingly this glorious occasion. The students will bear in mind their responsibility to make the programme grand. I expect that the teachers and students will share their experiences and views and will come out with the suggestions for the betterment of the institution.

I am sure the hundredth year celebration will achieve a total success.

Yours sincerely

(S. K. Sanyal)

*Established on and from 24th December, 1955 vide Notification No. 10986-Edn/IU-42/55 dated 6th September, 1955 under Jadavpur University Act, 1955 (West Bengal Act XXXIII of 1955) followed by Jadavpur University Act, 1981 (West Bengal Act XXIV of 1981)

ফোন ঃ জে. ইউ. ঃ ২৪১৪-৬০০০
আবাসান ঃ ২৪৭৬-২৪৭৪-০২৭৯

Website : www.jadavpur.edu
E-mail : vc@admin.jdvu.ac.in
sksanyal@cal2.vsnl.net.in

Phone : J.U. : 2414-6000
Fax : +91-33-2413-7121
Resi. : 2476-8343/2474-0279

আচার্য
ড. মনমোহন সিংহ

উপাচার্য
অধ্যাপক রজত কান্ত রায়

বিশ্বভারতী

প্রতিষ্ঠাতা
রবীন্দ্রনাথ ঠাকুর

শান্তিনিকেতন - ৭৩১২৩৫
পশ্চিমবঙ্গ
দূরভাষ : (০৩৪৬৩) ২৬২-৭৫১, ২৬২-৭৫৬ (৬টি লাইন)
ফ্যাক্স : ৯১-০৩৪৬৩ / ২৬২-৬৭২ / ২৬১-১৫৬ / ২৮ : -৪০৯
ওয়েবসাইট : www.visva-bharati.ac.in
ই. মেল : root@.vbharat.ernet.in

নং ভিসি/এম-৯

তারিখ ৮ জুলাই, ২০০৭

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী
অধ্যক্ষ, ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ ও
সভাপতি, শতবর্ষ উদ্‌যাপন কমিটি,
২৫/৩, বালিগঞ্জ সারকুলার রোড
কোলকাতা-৭০০ ০১৯

মহাশয়

আপনার চিঠিটি পেয়ে খুব ভাল লাগল। আগামী ১লা জুলাই, ২০০৭, আপনাদের কলেজের শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানে আমাকে আমন্ত্রণের জন্য ধন্যবাদ জানাই, আমি বিশ্ববিদ্যালয়ের কাজে ব্যস্ত থাকায় উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারছি না বলে দুঃখিত। আপনারা ভাল থাকুন, সুস্থ থাকুন। আপনাদের শতবর্ষ অনুষ্ঠান হয়ে উঠুক আগামী প্রজন্মের কাছে এক দৃষ্টান্ত। এই উৎসবের সার্বিক সাফল্য একান্তভাবে কামনা করি।

নমস্কারান্তে,

(রজত কান্ত রায়)

UNIVERSITY OF NORTH BENGAL

Professor Pijushkanti Saha
Vice-Chancellor

P.O. North Bengal University - 734 013
Phone: (0353) 2699 255 (Offi.)
(0353) 2581 324 (Resi.)
Fax: (0353) 2699 001
E-Mail: pijushgeo@yahoo.com
Web site: http://www.nbu.ac.in

Ref. No. ....   *Date:* ....

প্রিয় ড. চৌধুরী,

আগামী ১লা জুলাই, ২০০৭ তারিখে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষ অনুষ্ঠানের উদ্বোধনী দিবসে আমি উপস্থিত থাকব।

আমন্ত্রণের জন্য আপনাকে ধন্যবাদ জানাই।

প্রীতি ও শুভেচ্ছাসহ,

ইতি

(পীযূষকান্তি সাহা)
উপাচার্য,
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

অধ্যাপিকা ভারতী মুখার্জী
উপাচার্য

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়
জোড়াসাঁকো অঙ্গন
৬/৪, দ্বারকানাথ ঠাকুর লেন, কলকাতা-৭০০ ০০৭, দূরভাষ : ২২৬৯-১৩২৮
মরকতকুঞ্জ অঙ্গন
৫৬এ, ব্যারাকপুর ট্রাঙ্ক রোড, কলকাতা-৭০০ ০৫০, দূরভাষ : ২৫৫৬-৮০১৯
ফ্যাক্স : ৯১ (০৩৩) ২৫৫৬-৮০৭৯, ই-মেল : rbreg@cal3.vsnl.net.in
বাসস্থান দূরভাষ : ২৪৫৫-১২১০

শুভেচ্ছা

আগামী ১ জুলাই, ২০০৭ ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ তাঁদের শতবর্ষ উদ্‌যাপন করছে জেনে আনন্দিত হলাম। পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের উচ্চশিক্ষার ক্ষেত্রে শতবর্ষপ্রাচীন এই মহাবিদ্যালয় তাঁদের শিক্ষকশিক্ষণমূলক বিভিন্ন কর্মকাণ্ডের মধ্যে দিয়ে যে দৃষ্টান্ত স্থাপন করেছেন তা যথেষ্ট প্রশংসার দাবি রাখে। আগামী এক বছর ধরে উচ্চশিক্ষার স্বার্থে তাঁদের বিভিন্ন কার্যাবলি সার্থকভাবে রূপায়িত হোক এই আশা রাখি।

শুভেচ্ছান্তে,

ভারতী মুখার্জী
(ভারতী মুখার্জী)

তারিখ ঃ ৪ মে, ২০০৭

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

বর্ধমান বিশ্ববিদ্যালয়

বর্ধমান, পশ্চিমবঙ্গ

★★★★

দূরভাষ :

কার্যালয় : (০৩৪২) [illegible]

আবাস : (০৩৪২) [illegible]

Gram : BURDSITY, Fax : (91)-0342-2530452

e-mail : vc@buruniv.ac.in

website : www.buruniv.ac.in

অধ্যাপক অমিত কুমার মল্লিক

উপাচার্য

নং-ভি/এম-৪/৩৬৩

১৫ মে, ২০০৭

প্রতি—

ড. প্রণবকৃষ্ণ চৌধুরী

অধ্যক্ষ,

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ

ও

সভাপতি, শতবর্ষ উদ্‌যাপন কমিটি,

২৫/৩, বালিগঞ্জ সার্কুলার রোড

কলকাতা-৭০০ ০১৯

প্রিয় অধ্যক্ষ মহাশয়,

আপনার ২৫ এপ্রিল তারিখের [C-8341(8)] চিঠি পেয়েছি। ১লা জুলাই ২০০৭, ঐতিহ্যমণ্ডিত ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানের শুভ সূচনা হবে জেনে এবং এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে আমন্ত্রিত হয়ে ভালো লাগল।

শিক্ষক শিক্ষণের মতো বিষয়ে নতুন চিন্তা ভাবনার প্রয়োজনীয়তা স্বীকার করে নিয়েও মনে সংশয় জাগে যখন দেখি বে-সরকারি উদ্যোগের অত্যধিক উৎসাহকে এবং দেশের রূঢ় বাস্তবকে অস্বীকার করে অন্ধ অনুকরণের মানসিকতাকে প্রাধান্য দেওয়া হচ্ছে জাতীয় স্তরে নীতি নির্ধারণের ক্ষেত্রে। সুস্থ চিন্তাসম্পন্ন শিক্ষাবিদেরা একজন মহান শিক্ষাব্রতীর নামাঙ্কিত প্রতিষ্ঠানের শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে এ বিষয়ে সুচিন্তিত মতামত প্রকাশ করবেন এ প্রত্যাশা থাকল। আমি শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানের শুভ উদ্বোধনকে স্বাগত জানাই।

নমস্কারান্তে, অভিনন্দন সহ,

ভবদীয়

অমিত মল্লিক

(অমিত মল্লিক)

Professor Surabhi Banerjee
M.A. (Cal. et Leeds), Ph. D. (Cal.)
Vice-Chancellor

NETAJI SUBHAS OPEN UNIVERSITY
Office : 1, Woodburn Park, Kolkata - 700 020
Tel. : 033-2283 5157, 2283 5666 (O), 2283 5156 (D), 2464 2047 (R)
Fax : 033-2283 5082, E-Mail : vc@wbnsou.com,
surabhi.banerjee@gmail.com, banerjee_surabhi@hotmail.com

শুভেচ্ছাবার্তা

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ শতবর্ষ উদ্‌যাপন করতে চলেছে। একজন শিক্ষাব্রতী হিসেবে এটা আমার কাছে অত্যন্ত আনন্দ ও গর্বের বিষয়। পশ্চিমবঙ্গ ও ভারতবর্ষে শিক্ষার প্রসারে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষব্যাপী ভূমিকা এ প্রসঙ্গে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। যে সমস্ত শিক্ষাপ্রেমী ও শিক্ষাব্রতী মানুষ ও তাঁদের অনলস শ্রম ও ঐকান্তিক নিষ্ঠায় এই উচ্চশিক্ষার কেন্দ্রটিকে গড়ে তুলেছেন তাঁরা আমাদের ধন্যবাদার্হ। আমরা যাঁরা এই মহৎ উদ্যোগের অংশীদার তাঁরা আজকের এই ঐতিহাসিক মাহেন্দ্রক্ষণের সাক্ষী হয়ে রইলাম।

আমার দৃঢ় বিশ্বাস উচ্চশিক্ষার যে মহৎ আদর্শ ও দৃষ্টান্ত এই শিক্ষাকেন্দ্র আমাদের সামনে স্থাপন করেছে তা পথ দেখাবে উচ্চশিক্ষাভিলাষী অসংখ্য ছাত্রছাত্রীকে আগামী দিনগুলিতে। আমরা জানি, একবিংশ শতাব্দী হল জ্ঞানের শতাব্দী। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ ও তার সঙ্গে সংশ্লিষ্ট সকলে সেই লক্ষ্যে নিবেদিতপ্রাণ।

এই কলেজের অধ্যক্ষ ডঃ প্রণবকৃষ্ণ চৌধুরী ও তাঁর সহযোগী প্রত্যেককে আমার শুভেচ্ছা জানাই।

সর্বান্তঃকরণে আশা করি এই বর্ষব্যাপী ঐতিহাসিক শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠান সর্বাঙ্গসুন্দর ও সার্থক হয়ে উঠুক।

শুভেচ্ছান্তে,

সুরভি বন্দ্যোপাধ্যায়

(অধ্যাপিকা সুরভি বন্দ্যোপাধ্যায়)
উপাচার্য
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী,
অধ্যক্ষ,
ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ,
কলকাতা

Bikash Ranjan Bhattacharyya
Mayor

The Kolkata Municipal Corporation
Central Municipal Office
5, S. N. Banerjee Road, Kolkata-700013
West Bengal, India
Phone : 2286-1211/1111/1011
: 2286-1000 (Extn.2471)
Fax : 0091-33-2286-1311
e-mail : cmcmayor@vsnl.net

18th June, 2007

MESSAGE

I am delighted to know that the yearlong Centenary Celebration Programmes of David Hare Training College are going to be observed on and from 1st July, 2007.

David Hare Training College, a Century old Teacher Education College of International repute is regarded as a pioneer in Teacher' training in our country. I would have been delighted to be present in the meeting, but, because of my pre-occupation, it may not be possible for me to attend. I regret my inability.

I wish a grand success of the celebration.

With warm greetings,

(Bikash Ranjah Bhattacharyya)

Dr. P. K, Choudhury
Principal,
David Hare Training College &
President, Centenary Celebration Committee,
25/3, Bailygunge Circular Road,
Kolkata - 700 019.

Resi.: 35 Purbalok • Kalikapur • Kolkata 700099 • ✆ : +91 (033) 2426 5555

सत्यमेव जयते

Dr. S.S.Sarkar,
DIRECTOR OF PUBLIC INSTRUCTION, West Bengal
&
SECRETARY, EDUCATION DEPARTMENT (Ex-officio)
GOVERNMENT OF WEST BENGAL
BIKASH BHAVAN, SALT LAKE, KOLKATA - 91
Dated: 08.05.2007

MESSAGE

I am glad to know that the David Hare Training College, 25/3,Ballygunge Circular Road, Kolkata-700019, is going to observe the yearlong Centenary Celebration on 1st Jufy,2007.

On this occasion, I offer my best wishes to all concerned and wish the celebration a grand success.

(Dr.S.S.Sarkar)

Dr. Pranab Krishna Chowdhuri, Principal,
David Hare Training College,
25/3, Ballygunge Circular Road,
Kolkata-700019

FOREWORD

The David Hare Training College founded in 1908, is a name to conjure with in the field of education in general and teacher education in particular. Since its inceptiion, it has been continuously contributing to open newer frontiers in teaching-learning spheres providing the much needed academic leadership in the eastern part of the Indian sub-continent. Therefore, it is considred to be the pioneer and premier institution of teacher education in the country as a whole.

With the passage of time centenary of this illustrious institution has come as a natural consequence. We have also seized the opportunity to rise to the occasion by celebrating it in a befitting manner.

The inaugural ceremony was held on 1st July 2007, which was declared open by our Honourable Chief Minister Shri Buddhadeb Bhattacharjee. In his illuminating address on the occasion he made a special mention of the role of our college in promoting the cause of secondary education by imparting efficacious teacher education in the light of the innovations in this field.

We owe our sincerest gratitude to him for his august presence and the favour he bestowed on us by responding to our humble request.

We also express our heart—felt thanks to Shri Sudarshan Roy Chowdhuri, the Honourable Minsiter-in-charge of Higher Education, Government of West-Bengal for his inspiring and thought provoking speech and continuous encouragement with ample support to fulfil our mission of organizing the Centenary Celebration in a colorful manner.

We place on record our warmest gratitude to Shri Kshiti Goswami, Honourable Minister in charge, PWD, Government of West-Bengal, Professor Asis Kumar Banerjee, Honourable Vice Chancellor, Calcutta University, Professor Shyamal Kanti Sanyal, Honourable Vice Chancellor, Jadavpur University, Shri Ashok Mohon Chakrabarty, Additional chief Secretary, Dept. of Higher Education, Government of West-Bengal, Prof. Subha Sankar Sarkar, Director of Public Instruction, Government of West-Bengal and all other dignitaries and guests who inspired us with their presence, encouragement, valuable advices on this special occasion of the year long centenary celebration programme.

I, on behalf of the Centenary Celebration Committee, feel myself quite gratified to record my sincere feelings of pride to publish this Centenary Volume to commemorate the glorius and eventful existence of our beloved institution for the last one hundred years.

The publication contains summary of the lectures delivered by the distinguished guests on the eve of inauguration of the centenary celebration programme. Moreover, valuable contributions made by eminent educationists in this volume have added a new dimension to our understanding of the various relevant aspects of the field of education. Some articles or write-ups contributed by the alumni are by and large the memorabilia of their alma mater reflecting the rich tradition and glorius past of the institution. A short history of the college has also been incorporated in this volume.

A glimpse of the various programmes carried out at our institution during the year 2007 has also been included there.

In fine I consider myself very fortunate to have the privilege of serving this institution during this memorable period. I express my deep sense of admiration for my colleagues but for whose dedication and devotion, the programmes could not have been held nicely, the present volume would not have been published. Their unstinted support has made everything so beautifully performed. I am also very happy to have enthusiastic and sincere batches of students, alumni of the college to work with me for the success of the celebration programmes.


I also extend my warm sense of gratitude to all staff of this college for their useful services to make the programmes successful..

Lastly I thank all who love this institution from the core of their hearts.

Pronab Krishna Choudhury
Principal
David Hare Training College
and
President
Centenary Celebration Committee



কলেজের শতবর্ষ অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণ দিচ্ছেন মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য।



কলেজের শতবর্ষ অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণ দিচ্ছেন মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য।

ডেভিড হেয়ার শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের বর্ষব্যাপী শতবার্ষিকী উদ্‌যাপনের প্রারম্ভিক উদ্‌বোধনী দিবসে প্রধান অতিথি রূপে উপস্থিত পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী **শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** মহাশয় কর্তৃক প্রদত্ত ভাষণের অনুলিখন

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের অধ্যক্ষ শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শ্রী আশিস বন্দ্যোপাধ্যায়, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শ্রী শ্যামলকান্তি সান্যাল, আমার সহকর্মী উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী, পূর্তমন্ত্রী শ্রী ক্ষিতি গোস্বামী, শিক্ষাসচিব শ্রী অশোকমোহন চক্রবর্তী, শিক্ষা অধিকর্তা শ্রী শুভশঙ্কর সরকার এবং উপস্থিত ভদ্রমণ্ডলী, শিক্ষা অনুরাগী ও ছাত্রছাত্রীবৃন্দ।

আজকের এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেরে আমি সত্যই খুব আনন্দিত। মানুষ গড়ার কারিগর তৈরির প্রতিষ্ঠান হিসেবে এই প্রতিষ্ঠানের শতবর্ষ পূর্তি নিশ্চিতভাবেই একটি ঐতিহাসিক ঘটনা। শিক্ষকদের শিক্ষণের যে গুরুদায়িত্ব, আপনাদের সেই গুরুদায়িত্ব, আপনারা আমরা একত্রে পালন করেই, এই প্রতিষ্ঠানটিকে বাঁচিয়ে রেখেছি, এগিয়ে নিয়ে চলেছি।

ইংরেজ আমলে আমাদের দেশের মাটিতে ঔপনিবেশিক শাসন কায়েম ছিল, একথা সবাই আমরা জানি। ছিল শোষণ পীড়ন অত্যাচার। ঔপনিবেশিক শাসনের এ ছিল একটা দিক। এটি আমাদের কাছে সবচেয়ে যন্ত্রণাদায়ক ছিল। যার বিরুদ্ধে সারা দেশে, দীর্ঘ সংগ্রামের পর আমরা স্বাধীনতা অর্জন করেছিলাম। যদিও ইংরেজশাসন ছিল মূলত অত্যাচার এবং দমননীতিনির্ভর, তবু ইংরেজশাসনকে ব্যাখ্যা করতে গিয়ে কার্ল মার্কস তিনি একটি আপাত অদ্ভুত কথা বলেছিলেন। কথাটি লক্ষ করবার মতো; তিনি বলেছিলেন, ইংরেজদের শাসনের এই ভয়ংকর দিকগুলোর সাথে সাথে, তারা ভারতে শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলতে বাধ্য হয়েছিল, সরকার চালাতে তারা রেলপথ গড়ে তুলতে বাধ্য হয়েছিল, তাদের ব্যাবসা বাড়াতে বেশ কিছু ব্যবস্থা নিয়েছিল, এগুলি ছিল ভারতের ইতিহাসের ক্ষেত্রে অগ্রগতির অবচেতন হাতিয়ার। ইংরেজিতে বলা হয়েছে, 'Unconscious tool of history'-ইতিহাসের অবচেতন হাতিয়ার। তারা জানতেন না, এই হাতিয়ারগুলি তাদের বিরুদ্ধেই শেষ পর্যন্ত শানিত হবে। সত্যই তাই, স্বাধীনতার আগের যুগে তারা এই ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের মতো সরকারি কলেজে সরকারি দপ্তরের কর্মী তৈরির জন্য, বাংলা-বিহার-ওড়িশা থেকে ছাত্রদের সমবেত করতেন। কিছু শেখাতেন, মূলত ইংরেজি শেখানো হত। ইংরেজি না শিখলে ঔপনিবেশিক শাসন চলে না। কিন্তু সেই যুগ থেকেই এই ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের মতো প্রতিষ্ঠান থেকেই নতুন চিন্তা, স্বাধীনতার নতুন চিন্তা শুরু হয়ে গিয়েছিল যা ইংরেজরা ঠেকিয়ে রাখতে পারেনি। তারই ফলে পরবর্তীকালে স্বাধীনতা আমরা পেলাম; দেশকে গড়ে তোলার দায়িত্ব আমাদের হাতে এল। এরপর এই ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের ইতিহাস অগ্রগতির ইতিহাস। প্রতিটি বছর ধরে হিসেব করে যদি আমরা বিগত একশ বছরে, স্বাধীনতা-উত্তর পঞ্চাশ বছরের ইতিহাস দেখি, যেটা আমাদের সচিব শ্রী অশোকমোহন চক্রবর্তীও উল্লেখ করেছেন, আমরা এই প্রতিষ্ঠানে এই শিক্ষাকেন্দ্রে বহু কাজ হতে দেখেছি। বহু কাজ এখনও হয়ে চলেছে। মাধ্যমিক স্তরের শিক্ষক প্রশিক্ষণ এখানে বহুদিন ধরে চলেছে। বর্তমানে উচ্চশিক্ষার ক্ষেত্রেও ট্রেনিং শুরু হয়েছে।

এই প্রসঙ্গে সরকারের ভাবনাচিন্তা আমি আপনাদের সঙ্গে এই অবসরে ভাগ করে নিতে চাই। রাজ্যে সরকারের সামগ্রিক পরিকল্পনার মধ্যে দেখবেন, শিক্ষাকে আমরা বিশেষ গুরুত্ব দিচ্ছি।

উন্নয়নের একটা ধারণা আছে শুধু শিল্পের উন্নয়ন, পরিকাঠামোর উন্নয়ন, কিন্তু আমাদের কাছে শিল্পের উন্নয়ন, কৃষির উন্নয়ন, পরিকাঠামোর উন্নয়নের পাশাপাশি মানব উন্নয়নের ব্যাপারটাও খুব জরুরি। গোটা দুনিয়া জুড়ে অর্থনীতিবিদদের এই লড়াই চলছে। মানব উন্নয়নকে বাদ দিয়ে কোনো উন্নয়নই শেষ পর্যন্ত টিকবে না, দাঁড়াবে না।

কিছু প্রতিষ্ঠান আমাদের অনবরত বোঝাচ্ছে, সরকারকে শিক্ষা থেকে উঠে আসতে হবে, স্বাস্থ্য থেকে উঠে আসতে হবে। এগুলিকে সব ব্যক্তিগত পুঁজির হাতে, দায়িত্বে দিয়ে দেওয়া হোক বাজার অর্থনীতির প্রবক্তারা এটা বলেন। তাঁরা মনে করেন বাজার অর্থনীতি 'Omnipotent' সর্বশক্তিমান। আমরা মনে করি না; বাজার অর্থনীতির মধ্যে আমরা আছি, কিন্তু বাজার অর্থনীতি অধিকাংশ মানুষকে প্রান্তিক অবস্থায় ফেলে দিচ্ছে। প্রশ্ন হল, এদের দায়িত্ব কে নেবে? এখানেই সরকারের দায়িত্ব। তাই আমাদের সরকার শিক্ষা এবং স্বাস্থ্যের ক্ষেত্রে দায়বদ্ধ। আমরা দায়িত্ব তুলে নিতে চাই। আপনারা লক্ষ করেছেন যে অধ্যাপক অমর্ত্য সেনের ওয়েলফেয়ার স্টেট সম্পর্কে যে ধারণা, সেখানে একটা কথার উপর তিনি খুব জোর দিচ্ছেন। তিনি বলেছেন তৃতীয় দুনিয়ার দেশগুলির মৌল শর্ত দুটি—এক, ভূমি সংস্কার, দুই, সার্বিক সাক্ষরতা। ভূমি সংস্কারে আমরা সারা দেশে একটা পথ দেখিয়েছি। তার ফলও আমরা অর্থনীতিতে পেয়েছি, কৃষি উৎপাদনে পেয়েছি। আমরা চাই সার্বিক সাক্ষরতা অর্জন করতে। একটা দেশের অন্তর্নিহিত শক্তি কত? তা আমাদের পারমাণবিক অস্ত্র আছে কি নেই তার উপর নির্ভর করে না। তা নির্ভর করে আমাদের সাক্ষরতার হার কত, তার উপরে। সারা দেশের মধ্যে কেরল এগিয়ে আছে ঠিকই, কিন্তু আমরা কেন পিছিয়ে থাকব? আমি শেষ পর্যন্ত যে হিসাব পেয়েছি, গত জনগণনার সময় আমাদের রাজ্যে সাক্ষরতার হার ছিল প্রায় ৭০-এর কাছকাছি। এখন আমরা প্রায় ৭৫ ভাগ সাক্ষরতায় পৌঁছেছি। যাদের বয়েস হয়ে গেছে, তাদের হয়তো শেষ পর্যন্ত, আমরা সাক্ষর করে তুলতে পারব না। কিন্তু যে নতুন প্রজন্ম আমরা চাই তাদের শতকরা একশো ভাগকে স্কুলে নিয়ে যেতে। প্রাথমিক বিদ্যালয়ের উপর তাই আমাদের এত জোর। প্রাথমিক বিদ্যালয়ের জন্য আমরা অর্থ ব্যয় করছি। শিক্ষকমহাশয়দের মাইনে, স্কুলের বই, মিড ডে মিল এই সব ব্যবস্থা আমরা করছি। আজকে আটষট্টি হাজার প্রাইমারি স্কুল আমাদের রাজ্যে। এই ৬৮ হাজার স্কুলের লক্ষ্য হচ্ছে, সর্ব অর্থে প্রকৃত সর্বশিক্ষা। সমস্ত শিশুকেই শিক্ষার অঙ্গনে, বিদ্যালয়ে নিয়ে আসা। একটা তথ্যসূত্রে আমি গতমাসে জেনেছি, সাত থেকে আট লাখ ছেলে-মেয়ে এখনও শিক্ষা অঙ্গনের বাইরে আছে। আমাদের লক্ষ্য একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে, প্রত্যেকটি শিশুকে প্রাথমিক শিক্ষার আওতায় নিয়ে আসব। তার জন্য একদিকে যেমন শিক্ষা-দপ্তরকে উদ্যোগ নিতে হবে, তেমনি অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরগুলিকেও উদ্যোগ নিতে হবে। তাহলে হয়তো আরও পাঁচ-দশ বছর পরে, পরবর্তী প্রজন্মের সমস্ত শিশুকে বিদ্যালয়ে নিয়ে যেতে পারব। ঠিক এভাবেই আমরা চাইছি মাধ্যমিক শিক্ষাকেও বিস্তৃত করতে।

প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা বাড়লেই অবশ্যই মাধ্যমিক স্কুলেও ছাত্রছাত্রীসংখ্যা বাড়বে। মাঝপথে আমরা আরেকটা পরিকল্পনা করেছি, যদিও দেরিতে, আমি বলতে বাধ্য, মাধ্যমিক স্তরেই সাধারণ পড়াশোনার সঙ্গে যদি আমরা ভোকেশনাল ট্রেনিংকে ব্যাপকভাবে না নিতে পারি, তবে চলবে না। ধরুন পাঁচ লাখ, ছ-লাখ ছেলেমেয়ে পরীক্ষা দিচ্ছে। ক-জন ফার্স্ট ডিভিশন পাবে? নিশ্চয়ই সকলে নয়, পৃথিবীর কোনো দেশেই সকলেই প্রথম বিভাগে পাশ করে না। কাজেই আমাদের প্রয়োজন জীবনমুখী শিক্ষা। ভোকেশনাল ট্রেনিং ব্যাপকভাবে মাধ্যমিক স্তরে প্রয়োগ করবার জন্য আমরা একটা পূর্ণাঙ্গ পরিকল্পনা নিয়েছি। যদিও কাজটা শ্লথ গতিতে এগোচ্ছে, কিন্তু এগোচ্ছে।

টেকনিকাল এডুকেশন দপ্তরকে আমরা বলেছি এই কাজটায় গুরুত্ব দিতে। প্রত্যেকটি মাধ্যমিক স্কুলে যাতে (বৃত্তিমূলক শিক্ষা) আমরা একই সঙ্গে দিতে পারি তার চেষ্টা করতে হবে। যেসব ছাত্র ছাত্রী হয়তো উচ্চমাধ্যমিকের স্তরে বা কলেজের স্তরে আর এগোতে পারবে না, পারছে না, তাদের সেখান থেকেই এই ট্রেনিংটা (বৃত্তিমূলক) দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন।

এর পরের প্রশ্ন বা বিষয় হচ্ছে উচ্চশিক্ষা। উচ্চশিক্ষা দপ্তর নতুন নতুন কলেজ খেলার সিদ্ধান্ত নিয়েছে। অনেকগুলি কলেজ খোলা হয়েছে। গত এক বছরে আমার নতুন মন্ত্রী (উচ্চশিক্ষা) এতগুলি কলেজ করেছেন যে আমাদের রাজ্যে কলেজের সংখ্যা প্রায় সাড়ে চারশো ছাড়িয়ে গেছে। আমরা এখন সারা রাজ্যের শিক্ষাপ্রতিষ্ঠানবিষয়ক একটি মানচিত্র করছি। সারা রাজ্যে কত স্কুল আছে, কত মাধ্যমিক স্কুল উচ্চমাধ্যমিক স্কুল এবং কোন্ জায়গায় সত্যি কলেজের অভাব আছে, প্রয়োজন আছে, কোথায় ঘাটতি রয়েছে। অর্থাৎ যেখানে কলেজ রয়েছে, সেখানে বাড়তি কলেজ করে লাভ নেই। এইভাবে একটা চেষ্টা হচ্ছে নতুন কলেজ সম্পর্কে একটা নীতি নির্ধারণ করার। আর একটা কথা, এটা আমরা আলোচনা করেছি নিজেদের মধ্যে, যে, নতুন কলেজ যেগুলি আমরা করব সেখানে বিজ্ঞান এবং কারিগরি বিদ্যার উপর আমরা বিশেষ জোর দেব। আমরা সমাজবিজ্ঞান, সাহিত্য, দর্শনকে বাতিল করছি না। কিন্তু আজকের যুগে বিজ্ঞান এবং কারিগরি বিদ্যার যে অভাবনীয় উন্নতি, সারা দুনিয়াব্যাপী চলেছে, তার সঙ্গে তাল আমাদের রাখতেই হবে। আর তার জন্য উচ্চশিক্ষাকে একটু বেশিভাবে বিজ্ঞান এবং কারিগরি বিদ্যা-অভিমুখী করতে হবে। না হলে আমাদের ছেলেমেয়েরা পিছিয়ে পড়বে। এই কথাটা আমাদের বিশেষভাবে উচ্চশিক্ষাস্তরে মনে রাখতে হবে।

সব শেষ কথা হচ্ছে এই, গোটা শিক্ষাব্যবস্থাকে যদি আমরা দেখি, প্রাথমিক-মাধ্যমিক-উচ্চমাধ্যমিক-উচ্চশিক্ষা, (সেক্ষেত্রে) সবচেয়ে বড় সমস্যা হচ্ছে যে কী করে শিক্ষার মানকে উন্নত করা যায়। কী করে শিক্ষা কেন্দ্রগুলিকে উৎকর্ষ-কেন্দ্র করা যায়। প্রাথমিক শিক্ষাব্যবস্থা থেকেই সমস্যার শুরু। আটষট্টি হাজার স্কুলতো হয়েছে। শিক্ষকরা কী রকম পড়াচ্ছেন? পড়াতে পারছেন কি না? তাঁর বা তাঁদের পড়ানোর পর, সেই ছেলেমেয়েগুলি, প্রাথমিক স্কুল থেকে, যখন ক্লাস ফোর ছেড়ে বেরিয়ে আসছে, (তখন) কী অবস্থা তাদের? সত্যিই তাদের শিক্ষার মান কত? আমি সংখ্যাতত্ত্বের মধ্যে যাব না, আত্মসন্তুষ্টির কোনো জায়গা নেই। মাধ্যমিক স্তরের অবস্থা হয়তো বা আর একটু উন্নত। কিন্তু আমাদের যা আশা আকাঙ্ক্ষা, তার থেকে এখনও আমরা দূরে। উচ্চশিক্ষার ক্ষেত্রে আমরা বলতে পারি, আমাদের রাজ্যে ঐতিহ্যশালী ও উন্নত মানের সব বিশ্ববিদ্যালয় আছে। শিবপুরে আমাদের আরও একটি বিশ্ববিদ্যালয় হয়ে গেল। আমাদের রাজ্যে উন্নত মানের কলেজ আছে। প্রেসিডেন্সি কলেজ আছে, সেন্ট জেভিয়ার্স কলেজ আছে। উৎকর্ষ কেন্দ্র আমাদের আছে। (আমরা সেন্ট জেভিয়ার্স কলেজকে অটোনমাস স্ট্যাটাস দিয়েছি। প্রেসিডেন্সি সম্পর্কে অটোনমি নিয়ে, অটোনমির জন্য আমরা চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছি।...) একদিকে হচ্ছে শিক্ষা বিস্তার। আমরা চাই সার্বিক সাক্ষরতা। আর উচ্চশিক্ষার ক্ষেত্রে চাই আমরা উন্নতমান, উৎকর্ষ কেন্দ্র, সেই উৎকর্ষ কেন্দ্রের শিক্ষক তৈরি করার... স্কুলে এবং কলেজে শিক্ষক তৈরি করার দায়িত্ব অনেকাংশে আপনাদের ওপর রয়েছে। তাই আমি আশা করব...এই শতবর্ষে আসুন আমরা সবাই মিলে চেষ্টা করি। পশ্চিমবাংলার সম্মান এখনও সারা দেশে, শিক্ষার ক্ষেত্রে অন্তত এখনও স্বীকৃত। এখনও আমরা সম্মানিত হই। কিন্তু আত্মসন্তুষ্টির কোনো জায়গা নেই। অন্য রাজ্যগুলি দ্রুত এগোচ্ছে। তাইজন্যে আমাদের শিক্ষার মানকে...যে উচ্চস্থানে আমরা ছিলাম, সেই উচ্চস্থানে রাখতেই হবে। সেই জন্য আমাদের সরকারের এবং আপনাদের ডেভিড হেয়ার ট্রেনিং কলেজসহ সকল ঐতিহ্যময়

শিক্ষাপ্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অধ্যক্ষ আমাকে কলেজের একটা কথা বলছিলেন যে এই ক্যাম্পাসে আমাদের যে ক্লাসরুম আছে, তাতে কিছু সমস্যা তৈরি হচ্ছে, আরও কিছু ক্লাসরুম দরকার। শতবর্ষে সরকার এ ব্যাপারে কোনো প্রকল্প ভাবতে পারে? আমি বলছি অবশ্যই ভাবতে পারে। সরকারকে ভাবতে হবে। আমরা অনেকেই আছি...এখানে পূর্তমন্ত্রী আছেন। তাঁকে বলছি...আপনি অন্তত তৈরি করুন প্রোজেক্ট, অ্যানেক্স বিল্ডিং কোথায় হতে পারে। কত তলা ইত্যাদি। তারপরে অর্থদপ্তর অর্থমন্ত্রীর সঙ্গে আমি, উচ্চশিক্ষামন্ত্রী, আমরা কথা বলব। কথাটা এই, যাতে এখানে জায়গার অসুবিধার জন্য, আমাদের কাজের পরিধি আটকে না থাকে। কাজ যাতে আরও উন্নত মানের করা যায়। আপনারা এখন স্কুল ছেড়ে কলেজের শিক্ষকদেরও দায়িত্ব নিয়েছেন, সুতরাং তার জন্য ক্লাসরুম চাই, ল্যাবোরেটরি চাই, আরও অনেক প্রাথমিক জিনিসও চাই। তার জন্য, এর অগ্রগতির জন্য, আপন স্বার্থেই সরকারকে কিছু করতে হবে এবং আমরা তার জন্য দায়বদ্ধ। আপনারা এই শতবর্ষে এই ঐতিহাসিক দিনটিতে ..যা আমরা পালন করছি, আসুন সকলে মিলে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজকে, আমরা আরও উন্নত মানের একটি প্রতিষ্ঠান হিসাবে তাকে তুলে ধরি। এই কথা বলে, আপনাদের সকলকে আমার আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য আমি শেষ করলাম। নমস্কার।



ভাষণরত মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী।

ডেভিড হেয়ার শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের বর্ষব্যাপী শতবার্ষিকী উদ্‌যাপনের প্রারম্ভিক উদ্‌বোধনী দিবসে সম্মানীয় অতিথি হিসাবে উপস্থিত পশ্চিমবঙ্গের মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী **শ্রী সুদর্শন রায়চৌধুরী** মহাশয় কর্তৃক প্রদত্ত ভাষণের অনুলিখন

মাননীয় মুখ্যমন্ত্রী, আজকের এই অনুষ্ঠানে উপস্থিত মাননীয় মন্ত্রী শ্রীক্ষিতি গোস্বামী, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক শ্রী আশিস বন্দ্যোপাধ্যায় এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক শ্রী শ্যামলকান্তি সান্যাল, আমাদের সরকারের অতিরিক্ত মুখ্যসচিব শ্রী অশোক মোহন চক্রবর্তী এবং শিক্ষা অধিকর্তা অধ্যাপক শ্রী শুভশঙ্কর সরকার, আর এই মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মাননীয় শ্রী প্রবণকৃষ্ণ চৌধুরী, সমবেত বন্ধুগণ, আপনারা সবাই আজকের এই বিশেষ সময়ে, আমার ব্যক্তিগত ভাবে অভিনন্দন জানবেন এবং আপনাদের সামনে এই প্রত্যাশা রাখতে (আমার তরফে) লেশমাত্র দ্বিধা নেই, যে একশ বছর ধরে নানা কঠিন প্রতিকূলতার মধ্য দিয়ে, বিশেষ করে, আমি, আপনাদের ঐ যেটা সুভেনিয়ারে দেখছিলাম, এক ঝলক, যে বিশেষ করে ঔপনিবেশিক আমলে, এই মহাবিদ্যালয় একাধিকবার বন্ধও হয়ে গেছে, তদানীন্তন প্রশাসনের তরফে যে সাহায্য সহযোগিতা পাওয়া গেছে তা নয়, অবশ্য এ নিয়ে দুঃখ করার কিছু নেই। আর এই মহাবিদ্যালয়ের যে ধরন (বৈশিষ্ট্য), সে ধরনটাই হচ্ছে (অন্যরকম), এখানে যাঁরা প্রশিক্ষিত হবেন (হচ্ছেন) তাঁরা বেরিয়ে, কর্মজীবনে, আমাদের যারা নতুন প্রজন্ম তাদেরকে প্রশিক্ষিত করবেন, তাদেরকে আলো দেখাবেন, স্বভাবতই এই ধরনের একটি প্রতিষ্ঠানের প্রতি ঔপনিবেশিক শাসকগোষ্ঠী খুব যে ঔদার্য দেখাবে, অনুকম্পা দেখাবে এটা মনে করবার কোনো কারণ নেই। স্বাধীনতার পরেও নানান সমস্যার মধ্য দিয়ে এই প্রতিষ্ঠানকে চলতে হয়েছে, আজও নিশ্চয়ই কিছু সমস্যা রয়েছে, আমি ধরেই নিচ্ছি (রয়েছে) এটা স্বতঃসিদ্ধ, কারণ আমাদের সীমাবদ্ধতা রয়েছে। তাছাড়া নানান কাঠামোগত অসুবিধাতো থাকতেই পারে। কিন্তু সামনের এই একটা বছর আমাদের (সকলের) খুব চেষ্টা থাকবে অসুবিধাগুলি দূর করবার জন্য। সীমিত ক্ষমতার মধ্যে, আমাদের শক্তি সামর্থ্যের মধ্যে এগুলি (অসুবিধাগুলি) দূর করা এবং একই সঙ্গে নিরন্তর চেষ্টা চালানো উন্নতি সাধনের লক্ষ্যে। কারণ ঐ যেটা বললাম, এই মহাবিদ্যালয়ের একটা স্বাতন্ত্র্য রয়েছে, যে এখানের থেকে বেরিয়ে যাঁরা কর্মজীবনে প্রবেশ করছেন তাঁদের একটা বড়ো দায়িত্ব ছোটো ছোটো ছেলেমেয়েদের আগামী দিনের উপযুক্ত করে তোলা। এই ব্যাপারে আগামী একটা বছর এই শতবার্ষিকী উপলক্ষ্যে যে নানান অনুষ্ঠান আলোচনা ইত্যাদি হবে, সেগুলি ওই মহত্তর যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সামনে রেখে, সেই কাজে নিশ্চয়ই নিবেদিত হবে, এই প্রত্যাশা রেখে, আপনাদের সবাইকে ধন্যবাদ, সবাইকে নমস্কার, সবাইকে শুভেচ্ছা জানিয়ে আমি আমার কথা শেষ করছি।

ডেভিড হেয়ার শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের বর্ষব্যাপী শতবার্ষিকী উদ্‌যাপনের প্রারম্ভিক উদ্‌বোধনী দিবসে মাননীয় অতিথি হিসাবে উপস্থিত পশ্চিমবঙ্গের পূর্ত ও সড়ক বিভাগের শ্রদ্ধেয় মন্ত্রী শ্রী ক্ষিতি গোস্বামী মহাশয় কর্তৃক প্রদত্ত ভাষণের অনুলিখন

মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী মহাশয়, এখানে উপস্থিত আছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর আশিস ব্যানার্জি মহাশয়, উপস্থিত আছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শ্যামলকান্তি সান্যাল মহাশয়, উচ্চশিক্ষা দপ্তরের সচিব, যিনি অতিরিক্ত মুখ্যসচিবও বটে—শ্রী অশোকমোহন চক্রবর্তী এবং শিক্ষা অধিকর্তা শ্রী শুভশঙ্কর সরকার ও এই মহাবিদ্যালয়ের অধ্যক্ষ প্রফেসর চৌধুরী এবং আমার সামনে যাঁরা বসে আছেন, যাঁরা নিজেরাই যথেষ্ট সম্মানীয় ব্যক্তিত্ব এবং শিক্ষার ক্ষেত্রে প্রতিষ্ঠিত ব্যক্তিত্ব, শিক্ষা নিয়ে তাঁদের অনেক গবেষণা, তাঁরা এখানে অছেন, আর আমার প্রিয় উপস্থিত ছাত্রছাত্রী ভাই-বোনেরা। আজকের এই শুভদিন,একটা ঐতিহাসিক দিন। শতবর্ষে পদার্পণ করেছে এই মহাবিদ্যালয়। এই মহাবিদ্যালয় যাঁর নামে নামাঙ্কিত তিনি ভারতবর্ষে জ্ঞানাঞ্জনশলাকা প্রজ্বলিত করতে এক অনবদ্য ভূমিকা গ্রহণ করেছিলেন, যা আমরা ইতিহাস থেকে জানতে পারি। অনেক প্রশ্ন ওঠে, যাঁরা আমাদের শাসনকর্তা ছিলেন, তাঁরা যে সময়ে এখানে শিক্ষা প্রসার শুরু করেছিলেন (তখন) স্বাভাবিকভাবেই তাঁদের মনে (বোধহয়) এই ধারণা ছিল, যে ভারতবর্ষে ইংরেজশাসন কোনোদিনই শেষ হবে না। ভারতবর্ষে ইংরেজশাসন চলছে, চলবেই। আর সেই শাসনকে সুপ্রতিষ্ঠিত করতে গেলে, তার একটি আদল (মডেল) অবশ্যই তৈরি হওয়া দরকার, এইসঙ্গে সেই শিক্ষা যা সেই সময়ে আন্তর্জাতিক মানের বলে গৃহীত হয়েছিল, সেই আন্তর্জাতিক মানের শিক্ষা যাতে ভারতবর্ষে প্রচলিত করা যায়, সেই ধরনের প্রচেষ্টা, সেদিনের শাসক যাঁরা ছিলেন তাঁরা গ্রহণ করেছিলেন। কিন্তু আমরা জানি, এরই মধ্য দিয়ে, সেদিন যাঁরা শিক্ষা লাভ করেছেন, চেতনা লাভ করেছেন, যাঁদের কাছে শিক্ষাসংক্রান্ত নানান চিন্তা গবেষণা প্রকাশিত হয়েছে, যাঁরা তার মধ্যে থেকে কাজ করেছেন, গবেষণা করেছেন। তাঁরা ভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে সমস্ত বিষয়টাকে দেখতে চেষ্টা করেছেন, আর এটা স্বাভাবিক যে দেশে মানুষ জন্মগ্রহণ করে, সে দেশের প্রতি তার একটা টান থাকেই এবং আমরা যেখানে বাস করি, সেখানকার, সেই দেশের একটা (বিশেষ) সংস্কৃতি একটা শিক্ষা, একটা সামাজিক বাতাবরণ তাঁর বা তাঁদের চিন্তায় কর্মকাণ্ডে প্রভাব ফেলেই থাকে। যদিও আমাদের বিদেশি শাসকেরা এরকম ভাবে ভাবতেন না, বা মানতেনও না, তাঁরা মনে করতেন তাঁরাই প্রথম এসে আমাদের দেশটাকে সুসভ্য করলেন। যদিচ আমরা প্রাচীনতম সভ্যতার দেশ, কাজেই এই দেশের মানুষের মনে একটা আত্মমর্যাদা এবং গৌরবের বোধ অবশ্যই ছিল। বিদেশি শাসককুল এসে তা ভেঙে ধূলিসাৎ করে দিতে কখনোই পারেনি। কাজেই যা অন্তরে প্রকাশিত হয়েছিল, তাকে এই ইংরেজপ্রবর্তিত শিক্ষাও খানিকটা উস্‌কে দিয়েছিল। এরই ফলশ্রুতিতে শিক্ষাকে, শিক্ষার প্রসারকে একটা আন্দোলনের মতো গ্রহণ করে, বহু মানুষ, বহু মনীষী, তাঁরা শিক্ষার প্রসারণ ঘটানোর জন্য পরবর্তী সময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছেন। অতএব আমাদের প্রাক্তন শাসকবর্গ যে দৃষ্টিভঙ্গি থেকেই শিক্ষার প্রসার ঘটানোর চেষ্টা করুন না কেন, ভারতবর্ষের আর একদল মানুষ তাঁরা কিন্তু এই শিক্ষাকে অবলম্বন করে, সারা পৃথিবীর সঙ্গে আমাদের পরিচয় ঘটিয়ে দিতে চেষ্টা চালিয়ে গেছেন। তাঁরা চেষ্টা করেছিলেন—আধুনিক শিক্ষা—যা পৃথিবীর বিভিন্ন জায়গায় প্রচলিত



শতবর্ষের উদ্বোধন অনুষ্ঠানে ভাষণরত মাননীয় পূর্তমন্ত্রী শ্রী ক্ষিতি গোস্বামী।

ছিল তার সঙ্গে তাল মিলিয়ে চলবার জন্য আমাদের দেশকে জাতিকে গড়ে তুলবার জন্য নিরন্তর কর্মযজ্ঞ তাঁরা শুরু করেছিলেন এবং এরই সঙ্গে সঙ্গে ভারতীয় মূল্যবোধকে জাগ্রত রেখে, দেশমাতৃকার প্রতি যে দায়বদ্ধতার পবিত্র কর্তব্য একজন দেশের সচেতন শিক্ষিত মানুষের থাকা উচিত তাঁরা প্রচলিত শিক্ষার পাশাপাশি তা সঞ্চালিত করে গিয়েছেন। কাজেই এই শিক্ষাপ্রতিষ্ঠান যা ডেভিড হেয়ার-এর নামে নামাঙ্কিত তাতে মনে হতে পারে যে এই প্রতিষ্ঠানটি বোধহয় বিদেশি স্বার্থবাহী শিক্ষাই প্রচলিত করার বাহন হিসেবেই কাজ করেছে যেহেতু ব্রিটিশ সরকার এই প্রতিষ্ঠানটিকে গড়ে তুলেছিলেন। তাই শিক্ষাক্ষেত্রে এই প্রতিষ্ঠানের জাতীয়তাবাদী গুরুত্ব ছিল, না এমন নয়। বরং এখান থেকেই বীজতলা তৈরি হয়েছে আধুনিক জাতীয়তাবাদী শিক্ষারও। আমরা জানি শত শত বিঘে জমিতে চাষ করতে গেলে, কয়েক কাঠা জমিতে বীজতলা তৈরী করতে হয় এবং সেই বীজতলাতে যদি আমরা সুস্থ বীজ দিয়ে সুস্থ চারা তৈরি করতে পারি, তবেই সেই চারা বিভিন্ন জায়গায় রোপণ করে দিলে, শতশত বিঘে জমিতে চাষ সম্ভব হয়। ঠিক তেমনই এই ধরনের (ডেভিড হেয়ার) প্রতিষ্ঠান, একটা বীজতলার মতো কাজ করেছে। আর এখানে যাঁরা শিক্ষণপ্রাপ্ত হয়েছেন, তাঁরা সেভাবেই, সেই চারাগাছেই পরিণত হয়েছেন, যাঁরা বিভিন্ন জায়গায়, যাঁরা বিভিন্ন প্রতিষ্ঠানে জীবিকা ও শিক্ষাপ্রসারে নিয়োজিত হয়েছেন—তাঁরা সেই সব জায়গায় জ্ঞানের আলো উদ্‌ভাসিত করবার চেষ্টা করেছেন। অজ্ঞানতার অন্ধকারকে দূর করে বহু মানুষের মধ্যে তাঁরা শিক্ষার আলো পৌঁছিয়ে দিয়েছেন। কাজেই এই প্রতিষ্ঠানের অবদানকে কখনোই আমরা ছোটো করে দেখতে পারি না। এ অবদান ঐতিহাসিক অবদান। আমাদের জাতি গড়ে ওঠার ক্ষেত্রে যে সমস্ত প্রতিষ্ঠান অনবদ্য ভূমিকা পালন করেছে, এই শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় নিঃসন্দেহে তার মধ্যে অন্যতম ও প্রাচীনতম। আজকে আধুনিক শিক্ষার যে প্রচলন হচ্ছে, বিজ্ঞান-প্রযুক্তির যে অগ্রগতি ঘটছে, তার সঙ্গে শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রেও নানারকম পরীক্ষা নিরীক্ষা গবেষণা ইত্যাদি চলেছে। যাঁরা এখানে শিক্ষণপ্রাপ্ত হয়েছেন, সেই সমস্ত আদর্শ শিক্ষক মহাশয়গণ এবং শিক্ষাক্ষেত্রে যাঁরা অবিরাম গবেষণা করে চলেছেন, আজকে তাঁদের এটাই ভাবতে হচ্ছে যে, আধুনিক যে বিষয় এসেছে, প্রতিষ্ঠা পাচ্ছে, তার সঙ্গে তাল মিলিয়ে আমাদের দেশের শিক্ষা কী করে, কোন্ পথে এগোবে? এবং শিক্ষা এগোবার ক্ষেত্রে যেমন উচ্চশিক্ষার একটা ক্ষেত্র রয়েছে তেমনই রয়েছে সার্বিক সাক্ষরতার দিকটিও। যেহেতু আজকে আমরা স্বাধীন হয়েছি, সেহেতু আমাদের শুধু উচ্চশিক্ষার দিক দেখলেই চলবে না। আপামর জনসাধারণ যেখানে আছেন, সেখানে অশিক্ষার অন্ধকারকে দূর করতে হবে। আর সেই অশিক্ষার অন্ধকারকে দূর করতে গেলে, শিক্ষার যে বিভিন্নরকম পদ্ধতি প্রকরণ রয়েছে, তাকে আরও বেশি করে কীভাবে মানুষের কাছে নিয়ে আসা যায়, সে প্রচেষ্টা যাঁরা শিক্ষা নিয়ে গবেষণা করছেন তাঁদের কাছ থেকে আমরা নিশ্চয়ই আশা করব। আমাদের সকলেরই জানা আছে ইংল্যাণ্ডে যখন রাজতন্ত্রের অবসান হয়েছিল ইংরেজগণ নিজেদের দেশে যখন গণতন্ত্রের প্রতিষ্ঠা শুরু করেছিলেন, তখন তার অন্যতম শর্ত ছিল শিক্ষাকে সর্বস্তরে পৌঁছিয়ে দেওয়ার।

আর তখনই তাঁরা একদিকে যেমন ফর্মাল এডুকেশনের প্রচলন করেন, তেমনি তার পাশাপাশি নন-ফর্মাল এডুকেশন নিয়েও তাঁরা আন্দোলন করেন, ও সেই আন্দোলনকে ছড়িয়ে দেন। আজকে যখন আমরা দেখি যে পৃথিবীর নিরক্ষর মানুষের অর্ধেক অংশই ভারতবর্ষে বসবাস করে, স্বাধীনতার এতদিন পরে এসেও যখন একথা আমাদের উচ্চারণ করতে হয়, তখন মর্মবেদনার শেষ থাকে না। কাজেই (শিক্ষাকে) শুধুমাত্র ফর্মাল এডুকেশনে সীমাবদ্ধ রেখে অশিক্ষাকে আমরা দূর করতে পারব না। ফর্মাল এডুকেশন ছাড়াও অন্য পদ্ধতির মধ্য দিয়ে আমাদের মানুষের কাছে পৌঁছাতে চেষ্টা চালাতে হবে। তাছাড়া, শুধু কি সাক্ষর করলেই আমাদের কাজ শেষ হয়ে যায়? সাক্ষরতার পরবর্তীকালে সেই

শিক্ষক ব্যাবহারিক জীবনে কাজে লাগানোর জন্য, শিক্ষাকে হাতিয়ার করে মানুষ যাতে তাকে জীবিকার ক্ষেত্রে স্বনির্ভরতার ক্ষেত্রে কাজে লাগাতে পারে, তার দিকেও দৃষ্টি দিতে হবে। আর আমাদের নিশ্চয়ই মনে রাখতে হবে যে, কোনো মানুষের যদি আত্মমর্যাদা জ্ঞান না থাকে, আত্মসচেতনতা যদি না থাকে, তাহলে সেই মানুষ জাতি গড়তে পারে না, জাতি গড়ে ওঠার ক্ষেত্রে সমৃদ্ধিময় অবদান রাখতে পারে না। কিন্তু আমাদের এখানে আজও দারিদ্র্যসীমার নীচে অনেক মানুষ বসবাস করেন, যাঁরা শিক্ষার ধারে পাশেই আসতে পারেন না, পারছেন না। দারিদ্র্যসীমার নীচে যে মানুষেরা আছেন, তাঁদের সক্ষমতা বৃদ্ধি করাটাও কিন্তু গণতন্ত্রের একটা শর্ত। সেই শর্তে আমরা শিক্ষাকে ততদূর পৌঁছে দিতে পারি কি না দেখতে হবে। যার মধ্য দিয়ে দেখতে হবে, সেই অংশের মানুষেরা সক্ষম হয়ে উঠেছেন, তাঁদের ক্ষমতায়ন ঘটেছে এবং শিক্ষাই পারে তাদের সেই সত্যিকারের ক্ষমতায় এনে দিতে। সেই কারণে শিক্ষা নিয়ে অনেক ভাবনাচিন্তা হচ্ছে এবং আমাদের পশ্চিমবাংলার দীর্ঘ দিনের একটা প্রগতিশীল সরকার, যাঁরা ভাবনা চিন্তা করেন, যাঁদের প্রগতিশীল বলে সারা পৃথিবী মেনে নিচ্ছে, সেই প্রগতিশীল সরকারের দায়িত্ব আমরা মনে করি অনেক বেশি, অনেক গভীর; তবে এই দায়িত্ব পালন করতে গেলে শিক্ষাবিদ যাঁরা আছেন, গবেষক যাঁরা আছেন,শিক্ষা নিয়ে কাজে যাঁরা নিজেদের উজাড় করে দিচ্ছেন, সেই সব মানুষ—তাঁদেরকে অনুরোধ করব নেতৃত্ব নিয়ে এগিয়ে আসতে। আর ইতিমধ্যেই আমরা জানি, গোটা ভারতবর্ষ জুড়ে এখন এই প্রচেষ্টাই চলছে, প্রায় দেড় কোটি মানুষ, নিরক্ষরতা দূরীকরণ অভিযানে বা সাক্ষরতা অভিযানে অংশগ্রহণ করেছেন—এ বড়ো কম কথা নয়। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে কত মানুষ অংশগ্রহণ করেছিলেন, তার হিসেব আমরা জানি না, কিন্তু আজকে ভারতবর্ষকে গড়বার জন্য যখন দেড় কোটি মানুষ নিজেদেরকে উৎসর্গীকৃত করেন, শিক্ষা প্রসারের জন্য তাঁরা কাজে লাগেন, তখন মনে হয়, স্বাধীনতা আন্দোলনের থেকে এ আন্দোলন কম নয়, এ আন্দোলন উন্নয়নের আন্দোলন। আজকে ভারতবর্ষ জুড়ে আন্দোলন চলছে, আমাদের পশ্চিমবাংলায় সাক্ষরতার যে আন্দোলন চলছে সে আন্দোলনে আমরা লক্ষ লক্ষ মোটিভেটরদের পাচ্ছি। তাঁরা খুবই উৎসাহের সঙ্গে কাজ করছেন। আমরাই হয়তো বা তাদের উৎসাহের সঙ্গে তাল মিলিয়ে সবটা দেখে উঠতে পারছি না। তাই আমাদের আরও সচেতনভাবে সেটা দেখতে হবে। আজকে শতবর্ষে এই পবিত্র দিনটিতে যাঁরা শিক্ষা নিয়েই গবেষণা করছেন, সেই সব শ্রদ্ধেয় যাঁরা উপস্থিত আছেন, যাঁরা প্রাক্তনী ছাত্রছাত্রী আছেন, যাঁরা অনেক চিন্তাভাবনা করেন, যাঁদের বহু লেখাজোকা আমরা মাঝেমধ্যে পাই, দেখি, পড়বার সুযোগ হয়, আর বর্তমান ছাত্রছাত্রীরা উপস্থিত আছেন, তাঁরাও এখন আধুনিক শিক্ষা সম্পর্কে অনেক ভাবনাচিন্তা করছেন। আমি আশা করব, সব দিক থেকে তাঁরা আমাদের সমাজকে সমৃদ্ধ করার ভূমিকা গ্রহণ করবেন। আমাদের দেশকে আমাদের এ রাজ্যকে আরও সমৃদ্ধ করবার জন্য তাঁরা এগিয়ে আসবেন। আজকে শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানে সেই কামনা জানিয়ে, আপনাদের সকলকে আমার শুভেচ্ছা, অভিনন্দন, শ্রদ্ধা জানিয়ে বক্তব্য শেষ করলাম। নমস্কার।

শতবর্ষে ডেভিড হেয়ার শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়

—*(সংকলক)* শ্রী নাগার্জুন ভরদ্বাজ

১৯০৮ খ্রিস্টাব্দে পয়লা জুলাই তারিখে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের প্রতিষ্ঠা হয়েছিল এই কলকাতা শহরে। বাংলার সরকারি উচ্চবিদ্যালয় (High School) গুলির ইংরেজী মাধ্যম (English Teachers) শিক্ষকদের প্রশিক্ষণের উদ্দেশ্যেই কলেজটির প্রতিষ্ঠা হয়েছিল। এর পর এর কাজের পরিধি বাড়ে, অন্য বর্গের (Categories) শিক্ষকদের এবং বিদ্যালয় পরিদর্শকদের প্রশিক্ষণও এখানে দেওয়া হতে থাকে। বাংলা, বিহার, উড়িষ্যার ইংরেজী মাধ্যম ও দেশীয় ভাষার বিদ্যালয়ের ভারতীয় শিক্ষকদের উপযুক্ত প্রশিক্ষণদানের জন্য পরিকল্পিত এই প্রকল্পটির বাস্তবায়ন হবার পূর্বেই বহুবার ও বহুলভাবে পরিবর্তন ঘটেছিল।

তৎকালে ইংরাজী মাধ্যম শিক্ষকদের প্রশিক্ষণের বিষয়ে বাংলা বেশ অনেকটাই পিছিয়ে ছিল। অথচ মাদ্রাজ সেই ১৮৫৬ খ্রিস্টাব্দেই দেশীয় ভাষায় ও ইঙ্গদেশীয় বিদ্যালয়গুলির শিক্ষকদের জন্য একটি নর্মাল স্কুল প্রতিষ্ঠা করেছিল, যেটি ১৮৮৬ খ্রিস্টাব্দে একটি গ্রাজুয়েট ট্রেনিং কলেজে উন্নীত হয়। অন্য দিকে ১৮৮১ খ্রিস্টাব্দে জন্মলাভ করেছিল লাহোর সেন্ট্রাল ট্রেনিং কলেজ। ১৯০১ খ্রিস্টাব্দে কার্শিয়াং-এ ইংরেজী মাধ্যম শিক্ষকদের জন্য প্রশিক্ষণ ক্লাস শুরু হয়েছিল কিন্তু এই কেন্দ্রে দেশীয় ভারতীয় শিক্ষকদের প্রশিক্ষণ পাবার সুযোগ প্রায় ছিল না। এমত অবস্থায় ১৯০৮ খ্রিস্টাব্দে এই ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের প্রতিষ্ঠা, বাংলা তথা পূর্ব ভারতে শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও স্মরণীয় পদক্ষেপ ছিল। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের প্রতিষ্ঠা হবার পর 'দি ক্যালকাটা ট্রেনিং স্কুল' নামে যে অর্ধশতক প্রাচীন ক্যালকাটা নর্মাল স্কুলটি ছিল সেটি এই কলেজের অধ্যক্ষের শিক্ষাসংক্রান্ত ও প্রশাসনিক কর্তৃত্বের আওতায় নিয়ে আসা হয়। নর্মাল স্কুল ব্যবস্থার বিলুপ্তির পর নূতন কীভাবে বা কোন্ পথে শিক্ষক প্রশিক্ষণ বিষয়টি বিকশিত হবে, এই প্রশ্নের মীমাংসাকল্পে ও উন্নত পথের হদিশ পেতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়। বাস্তবিক দেশীয় ভাষার শিক্ষকদের প্রশিক্ষণকে অধিকতর উপযোগী এবং কার্যকরী করার লক্ষ্যে এই পদক্ষেপের প্রয়োজনীয়তাও ছিল অসীম।

প্রদীপ প্রজ্বলনের আগে সলতে পাকানোর পর্ব ঃ

১৯০১ খ্রিস্টাব্দের জুন মাসে তৎকালীন শিক্ষা অধিকর্তা শ্রী আলেকজান্দার পেডলার শিক্ষক প্রশিক্ষণের উন্নয়নের লক্ষ্যে যখন একটি সার্বিক প্রকল্প রচনা করেন তখন তার মধ্যেই এই কলেজ প্রতিষ্ঠার বীজটি রোপিত হয়েছিল। তবে পেডলার প্রস্তাবিত প্রকল্পে প্রথম শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়টি প্রতিষ্ঠিত হবার কথা হয়েছিল হুগলিতে।

এই সময় একসঙ্গে তিনটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছিল। যার মধ্যে প্রথম কলেজটি প্রতিষ্ঠার কথা হয়েছিল হুগলি জেলায়। সেখানকার ট্রেনিং স্কুলের বাড়িটির একাংশেই প্রাথমিক ভাবে কলেজটি প্রতিষ্ঠার কথা ভাবা হয়। এই সঙ্গে প্রস্তাব ছিল হুগলি ব্রাঞ্চ স্কুলটিকে ট্রেনিং কলেজের মডেল স্কুলে পরিণত করার। অতএব ৮০০০ টাকা ধার্য করার প্রস্তাব ছিল সাজসরঞ্জাম বাবদে ও বার্ষিক নিয়মিত খরচ বাবদে (মুখ্যত বেতন) ধার্য করার প্রস্তাব করা হয়েছিল আরও ১৫,৭৩২ টাকা।

দ্বিতীয় ট্রেনিং কলেজটি প্রতিষ্ঠার কথা ভাবা হয়েছিল ঢাকা জেলায় যেখানে কলেজের বাড়ি এবং মডেল স্কুলটির বাড়ি তৈরির জন্য বরাদ্দ ধরা হয়েছিল ৬০,০০০ টাকা। তৃতীয় কলেজটি প্রতিষ্ঠার প্রস্তাব ছিল ভাগলপুরে। এরপর ভারত সরকারের পক্ষ থেকে কিছু পরামর্শ অনুসারে প্রকল্পটি নূতন করে ভাবা হয়, শিক্ষা দপ্তরের বদলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ইংরেজী মাধ্যম শিক্ষকদের

জন্য একটি মাত্র ট্রেনিং কলেজ স্থাপনার কথা হয়। আর অন্য দুটি নর্মাল কলেজ হিসাবে গড়ে তোলার কথা ভাবা হয়, যে দুটি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ (affiliated) না হয়ে, হবে শিক্ষা দপ্তরের আয়ত্তাধীন। মাধ্যমিক বা ইন্টারমিডিয়েট স্তর উত্তীর্ণ ব্যক্তিদের এই নর্মাল কলেজগুলি দুই বছরের একটি প্রশিক্ষণের ব্যবস্থা করবে। বিদ্যালয়ের উচ্চপ্রাথমিক ও নিম্ন মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য এই কোর্সটি হবে স্বীকৃতি স্বরূপ। অন্যদিকে ট্রেনিং কলেজটি হবে একবছরের একটি প্রশিক্ষণদানের কেন্দ্র যা হবে কেবলমাত্র গ্রাজুয়েটদের জন্যই। উচ্চবিদ্যালয় স্তরে শিক্ষকতার জন্য এই প্রশিক্ষণ কোর্সটি হবে একটি পেশাদারিত্বের স্বীকৃতিস্বরূপ কোর্স। পূর্ববতী সিদ্ধান্ত অনুসারে ট্রেনিং কলেজটি হবে হুগলিতে আর নর্মাল কলেজ দুটি হবে যথাক্রমে ঢাকায় ও ভাগলপুরে।

আশা প্রকাশ করা হয় শিক্ষকতার ক্ষেত্রে এই স্নাতকোত্তর ট্রেনিং কোর্সটি, মেডিক্যাল ও ইঞ্জিনীয়ারিং পেশায় প্রবেশের ক্ষেত্রে যে পেশাদারিত্বের প্রশিক্ষণ হয়, তার সমমর্যাদাসম্পন্ন হবে।

ঐ সময়ে বার্ষিক ৪৫০ জন শিক্ষককে প্রশিক্ষিত করার লক্ষ রেখে প্রাথমিক প্রস্তাবে প্রতিটি কলেজে ১৫০ জন ব্যক্তিকে প্রশিক্ষণদানের কথা ভাবা হয়েছিল। এখন পরিবর্তিত প্রস্তাবে প্রতিটি কলেজে ৫০ জন ব্যক্তিকে প্রশিক্ষণদানের কথা বলা হয়।

পরিবর্তিত প্রকল্পটি এরপর ১৯০৪-এর জানুয়ারি মাসে ভারত সরকারের অনুমোদন লাভ করে। অনুমোদনের পর সরকারি চাকুরির নিয়োগপত্র পেয়ে বিলাত থেকে রওনা হয়ে ১৭ই ডিসেম্বর ১৯০৬ কলকাতায় আসেন শ্রী ডব্লু.ই.গ্রিফিথ্, শ্রী এ. করম্যাক, শ্রী এইচ্. আরমিস্টেড্, শ্রী ডব্লু. বেলারবি এবং শ্রী জে.ই.হুইটেকার।

যথাক্রমে প্রথম দুজন ট্রেনিং কলেজের শিক্ষকরূপে এবং পরবর্তী তিনজন প্র্যাকটিসিং মডেল স্কুলের প্রধান শিক্ষক হিসাবে।

কর্মক্ষেত্রে নিযুক্তির জন্য এঁরা বাংলার প্রাদেশিক শিক্ষা অধিকর্তার কাছে রিপোর্ট করলেও, ইতিমধ্যে প্রস্তাবিত বঙ্গভঙ্গের পরিকল্পনা রূপায়ণের ফলে, নানা রকম প্রশাসনিক জটিলতায় ট্রেনিং কলেজ প্রতিষ্ঠার বিষয়টি অঙ্কুরেই চাপা পড়ে যায় এবং এদের নিযুক্তির বিষয়টি নিয়ে অস্পষ্টতা সৃষ্টি হয়।

এর আগে ১৯০৬-এর পয়লা অক্টোবর তারিখে প্রস্তাবিত ট্রেনিং কলেজটির অধ্যক্ষ এবং নর্মাল কলেজ—দুটির সুপারিন্টেন্ডেন্ট হিসাবে নিযুক্ত শ্রী আর.এস ভারলে-ও কলকাতায় এসে গিয়েছিলেন। তিনি হুগলিতে নির্বাচিত ক্ষেত্রটি পরিদর্শন করেন এবং মুখ্যত অস্বাস্থ্যকর পরিবেশ বিবেচনায় ঐ স্থানে কলেজ প্রতিষ্ঠার তীব্র বিরোধিতা করেন। এই সঙ্গে ঐ স্থানে প্র্যাকটিস টিচিং-এর সুবিধাও কম পাওয়া যাবে বলে মত প্রকাশ করেন।

অতঃপর কলেজ প্রতিষ্ঠার উদ্যোগটি একটি ঘূর্ণাবর্তের সম্মুখীন হয়। এমত অবস্থায় বিলেত থেকে আসা দ্বিতীয় দলটির সদস্যরা প্রেসিডেন্সি কলেজে কাজে যোগদান করেন ও সেখানে পড়াতে শুরু করেন। এই সঙ্গে তারা হেয়ার ও হিন্দু কলেজের কাজকর্ম পর্যবেক্ষণ ও অনুশীলনের কাজও শুরু করে দেন। একসময় এঁরা এই স্কুল দুটিতেও কিছু কিছু বিষয়, বিভিন্ন শ্রেণিতে তাদের আগ্রহ ও পছন্দ অনুসারে পড়াতে শুরু করে দেন।

অন্যদিকে ১৯০২ খ্রিস্টাব্দের শিক্ষক প্রশিক্ষণ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কমিশনের সুপারিশক্রমে ১৯০৪ খ্রিস্টাব্দের ভারতীয় বিশ্ববিদ্যালয় আইন মোতাবেক, কলিকাতা বিশ্ববিদ্যালয় দুটি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। এক, শিক্ষকতার ক্ষেত্রে একটি লাইসেনসিয়েট (Licentiate in Teaching) কোর্স প্রচলন করা হবে যেখানে ইন্টারমিডিয়েট পাশ করাবার পর দু বছরের জন্য যে কেউ এই কোর্স পড়তে পারবেন। আর দুই, শিক্ষকতার ক্ষেত্রে একটি ডিগ্রি কোর্স (a degree of Bachelor of Teaching) প্রবর্তন করা হবে যা হবে এক বছরের জন্য।

ইন্টারমিডিয়েট পাশ করে যে কেউ দু বছরের জন্য এই (L.T.Course) লাইসেনসিয়েট কোর্সে ভর্তি হবার আবেদন করার যোগ্য বিবেচিত হবেন। এই কোর্সে তাদের বিশ্ববিদ্যালয় স্বীকৃত কোনো কলেজে শিক্ষাতত্ত্ববিষয়ক পাঠ গ্রহণ (Lecture attend) করতে হবে। আর ছয় মাস কোনো বিদ্যালয়ে বাধ্যতামূলক ব্যাবহারিক শিক্ষকতার প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এই কোর্সের তাত্ত্বিক অংশের পাঠ্যক্রমটি হবে নিম্নরূপ ঃ-

১। নৈতিক ও মনোবিজ্ঞানসম্মত শিক্ষকতার তাত্ত্বিক ও পদ্ধতিগত ব্যাবহারিক কৌশল।

২। নিদিষ্ট বিষয়ে পাঠদান পদ্ধতি ও বিদ্যালয় ব্যবস্থাপনা।

৩। নির্বাচিত শিক্ষাসংক্রান্ত ধ্রুপদী রচনা।

৪। স্নাতক স্তরের উপযোগী নির্বাচিত ইংরাজী গদ্য ও পদ্য।

পাঠান্তে এই চারটি বিষয়ের উপর একটি লিখিত পরীক্ষা হবে এবং একটি ব্যাবহারিক পাঠদানের বা শিক্ষকতার পরীক্ষা হবে কোনো একটি স্বীকৃত বিদ্যালয়ে নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যে কোনো তিনটি বিষয়ে।

(ক) ইংরেজী (খ) একটি ধ্রুপদী ভাষা (গ) ইতিহাস (ঘ) অঙ্ক (ঙ) ভূগোল (চ) স্কুলস্তরের পদার্থবিদ্যা ও রসায়নশাস্ত্র (ছ) মেকানিকস্ (জ) কিন্ডারগার্টেন এবং অবজেক্ট লেশান।

আর ব্যাচেলার অব টিচিং (Bachelor of Teaching) কোর্সের জন্য বি.এ. বা বি. এস. সি. পাশ করে যে কেউ এই কোর্সে সামিল হতে পারবেন। তাদের ট্রেনিং কলেজে নিয়মিত ক্লাস করার পাশাপাশি ছয় মাসব্যাপী ন্যূনতম পঞ্চাশটি লেসন্ বিদ্যালয়ে পড়িয়ে ব্যাবহারিক অনুশীলনে অংশ নিতে হবে।

কোর্সে যা থাকবে তা হল এক এবং দুই L.T. কোর্সের অনুরূপ। তিন শিক্ষাবিষয়ক চিন্তা ও পদ্ধতির ইতিহাস। চার নির্বাচিত শিক্ষাসংক্রান্ত ধ্রুপদী আলোচনা/রচনা। তাত্ত্বিক অংশের মোট নম্বর হবে ৪০০ আর ব্যাবহারিক অংশের মোট নম্বর হবে ৩০০।

উপরিউক্ত পরিকল্পনাগুলি চিন্তাভাবনাগতভাবে অনেকদূর এগিয়ে গেলেও বাস্তবায়নের বিষয়টা কিন্তু এত সহজে কোনো মতেই হয়ে ওঠেনি। নানান সমস্যা ও জটিলতার জালে আবদ্ধ হয়ে পড়েছিল প্রকল্পসমূহ। তবুও হতাশার পাশ ছিন্ন করে এই কলেজ প্রতিষ্ঠার লক্ষ্যে কিভাবে মন্থর অথচ নিশ্চিত পদক্ষেপে এগিয়ে চলতে হয়েছিল সেই সময়কার শিক্ষাব্রতী ব্যক্তিবর্গকে তা এই সময়ে বসে আমরা অনুমান করতে পারি মাত্র।

ইত্যবসরে প্রস্তাবিত অধ্যক্ষ শ্রী আর এস ভারলে্ পদত্যাগ করেন। ১৯০৭ খ্রিস্টাব্দে শ্রী এইচ.আর.জেমসকে তৎকালীন শিক্ষা অধিকর্তা, এই ট্রেনিং কলেজ প্রতিষ্ঠার বিষয়টি নিয়ে ভাবনাচিন্তা ও উদ্যোগ গ্রহণের দায়িত্ব দেন। প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ শ্রী এইচ.আর জেমস চিন্তা ভাবনা ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা শুরু করেন। জেমস-এর নূতন আকারের প্রকল্পটি ২১ শে জানুয়ারি ১৯০৮ খ্রি.এর পর উচ্চস্তরের একটি কমিটিতে আলোচিত ও অনুমোদিত হয়। অতঃপর পদ্ধতিগত বিষয়ে লেকচারগুলি শ্রী গ্রিফিথ ও আর্মিস্টেড দেবেন বলে সিদ্ধান্ত হয়। অস্থায়ী ভাবে কলেজটি কোথায় প্রতিষ্ঠিত হবে, সে বিষয়ে সিদ্ধান্ত হয়। কলেজ প্রতিষ্ঠার দিন ঠিক হয় পয়লা জুলাই, ১৯০৮ খ্রি.। প্রস্তাবে বলা হয় হেয়ার ও হিন্দু কলেজের কাছাকাছি কোথাও চার পাঁচটি ঘর ভাড়া নিয়ে অস্থায়ী ভাবে কলেজ শুরু করে দেওয়া হবে। হেয়ার ও হিন্দু স্কুলকে ব্যাবহারিক অনুশীলনের কাজে ব্যবহার করা হবে। আর প্রেসিডেন্সি কলেজের কাছে শিয়ালদহের উত্তরে কোথাও কলেজের স্থায়ী বাড়ি তৈরির লক্ষ্যে জমির খোঁজ চালানো হবে, তা না হলে শহরের কোনো স্বাস্থ্যকর স্থানে প্রস্তাবিত কলেজটি

প্রতিষ্ঠা করা হবে। এই সঙ্গে শ্রী জেমস্-এর প্রস্তাব অনুসারে প্রস্তাবিত কলেজটির নামও মহাত্মা ডেভিড হেয়ারের নামে করার কথা স্বীকৃত হয়।

প্রদীপ জ্বলার পর্ব

অবশেষে ১৯০৮ খ্রিস্টাব্দে ২০ জন গ্রাজুয়েট বিদ্যার্থীকে নিয়ে সূচনা হয় ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের পথচলা। এই সময় ১৮ টি আসন সরকারি বিদ্যালয়ের জন্য সংরক্ষিত করা হয়, আর মাত্র দুটি আসন রাখা হয় বেসরকারি স্কুলের জন্য। কলকাতায় ১৫ জানুয়ারি হেয়ার স্কুলে প্রশিক্ষণ কোর্সের সূত্রপাত হয়। ঐদিন কলকাতার কিছু শীর্ষস্থানীয় শিক্ষাবিষয়ক উপকরণাদির ও বইপত্রের ব্যবসায়িক প্রতিষ্ঠান, বেশ কিছু বইপত্র, শিক্ষা উপকরণ ও আসবাবপত্র শিক্ষকদের বিবেচনার জন্য প্রেরণ করেন।

ইতিমধ্যে অধ্যক্ষ গ্রিফিথ ১৫ নম্বর কলেজ স্কোয়ার-এ একটি দোতলা বাড়ির দ্বিতলে পাঁচটি ঘর কলেজের জন্য মনোনীত করেন। ঐ গৃহে পূর্বে অ্যালবার্ট কলেজ নামে একটি কলেজ চলত, অবশ্য সেই সময়ে ঐ কলেজটি বন্ধ হয়ে গিয়েছিল। হিন্দু স্কুলের কিছু ক্লাস এখানে সে সময়ে হত। দুই বছরের লীজে ১৫ই জুন ১৯০৮ খ্রিঃ মাসিক ১০০ টাকা ভাড়ায় ঐ পাঁচটি ঘর নেওয়া হয়। শর্ত ছিল ঘরগুলির প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের দায়িত্ব কলেজ কর্তৃপক্ষের। শ্রী গ্রিফিথ্ অতঃপর পূর্ব নির্দ্ধারিত দিনে বুধবার পয়লা জুলাই তারিখে ১৯০৮ খ্রিস্টাব্দে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের ক্লাস শুরু করেন। ঐ একই দিনো শ্রী আর্মিস্টেড কাজে যোগ দেন। আর কলেজ গৃহের দায়িত্বে শ্রী ভবানী প্রকাশ সিংহ এবং করণিক ও গ্রন্থাগারিকের পদে শ্রী মন্মথনাথ মিত্র ৭ জুলাই কাজে যোগদান করেন। এরপর পাটনা ডিভিশনের বিদ্যালয় পরিদর্শকের কর্মভার থেকে অব্যহতি নিয়ে শ্রী থিকেট ১০ই জুলাই কলেজে যোগদান করেন। এখন অধ্যক্ষকে নিয়ে অধ্যাপকের সংখ্যা দাঁড়ায় তিন।

প্রথম বছর ছাত্রাবাসের ব্যবস্থা না হওয়ায় বিদ্যার্থীরা নিজেরাই নিজেদের থাকা খাওয়ার ব্যবস্থা করে নেন। অন্যদিকে মহাবিদ্যালয়ের স্থায়ী স্থান নির্বাচন বিষয়ক কমিটি ১৯০৮-এর ২১শে ফেব্রুয়ারি সমবেত হন এবং শিয়ালদহ সন্নিহিত একটি স্থান উপযুক্ত এবং শম্ভুনাথ পণ্ডিত স্ট্রিটে, ভবানীপুর অঞ্চলে একটি স্থানকে অধিক উপযুক্ত বলে বিবেচনা করেন।

তৎকালীন শিক্ষা অধিকর্তা শ্রী এইচ্.আর জেমস্-কে চেয়ারম্যান করে একটি বোর্ড অব এগজামিনারস গঠন করা হয়, যাতে অন্যান্য সদস্যের মধ্যে ছিলেন শ্রী গ্রিফিথ, শ্রী থিকেট, শ্রী আর্মিস্টেড এবং ডঃ ব্রজেন্দ্রনাথ শীল মহাশয়। এই ভাবে খুব স্বল্প পরিসরে এই মহাবিদ্যালয় তার কাজকর্মের সূচনা করে। কুড়ি জন বিদ্যার্থীর মধ্যে শিক্ষাবর্ষের শেষলগ্নে একজন গুটি বসন্তে আক্রান্ত হয়ে মারা যান। বাকি ১৯জনের ১৬ জন পরীক্ষায় বসেন এবং ১৪ জন কৃতকার্য হন। এদের মধ্যে চারজন প্রথম বিভাগে উত্তীর্ণ হন। এঁরা হলেন যথাক্রমে সর্বশ্রী মনোরঞ্জন মিত্র, চিন্তাহরণ চক্রবর্তী, বিনয় ভূষণ সরকার এবং বনবিলাস রায়। দ্বিতীয় বর্ষে ১৮ জন সরকারি চাকুরের মধ্যে ১৩ জন ছিলেন সরকারি স্কুল শিক্ষক আর ৫ জন ছিলেন বিদ্যালয় পরিদর্শক। এঁদের মধ্যে তিনজন ছিলেন এম.এ.পাস, ১৫ জন বি.এ.পাস। ১৫ জন পরীক্ষায় কৃতকার্য হন, তার মধ্যে ৫ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হন। দ্বিতীয় বর্ষে মুজফফরপুর জিলা স্কুলের প্রধান শিক্ষক শ্রী চিন্তাহরণ চক্রবর্তী ও রাচিঁ জিলা স্কুলের সহকারি শিক্ষক শ্রী বনবিলাস রায় অস্থায়ী অধ্যাপক হিসাবে কাজে যোগদান করেন।

এই শিক্ষাবর্ষে ১০ জন বিদ্যার্থীর উপযুক্ত একটি ছাত্রাবাসের প্রতিষ্ঠা হয় ১৯ নম্বর হ্যারিসন রোডের একটি ভাড়া বাড়িতে। যার মাসিক ভাড়া ছিল১০০ টাকা। ইত্যবসরে ১৯১০ খ্রিস্টাব্দে এল.টি. ও বি.টি. উভয় কোর্স সহকারে স্থাপিত হয় ঢাকা ট্রেনিং কলেজ। ১৯১০-১১খ্রিস্টাব্দে মহাবিদ্যালয়ের তৃতীয় বর্ষে ১৯ জন বিদ্যার্থী পাস করে বেরোয়। চতুর্থবর্ষে ১৯১১-১২ শ্রী এম.পি.ওয়েস্ট (অক্সফোর্ডের ছাত্র)

উপাধ্যক্ষ ও মেথড এর অধ্যাপক (নভেম্বর ১৯১২) হিসাবে কলেজে কাজে যোগদান করেন। চতুর্থ শিক্ষাবর্ষে ছাত্রাবাসটি নূতন ঠিকানায় স্থানান্তরিত হয়। ঠিকানা হয় ২২ নম্বর হ্যারিসন রোড। মাসিক ৮০ টাকা ভাড়া। এখন থেকে সরকার স্বয়ং ছাত্রাবাসের দায়িত্ব গ্রহণ করেন, এর আগে যা ছিল অধ্যক্ষের দায়িত্বে। ২০ জন বিদ্যার্থীর মধ্যে ১৮ জন এই শিক্ষাবর্ষে কৃতকার্য হন। শিক্ষাবর্ষের দ্বিতীয় বছর থেকেই বার্ষিক পুনর্মিলন উৎসবের আয়োজন করা হয়। এই সময় সকালে একটি সভা বসানো হত, যে সভায় পুরাতন ছাত্র ও বর্তমান শিক্ষকমণ্ডলী নিজেদের মধ্যে আলোচনায় বসতেন এবং দ্বিতীয় সভাটি বসত দ্বিপ্রহরে। এই সভায় বর্তমান, প্রাক্তনী এবং শিক্ষক ও হিতৈষী ব্যক্তিবর্গ উপস্থিত হয়ে মহাবিদ্যালয়ের উন্নয়নের জন্য আলাপ আলোচনা চালাতেন। এই সভায় অধ্যক্ষ তাঁর বক্তব্যে তুলে ধরতেন কলেজের নিয়মিত কাজকর্ম ও ভবিষ্যতের নানাবিধ সম্ভাব্য কাজকর্মের খতিয়ান। সদ্যোজাত কলেজটি এই সময় বেড়ে উঠছিল অসীম যত্নে ও মমতায়। তদানীন্তন অধ্যক্ষের ভূমিকা ছিল ধাত্রী মাতার। ১৯১২ থেকে ১৯১৭ খ্রি. এই সময় পর্বে বঙ্গ ব্যবচ্ছেদ পরিকল্পনা রদ হয় ও বিহার এবং উড়িষ্যা পৃথক হয়ে যায়। ফলত পাটনা ট্রেনিং কলেজটি, যেটি এর আগে ১৯০৮ খ্রিস্টাব্দের শেষ দিকে প্রতিষ্ঠিত হয়েছিল, সেটি বাংলা প্রদেশের বাইরে চলে যায় ও ঢাকা ট্রেনিং কলেজটি বাংলা প্রদেশের মধ্যে আসে। পাটনা ট্রেনিং কলেজ-এ বিটি কোর্স না খোলা পর্যন্ত বিহারের জন্য ছটি আসন ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে সংরক্ষিত রাখা হয়। ডেভিড হেয়ারে ছিল ২৪ জন ছাত্র। এমত অবস্থায় কলেজের পরিসর ও অধ্যাপকদের সংখ্যা বৃদ্ধি অপরিহার্য হয়ে দাঁড়ায়। অতএব অ্যালবার্ট হলের আরও দুটি ঘর ভাড়া নেওয়া হয়। যার একটি একজন উপাধ্যক্ষের জন্য বরাদ্দ করা হয়। ড্রইং মাস্টার পদে শ্রী পূর্ণচন্দ্র ঘোষ ১৯১৩ খ্রিঃ ডিসেম্বরে কলেজে যোগদান করেন।

অন্যদিকে খোঁজ চলতে থাকে বৃহৎ পরিসরে স্থায়ী ঠিকানায় ডেভিড হেয়ার মহাবিদ্যালয়টিকে স্থানান্তরিত করার জন্য। অধ্যক্ষ গ্রিফিথ শহরের দক্ষিণ অংশে বালীগঞ্জ অঞ্চলে একটি এলাকা কলেজের স্থায়ী ভবনের জন্য নির্বাচন করেন।

কলেজ ভবন, ছাত্রাবাস, মডেল স্কুল এগুলি নিয়ে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজটিকে সুচারুরূপে প্রতিষ্ঠা করার মতো একটি সার্বিক পরিকল্পনা রচনা করে অধ্যক্ষ গ্রিফিথ ভূমি অধিগ্রহণের একটি প্রস্তাব ১৯১৪ খ্রিস্টাব্দে ২রা আগষ্ট সরকার বাহাদুরের কাছে পেশ করেন। শিক্ষা অধিকর্তার সমর্থনে এই পরিকল্পনা ও প্রকল্প অনুসারে সরকারি মহলে কাজ এগোতে থাকে। জমিটি অধিগৃহীত হয়। ইতিমধ্যে কলেজে উপাধ্যক্ষ পদে শ্রী ওয়েষ্ট-এর স্থলাভিষিক্ত হন শ্রী এ. মারসার এবং শ্রী ওয়েষ্ট ঢাকা ট্রেনিং কলেজের উপাধ্যক্ষ হিসাবে কাজে ব্রতী হন। ১৯১৫ খিস্টাব্দের পয়লা আগষ্ট থেকে এক বছরের জন্য স্বাস্থ্যজনিত কারণে শ্রী গ্রিফিথ ছুটিতে যান। শ্রী স্টার্ক কলেজের দায়িত্ব ভারগ্রহণ করেন, যিনি এর আগে অতিরিক্ত শিক্ষা অধিকর্তার দায়িত্বে ছিলেন এবং অধ্যক্ষের দায়িত্ব ভার নেবার আগের মুহূর্তে শ্রীমারসার-এর জায়গায় কলেজের একজন অধ্যাপক হিসাবে নিযুক্ত হয়েছিলেন। এরপর শ্রীমারসার ইউরোপীয় স্কুলসমূহের পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত হয়ে নভেম্বর মাসে এসে কলেজের অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করেন এবং ১৯১৬ খ্রিস্টাব্দের ৪ঠা ডিসেম্বর পর্যন্ত এই দায়িত্ব পালন করেন। এর মধ্যে শ্রী গ্রিফিথ ছুটি থেকে ফিরে এলেও কলেজের দায়িত্বের বদলে, তাঁকে বর্দ্ধমান ডিভিশনের বিদ্যালয় সমূহের পরিদর্শকের দায়িত্ব নিতে বলা হয়। অন্য দিকে শ্রীস্টার্ক ঢাকা ট্রেনিং কলেজে বদলি হয়ে যান। কলেজের অধ্যক্ষের পদে দায়িত্বভার সামলানোর দায়িত্ব নেন শ্রী চিন্তাহরণ চক্রবর্তী মহাশয়।

এই সঙ্গে স্থির হয় যে বিদ্যালয় পরিদর্শকের কাজের সঙ্গে সঙ্গে শ্রীগ্রিফিথ কলেজের নিয়ন্ত্রক ও তদারকের দায়িত্বও অতিরিক্তভাবে বহন করবেন। বিশ্ববিদ্যালয়ের আইন মোতাবেক এই সময় কলেজের

একটি গভর্নিং বডিও (পরিচালকসভা) গঠন করা হয়। ২৫শে আগস্ট ১৯১৫ খ্রি. ক্যালকাটা গেজেটে নথিভুক্ত ঐ গভর্নিং বডির গঠনটি ছিল নিম্নরূপ—

বাংলার সহকারী শিক্ষা অধিকর্তা—সহসভাপতি এবং সম্পাদক

বর্ধমান ডিভিশনের বিদ্যালয় পরিদর্শক—সদস্য

প্রেসিডেন্সি ডিভিশনের বিদ্যালয় পরিদর্শক—সদস্য

অধ্যাপক ডক্টর ডি. এল. মল্লিক—সদস্য

এই পর্বে কলেজের বর্ধিত পরিসেবার মাধ্যমে বিদ্যালয়গুলির সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রেখে চলবার প্রচেষ্টাটি বিশেষ উল্লেখের দাবী রাখে। এই কার্যক্রমের মাধ্যমে বিদ্যালয়ে অনুসৃত পাঠদান পদ্ধতির সঙ্গে ট্রেনিং কলেজের পদ্ধতির মধ্যে একটা তালমিল বজায় রাখা বা মেলবন্ধনের প্রচেষ্টা ছিল খুবই গুরুত্বপূর্ণ একটি প্রচেষ্টা বা উদ্যোগ।

১৯১৫-১৬ খি. কলেজে আসন সংখ্যা বাড়িয়ে ৩০ করা হয়। সরকারি বিদ্যালয়ের শিক্ষকের বা স্কুল পরিদর্শকের সংখ্যা এখন থেকে হ্রাস পাবার পরিপ্রেক্ষিতে অনুদান বা সরকারি সাহায্য প্রাপ্ত বেসরকারি বিদ্যালয়ের শিক্ষক ও সদ্য গ্রাজুয়েট কর্মপ্রার্থী বিদ্যার্থীদের প্রতি কলেজ আগ্রহী হয়ে ওঠে। ১৯১৩-১৪ খ্রি. নাগাদ প্রশিক্ষণার্থীদের মধ্যে দুজন মুসলিম বিদ্যার্থীও ট্রেনিং নেন। ১৯১৪-১৫ খ্রি. হায়দ্রাবাদ সরকারের জন্য ২টি আসন সংরক্ষিত রাখা হয়। ১৯১৮ সালের ১১ই ফেব্রুয়ারি সরকারি আদেশ বলে বি. টি. কোর্সের পাশাপাশি এল. টি. কোর্সও চালু করা হয়।

এই সুবাদে একজন অধ্যাপকের বাড়তি পদ সৃষ্টি হয়। এখন ৩০ জন বি.টি.আর ২০জন এল.টি.নিয়ে বিদ্যার্থী সংখ্যা দাঁড়ায় ৫০। শ্রী গঙ্গাচরণ দাশগুপ্ত ১৯১৮ খ্রি.জুলাই মাসে কলেজে অধ্যাপক হিসাবে কাজে যোগদান করেন। তিনি ছিলেন আর্মানিটোলা সরকারি স্কুলের সহকারি প্রধান শিক্ষক এবং ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের একজন প্রাক্তন ছাত্র। হেয়ার ও হিন্দু স্কুলের সঙ্গে সঙ্গে সংস্কৃত কলেজিয়েট স্কুলটিকেও এখন প্রাকটিক্যাল টিচিং-এর জন্য ব্যবহার করা হতে থাকে। ১৯১৮-১৯সাল নাগাদ সরকারি অনুমোদন সাপেক্ষে এই প্রথম কলেজে দাখিল হবার প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত প্রস্পেক্টাস্ ছাপানো হয়। ঐ বছরেই গর্ভনিং বডিতেও সামান্য পরিবর্তন আনা হয়। প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষকে গভর্নিং বডির সভাপতি আর সহকারী শিক্ষা অধিকর্তাকে একজন সাধারণ সদস্য হিসাবে রাখা হয়। ১৯১৯ খ্রি. ঢাকা ট্রেনিং কলেজের শ্রী ইভান বিস্ (Evan Biss) অধ্যক্ষ হিসাবে কলেজে যোগ দেন ও শ্রী চিন্তাহরণ চক্রবর্তী সাধারণ অধ্যাপক হিসাবে থাকেন। ১৯১৯ খ্রি. জুলাই মাসে শ্রী বিস্ চলে যাওয়ার পর শ্রী চক্রবর্তী পুনরায় অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করেন।

১৯১৮-র মার্চে কলিকাতা বিশ্ববিদ্যালয় কমিশন (স্যাডলার কমিশন) কলেজ পরিদর্শন করেন। এই কমিশনের রিপোর্টে (ক.বি.ক.) একটি পৃথক বৃহৎ শিক্ষা বিভাগের সুপারিশ করে। এই প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিভাগের মুখ্য কেন্দ্র হিসাবে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের বালিগঞ্জে অবস্থানের প্রস্তাবের বিরোধিতাও এই ক.বি.ক রিপোর্টে স্থান পায়। ভবিষ্যতে বৃহত্তর ভূমিকা গ্রহণের প্রস্তাবে ও আশায় বালিগঞ্জের পরিসরটি ক্ষুদ্র বলে বিবেচিত হয়। ১৯২০ খ্রি.এই ক.বি.ক. রিপোর্টটি ভারত সরকার গ্রহণ করেন এবং প্রস্তাবিত শিক্ষাবিভাগের অধীনস্থ অনেকগুলি কলেজের একটি অন্যতম কলেজ হিসাবে ডেভিড হেয়ার প্রতিষ্ঠিত হবে এই আশায় ও প্রতিশ্রুতিতে ভবিষ্যতে বৃহদায়তন কর্মভার প্রাপ্ত ডেভিড হেয়ারের কথা বিবেচনা করে, শিক্ষা অধিকর্তা বালিগঞ্জ অঞ্চলের কলেজের জন্য অধিগৃহীত নির্দিষ্ট জমি আর দরকার নেই বলে সিদ্ধান্ত নেন। অনতিবিলম্বে অধিগৃহীত জমি রাজস্ব দপ্তরের কাছে হস্তান্তরিত হয়। অতঃপর ১৯১৮-১৯-এ কলেবর বৃদ্ধির আশায় থাকা কলেজে ২৬ জন বি.টি.ও ১৬ জন

এল.টি.বিদ্যার্থী অ্যাডমিশন নেন। পরবর্তী বছরগুলিতেও ৫০ টি আসন পূর্ণ না করেই শিক্ষাবর্ষ সমাপ্ত হয়। অন্যদিকে ১৯১৯-এর ৩০শে জুন অ্যালবার্ট ইনস্টিটিউট কর্তৃপক্ষ পুরাতন গৃহ ভেঙে নতুন গৃহ নির্মাণের কারণে কলেজকে উঠে যাবার নোটিশ দেয়। অনেক প্রচেষ্টার পর ৪৫ নম্বর বেনিয়াটোলা লেন হয় কলেজের নূতন ঠিকানা। বেনিয়াটোলা লেনের এই তিনতলা বাড়িটির সর্ব্বোচ্চতলের ৮টি ঘর নিয়ে ২৫ জন হিন্দু বিদ্যার্থীর জন্য ছাত্রাবাসটিও একই ভবনে প্রতিষ্ঠিত হয়। আর বাকি অংশ কলেজের জন্য নির্দিষ্ট হয়। এই নতুন গৃহের মাসিক ভাড়া ধার্য হয় ৬৫০ টাকা।

১৯২১ সালের জানুয়ারি মাসে শিক্ষা বিভাগে ভারতীয় মন্ত্রী হিসাবে শ্রী প্রভাস চন্দ্র মিত্র দায়িত্বভার গ্রহণ করেন। কয়েক মাসের মধ্যে তাঁর গোচরে আসে যে বালিগঞ্জ অঞ্চলে ডেভিড হেয়ারের জন্য অধিগৃহীত জমি রাজস্ব বিভাগে হস্তান্তরিত করে দেওয়া হয়েছে।

কালক্ষেপ না করে মন্ত্রী মহোদয় উদ্যোগী হন, যে উদ্দেশ্যে ঐ জমি অধিগৃহীত হয়েছিল, সেই উদ্দেশ্যেই যাতে এখন ব্যবহার করা হয় তা সফল করার কাজে। অন্য দিকে রাজস্ব বিভাগ ইতিমধ্যে জমিখন্ডটি পুলিশ বিভাগকে হস্তান্তরিত করার সিদ্ধান্ত নিয়ে ফেলেছিল। উক্ত জমিটিতে একটি নূতন পুলিশ থানা ও কেন্দ্রীয় মোটর ভিহিকেলস অফিস প্রতিষ্ঠার প্রয়োজনেই এই হস্তান্তর। মন্ত্রী মহাশয়ের সময়োচিত হস্তক্ষেপের ফলেই পুনরায় সমস্ত জমি খণ্ডটি শিক্ষা বিভাগের হাতে চলে আসে (১৯২২, মার্চ)। এতে সাময়িক আশার সঞ্চার হলেও শীঘ্রই আবার বিষাদের মেঘের সঞ্চার হল ১৯২২ সালের Bengal Retrenchment Committee-র রিপোর্টের মাধ্যমে। ট্রেনিং কলেজ সম্পর্কে তাদের পরামর্শ ছিল দুটি ট্রেনিং কলেজকে একটিতে রূপান্তরিত করা ভালো এবং সেটির সম্ভাব্য অবস্থান হোক ঢাকা। এমনকি এই প্রশিক্ষণের প্রয়োজনীয়তা ও তার জন্য ব্যয় এ দুটি সঙ্গতিপূর্ণ কি না এ নিয়েও সন্দেহপ্রকাশ করা হয় ঐ রিপোর্টে। বলা হয় একজন শিক্ষকের মুখ্য যোগ্যতা তাঁর নিজস্ব শিক্ষার গুণমান। বহু শিক্ষকই নিজস্ব উৎকৃষ্ট শিক্ষা, সাধারণ জ্ঞান ও সহজাত প্রবৃত্তি/প্রকৃতি অনুসারেই অত্যন্ত গুণী শিক্ষক হিসাবে নিজেদের প্রতিষ্ঠিত করে থাকেন। এমত অবস্থায় যেখানে সাধারণ শিক্ষায় অধিক ব্যয় করা প্রয়োজন, সেখানে টেক্‌নিক্যাল ট্রেনিং-এ কতিপয় ব্যক্তিবর্গের জন্য, কোন্ প্রত্যাশায় অর্থ বরাদ্দ করা হবে মুখ্যত এটাই ছিল প্রশ্ন। কার্যত দুটির বদলে একটি কলেজ এ দাওয়াই থেকেও তাদের মোক্ষম দাওয়াই ছিল বস্তুত দুটি কলেজেরই বিলুপ্তি সাধন।

১৯২৩ খ্রিঃ জানুয়ারিতে এই রিট্রেঞ্চমেন্ট কমিটি রিপোর্ট প্রকাশিত হবার পর কার্যত এই কলেজ তার জন্মের পর সব থেকে কঠিন সময় ও সঙ্কটের মধ্যে গিয়ে পড়ে। কিন্তু আশার কথা ছিল এই যে, ডেমোক্লিসের খড়্গের মতোই এই প্রস্তাব কলেজের পঞ্চত্বপ্রাপ্তির উদ্দেশ্যে উদ্যত হতে দেখে, কলেজের বহু প্রাক্তনীর মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হতে দেখা গেল। আর তারা এই প্রস্তাবের বিরুদ্ধে প্রতিবাদ করা শুরু করলেন। প্রস্তাবের বিরুদ্ধে প্রকাশ পেতে লাগল বহু লেখা। ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে অনুষ্ঠিত হল একটি সাধারণ জনসভা। শ্রীরামপুর কলেজের অধ্যক্ষ শ্রী জি.হাউয়েলস্ এই সভার সভাপতির দায়িত্ব পালন করেন। ট্রেনিং কলেজের অবলুপ্তি সাধনের প্রস্তাবের তিনি তীব্র বিরোধিতা করেন। এমনকি ঢাকাতে দুটি কলেজের সংযুক্তিকরণের প্রস্তাবের বিরুদ্ধে তাঁর প্রস্তাব ছিল সংযুক্তিকরণ যদি একান্তই হয়, তবে তা হবে কলকাতায়।

এরপর ১৯২৩ সালের মে মাসে ক্যালকাটা মিশনারী স্কুলের প্রধান শিক্ষকের নেতৃত্বে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের প্রাক্তনীদের একটি দল দার্জিলিংএ শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করেন এবং এই সমস্যা বিষয়ে শিক্ষামন্ত্রী পরিপূর্ণভাবে অবগত ও সচেষ্ট এটা তারা উপলব্ধি করেন। শিক্ষামন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় বড়লাট লর্ড লিটন, রিট্রেঞ্চমেন্ট কমিটির সুপারিশ গ্রহণ না করার সিদ্ধান্ত নেন। উপরন্তু ডেভিড

হেয়ার ট্রেনিং কলেজ তার নিজের গৃহ নির্মাণ করে যাতে আরও সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হতে পারে, সেই দিকেই উদ্যোগ গ্রহণের পক্ষে বড়লাটের সিদ্ধান্ত পাওয়া যায়। তবে যেহেতু পুলিশের কিছু জমি দরকার সেহেতু স্কুলের অংশের ১০ বিঘা জমির ৩½ বিঘা পুলিশ বিভাগকে ছেড়ে দেওয়া হবে। কলেজের জন্য নিদিষ্ট ৫½ বিঘা জমিতেই কলেজ হবে। আর ৩½ বিঘা জমিকে আগের মতোই কর্মী আবাসন হিসাবে নিদিষ্ট করা হয়।

এই সঙ্গে শ্রী গ্রিফিথ-এর করা আগের কলেজগৃহ নির্মাণের পরিকল্পনায় কিছু পরিবর্তন এনে ১৯২৪-২৫ এর বাজেটে ১,৭৫০০০ টাকা কাজ শুরুর জন্য বরাদ্দ করা হয়। এই সময় পর্বে কলেজের অধ্যাপক হিসাবে আসেন শ্রীকুঞ্জ বিহারী হোড়, শ্রী নগেন্দ্রনাথ ঘোষ যিনি ইংল্যান্ড থেকে ফিজিক্যাল এডুকেশনের ট্রেনিং নিয়ে এসে সরকারের ফিজিক্যাল এডুকেশনের পরামর্শদাতা নিযুক্ত হয়েছিলেন। তিনি ১৯২২-২৩ শিক্ষাবর্ষে কলেজে ভিজিটিং প্রফেসর হিসাবে কাজে যোগদান করেন। ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় স্থাপনের মধ্য দিয়ে ঢাকা ট্রেনিং কলেজ, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিধির থেকে বেরিয়ে যায় এবং ১৯২২-২৩ নাগাদ ঢাকা ট্রেনিং কলেজ নূতন আধুনিক পাঠ্যক্রম প্রচলন করে। এদিকে ১৯২৪ খ্রিঃ বালিগঞ্জে নতুন কলেজ গৃহ নির্মাণের কাজ শুরু হয় এবং আশা করা হয় যে ১৯২৫-এর অক্টোবর মাস নাগাদ কলেজগৃহটি নির্মিত হয়ে যাবে। আশানুরূপ ভাবে ১৯২৫-২৬-এর শিক্ষাবর্ষে পূজার ছুটির পর কলেজ এবং ছাত্রাবাস নূতন গৃহে স্থানান্তরিত হয়। এই স্থানান্তরের মধ্য দিয়ে বলতে পারা যায় যে এই ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের এক নবজন্ম ঘটে। সেই থেকে অদ্যাবধিকাল ২৫/৩ বালিগঞ্জ সার্কুলার রোড কলেজের স্থায়ী ঠিকানা হয়ে রয়েছে। যদিও মাঝের কিছু পর্বে সাময়িক ভাবে বিশ্বযুদ্ধের সঙ্কটকালীন সময়ে কলেজটিকে অন্যত্র উঠে যেতে হয়েছিল।

১৯২৭ খ্রিঃ জানুয়ারি মাসে কলেজ সংলগ্ন জমিতে ডেমনস্ট্রেশন স্কুলটি নির্মিত হবার আগে পর্যন্ত, হিন্দু স্কুলের একটি বড়ো ঘরে ডেমনস্ট্রেশন লেশন চলত। আর এখন কলেজ ও কলেজসংলগ্ন নূতন স্কুলটি, যুগপৎ ট্রেনিং কলেজের পাঠাদানের নিত্যনূতন পদ্ধতি ও কৌশল নিয়ে নূতন দিগন্ত উন্মোচনের ক্ষেত্রে এক প্রবল উদ্দীপনার সঞ্চার ঘটিয়ে এগিয়ে চলা শুরু করেছিল। এই সময় অন্যান্য আর যেসব স্কুলে প্র্যাকটিস টিচিং চলত সেগুলি হল যথাক্রমে ক্যাথিড্রাল মিশন স্কুল, সাউথ সাবার্বান স্কুল, ভবানীপুর মিত্র ইনস্টিটিউশন, কালীঘাট হাইস্কুল এবং জগদ্বন্ধু ইনস্টিটিউশন।

১৯২৫-২৭ শিক্ষাবর্ষ থেকে কলেজের ৬০টি আসনেই বিদ্যার্থীরা ভর্তি হতে থাকেন। প্রতিবছর আবেদনকারীর সংখ্যা দাঁড়ায় ২৫০-র বেশি। তবে এল.টি কোর্সের চাহিদা কমতে থাকে। ১৯২৭-২৮ খ্রিঃ এল.টি. কোর্সটি সম্পূর্ণভাবে তুলে দেওয়া হয়। নূতন স্কেলে শিক্ষক হিসাবে নিয়োগের ক্ষেত্রে স্কুলগুলিতে এখন বিটি কোর্সটিকেই একমাত্র প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা হিসাবে বিবেচনার প্রতিশ্রুতিতেই এটা ঘটে। ১৯২৭ -এর তেসরা জানুয়ারি বাংলার গভর্নর লর্ড লিটন ৩৮/২ বেলতলা রোডে কলেজের নূতন ডেমনস্ট্রেশন স্কুল গৃহের উদ্বোধন করেন। স্বল্প কালের মধ্যেই নূতন স্কুলটি একটি ভালো স্কুলের খ্যাতি অর্জন করে। ১৯২৮-২৯ শিক্ষাবর্ষ থেকে এই মডেল স্কুলটি বা ডেমনস্ট্রেশন স্কুলটির প্রতিষ্ঠার মধ্য দিয়ে প্রশিক্ষণার্থী-দের প্র্যাকটিক্যাল কাজকর্মের সুযোগ সুবিধা সাহসাই সহস্রগুণে বর্ধিত হয়।

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের অধ্যক্ষ 'মডেল স্কুল' বা বালিগঞ্জ রাষ্ট্রীয় বিদ্যালয়ের নিয়ন্ত্রক বা কন্ট্রোলিং অফিসার পদে থাকার কারণে, দুটি প্রতিষ্ঠানের মধ্যে ক্লাস রুটিন তৈরি সহ নানান প্রাতিষ্ঠানিক প্রশাসনিক কাজকর্ম, যথোপযুক্ত সুসামঞ্জস্যপূর্ণভাবে চলা সম্ভবপর হয়েছিল। আর দুটি প্রতিষ্ঠানই এর ফলে সুনামের সঙ্গে শিক্ষাক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব ও ভূমিকা গৌরবের সঙ্গে পালন করতে সক্ষম হতে পেরেছিল।

এই সময় পর্বে কলেজে ভর্তি হতে গেলে সমস্ত যোগ্য প্রার্থীকেই একটি লিখিত পরীক্ষা ও একটি মৌখিক পরীক্ষার মধ্য দিয়ে নির্বাচিত হতে হত। এই পরীক্ষার ফলাফলের ভিত্তিতেই স্টাইপেন্ড প্রাপক কারা হবে তাও স্থির করা হত। একমাত্র ৫ জন সরকারী শিক্ষক এই প্রক্রিয়ার বাইরে থাকতেন।

কলেজে শিক্ষাবর্ষের সূচনার দিনটিতে অধ্যক্ষ মহাশয় তাঁর সহকর্মীদের সঙ্গে নিয়ে বিদ্যার্থীদের স্বাগত জানিয়ে ভাষণ দিতেন, যার মাধ্যমে তুলে ধরতেন কলেজের উদ্দেশ্য ও লক্ষ্য এবং কীভাবে বিদ্যার্থীরা কলেজের সুযোগ সুবিধাগুলি চূড়ান্ত এবং কার্যকরীভাবে কাজে লাগাতে পারবে তার হদিশ দিতেন।

১৯১৬ থেকে ১৯২৬ খ্রি. পর্যন্ত নানা সময়ে প্রয়োজনে অধ্যক্ষের কার্যভার পালন করবার পর অধ্যাপক চিন্তহরণ চক্রবর্তী ১৬ই এপ্রিল, ১৯২৮ খ্রি. অবসর গ্রহণ করেন। তাঁর এই শূন্যপদে বিজ্ঞান বিষয়ক অধ্যাপক নিয়োগের সিদ্ধান্ত হয়। কারণ ১৯৩১ সাল থেকে বিজ্ঞান বিষয়টি বিদ্যালয়ে একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে ওঠে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পদার্থবিদ্যার লেকচারার শ্রীসুরেন্দ্রচন্দ্র চক্রবর্তী ১৯২৯ সালের জুলাই মাসে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে অধ্যাপনার কাজে যোগদান করেন। কিন্তু তার আগে তিনি বি.টি. ট্রেনিং গ্রহণ করে নিজেকে ট্রেনিং কলেজের উপযুক্ত করে তোলেন। ইতিমধ্যে ১৯২৬ সাল থেকে পুনরায় অধ্যক্ষের পদে দায়িত্বপ্রাপ্ত শ্রী গ্রিফিথ ১৯২৯-৩০ সালে অবসর গ্রহণের বয়সে উপনীত হন। এমত অবস্থায় ঐ শিক্ষাবর্ষের সমাপ্তিকাল পর্যন্ত তাঁর কাজের মেয়াদ বৃদ্ধি করা হয়। ১৯৩০ -এর ২৩শে এপ্রিল শ্রীগ্রিফিথ কলেজ ছেড়ে যান। ঢাকা ট্রেনিং কলেজের উপাধ্যক্ষ শ্রী মনোরঞ্জন মিত্র ১৩ই মে, ১৯৩০ -এ ডেভিড হেয়ারে অধ্যক্ষ হিসাবে কাজে যোগদান করেন।

ইতিমধ্যে ১৯৩০ খ্রিঃ থেকেই কলেজে ভর্তি হবার চাহিদা বাড়ে। তৎকালীন অধ্যক্ষ গভর্নিং-বডির অনুমোদনক্রমে শিক্ষা অধিকর্তার কাছে কলেজে আসন বৃদ্ধির দাবী জানান। উত্তরে অতিরিক্ত কোনো ব্যয় বৃদ্ধি না করার শর্তে বার্ষিক ৮০ জন বিদ্যার্থী ভর্তি করার অনুমতি/সম্মতি সরকারের তরফে পাওয়া যায়। যদিও ১৯৩২-৩৩ শিক্ষাবর্ষে ৬৯ জন ও ১৯৩৩-৩৪ শিক্ষাবর্ষে ৭২ জন পরীক্ষায় বসেন। এরপর ১৯৩৪-৩৫ শিক্ষাবর্ষে ৬০০ আবেদনকারীর মধ্যে প্রায় ১০০ জনকে ভর্তি করা হয়। তবুও দেখা যায় যে স্টাইপেন্ড প্রাপক নয় এমন স্টুডেন্টদের মধ্যে ১৫-১৬ জন, শিক্ষাবর্ষের নানা সময়ে আর্থিক অসুবিধার কারণ দর্শিয়ে কলেজ ছেড়ে যাচ্ছে। অর্থাৎ কার্যত ৮০ জন বা তার কম সংখ্যক পরীক্ষার্থীই পরীক্ষায় বসছেন।

আবার নূতন বিপদবার্তা ঃ

১৯৩২ সালে গঠিত বেঙ্গল রিট্রেঞ্চমেন্ট কমিটি তাদের রিপোর্টে দ্বিতীয় বারের জন্য বাংলার দুটি ট্রেনিং কলেজের একটি বিলোপ সাধনের প্রস্তাব রাখে। অতঃপর দুটি কলেজের কাছেই এই রিপোর্টটি প্রেরণ করা হয়। আর তাদের বলা হয় যে ন্যূনতম খরচে কীভাবে তারা কলেজ চালাতে সক্ষম—তার পরিকল্পনাও প্রস্তাব তৈরি করতে। এই সঙ্গে সরকারি তরফে বর্তমান বরাদ্দ অর্থের অর্ধেক অর্থে কলেজ চালানো হলে দুটি কলেজকেই রাখা যেতে পারে, এই মর্মে অভিমত প্রকাশ করা হয়।

এমত অবস্থায় কলেজের কিছু সদস্য শ্রী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়-এর সঙ্গে যোগাযোগ করেন ও এই প্রতিকূল পরিস্থিতিতে পরিত্রাণের আশ্বাস প্রার্থনা করেন। শ্রীমুখোপাধ্যায় দৃঢ়তার সঙ্গে এই ট্রেনিং কলেজ তুলে দেবার পরিকল্পনার বিরোধিতা করেন এবং সরকারের পক্ষে এই কাজ বিশ্বাসভঙ্গের সামিল বলে বর্ণনা করেন। বস্তুত পক্ষে তিনি শুধুমাত্র এই কলেজ দুটি রক্ষা করার জন্যই নয়, তিনি আরও ট্রেনিং কলেজ স্থাপনের প্রস্তাব করেন। ট্রেনিং কলেজ উঠিয়ে দেবার বিরুদ্ধে প্রবল জনমত তৈরি হয়। শিক্ষা অধিকর্তার কাছে এই প্রস্তাবের বিপক্ষে ডেপুটেশন জমা পড়ে। কলেজের প্রাক্তনীরা একটি জনসভার আয়োজন করেন, যেটি অ্যালবার্ট ইনস্টিটিউট হলে আহূত হয় এবং শিক্ষকদের প্রশিক্ষণের

সুযোগ সংকোচনের এই প্রচেষ্টার নিন্দা ও বিরোধিতা করা হয়। এমনকি তৎকালীন বিধানসভাতেও এই বিলুপ্তি প্রস্তাবের বিরোধিতা করা হয়। অবশেষে সরকার দুটি কলেজকেই রেখে দেবার স্বপক্ষে সিদ্ধান্ত নেন। কিন্তু তাদের অর্থবরাদ্দ নির্মমতার সঙ্গে হ্রাস করে দেওয়া হয়। ১৯৩২ খ্রি. ২রা আগস্ট কলেজের পক্ষে একটি অতি মর্মান্তিক ঘটনা ঘটে। অধ্যাপক বিনয়ভূষণ সরকার প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণদানরত অবস্থায় কলেজের ভবনে অচৈতন্য হয়ে পড়েন এবং মৃত্যুমুখে পতিত হন। ১৯৩৪ খ্রি. কার্যকরী শিক্ষা অধিকর্তার পদ থেকে অব্যাহতি পেয়ে ২৭ শে নভেম্বর তারিখে কলেজের অধ্যক্ষের পদে কাজে যোগদান করলেন ডক্টর ডব্লু.এ.জেনকিনস্। মাত্র একবছর কাল শ্রী জেনকিনস্ অধ্যক্ষ হিসাবে ছিলেন, কিন্তু এই স্বল্প সময়কালে অনেকগুলি শিক্ষাগত ভাবে গুরুত্বপূর্ণ পদক্ষেপ কলেজের উন্নয়নের স্বার্থে তিনি গ্রহণ করেছিলেন। যথা রিট্রেঞ্চমেন্ট কমিটির সুপারিশমতো প্রফেসর পদ লেকচারার পদে অবনমিত করার বিরুদ্ধে তিনি মত প্রকাশ করেন। এক্সটেনশন লেকচারের সংখ্যাবৃদ্ধি ঘটান। ইনটেলিজেনস্ টেস্ট তৈরি করেন ও প্রশিক্ষণার্থীদের প্রবেশিকা পরীক্ষায় প্রয়োগ করেন। ডেমনস্ট্রেশন স্কুলের সঙ্গে বিশেষভাবে ট্রেনিং কলেজের সম্পর্ক উন্নত রাখায় বিশেষ যত্নবান হন। কলেজে Current Events Board বসিয়ে তাতে বিদ্যার্থীদের কাগজের কাটিং এনে নিয়মিত লাগানোর ব্যাপারে উৎসাহিত করেন, যা সমসাময়িক সময়, সমাজ সম্পর্কে প্রশিক্ষণার্থীদের সচেতনতা বাড়ানোর ক্ষেত্রে বিশেষ সহায়ক হয়। তাছাড়া ক্লাসে সাম্প্রতিক ঘটনাবলির উপর বির্তক করায় ছাত্রদের উৎসাহিত করেন। ক্লাসে ক্লাস চলাকালীন ইচ্ছুক ও আগ্রহী অভিভাবকদের পর্যবেক্ষণের সুবিধা করে দেন। এভাবে এমন বহু বিষয়ের প্রচলন ঘটান যা আজকের দিনেও সমানভাবে প্রাসঙ্গিক ও প্রচলন করার দাবী রাখে। ২৮ শে নভেম্বব, ১৯৩৫ খ্রি. শ্রী জেন্‌কিনস্ পুনরায় শিক্ষা অধিকর্তার কাজে ফিরে যান এবং শ্রী গঙ্গাচরণ দাশগুপ্ত পুনরায় অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করেন। ১৯৩৫ খ্রি. ৭ই ডিসেম্বর তারিখে সহকারী শিক্ষা অধিকর্তা শ্রী অপূর্বকুমার চন্দ কলেজের অধ্যক্ষের পদে কাজে যোগদান করেন। এই অপূর্বকুমার চন্দ ছিলেন সমসাময়িক বাংলার এক খ্যাতনামা ব্যক্তিত্ব। জনশ্রুতি রবীন্দ্রনাথের 'শেষের কবিতা' উপন্যাসের 'অমিত রে' চরিত্রটি যে দু'জন রক্তমাংসের মানুষের আদলে গড়ে উঠেছিল, তারই একজন ছিলেন এই অপূর্বকুমার চন্দ; অপরজন ছিলেন স্বনামধন্য ইতিহাসের অধ্যাপক শ্রী সুশোভন সরকার।

কলেজের আর একজন অধ্যাপক শ্রী কে.ডি.ঘোষ যিনি ১৯২৬ সালের জুলাই মাসে কলেজে যোগদান করেছিলেন, তিনি এই পর্বে বিদ্যালয় পরিদর্শন বিভাগে বদলি হয়ে যান। সেই জায়গায় শ্রী.এ.আর, আকুঞ্জি কলেজে অধ্যাপক হিসাবে যোগদান করেন। ১৯৩৭ সালের ২২শে জানুয়ারি শ্রী অপূর্ব কুমার চন্দ কেন্দ্রীয় আইনসভায় মনোনীত সদস্য হিসাবে যোগ দেওয়ার জন্য কলেজ ছেড়ে যান। শ্রী জে.এম.সেন কলেজের অধ্যক্ষের পদে দায়িত্বভার গ্রহণ করেন।

১৯৩২-৩৭ এই সময়পর্বে ২৭৪ জন বিদ্যার্থী বি.টি.পাস করেন। ২১৫ জন ছিলেন ধর্মে হিন্দু, ৫১জন মুসলমান এবং ৮জন খ্রিস্টান।

১৯৩৬ সালের গ্রীষ্মাবকাশে কলেজের তরফে সরকারি বিদ্যালয় এর বিজ্ঞান শিক্ষকদের জন্য একটি রিফ্রেশার কোর্সের আয়োজন করা হয়। এই কোর্সে ৪০জন শিক্ষক সাগ্রহে অংশগ্রহণ করেন।

১৯৩৯-৪০ খ্রি. কলেজের এক কৃতী প্রাক্তন ছাত্র শ্রী নরেশচন্দ্র ভট্টাচার্য, কলেজের অধ্যাপক হিসাবে কাজে যোগদান করেন। নানা সময়ে শ্রী অপূর্বকুমার চন্দের সাময়িক অনুপস্থিতিতে কলেজের দায়িত্বভার সামলানোর কাজে যাঁরা ছিলেন তাঁরা হলেন শ্রী জি.দাশগুপ্ত, শ্রী পি.ডি.শাস্ত্রী, শ্রী এস.সি.চক্রবর্তী প্রমুখ।

অধ্যাপক দাশগুপ্ত অবসর নিয়ে ১৯৩৭-এর অক্টোবর মাসে বরোদায় শিক্ষক প্রশিক্ষণ কলেজে অধ্যক্ষ হিসাবে যোগদান করেন। দীর্ঘ ১৯ বছরব্যাপী এই কলেজে যোগ্যতার সঙ্গে অধ্যাপনার পর, শ্রী দাশগুপ্তের

অবসর কলেজের শিক্ষা পরিবেশে এক বিরাট শূন্যতার যে সৃষ্টি করেছিল, এতে কোনো সন্দেহের অবকাশ ছিল না। শ্রী এম. এম.সুফিয়ান এই কলেজের একজন প্রাক্তনী অতঃপর ঐ শূন্য পদে কাজে যোগদান করেন।

কলেজের শিক্ষক সংখ্যা বরাবরই প্রয়োজনের তুলনায় কম ছিল। শ্রী অপূর্বকুমার চন্দ, অধ্যক্ষের দায়িত্ব নিয়েই এটা লক্ষ্য করেন এবং এবিষয়ে কর্তৃপক্ষের বহুবার দৃষ্টি আকর্ষণ করেন। এমনকি ছাত্র অনুপাতে কলেজের স্থানও যথেষ্ট ছিল না। কিন্তু বিশেষ কাজ হয়নি। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়নি। এমত অবস্থায় ১৯৩৮-৩৯ খ্রি. তৎকালীন অধ্যক্ষ তাঁর বার্ষিক রিপোর্টে প্রাদেশিক সরকারের বিমাতৃসুলভ আচরণের কথা তোলেন। অবশেষে সরকারি উদাসীনতায় অনন্যোপায় মহাবিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষা অধিকর্তার সম্মতিসাপেক্ষে ১৯৪০-৪১ শিক্ষাবর্ষে ছাত্রসংখ্যা কমিয়ে ৬০ জন করার সিদ্ধান্ত নেয়। এই সঙ্গে বি.টি. কোর্সেরও সংস্কার করা হয় এবং ঐ শিক্ষাবর্ষেই নূতন বি.টি.কোর্সের সূচনা করা হয়। ১৯৪০-৪২ শিক্ষাবর্ষ থেকে বিজ্ঞানবিষয়ক পঠন পাঠনের জন্য প্রেসিডেন্সি কলেজ ও ইসলামিয়া কলেজের সহায়তা গ্রহণ করা হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগে, কলেজের ভূগোল বিভাগের পঠনপাঠনের জন্য ব্যবস্থা নেওয়া হয়। একটি শিক্ষাবর্ষে ছাত্রপিছু সরকারি তরফে এই খাতে বিশ্ববিদ্যালয়কে ২৫ টাকা দেওয়া হত। ইতিমধ্যে অধ্যক্ষ হিসাবে শ্রী অপূর্ব কুমার চন্দের অক্লান্ত প্রচেষ্টায় ১৯৩৯-৪০ খ্রিস্টাব্দ থেকে কার্যকর ধরে ৫০ শতাংশ হারে কলেজের খাতে সরকারি বরাদ্দ বৃদ্ধি ঘটানো সম্ভবপর হয়।

বিটি কোর্সের সংস্কার সাধনের কাজেও শ্রী অপূর্বকুমার চন্দের অবদান ছিল সর্বাধিক, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক এ.এন.বসুর সহায়তাক্রমে মূলত শ্রী চন্দের উদ্যোগেই বিটি কোর্সের প্রয়োজনীয় সংস্কার সাধিত হয়েছিল। ইতিমধ্যে আন্তর্জাতিক ক্ষেত্রে পরিস্থিতি জটিল হয়ে ওঠে। ১৯৪১ খ্রি. ৫ই সেপ্টেম্বর তারিখে শ্রী সুরেন্দ্রনাথ চক্রবর্তীকে কার্যভার বুঝিয়ে শ্রী চন্দ শিক্ষকদের জন্য আন্তর্জাতিক ঘটনাবলি সম্পর্কের বক্তা হিসাবে স্পেশাল অফিসার পদে International Affairs lectures and study center-এ কাজে যোগদান করেন। ১৯৪১ সালের ডিসেম্বর মাসে যুদ্ধে জাপানের অংশগ্রহণের সময় এই স্টাডি সেন্টারটি বন্ধ করে দেওয়া হয়। কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে যুদ্ধভীতি ঘনীভূত হয়। নানা দিকে স্কুল কলেজ বন্ধ করে দেওয়া হতে থাকে। কলিকাতাকে একটি সমর কেন্দ্র (War Base) হিসাবে গণ্য করার ফলে একাধিক ভবনের প্রয়োজনীয়তা দেখা দেয়। বালিগঞ্জ রাষ্ট্রীয় বিদ্যালয় প্রাঙ্গণে আপৎকালীন প্রয়োজনে মোটরভিকেলস্ দপ্তরটি সম্প্রসারিত করা হয়। ১৯৪২ সালের ৭ই এপ্রিল তারিখে রায়বাহাদুর কে.সি.রায় অধ্যক্ষ হিসাবে কলেজে যোগদান করেন। কিন্তু একমাসের আগেই অবসরের প্রস্তুতি হিসাবে তিনি কলেজ পরিত্যাগ করেন। ১৯৪১-৪২ বর্ষে কলেজ কার্যত বন্ধ হয়ে যায়। সুরক্ষা প্রাচীর গড়ার বিলম্বজনিত কারণেই এটা ঘটে। ৫৮ জন ছাত্রের মধ্যে ৪৪ জন পরীক্ষায় বসেন। পরবর্তী শিক্ষাবর্ষের জন্য মাত্র ১০০টি দরখাস্ত পড়ে, তার মধ্যে প্রাথমিক ভাবে ৫০ জনকে বাছাই করা হয়। ১৯৪২-এর জুনের মাঝামাঝি লেডি ব্রাবোর্ন কলেজটি সাময়িক প্রয়োজনে অধিগ্রহণ করা হয়। এই পরিস্থিতিতে ডেভিড হেয়ারে সরকারি আদেশ আসে যে পরবর্তী শিক্ষাবর্ষে যেন কোনো ছাত্র ভর্তি না করা হয়। এরপর খবর আসে লেডি ব্রাবোর্ন কলেজ, ডেভিড হেয়ার কলেজ প্রাঙ্গণ দখল করে নিতে পারে। আগস্টের প্রথম সপ্তাহেই এই অধিগ্রহণ কর্ম শুরু হয়ে যায়।

এই পরিস্থিতিতে কলেজে ভর্তির জন্য আবেদনকারীদের প্রবেশাধিকার প্রাপ্তির আবেদনপত্রগুলি কিছু কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ বিভাগে, কিছু ঢাকা ট্রেনিং কলেজে পাঠিয়ে দেওয়া হয়।

অধ্যাপক সহ বহু শিক্ষাকর্মীকে অতঃপর নানা দপ্তরে বদলি করে দেওয়া হয়। সহসাই ১৯৪২-এ এসে কলেজটি যেন থমকে দাঁড়ায়। সহকারী শিক্ষা অধিকর্তা খান বাহাদুর এফ. আহমেদ ১৯৪৩ খ্রি. এস. সি. চক্রবর্তীর কাছ থেকে অধ্যক্ষ হিসাবে কলেজের দায়ভার গ্রহণ করেন। সে দায়িত্ব যেন শুধুমাত্র প্রহরার আর দিন গোনার, কোন্ সুদিনে কলেজের বন্ধ দুয়ার আবার খুলবে। ১৯৪৪ খ্রিস্টাব্দের মে মাসে শিক্ষা অধিকর্তা ডক্টর জেনকিনস্, শ্রী এস. সি. চক্রবর্তীকে বলেন যে তিনি যেন কলিকাতার বাইরে কোথাও ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের জন্য একটি উপযুক্ত স্থান সন্ধান করেন। অল্প সন্ধানের পরই প্রার্থিত স্থান পাওয়া সম্ভব হয়। ছাত্র সংখ্যার হ্রাস ঘটার কারণে গৃহের অনেকটাই সে সময়ে ফাঁকা যাচ্ছিল। হুগলি ব্রাঞ্চ স্কুলকে ডেমনস্ট্রেশন স্কুল হিসাবে নিয়ে, হুগলি ট্রেনিং স্কুলে কলেজ পুনরায় খোলার ব্যবস্থা করা হয়। শ্রী চক্রবর্তী সিভিল সাপ্লাই দপ্তর থেকে আবার কলেজে ফিরে আসেন এবং খান বাহাদুর এফ. আহমেদ-এর কাছ থেকে ৫ই জুন ১৯৪৪ খ্রি. কলেজের কার্যভার গ্রহণ করেন। এখানে উল্লেখ্য যে, হুগলি ট্রেনিং স্কুলের প্রধান শিক্ষক শ্রী সি সি নন্দীর বিশেষ-সহায়তাক্রমে হুগলিতে পুনরায় ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ অবশেষে খোলা সম্ভবপর হয়েছিল।

অতঃপর স্থির হল ৪০ জন আবাসিক ছাত্র ও ৩০ জন সাধারণ ছাত্র নিয়ে কলেজ চালানো হবে। পুরোনো অধ্যাপকদের মধ্যে এ. আর. আকুঞ্জী, শ্রী এম. এম. সুফিয়ান, শ্রী এ. কে. সরকার এবং শ্রী এনসি ভট্টাচার্য, শ্রী বি.বি. ভট্টাচার্য-সকলেই একে একে কলেজে যোগদান করেন। হুগলি ব্রাঞ্চ স্কুলের প্রধান শিক্ষক শ্রী পি. সি. গাঙ্গুলি প্র্যাকটিস্ টিচিং পর্বে বিশেষ ভূমিকা পালন করেছিলেন। কলেজের নতুন করে খোলার দিনটি ছিল এই আগস্ট, ১৯৪৪ খ্রি. ৪৮ জন ছাত্র নিয়ে সূচনা হয়েছিল ঐ শিক্ষাবর্ষের। ১৯৪৬ সালে ঢাকা ট্রেনিং কলেজের শ্রী কে ডি ঘোষ এলেন ডেভিড হেয়ারে অধ্যক্ষ হয়ে আর শ্রী এস. সি. চক্রবর্তী গেলেন ঢাকা ট্রেনিং কলেজের অধ্যক্ষের পদে। অন্য দিকে যুদ্ধের অবসানে আমেরিকান সামরিক বাহিনী লেডি ব্রাবোর্ন-এর কলেজগৃহ পরিত্যাগ করে গেলে ১৯৪৬-এর জুন মাসে ঐ কলেজটি ডেভিড-হেয়ার ট্রেনিং কলেজ প্রাঙ্গণ ছেড়ে গেলে, ডেভিড হেয়ার কলেজও তার পুরাতন জায়গায় পুনর্বহাল হয়। যদিও ডেমনস্ট্রেশন স্কুলটি তখনও পুলিশের হেফাজত মুক্ত হয়নি। বকুলবাগান অঞ্চলে একটি অতি প্রতিকূল পরিবেশে স্কুলটি তখন টিকে ছিল মাত্র। এমত অবস্থায় পরবর্তী শিক্ষাবর্ষে জুলাই মাস থেকে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজকেও প্র্যাকটিস্ টিচিং, ডেমনস্ট্রেশন লেসন এসব সংগঠিত করতে বিশেষ অসুবিধার মধ্যে পড়তে হয়েছিল।

এক নূতন দিগন্ত ঃ

এই পর্বে এসে আর একটি নূতন ঘটনা ঘটেছিল, যেটি হল কলেজে মহিলা প্রশিক্ষণার্থীর প্রবেশ। পুরুষ প্রার্থী সংখ্যা ঐ সময়ে যখন হ্রাসের দিকে ছিল, তখন ক্রমান্বয়ে মহিলাদের সংখ্যা বাড়ছিল। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ বিভাগ, লোরেটো হাউস ও স্কটিশ চার্চ কলেজ, সে চাপ সামাল দিতে পারছিল না, এমত অবস্থায় গ্রাজুয়েট মেয়েদের মধ্যে প্রশিক্ষণের সুযোগ বাড়ানোর উদ্দেশ্যে কলকাতা ও ঢাকায় দুটি ট্রেনিং কলেজেই মহিলা প্রার্থীদের প্রবেশের পথ উন্মুক্ত করা হয়। সুতরাং ৭ নম্বর হাঙ্গারফোর্ড স্ট্রিটে মহিলাদের জন্য হস্টেলের ব্যবস্থা করে। ৬০ জন ছাত্র ও ২০ জন ছাত্রী নিয়ে ১৯৪৬-এর শিক্ষাবর্ষে পুরাতন বাড়িতে ডেভিড হেয়ার কলেজ এক নবকলেবরে পুনরায় আত্মপ্রকাশ করেছিল। এই উপলক্ষ্যে ২৬ নম্বর বালিগঞ্জ সার্কুলার রোডের বাড়িটিও কলেজের জন্য ব্যবহার করা শুরু হয়। তৎকালীন শিক্ষা অধিকর্তা শ্রী অপূর্বকুমার চন্দ এ বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ করেন।

অন্যদিকে শ্রী কে. ডি. ঘোষের প্রচেষ্টায় কলেজের ডেমনস্ট্রেশন স্কুলটিরও পুরাতন স্থানে স্বমহিমায় প্রতিষ্ঠার জন্য বিশেষ উদ্যোগ চলতে থাকে এবং অবশেষে তা সফলও হয়। ১৯৪৭ সালের বিটি

পরীক্ষায় ৫২ জন পুরুষ ও ১৬ জন মহিলা প্রশিক্ষাণার্থী বসেন। ১৯১৭-১৮ শিক্ষাবর্ষের পর বন্ধ হয়ে যাওয়া কলেজের পুনর্মিলন উৎসবটিও এই পর্বে পুনরুজ্জীবিত করা হয়। ১৯৪৭-এর ৮ই ও ৯ই মার্চ তারিখে এই পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হয়। আর এই বছর কলেজ ও জাতীয় জীবনে সব থেকে গুরুত্বপূর্ণ ঘটনাটি ঘটে, ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারতের স্বাধীনতার পুণ্য প্রভাত আসে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য শ্রী পি. এন ব্যানার্জীর সভাপতিত্বে কলেজে এই স্বাধীনতা দিবসটি যথাযথ মর্যাদার সঙ্গে পালিত হয়।

স্বাধীনতা উত্তরকালে কলেজের শ্রীবৃদ্ধি ঘটে বিশেষ অপ্রতিহত গতিতে। জাতীয় সরকার বিশেষ মর্যাদাসহকারে এই কলেজটির বিকাশে সর্বতোরকম সহায়তা প্রদান করেন। ১৯৫১ সালের নভেম্বর মাস থেকে এই কলেজে শিক্ষায় এম. এ. ও এম. এস. সি. ক্লাস শুরু হয়। ১৯৫৩ সালের নভেম্বর মাসে দি ব্যুরো অব্ এডুকেশনাল অ্যান্ড সাইকোলজিক্যাল রিসার্চ তার কাজ শুরু করে। ১৯৫৬ ফেব্রুয়ারিতে এক্সটেনশন সার্ভিস ডিপার্টমেন্টটি খোলা হয়। ১৯৫৭-র এপ্রিলে খোলা হয় ভোকাবুলারি রিসার্চ ইউনিট-টি।

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের অঙ্গচ্ছেদ ঃ ১৯৫৪-৫৫ সাল থেকে আসন সংখ্যা বেড়ে দাঁড়ায় ২৪০ জন। তবে ১৯৫৩-৫৪ সালের শিক্ষাবর্ষের শেষ পর্বে কলেজের মহিলা বিভাগটি পৃথক করে মহিলাদের জন্য একটি ট্রেনিং কলেজের জন্ম দেওয়া হয়। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজটি আবার কেবলমাত্র পুরুষদের কলেজ-এ রূপান্তরিত হয়। আজকে শতবর্ষে পদার্পণ করে মনে হয় সময় এসেছে পুনরায় এই কলেজটি মহিলা পুরুষ সকলের জন্যই উন্মুক্ত করবার।

নূতন মহিলা কলেজ—'ইনস্টিটিউট অব্ এডুকেশন ফর উইমেন' এই নামে আলিপুর হেস্টিংস হাউসে ১৯৫৪ খ্রি. পয়লা জুলাই থেকে এই মহাবিদ্যালয়ের মহিলা প্রশিক্ষণার্থীদের নিয়ে একটি স্বতন্ত্র কলেজ হিসাবে আত্মপ্রকাশ করে। এই কলেজের অধ্যক্ষ হন মহিলা বিভাগের উপাধ্যক্ষ শ্রীমতী নলিনী দাশ। এই কলেজের আসন সংখ্যা রাখা হয় একশত। ডেভিড হেয়ারের সমস্ত মহিলা শিক্ষককে ঐ নূতন কলেজে বদলি করা হয়। এই বছরেই হুগলি গভর্নমেন্ট ট্রেনিং কলেজ-এরও সূচনা হয়। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ থেকে শ্রী এ. কে. সরকার অধ্যক্ষ হিসাবে এবং অপর দুইজন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর শ্রী বি. বি. ভট্টাচার্য এবং শ্রী এন. বি. দাশগুপ্ত হুগলি ট্রেনিং কলেজে কাজে যোগদান করেন।

The Bureau of Psychological and Educational Research (দি ব্যুরো অব্ সাইকোলজিক্যাল অ্যান্ড এডকেশনাল রিসার্চ) ইউনিট-টি ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে ১৯৬৪-৬৫ শিক্ষাবর্ষে একটি সর্বক্ষণের বিভাগ হিসাবে কাজ করতে শুরু করে। এই উপলক্ষ্যে একজন সহকারি অধ্যাপক, একজন লেক্চারার ও চারজন রিসার্চ স্কলার পদের সৃষ্টি করা হয়। এই রিসার্চ স্কলার চারজনের মধ্যে দুটি পদে দুইজন মহিলা ও অপর দুটি পদে দুই জন পুরুষ নিয়োগ করার সিদ্ধান্ত হয়।

স্বাধীনতার সময়ে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে অধ্যাপক ছিলেন শ্রী কে. ডি ঘোষ, অধ্যক্ষ, শ্রী আবদুর রেজ্জাক আকুঞ্জী, শ্রী মিয়া মহম্মদ সুফিয়ান, শ্রী এ. মোক্তাদার, শ্রী নরেশচন্দ্র ভট্টাচার্য, শ্রী বিভূতিভূষণ ভট্টাচার্য, শ্রী সফিকুল আমিন, শ্রীমতী সুনীলা গুহ প্রমুখ। মুসলিম অধ্যাপকদের মধ্যে অনেকে পাকিস্তান যাবার সিদ্ধান্ত নিলে সেই সব শূন্যপদে নূতন শিক্ষক নিযুক্ত হন যথা শ্রী হেমচন্দ্র ব্যানার্জী, শ্রী অশোক কুমার সরকার, শ্রী সত্যানন্দ প্রামাণিক, শ্রী মানিকলাল ব্যানার্জী এদের মধ্যে অনেকেই আবার পূর্ববঙ্গ থেকে চলে এসেছিলেন। শ্রী সমরেন্দ্রনাথ গুহ কলেজে ফিজিক্যাল ইনস্ট্রাক্টর পদে কাজে যোগ দেন। শ্রীমতী মনোরমা বসু ইংল্যান্ড থেকে ফিরে ১৯৪৮ সালের ২রা জানুয়ারি থেকে কলেজে অধ্যাপক হিসাবে যোগদান করেন। শ্রীমতী মনোরমা বসু এডুকেশন ডাইরেকটরেট্-এ

বদলি হয়ে যাবার পর শ্রী এস. কে দত্ত ১৯৪৮-এর ডিসেম্বর মাসে কলেজে অধ্যাপক হিসাবে কাজে যোগ দেন। শ্রী ডি. এন. রায় ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের পূর্বতন কর্মী ১৯৪৮ সালেই অধ্যাপক হিসাবে কলেজে যোগ দেন। ঢাকা থেকে শ্রী এস. পি. মুখার্জী বিজ্ঞানের লেকচারার হিসাবে কলেজে যোগ দেন। ভূগোলের অধ্যাপক হিসাবে আসেন শ্রী লোকেশ চন্দ্র চক্রবর্তী। সাইকোলজির অধ্যাপক হিসাবে কলেজে আসেন শ্রী জে. পি. মিত্র। অসেন শ্রীমতী শকুন্তলা কঙ্কন মিত্র। পণ্ডিত ভুবনেশ্বর মিশ্র পূর্ণ সময়ের হিন্দি টিচার হিসাবে কলেজে যোগ দেন। বালিগঞ্জ রাষ্ট্রীয় বিদ্যালয়ের শিক্ষক শ্রী নলিনীভূষণ দাশগুপ্তের ইতিহাসের অধ্যাপক হিসাবে পদোন্নতি ঘটে। ১৯৪৮-৪৯-এ দুটি পোষ্ট গ্রাজুয়েট বেসিক ট্রেনিং কলেজ প্রতিষ্ঠা করা হয়। একটি পুরুষদের জন্য অন্যটি মহিলাদের জন্য। প্রথমটি ছিল বাইগাছিতে; পরবর্তী সময়ে যার নাম রাখা হয় বাণীপুর। দ্বিতীয়টি প্রতিষ্ঠিত হয় হেস্টিংস হাউস, আলিপুরে। পরবর্তী সময়ে সেকেন্ডারি স্কুলের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের যোগান নিশ্চিত করবার জন্য মহিলাদের বেসিক ট্রেনিং কলেজটি বাণীপুরের পুরুষদের কলেজের সঙ্গে সংযুক্ত করে দেওয়া হয়। দু'জন ছাড়া বাকী শিক্ষকদের ডেভিড হেয়ারে বদলি করে দেওয়া হয় (১৯৫১)। অতঃপর কলেজে দুটি বিভাগ, মহিলা ও পুরুষ বিভাগ যুগপৎ সাবলীলভাবে চালু থাকে। বেথুন কলেজ থেকে শ্রীমতী লতিকা ঘোষ এই কলেজে অধ্যাপনার কাজে যোগ দেন। ১৯৫২ সালে কলেজের একজন প্রাক্তন ছাত্র শ্রী দিবাকর দাস মহান্ত কলেজে লেকচারার পদে যোগদান করেন। শ্রী কে. ডি. ঘোষ দার্জিলিঙ সরকারি কলেজে বদলি হয়ে যান ৮ই এপ্রিল ১৯৫৩ সালে। শ্রী ডি. এন. ঘোষ উপাধ্যক্ষ হিসেবে ১৯৫৩-র ২৫ আগষ্ট কলেজের কার্যভার গ্রহণ করেন। এই সময়ে কলেজের বিদ্যার্থী সংখ্যা পুরুষ বিভাগে ২৫০ জন আর মহিলা বিভাগে ১০০ জন। কিছু ক্লাস হত কলেজের প্রধান ভবনে, কিছু আলিপুর হেস্টিংস হাউসে তার কিছু ক্লাস হত ২৯/১ বালিগঞ্জ সার্কুলার রোডের অন্য একটি ভাড়া বাড়িতে। ১৯৫৮ সালে কলেজের বর্ধিত অংশ নির্মাণের পর ঐ বাড়ি ছেড়ে দেওয়া হয়। অন্যদিকে ১৯৫৪ থেকে মহিলা বিভাগটিও একটি স্বতন্ত্র কলেজ হিসাবে আত্মপ্রকাশ করে।

১৯৫১ থেকেই কলেজের পুরাতন ছাত্রাবাসটিকে সংস্কার ও বর্ধিত করার পরিকল্পনা নেওয়া হয়। এই উদ্দেশ্যে ৬ নম্বর সানি পার্ক-এ একটি বাড়ি ঠিক করা হয়। ১৯৫৩-র আগস্ট মাস থেকে কলেজ হোস্টেল সংস্কার সাধনের কাজ শুরু হয়। ১৮ নভেম্বর তারিখে অধ্যাপক কুলদাপ্রসাদ চৌধুরী, শান্তিনিকেতনের বিনয় ভবনের অধ্যক্ষ পদ ছেড়ে ব্যুরো অব এডুকেশনাল অ্যান্ড সাইকোলজিক্যাল রিসার্চ-এ প্রফেসর পদে যোগদান করেন। ১লা মে ১৯৫৮ সালে কর্মী আবাসন ও অধ্যক্ষের বাসগৃহ নির্মিত হয়ে যায়। পয়লা জুলাই ১৯৫৮ তে নূতন ছাত্রাবাসটিরও নির্মাণ সম্পূর্ণ হয়।

১৯৪৭-৪৮ খ্রিঃ বহিরাগত ফ্রেশার স্টুডেন্টদের মোট ২০ জনকে প্রদেয় স্টাইপেন্ড ২০ টাকার বদলে বাড়িয়ে ৫০ টাকা করা হয়, এই সঙ্গে প্রাপকের সংখ্যা বাড়িয়ে ৩০ জনে উন্নীত করা হয়। আর ১৯৫০-৫১ খ্রি. এই জেনারেল স্টাইপেন্ড প্রাপকদের সংখ্যা বাড়িয়ে ৪৪ করা হয়। এই সঙ্গে ডেপুটেড টিচারদের ভাতা প্রাপকদের সংখ্যাও (৩৬) বাড়ানো হয়। ১৯৫২-৫৩ সালে স্টাইপেন্ড প্রাপকের সংখ্যা ৫৫ আর ডেপুটেশন ভাতা প্রাপকের সংখ্যা ৪৫ জন করা হয়। ১৯৪৭-৪৮ সাল পর্যন্ত একটি সেকশন হিসাবেই ছাত্রদের পাঠদান করা চলছিল। কিন্তু ছাত্রছাত্রী সংখ্যার বৃদ্ধিবশত (১২৪) ১৯৪৭-৪৮ সালে দুটি সেক্শনে তাদের ভাগ করে পঠন পাঠনের কাজ শুরু করা হয়। প্রথম বারের জন্য একটি কলেজ জার্নাল 'এডুকেশন টুডে' ১৯৫০ সালে প্রকাশিত হয়। দ্বিতীয় সংখ্যাটি আত্মপ্রকাশ করে ১৯৫২-৫৩ শিক্ষাবর্ষে। সেই থেকে অদ্যাবধি এই পত্রিকাটি প্রকাশিত হয়ে আসছে।

১৯৫৫ সালে মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় সমূহের অধ্যক্ষ সম্মেলনে ডেভিড হেয়ার

ট্রেনিং কলেজকে বেছে নেওয়া হয় বৃহত্তর সামাজিক ও শিক্ষাক্ষেত্রে বিশেষ বর্ধিত পরিসেবা প্রদানের কেন্দ্র হিসাবে। সেই থেকে Extention Service প্রদান এই কলেজের একটি বিশেষ বৈশিষ্ট্য।

শিক্ষক প্রশিক্ষণের সঙ্গে অতিরিক্তভাবে সেকেন্ডারি টিচার্সদের জন্য রিফ্রেশার কোর্স, ওয়ার্কশপ, সেমিনার, আয়োজন করার মধ্য দিয়ে এই পরিসেবার কাজ চলতে থাকে।

১৯৫৬ সালে ভারত সরকারের শিক্ষা মন্ত্রক ট্রেনিং কলেজের অধ্যক্ষদের নিয়ে একটি কমিটি তৈরি করে টিচার্স ট্রেনিং কোর্সের প্রয়োজনীয় সংস্কারের জন্য। ডেভিড হেয়ারের তৎকালীন অধ্যক্ষ শ্রী ডি এন. রায় ঐ কমিটির সদস্য হিসাবে কাজ করেন। ১৯৫৭ সালের মে মাসে ব্যাঙ্গালোর-এ একটি সম্মেলনে এ বিষয়ে আলাদা আলোচনা চালানো হয়। এরপর ১৯৫৭ সালে চূড়ান্ত রিপোর্ট তৈরি করে, এবার তা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ট্রেনিং কলেজে ও এই সঙ্গে প্রাদেশিক শিক্ষাসংক্রান্ত মন্ত্রকের সচিবালয়ে পাঠিয়ে দেওয়া হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয় উক্ত রিপোর্টের ভিত্তিতে বি.টি. কোর্সের পাঠ্যক্রম ও পাঠ্যসূচী পরিবর্তনের সিদ্ধান্ত নেন। প্রশিক্ষণের ক্ষেত্রে ১০ জন ছাত্র পিছু একজন শিক্ষক এই অনুপাত স্বীকৃতি পায়। যদিও ডেভিড হেয়ারে ঐ সময়ের শিক্ষক সংখ্যা যা ছিল তাতে অনুপাত ছিল কার্যত ১ জন শিক্ষক পিছু ২০ জন ছাত্র। তৎকালীন ছাত্র সংখ্যা ছিল ২৪০ জন। কেবল সিলেবাস পাল্টালেই উন্নত পঠনপাঠনের মান অর্জন করা যায় না। এরজন্য অবশ্যই উপযুক্তসংখ্যক শিক্ষক ও শিক্ষাকর্মী প্রয়োজন। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ এক্ষেত্রে বরাবরই স্বল্পসংখ্যক শিক্ষকসমস্যায় পীড়িত। তা সত্ত্বেও প্রচেষ্টার বিরাম নেই যে কীভাবে কলেজ, শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রে একটি প্রথম সারির কলেজ হিসাবে নিজের স্থান ধরে রাখতে পারে। ১৯৫৮-৫৯ শিক্ষাবর্ষে এই কলেজ তার সুবর্ণজয়ন্তী পালন করেছে। যে সময়ের এক সোনালি ফসল 'Golden Jubilee Souvenir Volume' যেখানে এই কলেজের জন্মকথা থেকে তার বহু প্রতিকূল পরিস্থিতির মধ্য দিয়ে যাত্রার তথ্যনিষ্ঠ মনোরম বর্ণনা নথিভুক্ত করা আছে, শ্রীসুরেন্দ্রচন্দ্র চক্রবর্তীর কলমে। যা আজও আমাদের প্রেরণা জুগিয়ে চলেছে নিরন্তর সামনের দিকে এগিয়ে চলার। ১৯৬৮ সালে এই কলেজ তার হীরক জয়ন্তী বর্ষও উদ্‌যাপন করে, আজ ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে আমরা এসে দাঁড়িয়েছি শতবর্ষ উদ্‌যাপনের দুয়ার প্রান্তে। যখন অতীতের দিকে পিছন ফিরে তাকিয়ে আমরা বর্তমান সময়ের অধ্যাপক ও শিক্ষার্থীরা নিদ্বির্ধায় বলতে পারি, সার্থক এই কলেজের জন্ম, সার্থক এই কলেজের শতবর্ষের পথ চলা। আজও এই কলেজ শিক্ষাক্ষেত্রে তার নিজস্বতার স্বাক্ষর রেখে এগিয়ে চলেছে বহু প্রতিকূলতার মধ্য দিয়ে। আশা করতে পারা যায় আগামীতেও এই পথচলা ও উত্তরণ শেষ হবে না। দেশের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গিগত পরিবর্তন দেশের শিক্ষাক্ষেত্রে বহু সুদূরপ্রসারী পরিবর্তন নিয়ে এসেছে, নিশ্চিত ভাবে ট্রেনিং কলেজও এর বাইরে থাকতে পারেনি। অনেকের কাছেই শিক্ষক প্রশিক্ষণ একটি অর্থহীন ঘটনায় পর্যবসিত হয়েছে। হয়তো এ ধরনের মূল্যায়নের একটা দায় শেষ পর্যন্ত ট্রেনিং কলেজের শিক্ষকদের উপরেও এসে বর্তায়, তবু শেষ প্রস্তাবে বলার কথা এটাই যে শিক্ষক প্রশিক্ষণের বিলুপ্তি সাধনে নয় বরং যুগের উপযোগী প্রাসঙ্গিক শিক্ষা দানের মধ্য দিয়েই বোধ হয় শিক্ষা ও শিক্ষকতার উন্নয়ন সম্ভব। আর ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ দক্ষতা ও পারদর্শিতার সঙ্গে সেটা করে দেখাতেই প্রতিশ্রুতিবদ্ধ।

১৯৫৯ খ্রিস্টাব্দের ৩০শে সেপ্টেম্বর তারিখে শ্রী ডি. এন. রায় অধ্যক্ষের পদ থেকে অবসর গ্রহণ করেন। এরপর তিনি ব্যুরো অব্ এডুকেশনাল অ্যাণ্ড সাইকোলজিক্যাল রিসার্চ-এ প্রফেসর হিসাবে পুনর্নিয়োগ পান। নতুন অধ্যক্ষ হিসাবে এলেন শ্রী জে. সি. দাশগুপ্ত। ১৯৫৯ খ্রিস্টাব্দের ২৩শে অক্টোবর তারিখে তিনি অধ্যক্ষ হিসাবে তাঁর কার্যভার গ্রহণ করলেন। চাইল্ড গাইডেন্স-এর উপর একটি বিশেষ কোর্স সমাপ্ত করে লণ্ডন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব্ এডুকেশন থেকে ফিরে এলেন শ্রী কে. পি. চৌধুরী। ঐ একই বছরের এপ্রিল মাসে কলেজে কাজে যোগদান করেছিলেন শ্রী মদনমোহন ঘোষ।

এই সঙ্গে ১৯৫৭ সালে যে ভোকাবুলারি রিসার্চ ইউনিট-টি খোলা হয়েছিল সেটি তার কার্যকালের মেয়াদ শেষ করে ১৯৫৯ খ্রিস্টাব্দে বন্ধ হয়ে যায়। এটি যেমন একটি দুঃখজনক ঘটনা ছিল, তেমনই একটি আনন্দের ঘটনাও এই বছরে ঘটেছিল তা হল প্রখ্যাত সঙ্গীতশিল্পী শ্রী নিমাই চাঁদ বড়াল আমাদের কলেজের সঙ্গীত প্রতিভাবৃন্দকে সঙ্গীতের পাঠদানে সম্মত হয়েছিলেন। তখন তিনটি নূতন ট্রেনিং কলেজ থাকা সত্ত্বেও ডেভিড হেয়ারের উপর থেকে চাপ কমার কোনো লক্ষণ ছিল না। প্রবেশাধিকার প্রার্থনা করে ১৯৫৯-৬০ শিক্ষাবর্ষে ৮০৬ জন আবেদন করেন, বিগত বছরে যা ছিল ৭৮৩ জন। ২৪০ জনকে নেওয়া হয়। যার মধ্যে ১৬৫ জন ছিলেন স্কুল শিক্ষক (Aided School-র মাস্টারমশাই)। আর তিরিশ জন ছিলেন un-aided School-এর শিক্ষক। আর ছিলেন ৪ জন স্পেশাল ক্যাডার (cadre) টিচার ও ৪ জন সরকারী স্কুল শিক্ষক। ফ্রেশার বা বহিরাগত (outsider) ছাত্র মাত্র ৩৪ জন। এই বছরেই কলেজে মহা সমারোহে আচার্য জগদীশ চন্দ্র বোস-এর জন্ম শতবর্ষ পালন করা হয়। ১৮ই জানুয়ারী ১৯৬০ খ্রীস্টাব্দের রাশিয়ার একদল শিক্ষাবিদ কলেজ পরিদর্শন করেন। ১৯৬৩-৬৪ শিক্ষাবর্ষ ছিল ছাত্র ভর্ত্তির ক্ষেত্রে একটি বেনজির বছর। ১৯০২ জন এ বছর ভর্ত্তির আবেদনপত্র পেশ করেন। বিগত বছর যা ছিল ৭৭৫ জনে সীমাবদ্ধ। শিক্ষকতায় উচ্চ বেতনের জন্য ট্রেনিংকে আবশ্যিক করার ফলাফল ছিল এই ঘটনা। ২৩১ জনকে ভর্ত্তি করা হয়। অন্য ৯ জনকে সরকারী ভাবে ডেপুটেশনে পাঠানো হয়। মাত্র পঁচিশ জন এই শিক্ষাবর্ষে ছিলেন ফ্রেশার ট্রেনি। জাতীয় জরুরী অবস্থার কারণে এই শিক্ষাবর্ষে বার্ষিক পুনর্মিলন উৎসব হয়নি। ঐ খাতের ৫০০ টাকা জাতীয় প্রতিরক্ষাখাতে দান করা হয়। ১৯৬৩ সালের ১২ই জানুয়ারী তারিখে Extension Service Department-এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। শিক্ষা-অধিকর্তা শ্রী ভবতোষ দত্ত সভাপতিত্ব করেন এবং তিনি তাঁর ভাষণে এই বর্ধিত শিক্ষা পরিসেবার অসীম গুরুত্বের কথা উল্লেখ করেন। বিশেষত মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য যার গুরুত্ব সবিশেষ। এই শিক্ষাবর্ষে কলেজের নৈশস্কুলটি তার অগ্রগতির ধারা অব্যাহত রেখে পঞ্চম বর্ষে পা রাখে। ছাত্র-ছাত্রীর সংখ্যা এই স্কুলে তখন ৭০-এর বেশি। ১৯৬৩-র সেপ্টেম্বর মাসে অধ্যক্ষ শ্রী জে.সি.দাশগুপ্ত ফুলব্রাইট স্কলারশিপ গ্রান্ট নিয়ে আমেরিকা যুক্তরাষ্ট্র অভিমুখে রওনা হয়ে গেলে, শ্রী কুলদাপ্রসাদ চৌধুরী কলেজের অধ্যক্ষ পদে কার্যভার গ্রহণ করেন। এস.পি.মুখার্জীর অবসরপ্রাপ্তির কারণে এক্সটেনশন সার্ভিস দপ্তরের কো-অর্ডিনেটর এর পদে কলেজের অধ্যাপক শ্রী নিত্যলাল বসাক দায়িত্বভার গ্রহণ করেন।

১৯৬৪ সালে ভারত সরকার কর্তৃক আহূত সর্বভারতীয় শিক্ষা কমিশন, যেটি কোঠারি কমিশন নামে সর্বাধিক পরিচিত, সেই কমিশন ১৯৬৬ সালের জুন মাসে শিক্ষাক্ষেত্রে উন্নয়নের জন্য একটি সার্বিক প্রস্তাবনা পেশ করে। যেখানে ভারতীয় শিক্ষার ইতিহাসে প্রথম বারের জন্য শিক্ষাকে জনতার জীবন ও চাহিদার সঙ্গে সম্পর্কিত করে সংগঠিত করবার প্রস্তাব রাখা হয়। এই সঙ্গে সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নের, বিকাশের এবং পরিবর্তন সাধনের হাতিয়ার হিসাবে শিক্ষাকে বিবেচনা করা হয়। এই পরিপ্রেক্ষিতে শিক্ষকতা ও মূল্যায়নের ক্ষেত্রে এক সর্বাত্মক পরিবর্তন বা আমূল গুণগত পরিবর্তন অর্থাৎ 'বিপ্লব' সম্পন্ন করবার আহ্বান রাখা হয়। কমিশনের ভাষায় বলা হয় যে আধুনিক শিক্ষাপদ্ধতি ও নবতর মূল্যায়ন ব্যবস্থা প্রচলন করা খুবই প্রয়োজন, যার দ্বারা কৌতুহলের সৃষ্টি, জানার প্রতি আগ্রহ এবং ভালোবাসার সঞ্চার ক্রমে, একটা স্বতঃপ্রণোদিত শিক্ষা ব্যবস্থা, শিক্ষাচর্চার ব্যবস্থা গড়ে তুলতে হবে, যেখানে চিন্তনক্ষমতার বৃদ্ধি ঘটবে, সমস্যা সমাধান মূলক দৃষ্টিভঙ্গী ও দক্ষতা গড়ে উঠবে ; আর এসবের উপর নির্ভর করেই গড়ে উঠবে পঠন পাঠন ও মূল্যায়নের এক আদ্যন্ত নূতন বৈপ্লবিক সংগঠন।

এই চিন্তাভাবনার সঙ্গে সাযুজ্য বজায় রেখে আমাদের এই কলেজটি তখন থেকেই নিজেকে আমূল বদলে ফেলে প্রাসঙ্গিক ও যুগোপযোগী ধ্যান ধারনার বিকাশ ঘটানোয় প্রয়াসী হয়ে ওঠে। কলেজে

দুটি নতুন ইউনিট খোলা হয়, একটি মূল্যায়ন ইউনিট আর একটি উড অ্যান্ড ক্রাফ্‌ট ইউনিট। এই পর্বে ভর্তির জন্য প্রশিক্ষণার্থীদের চাপও আগের বছরের মতো যথেষ্ট বেশির দিকেই ছিল।

১৯৬৪-৬৫ শিক্ষাবর্ষে ২১০২ জন ইচ্ছুক প্রার্থীর মধ্য থেকে ২৩০ জনকে বেছে নেওয়া হয়। এছাড়া ডেপুটেড প্রার্থী হিসাবে বিভিন্ন সরকারি বিদ্যালয় থেকে ১৯ জন ও বেসরকারি বিদ্যালয় থেকে আরও ২৪ জন কলেজে ভর্তি হয়। ২৪০ জন পরীক্ষায় বসে এবং ২২৪ জন পরীক্ষায় পাস করে। এর মধ্যে ১৫ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। ১৯৫৮ খ্রিঃ থেকে কলেজের নৈশকালীন স্কুল চালানোর প্রচেষ্টার ষষ্ঠ বর্ষে ১২৫ জন বালক ও বালিকা শিক্ষা লাভ করে। বলা বাহুল্য কলেজের অধ্যাপকদের তত্ত্বাবধানে কলেজের ছাত্রদের আন্তরিক যত্নে ও প্রচেষ্টার মধ্য দিয়েই এই প্রয়াসটি বজায় ছিল।

এই শিক্ষাবর্ষে দি ব্যুরো অব এডুকেশনাল অ্যান্ড সাইকোলোজিক্যাল রিসার্চ ইউনিট-এর তরফে রাজ্যের ১০২ টি হায়ার সেকেন্ডারি ও মাল্টিপারপাস স্কুলে, 'স্কুল গাইডেন্স' বিষয়ে টেস্ট মেটিরিয়ালস্ ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র পাঠানো হয়। ব্যুরোর অধীনস্থ The Adolescent Guidance Center টিও আগের মতোই সক্রিয়ভাবে তার কাজকর্ম বহাল রাখতে সক্ষম হয়। ইতিমধ্যে বর্ধমান ও মালদহে সরকারি ট্রেনিং কলেজ খোলা হলে শ্রী কে. পি. চৌধুরী বর্ধমানে ও শ্রী দিবাকর দাস মহান্ত মালদহে অধ্যক্ষ হিসাবে যোগদান করার জন্য কলেজ ছেড়ে যান। ১৯৬৪ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় বি.এড পাঠক্রম ও পাঠ্যসূচীর এক সার্বিক পরিবর্তন সাধন করেন। এই নবপ্রবর্তিত পাঠ্যক্রমে বিশেষ জোর দেওয়া হয় সম্প্রদায়গত ঐক্যপূর্ণ জীবনযাপন এবং সহ পাঠক্রমিক বিষয়াদির উপর।

ষাটের দশকের শেষ পাদে আর একটি গুরুত্বপূর্ণ ঘটনা ছিল ট্রেনিং কোর্সের ও ডিগ্রিটির নাম পরিবর্তন। ব্যাচেলার অব্ টিচিং থেকে এখন আরও ব্যাপ্তির লক্ষ্যে কোর্সের ও ডিগ্রির নাম রাখা হয় ব্যাচেলার অব এডুকেশন বা বি.এড.।

গৌরমোহন বিদ্যালঙ্কার বালক রামতনু লাহিড়ীকে হেয়ারের ফ্রি স্কুলে ভর্তি করবার জন্যে কী রকম সাধ্য-সাধনা করেছিলেন তা আমরা শিবনাথ শাস্ত্রী মহাশয়ের "রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ" থেকেই পাই। তখনকার দিনে অনেক মা-বাবাই এইভাবে হেয়ারের পালকির পেছন ঘুরে তার ছেলেকে ইংরেজি শেখাবার ব্যবস্থা করেছিলেন হেয়ারের স্কুলে। শিবনাথ শাস্ত্রী লিখেছেন—হেয়ারের পালকির সঙ্গে সঙ্গে কিছু দিন ছুটিতে হইবে। বালক রামতনু তাহাই করিতে লাগিলেন। তিনি হাতিবাগানে বিদ্যালঙ্কারের বাসা হইতে সকাল সকাল আহার করিয়া কোনও দিন বা অনাহারে হেয়ারের বহির্গত হইবার পূর্বেই ক্রে-সাহেবের ভবনের দ্বারে গিয়া উপস্থিত হইতেন, এবং তাহার পালকির সহিত ছুটিতে আরম্ভ করিতেন। হেয়ারের পালকি নানা স্থানে যাইত এবং এক এক স্থানে অনেকক্ষণ বিলম্ব করিত। রামতনু সর্ব্বত্রই যাইতেন ও অপেক্ষা করিতেন। একদিন অপরাহ্নে হেয়ার স্বীয় ভবনে ফিরিয়া আসিয়া পালকি হইতে অবতরণ করিয়া দেখিলেন বালকটির মুখ শুকাইয়া গিয়াছে।...

এইরূপে প্রায় দুই মাসেরও অধিককাল গত হইল। শেষে হেয়ার বুঝিলেন এ বালক ছাড়িবার পাত্র নয়, বিদ্যাশিক্ষা বিষয়ে ইহার অতিশয় আগ্রহ। তখন তাঁহাকে ফ্রি বালকের দলে লইতে স্বীকৃত হইলেন।"

এদেশীয় সমাজে তাঁর যতখানি প্রভাব ছিল, কোনো বেসরকারী ব্যক্তির পক্ষেই এর আগে তা অর্জন করা সম্ভব হয়নি। কীভাবে একটি ব্যক্তি শিক্ষার শাণিত দীপ্তি ও প্রখর বুদ্ধিবৃত্তি ছাড়া বা পদমর্যাদা, ক্ষমতা ও ঐশ্বর্যের অধিকারী না হয়েও শুধুমাত্র উদীয়মান তরুণ সম্প্রদায়ের উন্নতি বিধানের অব্যাহত প্রচেষ্টায় রত থেকে বছরের পর বছর ধরে দেশীয় সমাজের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও প্রভাবময় আসনটি অধিকার করে রাখতে পারে, হেয়ার তার উল্লেখযোগ্য উদাহরণ। বোধহয় এক্ষেত্রে তিনি ভারতবর্ষে

অনন্য। স্কুলের বালকদিগের পরিচ্ছন্নতার দিকে হেয়ারের অতিশয় দৃষ্টি ছিল...কোনো কোনো দিন বসিবার বা ভাঙিবার সময়ে তিনি গামছা হাতে স্কুলের দ্বারে দাঁড়াইতেন এবং প্রবেশ ও নির্গমনের সময় সর্বাপেক্ষা অপরিচ্ছন্ন বালকদিগকে ধরিয়া তিরস্কারপূর্ব্বক মায়ের মতো উত্তমরূপে গা মুছাইয়া দিতেন। তাঁর পালকিতে থাকত ছেলেদের পরিষ্কার পরিচ্ছন্ন রাখার সরঞ্জাম। কয়লাঘাটা থেকে কলুটোলা, মাধব দত্তের বাজার (এখন যেখানে কলকাতা বিশ্ববিদ্যালয় আশুতোষ বিল্ডিং), ঠনঠনিয়া কালীতলা, আরপুলি, পটলডাঙ্গা ছিল তাঁর রোজকার গন্তব্যস্থল। "প্রথমে তাঁহার নিজের প্রতিষ্ঠিত পাঠশালা ও স্কুলগুলি পরিদর্শন করিতেন, তৎপরে যে সকল দরিদ্র বালকের পীড়ার সংবাদ পাইতেন, তাহাদের ভবনে গিয়া তাহাদিগের ঔষধ ও পথ্যাদির ব্যবস্থা করিতেন। অবশেষে হিন্দু কলেজে গিয়ে উপস্থিত হইতেন, সেখানে প্রত্যেক শ্রেণীর বালকের কার্য পরিদর্শন করিতেন, এইরূপ সমস্তদিন শহরের নানা স্থানে ঘুরিয়া বেড়াইতেন, সায়ংকালে বাসভবনে ফিরিয়া যাইতেন—সেই সময়ে ঐসব অঞ্চলের অধিবাসীরা হেয়ার সাহেবের মুখ এতবার দেখিতেন যে, অনেকে তাঁহাকে আপনার লোক মনে করিতেন।"

রামতনু লাহিড়ী মহাশয়ের কথায়—"স্কুলের বালকদিগের প্রতি হেয়ারের সে কি প্রেম ছিল তাহা বর্জনীয় নহে। তাহাদিগকে দেখিলে তাঁহার এত আনন্দ হইত যে, তিনি আর সকল কাজ ভুলিয়া যাইতেন। মধ্যে মধ্যে আসিবার সময় নিম্ন শ্রেণীর শিশুদিগের জন্য খেলিবার বল কিনিয়া আনিতেন। স্কুলের ছুটি হইলে ঐ বল ঊর্ধ্বে ধরিয়া উদ্বাহু হইয়া শিশু দলের মধ্যে দাঁড়াইতেন; তাহারা চারিদিক হইতে আসিয়া তাঁহাকে ঘিরিয়া ধরিত; কেহ কোমর জড়াইত; কেহ গাত্র বাহিয়া উঠিবার চেষ্টা করিত; কেহ বা স্কন্ধে ঝুলিত; তিনি তাহাতে মহা আনন্দ অনুভব করিতেন..."।

পোশাক-পরিচ্ছদে যেমন, তেমনি আহারের ব্যাপারেও অত্যন্ত সাদাসিধে ডেভিড হেয়ার। তিনি বাঙালির ঝোল-ভাত খুব পছন্দ করতেন। আর মাগুর মাছ খেতে ভীষণ ভালোবাসতেন; তিনি তাঁর বন্ধু রাজা রামমোহন রায়ের কাছ থেকে এই-মাছ খেতে শিখেছিলেন। আমাদের তৎকালীন মিষ্টিও তিনি খুব পছন্দ করতেন। আর ভালোবাসতেন পানীয়ের মধ্যে নারিকেল দুধ। খাওয়া দাওয়ার ব্যাপারে কোনো কোনো ক্ষেত্রে তিনি একেবারে বাঙালি বনে গিয়েছিলেন।

হেয়ারের সেই পালকির খোঁজ আমরা আর পাইনি। ১৮৪২ সালের ১ জুনের পরে (ডেভিড হেয়ারের মৃতুদিন) সেই পালকির আর খোঁজ নেই। প্রায় দু-শো বছর ধরে আমরাও খোঁজ করছি সেই পালকির, যে পালকিতে থাকবেন তিনি যিনি বন্ধুহীনের বন্ধু, অভিভাবকহীনের অভিভাবক, সহায়হীনের সহায়ক, ছাত্রবৎসল শিক্ষক ও একজন শিক্ষাব্রতী। যদি কেউ সেই পালকির সন্ধান পান তবে শতবর্ষের পুরানো ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ, ২৫/৩ বালিগঞ্জ সার্কুলার রোড ঠিকানায় জানালে ছাত্রদের প্রভূত উপকার হবে।

সহায়ক গ্রন্থ ঃ

১। রাধারমণ মিত্র ঃ ডেভিড হেয়ার, ১৯৬৮

২। সুশীল গুপ্ত ঃ ঊনবিংশ শতাব্দীতে বাংলার নবজাগরণ, ১৯৫৯

৩। প্যারীচাঁদ মিত্র ঃ ডেভিড হেয়ার, ১৮৭৭

৪। শিবনাথ শাস্ত্রী ঃ রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ, ১৯০৩

৫। সুশোভন সরকার ঃ বাংলার রেনেসাঁস, ১৩৩৭

৬। নিমাইসাধন বসু ঃ ডেভিড হেয়ার ও হিন্দু কলেজ।

৭। রাজনারায়ণ বসু ঃ আত্মচরিত।

কিছু স্মৃতিকথা ও শিক্ষাপ্রসঙ্গে

—মধুসূদন পাঁজা (প্রাক্তন ছাত্র, ১৯৬৩-৬৪)

David Hare Training College-এর শতবর্ষ জয়ন্তী উৎসব বর্তমান বৎসরে কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হচ্ছে। এই শুভবার্ত্তা বর্তমান অধ্যাপক মাননীয় শ্রীবিষ্ণুপদ বেরা মহাশয়ের নিকট থেকে অবগত হয়ে তাঁরই অনুপ্রেরণা ও উৎসাহদানে আমি এই অতীত স্মৃতিচারণটুকু লিখছি। আমি বিগত ১৯৬৩-৬৪ সেশনে এই কলেজ থেকে শিক্ষক-শিক্ষণ প্রাপ্ত হই। প্রত্যন্ত গ্রামাঞ্চলে বাস করি বলে সংগত কারণে কলেজ ও কলিকাতার অনেক পরিবর্তন আমার অগোচরে আছে। তবুও কলেজ সম্পর্কে যেটুকু স্মৃতিপটে আসে তার কিছুটা নিজের আত্মতৃপ্তির জন্য লিখতে প্রয়াস পাচ্ছি।

ভুলি নাই ভুলি নাই
তব স্মৃতি নিয়ে কত সুখ পাই।

কলেজের অবস্থান, গোলাপকুঞ্জে বেষ্টিত গেট সম্মুখে চতুষ্পার্শ্বে পুষ্পোদ্যানবেষ্টিত বিস্তৃত প্রাঙ্গণ এবং পাঁচতারা হোস্টেলের কথা খুব মনে পড়ে। বর্তমান ও তৎকালীন সকল অধ্যাপককে (জীবিত/মৃত) সশ্রদ্ধ প্রণাম জানাই। সকলের কথা কালের আবর্তে ভুলে গেলেও কয়েকজনের কথা আজও স্মৃতিপথে ভাস্বর। জে. এন. দাশগুপ্ত বাবু, নরেশচন্দ্র ভট্টাচার্য মহাশয়, প্রত্যুৎপন্নমতি সুধীর চন্দ্র রায় মহাশয়ের সঙ্গে এশিয়ার বিখ্যাত মনস্তত্ত্ববিদ শ্রদ্ধেয় কুলদাপ্রসাদ চৌধুরী মহাশয়ের কথা খুব মনে পড়ে। চৌধুরীবাবু অসাধারণকুশলী Psycho-Analyst ছিলেন।

কলেজের অধিবেশন হলে শিক্ষা বা তৎসম্পর্কিত বিষয়ে ছাত্রশিক্ষকদিগের মধ্যে মাঝে মাঝে Seminar হত। ঐ সময়ে কোনো সমস্যা নিয়ে শোরগোল ও বিতর্কের অবতারণা ঘটলে সুধীরবাবু সত্বর মঞ্চে উপস্থিত হয়ে এমন সমাধান করে দিতেন যে David Hare College-এর বাছা বাছা আড়াইশো ছাত্র চুপচাপ হয়ে যেত। Tactics and takling-এ তাঁর অসাধারণ নিপুণতা ছিল।

একটা সৌভাগ্যের কথা না বলে পারা যায় না। ঐ শিক্ষাবর্ষে (1963-64) ভারতের তৎকালীন রাষ্ট্রপতি সর্বজনশ্রদ্ধেয় ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণন এই কলেজে এসেছিলেন। তাঁকে দেখার সৌভাগ্য আমাদের অনেকের হয়েছিল। কলেজে কিছুক্ষণ থাকার পর পার্শ্ববর্তী বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুলে তিনি চলে গেলেন।

তৎকালীন সময়ে ব্রিটিশ ভারতে উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে যে সমস্ত ইংরেজ মহান শিক্ষাবিদ ও সমাজসংস্কারক ছিলেন তাঁদের মধ্যে উইলিয়ম কেরী, মার্শম্যান ও 'মহাত্মা ডেভিডের' নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এঁদেরকে একযোগে "শ্রীরামপুর ত্রয়ী" বলা হত। এঁদের ঐকান্তিক চেষ্টায় Hindu School, Hindu College (বর্তমানে Presidency College) Hare School এবং Srirampur College প্রতিষ্ঠা হয়। হিন্দু ধর্ম্মের মধ্যে নানা গোঁড়ামি, কুসংস্কার, সতীদাহ, বাল্যবিবাহ প্রভৃতি নানা অনাচার দূরীকরণে এঁরা মহাত্মা রামমোহনকে ধর্মসংস্কার আন্দোলনে অকুণ্ঠ সহযোগিতা করেছিলেন। শ্রীরামপুরে ছাপাখানা, School Book Society, Calcutta Book Society স্থাপনে এঁদের আন্তরিক পৃষ্ঠপোষকতা অস্বীকার করা যায় না। ভারতের অন্যতম শিক্ষক শিক্ষণ কলেজ David Hare Training College মহাত্মা ডেভিডের অবিস্মরণীয় কীর্ত্তি। এই কলেজের ছাত্র হওয়াও এক সৌভাগ্যের বিষয়। মহাত্মা ডেভিডকে এবং তাঁর প্রতিষ্ঠিত কলেজকে ভূয়ঃ এব স্মরণ করি প্রণাম করি।



কলেজের শতবর্ষ অনুষ্ঠানে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী, উচ্চশিক্ষা দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব শ্রী অশোক মোহন চক্রবর্তী এবং শিক্ষা অধিকর্তা শ্রী শুভশংকর সরকার।

কালিদাস রায়ের "ছাত্রধারা" কবিতার কটা কথা মনে পড়ে,

বর্ষে বর্ষে দলে দলে আসে বিদ্যামঠতলে

চলে যায় তারা কলরবে।

একদিন এসেছিলাম, এখন জনসমুদ্রে মিশে একাকার হয়ে গেছি। জীবনটা শিক্ষকরূপে অতিবাহিত করেছি। এখন অবসন্ন অবসাদগ্রস্ত। শিক্ষা সম্পর্কে আমি যেটুকু অনুভব করেছি সে সম্পর্কে কিছুটা বলবার জন্য মনটা আঁকুপাঁকু করে। কিছু অপরাধ হলেও ক্ষমাই হবে বলে আশা রাখি।

সা শিক্ষা যা বিমুক্তয়ে

শিক্ষা আমাদিগকে সব কিছু অশুভ ভাব ও অকল্যাণ থেকে বিমুক্ত করে। আজকের দিনে সেই শিক্ষা আমাদিগকে কতটা মুক্ত করতে পেরেছে সেটা ভাববার বিষয়। বর্তমান অবস্থায় প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান কত বেড়েছে। শিক্ষা ও শিক্ষিতের সংখ্যাও প্রচুর বেড়েছে। কিন্তু এতে গৌরব করার মত কিছু আছে কি? কারণ হিসাবে বলতে হয় শিক্ষার গুণগত মর্যাদার হ্রাস পেয়েছে। মনুষ্যত্ব ও মানবতাবোধ অনেক কমেছে। খুন, জখম, দাঙ্গা, কলহ, হাঙ্গামা, চুরি ডাকাতি, লোভলালসা, ছিনতাই, নারীধর্ষণ, চরিত্রহীনতা কি পরিমাণে বেড়েছে, দৈনিক পত্রিকাগুলি তার জীবন্ত প্রমাণ।

মুষ্টিমেয় শিক্ষিতের হার নিয়ে পরাধীন ভারতে জাতীয়তা, দেশাত্মবোধ, আত্মত্যাগের কি বিশাল আন্দোলন, কি বিশাল অনুপ্রেরণা—

যত নিবে প্রাণ তত করিব দান

তাই শিক্ষাপ্রসার ও মানুষকে শিক্ষিত করার দিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছিল। স্বাধীনতার যাট বছর পরেও শিক্ষার বিশেষ গুণগত দিক বৃদ্ধি পায়নি। শিক্ষা ও শিক্ষিত সমাজের মধ্যে স্বর্গীয় গুণাবলীর অভাব। তার কারণ অনুসন্ধান শিক্ষাপ্রণেতা, শিক্ষানুরাগী ও নিয়ামকদের অতি অবশ্য কর্তব্য। সিনেমা, থিয়েটার, টি.ভি. এবং নানাবিধ দৃশ্যকাব্যে যেভাবে obscene ছবি, গোপনীয় অঙ্গপ্রত্যঙ্গ, পোযাক-পরিচ্ছদ ও বিষয়বস্তু দেখানো হয়, তাতে যুবসমাজ উদ্ভ্রান্ত ও উন্মার্গগামী হয়ে যাচ্ছে। মনে হয় Censor Board ও অর্থাগমের দিকে নজর দিয়ে এদের অনুমোদন দিচ্ছে। বিশ্বনাথের সাহিত্যদর্পণের সাহিত্য আদর্শ আর মানা হচ্ছে না। Stimulant জিনিস দর্শককে Stimulate করবেই করবে, অনুকরণ প্রবৃত্তি আসবেই আসবে।

শিক্ষার মধ্যে নিশ্চয়ই কোথাও ত্রুটি থেকে যাচ্ছে। শিক্ষার আক্ষরিক ও বিষয়গত দিক প্রসারিত হলেও গুণগত দিকে ঘাটতি ঘটে যাচ্ছে। শিক্ষাবস্তুটির তাৎপর্য বিশ্লেষণে অনুসরণে ও গ্রহণে ব্যর্থ হলে সমাজজীবনে, জাতীয় জীবনে বিপর্যয় নেমে আসতে বাধ্য। তাই বর্তমান দিনে শিক্ষাভাবনা নূতন করে করা ছাড়া গত্যন্তর নেই। সার্থক মানুষ আমরা আজ খুঁজে পাচ্ছি না। শিক্ষা এখন হয়ে দাঁড়িয়েছে যে শ্রেণিকক্ষে, Tutorial Home এ শিক্ষকের নির্দেশনায় বিশেষ তত্ত্ব ও তথ্যের চর্বিতচর্বণ গলাধঃকরণ, পরীক্ষা নাম্নী নিক্তিতে অবিকল উদ্গীরণ, Star Mark খচিত উজ্জ্বল মানপত্র লাভ, অর্থকরী উচ্চাসনে আরোহণ, কর্তব্যে অবহেলা, ফাঁকি ও শোষণে, স্বার্থসিদ্ধি সাধনে সম্পদসংগ্রহে ব্যাপৃত হয়ে Oscar Wild এর Selfish Giant এর রূপ ধারণ করেছে। তাই জাতীয় জীবনে নৈতিক মানে হতাশা বৃদ্ধি পাচ্ছে।

বিখ্যাত অর্থনীতিবিদ Ruskin তাঁর বিখ্যাত "Unto the Last" নামক গ্রন্থে বলেছেন, "Man is the real Wealth of the Country"। সুতরাং আমাদের মানবসম্পদ ঠিক ঠিক গুণগতভাবে অগ্রসর হচ্ছে কি না, দূরদর্শী শিক্ষাপ্রণেতা ও ব্যবস্থাপকগণ নিশ্চয়ই উপলব্ধি করতে পারছেন। বর্তমান

শিক্ষার প্রধান উদ্দেশ্য চাকুরি প্রার্থনা, ব্যক্তিগত লোভ সাধন ও সম্পদ লাভ। চতুর্দিকের পরিবেশে আজ পানদোষ, কুটিলতা, স্বার্থান্বেষণ, আত্মসুখেচ্ছা, 'মাত্রাতিরিক্ত ধনাগমতৃষ্ণা। দেশ জাহান্নামে যাক, আমি ও আমার আপনজনেরা সমস্ত সম্পদের অধিকারী হব। এমন একটা বদনেশা প্রায় প্রত্যেকের মধ্যে দানা বেঁধেছে। আমার মনে হয় জাতীয় জীবনের যা কিছু দোষ-ত্রুটি, দুর্গতির জন্য শিক্ষা ও শিক্ষিত সমাজই দায়ী। শিক্ষিত সম্প্রদায়ই রাষ্ট্রীয় বিভিন্ন দপ্তর পরিচালনা করছেন। ফলাফল তাদের উপরেই বর্তাবে। মুটে, মজুর, অশিক্ষিত সম্প্রদায় কোনো দায়িত্বে নেই।

মানবতানাশের জন্য আজ চারিদিকে হাহাকার। স্বার্থের দ্বন্দ্ব দেখে আমরা আতঙ্কিত। চক্ষুকর্ণবিশিষ্ট, হস্তপদাদিযুক্ত বাক্‌বিশিষ্ট মানুষই মানুষ নয়। ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণন বলেছেন শিক্ষায় মানুষের দ্বিতীয় জন্ম। এই জন্মেই মানুষকে প্রকৃত মানুষরূপে গড়ে তুলতে হবে। শিক্ষাসত্তার বিকৃতি যদি বর্তমান সমাজের দুর্গতির কারণ হয়, তবে তাকে সংস্কার ও ঠিকপথে পরিচালিত করার দায়িত্ব শিক্ষকসমাজকে আগেই নিতে হবে। শুধু বৃত্তিকরী ও অর্থকরী দিকটা দেখলেই চলবে না। অর্থই সব নয়, যদিও অর্থের অতি প্রয়োজন। বৃত্তির কথা, জীবনমুখিতার কথা অস্বীকার করা যাবে না। অন্ন চিন্তা আগে, পেট খালি থাকলে উপদেশ কাজে লাগবে না। খালি পেটে ধর্ম হবে না। কথায় বলে

"যদি হয় অন্নহারা
কালিদাসও কাব্যহারা"

যে কারণেই হোক মানবিকতাকে অস্বীকার করা যাবে না। অর্থের প্রয়োজন অতি সত্য কিন্তু উপার্জ্জন ও অর্থই শেষ কথা নয়। অর্থ সম্পদ ও মানবসম্পদ, দুইদিকেই তাকাতে হবে।

ভারত অতি পবিত্রভূমি। মহামানবের দেশ, মহাপুরুষের দেশ। ভারতের সুপ্রাচীন অধ্যাত্মবাদ, ধর্মসাধনা, নীতিশাস্ত্রকে আমরা ভুলতে বসেছি, ভুলেছি। ভারতের সমাজচেতনা, সমাজব্যবস্থা, সারা পৃথিবীর এখনও অনুকরণযোগ্য। মুনি-ঋষিদের সাধনালব্ধ আধ্যাত্মিক চেতনাবাদ আমাদের ভোলা উচিত নয়। স্বামী বিবেকানন্দ চিকাগো ধর্মসভায় ভারতীয় সংস্কৃতি, ধর্মীয় মাহাত্ম্য বর্ণনা করে সারা বিশ্বে কি বিশাল আলোড়ন সৃষ্টি করেছিলেন। সারা বিশ্ব মুগ্ধ চমৎকৃত। ভক্তি শ্রদ্ধা আজ অতি বৃদ্ধ ও খঞ্জ হয়ে পড়েছে। চুরি, প্রতারণা, গুণ্ডামি, ফাঁকিবাজি, কর্তব্যে অবহেলা, মিথ্যাভাষণ, জাতিধর্ম হয়ে দাঁড়িয়ে যাচ্ছে। পাপপুণ্যে অবিশ্বাস, বিশ্বাস নেই কর্মে ও অপকর্মে, এসব কোথা থেকে কিভাবে আসছে। অক্ষরসম্পন্ন ব্যক্তিদের মধ্যেও এসব দেখা যাচ্ছে। তবে তো আমাদের ধরে নিতে হয়, শিক্ষাব্যবস্থার মধ্যে কোথাও বিড়ম্বনা আছে। এখনকার পূজাপদ্ধতি ও দেবোপাসনার মধ্যেও ঐশ্বর্য ও আড়ম্বরের প্রতিযোগিতা। ভক্তি শ্রদ্ধার বালাই আছে বলে মনে হয় না। সেবা ও ত্যাগ শব্দ আভিধানিক হয়ে দাঁড়িয়েছে। স্বামীজিরচিত "চরিত্রগঠন", "ভক্তিরহস্য" ও "এসো মানুষ হও" এসব বই পড়া উচিত। ভুললে চলবে না—

"মহাজনো যেন গতঃ স পন্থাঃ"

মহাত্মা অশ্বিনীকুমারের "ভক্তিযোগ" আগে স্কুলপাঠ্য হিসাবে পড়ানো হত।

অতীতকে বাদ দিয়ে বর্তমান চলতে পারে না। বর্তমানের দ্বারা ভবিষ্যৎ নিরূপিত হয়। স্বামীজিরই কথা— "Present is determined by the past and future by the present." ভিত সুদৃঢ় না হলে সৌধ বা প্রাসাদ নির্মাণ করা যায় না। সব কথাই শিক্ষাবিদ ও শিক্ষানিয়ামকগণ ভালভাবেই জানেন। কেবল বাস্তবে প্রয়োগের অভাব দেখা যাচ্ছে। ভারতের অধ্যাত্মবাদ বেদ, বেদান্ত, উপনিষদ, রামায়ণ, মহাভারত, গীতা, চণ্ডী প্রভৃতি ধর্মগ্রন্থ আজ প্রায় একেবারে অবহেলিত। প্রাচীন মুনি ঋষিদের নীতি উপদেশ, বুদ্ধ, চৈতন্য, শঙ্করাচার্য, রামানুজ, রামচন্দ্র, রামকৃষ্ণ, বিবেকানন্দ থেকে বর্তমানে

রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র, গান্ধিজি, সুভাষচন্দ্র, রামমোহন, বিদ্যাসাগর পর্যন্ত মহৎ ও মহান ব্যক্তিগণের আদর্শকে আমাদের শিক্ষণব্যবস্থার মধ্যে সুদৃঢ়ভাবে স্থান দেওয়া উচিত। শিক্ষকতা জীবনে দেখেছি তৎকালীন বাংলা সাহিত্যবিভাগে দ্রুতপঠন হিসাবে পৌরাণিক গল্পের সমাহার তখন বেশ ছিল। এখন এগুলি Back-dated হয়ে অবহেলিত হয়ে আছে। আমাদের কবর পরোক্ষভাবে আমরাই খুঁড়ে রাখছি, উত্তরসূরিদের মাটি চাপা দেবার দায়িত্ব।

শূন্যে যেমন বৃক্ষরোপণ করা যায় না, ভারতের প্রাচীন ঐতিহ্যকে বাদ দিয়ে দেশের বিশেষ উন্নতি করা যাবে বলে মনে হয় না। জাতির অন্তর্নিহিত নৈতিক সত্তাকে ভিন্নখাতে প্রবাহিত করানো অপচেষ্টা। প্রবহমানা গঙ্গা-যমুনাকে প্রতিরোধ করে হিমালয় টপকে অন্যদেশে স্থানান্তরকরণ যেমন অসাধ্য, তেমনই ভারতের প্রাচীন চিন্তাস্রোতকে ভিন্নখাতে নিয়ে যাওয়া অসম্ভব।

বর্তমানে বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়গুলি কেবল পরীক্ষানিয়ামক ও পরীক্ষাগ্রহণকেন্দ্রে পর্যবসিত হয়েছে। উচ্চতর শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতেও কদর্য রাজনীতি অসুস্থ অপসংস্কৃতির আখড়া হ'য়ে দাঁড়িয়েছে। দ্বিতীয় একটি আশুতোষ, জগদীশচন্দ্র, আচার্য প্রফুল্লচন্দ্র আর একটি বিদ্যাসাগর দ্বিতীয় বিবেকানন্দ সৃষ্টি এরা করতে পারছে কই?

এটা স্বীকার্য যে বিজ্ঞানকে বাদ দিয়ে বর্তমানে আমরা চলতে পারব না। বিশ্বের সঙ্গে তাল রেখে আমাদের চলতেই হবে। ইউরোপের ঐশ্বর্য আমাদের প্রভাবিত করুক তবুও মাটি ছাড়া যেমন গাছ হয় না, তেমনই আমাদের প্রাচীন গৌরব ও আদর্শের অনুশীলন ব্যতীত আমাদের জাতীয় উন্নতি হতে পারে না। গান্ধিজি বলতেন "উন্মুক্ত বাতাসের জন্য আমাদের ঘরের দরজা জানালা খোলা থাকবে। কিন্তু যখন ঝড় আসবে তখন সব বন্ধ করে দিতে হবে। বিদেশি অনুকরণকে পরিমার্জিত, পরিশীলিত করে আত্মীকরণ করতে হবে। সুতরাং বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার সঙ্গে সঙ্গে ভারতের নৈতিকতা, ধর্ম-সংস্কৃতি ও অধ্যাত্মবাদের কথা ভুললে চলবে না। বিবেকানন্দের একটা উক্তি স্মরণ করা যেতে পারে—"তোমরা যদি ধর্ম ছাড়িয়া দিয়া পাশ্চাত্যজাতির জড়বাদসর্বস্ব সভ্যতার অভিমুখে ধাবিত হও, তিন পুরুষ যাইতে না যাইতে তোমরা নিশ্চিহ্ন হইবে।"

উপযুক্ত চরিত্রগঠন না হলে শিক্ষার কোনো মর্যাদা থাকে না। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রিধারী ব্যক্তি যদি চোর গুন্ডা, মাতাল লম্পট হয়, পিতামাতাকে যদি বোঝা মনে করে পরিহার করে, সদুপদেশকে প্রলাপবাক্য মনে করে, তবে তাকে কি শিক্ষিত বলে বিহিত মর্যাদা দেওয়া যাবে? ঐরূপ শিক্ষিত শ্রেণিকে Educated devils বা Educated Giants ব্যতীত কি বলা যেতে পারে? সিনেমা, টিভি ও প্রচারমাধ্যমের ছবিগুলি জনমানসকে কলুষিত করছেই। শিক্ষা নীতিহীন হওয়ার জন্য বর্তমান দিনে মাস্টার, পণ্ডিত, ডাক্তার, কবিরাজ, সরকারি কর্মচারী, রাজনীতিবিদ ও প্রশাসনিক ব্যক্তিগণ অসামাজিক জীবে পরিণত হয়ে যাচ্ছে। একজন ডাক্তার বা ইঞ্জিনিয়ার তৈরি করতে সরকারের কি কম পয়সা ব্যয় হয়? রাজ্যপালের নিকট থেকে মানপত্র গ্রহণের প্রাক্কালে গৃহীত প্রতিশ্রুতি এরা কতটা পালন করছেন? অর্থোপার্জনই যেন শেষ কথা।

শিক্ষা স্বয়ং কিন্তু এর জন্য দায়ী নয়। পরিচালক ও পরিচালনব্যবস্থাই দায়ী। 'Philip Sidney-র একটি কথা মনে পড়ে—"If any medicine be the cause of death of any patient, medicine is not responsible, but the doctor who prescribed it". তদ্রুপ আমরাও শিক্ষাকে ঠিকপথে বাস্তবায়িত না করতে পেরে চরিত্রহীন অপরাধীর সৃষ্টি করছি। পরোক্ষভাবে নেপথ্যে আমরাই দায়ী। বর্তমান শিক্ষাব্যবস্থায় উদরপূর্তি ও ভোগের বস্তু আহরণ মূল লক্ষ্য হয়ে গেছে। বর্তমান বস্তুতান্ত্রিক-যান্ত্রিক সভ্যতা আত্মোপলব্ধির পথ থেকে দূরে সরিয়ে নিয়ে গেছে। কস্ত্বম্, কোহহম্, কুতো

বা আয়াতঃ” এই বিজ্ঞানভিত্তিক সার কথা বুঝবার শক্তি কয়জনের আছে? স্বামীজির একটা কথা না বলে পারা যাচ্ছে না—“Education is the manifestation of perfection already in man” বর্তমান শিক্ষাধারার মধ্যে কোথাও perfection বিকাশের বিশেষ সুযোগ কোথায় আছে?

শিক্ষকের সম্মান কিছুকাল আগে পর্যন্ত কত উচ্চে ছিল। প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত নেহেরু শিক্ষকদিগের অসামান্য সম্মান দিতেন। সেজন্য একজন খ্যাতনামা শিক্ষকের জন্মদিন স্মরণ করে “শিক্ষক দিবসের” সৃষ্টি করা হয়েছিল। যুগান্তরের ঘূর্ণিপাকে শিক্ষা প্রায় আদর্শভ্রষ্ট। ভোগ ও ইন্দ্রিয়সেবনে নিজ নিজ জীবন চালিত। বৃদ্ধ পিতা মাতা ও গুরুজনের দিকে দৃষ্টিপাত ডিগ্রিধারী ছেলেদের মধ্যে অনেকের নেই। নিম্নে ছড়াটি অক্ষরে অক্ষরে সত্য।

মা বাপে পায় না ভাত গায়ে উড়ে খড়ি।
পরায় বামার অঙ্গে বারাণসী শাড়ি।

লোকনিন্দা, মানাপমান, লোকের কিছু কথা এসব চুলোয় যাক। শিক্ষাব্যবস্থায় যে নীতিশিক্ষার কিছু নেই তা কিন্তু একেবারে নয়। প্রয়োগ করে দেখাবার উজ্জ্বল ব্যক্তিত্ব চোখের সামনে নেই। সরকারি প্রচেষ্টাও নেই। সমাজবেত্তাদের সমাজসেবীদের এ বিষয়ে ভূমিকা নিতে হবে। জাতির সংগঠক শিক্ষকদিগের ভূমিকা এই বিষয়ে অনেক বেশি। কামিনী রায়ের একটি কবিতার কয়েক ছত্র কিছুটা মনে পড়ে ঃ

মানিক মুকুতা নিধি আমারে দিও না বিধি
আমি নাহি তাহা চাই।
মনুষ্যত্ব মহানিধি আমারে দিও বিধি
আমি তাহা পেতে চাই।

বলা বাহুল্য একথা আজ অচল। উপদেশ দিলে বা শুনলে বাতুলের উপহাস বলে উড়িয়ে দেয়। আর্থিক অভাবই কিন্তু সব কারণ নয়। শিক্ষায় নৈতিক মানের অভাব আর প্রয়োগের দিকে নজর শীর্ষস্থানীয় ব্যক্তিদের নেই। আইন আছে, প্রয়োগের লোক নেই। শিক্ষা জীবনভিত্তিক হোক কিন্তু তা নীতিবিগর্হিত পথে নয়। কর্তব্যপরায়ণতা, নিষ্ঠা, ঐকান্তিকতা, মানসিকতা আগ্রহ থাকা চাই। বিদ্যার অপপ্রয়োগ হচ্ছে মিথ্যার আখড়াই চলেছে। বিদ্যাসাগরের প্রথম ভাগ ও দ্বিতীয় ভাগের জ্ঞানের অভাব আছে। প্রাচীন ও শাশ্বত আদর্শকে আর মানতে চাইছে না।

আর্য ধর্ম কথা কেহ নাহি মানে।
দিবস রজনী রত ইন্দ্রিয় সেবনে।।

যারা পথপ্রদর্শক, নিয়ামক তাদের মধ্যে শুভ আচরণের অভাব পরিদৃষ্ট হচ্ছে যে রাজনীতি আত্মোৎসর্গের আদর্শ, বর্তমানে সেই রাজনীতি স্বার্থসিদ্ধির অভিসন্ধি। সীমাহীন কামনা বাসনা ভোগের পশ্চাতে আমরা ধাবিত হচ্ছি। রামচন্দ্রের রাজনীতি, মনু প্রবর্তিত মানবনীতি মেনে নিতে পারছি কই? ত্যাগের আদর্শ নেই, ভোগবাদ বৃদ্ধি পাচ্ছে। নীতিশাস্ত্র বলে ঃ—

কামৈঃ ন বিতৃপ্তিরস্তি।

অগ্নিতে ঘৃত প্রদান করলে যেমন অগ্নি ক্রমবর্ধমান হয়, সেরকম কামনা বাসনা ভোগের দ্বারা তৃপ্ত হবে না। রাজা নহুষ সমাগরা পৃথিবীর অধিপতি, ইন্দ্রত্বলাভ করেও মুনি ঋষিদের ধন আহরণে বিরত ছিলেন না। নীতি মানতে হবে, মানাতে হবে। নীতিই এতদিন জগৎকে এতদূরে এনেছে। নীতিতে বিশ্বব্রহ্মাণ্ড বিধৃত। নীতি উপহাসযোগ্য নয়। শাস্ত্রীয় বিধান সংস্কার করে যুগোপযোগী করে নিতে হবে।

ইতিহাস পর্যালোচনায় দেখা যায় পৃথিবীর অনেক জাতি শিক্ষার সঙ্গে ধর্মকে বিস্মৃত হয়নি, খ্রিস্টধর্ম রাষ্ট্রীয় স্বীকৃতি পেয়েই এত বিস্তৃতি লাভ করেছে। অতি অল্পসংখ্যক ইস্রায়েল ইহুদি জাতি বাইবেলের Classical literature কে অনুশীলন করে অদ্বিতীয় শক্তিরূপে মাথা তুলে দাঁড়িয়ে আছে।

আমাদের ভারতেও জাতীয় শিক্ষাপদ্ধতির সঙ্গে একটা না একটা Classical literature এর অনুশীলন ও অনুধাবন করা যেতে পারে। পণ্ডিত নেহেরু তাঁর বিখ্যাত গ্রন্থ Discovery of India তে উল্লেখ করেছেন—"If I was asked what is the greatest treasure which India possesses and what is her finest heritage, I would unhesitatingly answer—It is the Sanskrit Language and literature and all that it contains."

কিছুটা মনে হচ্ছে সংস্কৃত সাহিত্যের মৃত্যু, আমাদের একপ্রকার মৃত্যু। রামায়ণ, মহাভারতের আদর্শ আমরা ভুলতে বসেছি। জাতির জনক মহাত্মা গান্ধি "গীতা" পুস্তকটিকে তাঁর মাতৃদেবীর আসনে প্রতিষ্ঠিত করেছিলেন। জাতীয় অধঃপতনের একটি কারণ হিসাবে তিনি বলেছেন—"I quite agree that the study of Sanskrit is sadly neglected"। অস্বীকার করার উপায় নেই যে সংস্কৃতের মধ্যে Educative Value সবচেয়ে বেশি। যদিও বিদ্যালয় সমূহে আজ সংস্কৃত পাঠের ব্যবস্থা আছে—এটা ঐচ্ছিক—এর আগা নেই ডগা নেই। শূন্যে ঝুলন্ত অবস্থায়। অশোক মিত্র কমিশন তা বুঝতে পারলেও এই ভাষা শিক্ষা ব্যবস্থায় অবাঞ্ছিত উপেক্ষিত। সংস্কৃত পাঠ সময়ের অপব্যয় হয়ে দাঁড়িয়েছে।

আদর্শ পিছিয়ে পড়া জাতিকে ভারতীয় আদর্শে উদ্বুদ্ধ করা প্রয়োজন। ধর্ম, শিল্প, বিজ্ঞান, ঘরকন্না, শিশুপালন, স্বাস্থ্যনীতি এই সব শিক্ষার সঙ্গে সঙ্গে সীতা, সাবিত্রী, দময়ন্তী, খনা, লীলাবতী, মীরাবাঈ, অহল্যাবাঈ,সংঘমিত্রা, রাসমণি, শ্রীশ্রীমা, সারদাদেবীর আদর্শ চোখের সামনে তুলে ধরতে হবে। মাতৃজাতিকে স্মরণ করতে হবে স্বামীজির সেই উদাত্ত আহ্বান "হে ভারত ভুলিও না তোমার নারীজাতির আদর্শ সীতা, সাবিত্রী দময়ন্তী" এখনও ঘরে ঘরে অজ্ঞাতসারে সীতা আছে বলেই পারিবারিক জীবন সামাজিক জীবন চলছে। ভারতবর্ষ চলছে। নইলে বন্য হয়ে যেতাম।

পাশ্চাত্যের অনুকরণে রাজনীতি নিয়ে আমরা মাতামাতি করছি। মনে রাখা দরকার রাজনীতিতে পাশ্চাত্যের মত আমরা সফল হব না। মনে রাখতে হবে পাশ্চাত্যের রাজনীতি করতে গিয়ে প্রাচ্যের আদর্শ যেন ভুলে না যাই। সকল জাতির কেবল ভালোটা আমরা অনুকরণ করব। আমাদের শিক্ষাপ্রণালীর মধ্যে ভারতীয় নীতির আদর্শ কোনোক্রমে পরিহার করা যাবে না। ভারতীয় নাড়িতে যে ধর্মীয় শিক্ষা ওতপ্রোতভাবে জড়িত তাকে বর্জন করা সমীচীন হবে না। মনে রাখা দরকার।

Education without instruction in morals and religion would create a race of hostile devility. শিক্ষিত আমরা অনেকেই Clever devils এ পরিণত হয়ে যাচ্ছি। সত্য অসত্যের ফল উপলব্ধি করছি না। কয়েকটা পাশ ও ভালো বক্তৃতা করতে পারলেই উপযুক্ত শিক্ষিত হওয়া যাবে না। স্কুল, কলেজ থেকে পাঠ্য থেকে যে আদর্শ পাওয়া যাবে তাকে বাস্তবে প্রয়োগ করতে হবে। যে শিক্ষার মধ্য দিয়ে দয়া, মায়া, স্নেহ, ভালবাসা, শ্রদ্ধা, ভক্তি, উপচিকীর্ষা, সদ্বৃত্তি, দেশাত্মবোধ সৎসাহসিকতার সঞ্চার হবে না, সে কিসের শিক্ষা!

মুখে জানে ব্যবহারে নাই।
সে বিদ্যার মুখে ছাই।।

সুতরাং শিক্ষাব্যবস্থাকে ঠিকমতো পরিচালনা ও বাস্তবে রূপায়ণ করে নৈতিক মানে উন্নত মানুষ তৈরি না করতে পারলে জাতির প্রকৃত উন্নতি নাই। আর এই পথে শিক্ষাকদিগেরই অগ্রণী ভূমিকা নিতেই হবে, নতুবা আশা হতাশায় পরিণত হবে। শিক্ষা মহান জাতি তৈরি করুক, ন্যায়পরায়ণ নাগরিক তৈরি করুক।

প্রার্থনা—শতবর্ষতম স্মারক পত্রিকায় এই প্রবন্ধ একটু স্থানলাভ করুক। সমস্ত গুরুভাই জাতির নির্মাতা অধ্যাপক ও হিতৈষীদিগের শ্রদ্ধা ভালবাসা ও প্রণাম জানাই। মহাত্মা ডেভিডকে পুনঃপুন শ্রদ্ধা ও ভক্তি জানিয়ে এই প্রবন্ধ শেষ করছি। ত্রুটি মার্জনীয়।

वक्त के साँचे को बदल जाते हैं कुछ लोग!

डॉ० कुमार विश्वबंधु

भारत में नवजागरण का आरंभ मोटे तौर पर उन्नीसवीं शती के दूसरे दशक के मध्य से माना जा सकता है। क्योंकि यही वह समय है जब राजा राममोहन राय ने ईस्ट इंडिया कम्पनी सरकार की नौ वर्ष पुरानी नौकरी छोड़ी (1814 ई०) और भारतवासियों को वर्षों के धार्मिक अंधविश्वासों, रूढ़ियों, मृत मूल्यों व अर्थहीन सामाजिक संस्कारों से मुक्त कर, उन्हें ज्ञान-विज्ञान के नये आलोक में लाने के लिए अभियान छेड़ दिया। वे भारत के पहले आधुनिक व्यक्ति थे। पर आधुनिकता की जो नई दृष्टि उनके पास थी, उसमें केवल पश्चिमी शिक्षा की रौशनी का नयापन ही नहीं था, बल्कि उस दृष्टि में अपने देश की ज्ञान परम्परा और सांस्कृतिक विरासत का गहरा बोध भी था। उनका नवजागरण अभियान वास्तव में नवीन युग जीवन के संदर्भ में उसी ज्ञान परम्परा और सांस्कृतिक विरासत का नये सिरे से अन्वेषण, पुनरुद्धार औरं विकास का प्रयास था। उनके इस अन्वेषण अभियान में कई विदेशी विभूतियाँ भी उनके साथ थीं, जिनमें एक नाम उनके अंतरंग, सहयोगी और मित्र डेविड हेअर का भी है। कलकत्ता का प्रसिद्ध 'हेअर स्कूल' और 'डेविड हेअर ट्रेनिंग कॉलेज' उसी महामना के रचनात्मक कर्मों का जीता जागता स्मृति सौध है।

डेविड हेअर का जन्म सन् 1775 ई. में स्कॉटलैंड में हुआ था। अनुमान किया जाता है कि वे सन् 1800 ई०में घड़ी निर्माण के अपने पुश्तैनी कारोबार में किस्मत आजमाने कलकत्ता आए और फिर हमेशा के लिए यहीं के होकर रह गए। यहाँ की मिट्टी, यहाँ की हवा और यहाँ के लोगों के प्रेम में ऐसे पड़े कि फिर लौटना न हो सका। कुछ वर्षो तक व्यापार भी किया। सफल भी हुए। लोकिन व्यापार करना और धन जमा करना, उन्हें अधिक दिनों तक रास न आया। सन् 1816 ई० में उन्होंने अपना व्यापार बंद कर दिया और अब तक जो भी धन कमाया था, उन सब को लेकर भारतीय जन-जीवन में अलख जगाने निकल पड़े। सोचने वाली बात है कि पच्चीस वर्ष का एक विदेशी युवक अपनी जन्म भूमि स्कॉटलैंड से व्यापार करने और धन कमाने के मंसूबे लेकर दूर समुद्र पार हजारों मील की यात्रा करता हुआ भारत आता है, अपने मंसूबे में कामयाब भी होता है, और फिर अचानक एक दिन सब छोड़ छारकर एक गैर मुल्क के लोगों के जीवन को ऊँचा उठाने के लिए अपना तन-मन-धन सबकुछ दांव पर लगा देता है। इतना ही नहीं, उस महान मानव प्रेमी की अंतिम सासें भी यहीं कलकत्ता शहर में निकलती है। 31 मई की रात लगभग एक बजे उन पर उस समय की जानलेवा बीमारी कॉलेरा का हमला होता है और दूसरे दिन 1 जून, 1842 ई. की सुबह लगभग छह बजे उस महान आत्मा के जीवन का अंत हो जाता है।

लेकिन डेविड हेअर जैसे लोग शायद कभी नहीं मरते, मर ही नहीं सकते। क्योंकि ऐसे लोगों का जीवन अनायास ही स्थूल देह की सीमाओं का अतिक्रमण कर जाता है। वे एक देह से निकल कर अनेक-असंख्य मन में फैल जाते हैं - कहीं भावना बनकर, तो कहीं विचार

बनकर, ऐसे लोग अपने मूल्यादर्शों के साथ युगों-युगों तक जिंदा रहते हैं। जब तक पृथ्वी पर मनुष्य जाति रहेगी, जब तक मनुष्य की सभ्यता और संस्कृति जीवित रहेगी... गौतम, गांधी, विवेकानन्द, राजा राममोहन राय और डेविड हेअर जैसे लोगों का अस्तित्व बना रहेगा। कलकत्ता विश्वविद्यालय के ठीक सामने कॉलेज स्क्वॉयर में डेविड हेअर की प्रस्तर मूर्ति स्थापित है। जिसके एक तरफ उनके प्रयासों से स्थापित कलकत्ता मेडिकल कॉलेज है, तो दूसरी ओर एकदम पास-पास संस्कृत कॉलेज, हिन्दू कॉलेज (आज का प्रेसीडेन्सी कॉलेज) और कलूटोला ब्रांच स्कूल (आज इसका नाम हेअर स्कूल है) है। और ज्ञान-विज्ञान के इन सभी महत्वपूर्ण ऐतिहासिक केन्द्रों के उद्योक्ता डेविड हेअर शहर की धूल और धुँए के बीच आज भी उतने ही दृढ़, उतने ही अविचलित, उतने ही भावमय और विशाल...। मन करता है उनकी मूर्ति से पूछूँ......कौन हैं आप? क्या है आपका परिचय?......एक विदेशी? एक व्यापारी? एक समाज सुधारक? एक शिक्षक? या फिर एक मानव प्रेमी? लेकिन क्या सचमुच इन सवालों को उनसे पूछने की जरूरत है? यह भी एक सवाल है और शायद सबसे महत्वपूर्ण सवाल है। हिन्दी के सुप्रसिद्ध समीक्षक डॉ. नामवर सिंह कभी-कभी उर्दू का एक शेर कहते हैं...''वक्त के सांचे में ढल जाते हैं कुछ लोग, वक्त के सांचे को बदल जाते हैं कुछ लोग''। डेविड हेअर वस्तुतः वक्त के सांचे को बदलने वाले लोगों में थे। इसलिए उनका परिचय किसी देश, काल और पेशे का मुहताज नहीं हो सकता। उनका सबसे बड़ा परिचय यह है क़ि वे सच्चे अर्थों में एक मनुष्य थे। ऐसा मनुष्य जिसके हृदय में मनुष्य मात्र के लिए प्यार था। समग्र मानव जाति के लिए महानुभूति थी। ऐसा मनुष्य जो सबको खुशहाल और आगे बढ़ता हुआ देखना चाहता था। एक पराए देश में, पराए धर्म और पराई भाषा के लोगों के लिए उन्होंने यही सपना देखा था। भारत वे चाहे जिस भी सपने के साथ आए हों, भारत में कुछ समय रहने के बाद उनका सपना बदल गया। तत्कालीन भारतीय समाज में व्याप्त अशिक्षा, धर्म के नाम पर चल रहे मिथ्याचार, पाखंड व ढोंग तथा सामाजिक कुरीतियों के फलस्वरूप मनुष्य द्वारा मनुष्य के प्रति बरती जा रही क्रूरता और अमानवीयता ने एक व्यापारी के चोले में मौजूद उनकी कोमल आत्मा को हिला कर रख दिया। हिन्दी साहित्य के महान आधुनिक कवि और चिंतक गजानन माधव मुक्तिबोध के शब्दों में कहें तो यही वह महत्वपूर्ण मोड़ है जहाँ डेविड हेअर का व्यक्तित्वांतरण होता है और एक व्यापारी अपने व्यवसायिक नफे-नुकसान के तंग घेरे से बाहर निकल कर ''सर्वजन हिताय, सर्वजन सुखाय'' के उस मार्ग पर निकल पड़ता है, जिसके लिए कभी कबीर ने कहा था-

कबिरा खड़ा बाजार में, लिये लुकाठा हाथ।
जो घर जारै आपना, सो चले हमारे साथ।

''कबिरा' दरअसल हर मनुष्य के भीतर मौजूद आत्मा की वह आवाज है, जिसकी पुकार को हम ज्यादातर लोग प्रायः सुनी-अनसुनी कर देते हैं। लेकिन हर युग और समाज में कुछ ऐसे लोग होते हैं, जो अपनी आत्मा की आवाज को सुनते हैं, सुनकर समझते हैं और फिर उसे सहेजकर निकल पड़ते हैं जीवन की एक नयी यात्रा पर। लेकिन इस नयी यात्रा पर निकलने से पहले पीछे का सबकुछ जलाना पड़ता है। सब कुछ त्यागकर, छोड़कर हल्का होना पड़ता है। इसलिए सन् 1814 ई. में राजा राममोहन राय ईस्ट इण्डिया कम्पनी की नौ वर्ष पुरानी अच्छी

भली नौकरी से त्याग-पत्र दे देते हैं और डेविड हेअर 1816 ई. में अपने अच्छे-खासे पुश्तैनी व्यापार से अलग हो जाते हैं।

राजा राममोहन राय और डेविड हेअर, भारत को आधुनिकता की जिस नयी राह पर बढ़ता हुआ देखना चाहते थे, उसके लिए देश में व्यापक पैमाने पर शिक्षा का प्रचार-प्रसार आवश्यक था। जबकि भारत में उस समय शिक्षा की दशा अत्यन्त खराब थी। देशी शिक्षा व्यवस्था जैसी भी थी, एक तो उसका क्षेत्र ही बहुत सीमित था। दूसरे, अपने शास्त्रीय और रूढ़िवादी चरित्र के कारण, वह ज्ञान का प्रकाश फैलाने के स्थान पर तत्कालीन जीवन और समाज में फैले अंधकार को और भी गहरा कर रही थी। वह पतनशील सामंती व्यवस्था का अंतिम काल था और उस व्यवस्था की सारी सीमाएँ, कमजोरियाँ तथा विकृतियाँ तत्कालीन शिक्षा व्यवस्था में भी साफ तौर पर देखी जा सकती थी। साथ ही अंग्रेजी साम्राज्यवादी औपनिवेशिक आर्थिक शोषण और राजनैतिक गुलामी ने उसकी रही-सही अच्छाइयाँ व ताकत भी उससे छीन ली थी। मानसिक कूप मण्डूकता, मिथ्याचार, दिखावा, जाति-पाति का भेद-भाव, छुआ-छूत, धार्मिक अंधविश्वास, आडंबर, बाल विवाह, सती प्रथा और न जाने क्या-क्या, देश के सामाजिक-सांस्कृतिक-आर्थिक जीवन को घुन की तरह खाए जा रहा था। इन्हीं परिस्थितियों में राजा राममोहन राय ने भारतीय समाज-जीवन को प्रगति के रास्ते पर आगे बढ़ाने का काम अपने हाथ में लिया। उन्हीं के अनथक प्रयत्नों का नतीजा था कि सन् 1835 ई. में गवर्नर जनरल लॉर्ड विलियम बैंटिक ने कानून बनाकर सती प्रथा को हमेशा के लिए बंद कर दिया। और उन्हीं की मांग पर उसी साल अंग्रेजी सरकार ने अपने औपनिवेशिक फायदे के लिहाज से ही सही भारत में अंग्रेजी शिक्षा व्यवस्था को मंजूरी दे दी। और जैसा कि राजा राममोहन राय ने सोचा था, वह एक हद तक फायदेमंद भी साबित हुई। भारतीयों का पश्चिमी ज्ञान-विज्ञान और आधुनिक विचारों से सम्पर्क बढ़ा। उन्हें सोचने-समझने की नयी दृष्टि मिली। अपनी वास्तविक शक्ति और सीमाओं को जानने-समझने का नया बोध पैदा हुआ। साथ ही आने वाले दिनों में वर्षों की औपनिवेशिक गुलामी से मुक्ति के लिए संघर्ष की जमीन भी तैयार होने लगी। अंग्रेजों ने भारत में अंग्रेजी शिक्षा व्यवस्था की नींव अपने व्यापारिक हित के लिए ही रक्खी थी, इसमें कोई शक नहीं। परंतु उसका कुछ लाभ भारतीयों को भी मिलना ही था, और वह उन्हें मिला। जिसका कुछ अंदेशा शायद अंग्रेजों को भी था। सन् 1831 ई. में मेजर जनरल एस. स्मिथ ने इस मुद्दे पर सरकार को चेतावनी देते हुए कहा था..."शिक्षा का परिणाम यह होगा कि वे सब सांप्रदायिक और धार्मिक पक्षपात जिनके द्वारा हमने अब तक मुल्क को वश में रखा है और हिंदू-मुसलमान दोनों को लड़ाए रखा है इत्यादि, दूर हो जाएंगे और उन्हें अपनी शक्ति का पता लग जाएगा।" लेकिन उसके कुछ और भी दूरगामी नतीजे निकले, जिसके बारे में उस समय शायद ही किसी ने सोचा होगा। उसने हमसे हमारी भाषा ही छीन ली। सन् 1947 ई. को हमें राजनैतिक स्वतंत्रता तो मिल गयी लेकिन भाषाई गुलामी का जुआ आज भी हमारी गर्दन में पड़ा है, आगे भी न जाने कब तक पड़ा रहेगा। क्योंकि इस बीच हम अपना भाषाई स्वाभिमान ही गंवा बैठे हैं।

जो भी हो, तत्कालीन निराशाजन्य परिस्थतियों में अंग्रेजी सरकार और स्वतंत्र रूप से बहु संख्यक अंग्रेजों द्वारा भारत में शिक्षा के प्रचार-प्रसार के लिए जो भी प्रयत्न किए गए, उनका

उस समय विशेष महत्व था। इस संदर्भ में डेविड हेअर का नाम संभवतः हमेशा ही सबसे ऊपर रहेगा। खासकर इसके लिए भी कि सामान्य शिक्षा के साथ स्त्री शिक्षा के प्रसार के लिए भी उन्होंने बहुत बढ़कर काम किया। वह भी ऐसे समय में जिसके बारें में प्रसिद्ध इतिहासकार सर् यदुनाथ सरकार ने लिखा है कि ''बंगाली हिन्दुओं में यह धारणा घर कर गयी थी कि जो स्त्री पढ़ना लिख़ना आरंभ करती है, वह विधवा, वेश्या अथवा भिखारिन होने को अभिशप्त है।'' इससे सहज ही अनुमान लगाया जा सकता है कि उस समय उनके प्रयत्नों की हिन्दू समाज में क्या प्रतिक्रिया हुई होगी। फिर भी उस समय की नारी शिक्षा के लिए काम करने वाली संस्थाओं को वे लगातार अपना समर्थन और सहयोग देते रहे। एक तरफ जहाँ उनका ध्यान आधुनिक ज्ञान एवं शिक्षण व्यवस्था पर आधारित प्रारंभिक शिक्षा पर था, वहीं पश्चिम के आधुनिक ज्ञान-विज्ञान पर आधारित उच्च शिक्षा की सुविधा भी वे इस देश के लोगों के लिए मुहैया करवाना चाहते थे। उस समय कलकत्ता के तीन प्रसिद्ध विद्यालय- आरपुली पाठशाला, पटलडांगा स्कूल और कलूटोला ब्रांच स्कूल (आज इसका नाम उन्हीं के नाम पर हेअर स्कूल है) की स्थापना के लिए ही नहीं, शुरुआती स्तर पर उसे ठीक प्रकार से चलाने और आगे बढ़ाने के लिए भी उन्होंने बहुत परिश्रम किया। उन्हीं के द्वारा कलकत्ता के कॉलेज क्वॉयर के उत्तर की तरफ अत्यन्त कम मूल्य पर उपलब्ध करवायी गयी जमीन पर संस्कृत कॉलेज तथा हिन्दू कॉलेज (आज का प्रसिद्ध प्रेसिडेन्सी कॉलेज) की नींव पड़ी। यही नहीं कलकत्ता मेडिकल कॉलेज की स्थापना में भी उनका बहुत हाथ रहा है। इसके अलावा शहर के दूसरे विद्यालयों में जाकर वहाँ की व्यवस्था को देखना, उन्हें सब प्रकार की सहायता और परामर्श देना, व्यक्तिगत तौर पर छात्रों का हाल-चाल पूछना, मेधावी छात्रों को छात्र वृत्ति देकर पुरस्कृत करना आदि उनकी रोजमर्रा की कार्य सूचि में शामिल था। साथ ही साधारण जनों की हर सम्भव सहायता के लिए भी वे हमेशा तत्पर रहते थे।

25/3, बालीगंज सर्कुलर रोड, कलकत्ता-700 019, के पते पर उसी महान मानव प्रेमी की पावन स्मृतियों को समर्पित आज का 'डेविड हेअर ट्रेनिंग कॉलेज' है, जो अपनी स्थापना के सौ वर्ष पूरे कर रहा है। अंग्रेज सरकार द्वारा स्थापित अंग्रेजी स्कूलों के शिक्षकों को प्रशिक्षित करने के उद्देश्य से 1 जुलाई, 1908 ई. को इस कॉलेज की स्थापना हुई थी। परंतु इसका आरंभ अपने वर्तमान पते पर नहीं बल्कि 15 नंबर कॉलेज स्क्वॉयर के एक मकान के दूसरे महले पर कुल पाँच कमरों के साथ हुआ था। श्री डब्लू. ई. ग्रिफिथ इस कॉलेज के पहले प्रिंसिपल हुए। कॉलेज के लिए अस्थायी तौर पर मकान के पाँच कमरे दो वर्ष के लीज और मासिक सौ रुपए किराए पर लिए गए थे। एक जुलाई, बुधवारके दिन डेविड हेअर ट्रेनिंग कॉलेज की कक्षाएँ शुरू हो गई। उसी दिन शिक्षक के रूप में श्री एच. आरमिस्टेड भी कॉलेज से जुड़ गए। कुछ दिन बाद ही 10 जुलाई को पटना डिविजन के विद्यालय के निरीक्षक पद के कार्यभार से मुक्त होकर श्री थिकेट भी इस कॉलेज में पढ़ाने आ गए। इस तरह प्रिंसिपल को मिलाकर कुल तीन अध्यापकों और बीस स्नातक प्रशिक्षणार्थियों के साथ डेविड हेअर ट्रेनिंग कॉलेज की ऐतिहासिक यात्रा का श्रीगणेश हुआ।

अपनी स्थापना से अगले ग्यारह वर्षों तक कॉलेज, कॉलेज स्क्वॉयर के उन्हीं पाँच कमरों

में बना रहा। हालांकि कॉलेज के लिए स्थायी भवन निर्माण योग्य जमीन की खोज भी इस बीच होती रही थी। कॉलेज के अध्यक्ष श्री डब्लू. ई. ग्रिफिथ ने इस दिशा में काफी प्रयास के बाद शहर से दक्षिण की तरफ बालीगंज इलाके में एक जमीन का चुनाव किया और उसके अधिग्रहण का प्रस्ताव 2 अगस्त, 1914 ई. को सरकार के सामने पेश किया गया। भवन पुनर्निर्माण के कारण जून 1919 ई. को कॉलेज को मकान छोड़ने का नोटिस मिला। ऐसे में कॉलेज के लिए फिर से एक नए अस्थायी मकान की खोज शुरू हुई और अंततः 45, बेनिया टोला लेन की तीन मंजिल इमारत में कॉलेज को स्थानांतरित किया गया। इस मकान का किराया मासिक 650 रु था। इधर श्री ग्रिफिथ द्वारा प्रस्तावित जमीन का मामला कई तरह की प्रशासनिक खींचातानी और उठा-पटक से गुजरता रहा। जिसमें एक बार बह राजस्व विभाग के कब्जे में चला गया, जिसे शिक्षा विभाग ने 1922 ई. में उसे फिर अपने लिए हासिल कर लिया। अंततः बालीगंज में 1924 ई. में कॉलेज के लिए स्थायी भवन निर्माण का काम शुरू हुआ जो दूसरे वर्ष के अंत तक बनकर तैयार हो गया। सन् 1925 ई. में कॉलेज अपने नव निर्मित स्थायी भवन में पक्के तौर पर आ गया और तब से लेकर आज तक 25/3, बालीगंज सर्कुलर रोड, डेविड हेअर ट्रेनिंग कॉलेज का स्थायी पता बना हुआ है।

पिछले सौ वर्षों के लम्बे जीवन काल में इस प्रसिद्ध ऐतिहासिक कॉलेज ने न जाने कितने उतार चढ़ाव देखे, कितनी ही मुसीबतों का सामना किया, कई बार तो इसका अस्तित्व ही खतरे में पड़ गया। खासकर सन् 1932 ई. में निर्मित बंगाल रिट्रेंचमेन्ट कमिटी ने कुछ ऐसा ही प्रस्ताव सरकार के सामने पेश किया था। लेकिन इस कॉलेज से जुड़े लोगों और इसके चाहने वालों ने समय-समय पर इसे हर संकट से बचाया, इसे आगे बढ़ाया। समय-समय पर जगहें बदली, प्रिंसिपल और अध्यापक बदले, उद्देश्य तथा पाठ्यक्रम में परिवर्तन हुए, कई बार इसका स्वरूप भी बदला लेकिन जो नहीं बदला वह है इसका सतत् विकासमान प्रगतिशील शैक्षिक चरित्र। प्रसिद्ध शायर गोरखपुरी फिराक का एक शेर है-"आने वाली नस्लें तुम पर फक्र करेंगी ऐ हम उम्रों, जब उन्हें मालूम होगा कि तुमने फिराक को देखा है।" डेविड हेअर ट्रेनिंग कॉलेज अपने जीवन के सौ वर्ष पूरे कर रहा है और हम सभी लोग फिर चाहे वह इस कॉलेज का प्रिंसिपल हो कि अध्यापक या कि छात्र, क्लर्क हो कि दरवान सबको इस बात के लिए गर्व करने का अधिकार है कि वह कॉलेज की इस ऐतिहासिक घड़ी का साक्षी बन रहा है। लेकिन अनायास ही सबके ऊपर एक दायित्व भी आ जाता है कि इस महत्वपूर्ण ऐतिहासिक घड़ी में उस महान आत्मा को याद करें जिसके नाम पर यह कॉलेज है। याद करें कि कैसा था वह विदेशी जिसने अपना सबकुछ इस देश के लिए कुर्बान कर दिया और आज कैसे हो गये हैं हम लोग जो विदेश की सुख-सुविधा के लिए हर धड़ी देश छोड़ने को तैयार रहते हैं। याद करें कि कैसा था वह व्यापारी जो समाज सेवा और शिक्षा के प्रचार-प्रसार के लिए अपने व्यापार से अलग हो गया और सोचें कि कैसे हैं हम लोग जो समाज सेवा तथा शिक्षा को ही मुनाफे के व्यवसाय में बदल चुके हैं। इस शतवर्ष में यह आत्म परीक्षण ही शायद हमारे लिए, इस देश के लिए डेविड हेअर के प्रति सच्ची श्रद्धांजली होगी।



শতবর্ষের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য, সঙ্গে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী
শ্রী সুদর্শন রায়চৌধুরী এবং কলেজের অধ্যক্ষ শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী।

A FEW WORDS ON TEACHER-EDUCATION IN WEST BENGAL

—Prof. D. Mahanta

The overall picture of Teacher Education in West Bengal does not look so bright. There is no coordinating link between Teachr Education at the Primary level and that at the Secondary level and no provision has yet been made for regular training of teachers at the higher level. Let us present here a synoptic view of teacher education in the State.

In the Secondary sector, we have at present about 26 regular Training College and 15 Training Departments attached to general Degree Colleges. These Training Colleges and Training Departments work under the general supervision and control of six Universities, -Calcutta, Burdwan, North Bengal, Kalyani, Viswa-Bharati and Jadavpur. Besides, there are two Post-Graduate Basic Training Colleges which also train teachers of secondary schools, but which are run by the Education Directorate of the State. Further, there are three more Training Colleges or Departments – one attached to the Education Directorate, one to Kalyani University and one to Calcutta University, the first two colleges run training courses for physical instructors and the last one for home science teachers. The annual intake capacity of all these Training Colleges or Departments taken together is around 7000 or so.

Recently the State Government has sanctioned the institution of part-time evening courses for secondary school teachers at about 130 Training Centres. These newly started training centres for part-time courses (of 18 months' duration) will be mostly located at the secondary schools of different districts and the intake capacity is likely to be around 6500. A few such centres under the jurisdiction of Burdwan and North Bengal University have already started functioning.

In the Primary sector, we have got about 46 Junior Basic Training Institutes and a few Guru Training Schools under the control of the Education Directorate. Besides, there are a few Senior or Junior Teachers' Training Courses for Elementary and Primary teachers run by a few Public and Private Bodies with the approval of the Education Directorate. The intake capacity of all these colleges taken together is around 6000 or so.

Thus we see that six Universities and the Education Directorate have been sharing the major responsibility of teacher-education in the State. But no provision has so far been made for establishing any satisfactory link among the Universities

themselves or between the Universities on the one hand and the Education Directorate on the other.

It will also be clear on scrutiny that inspite of the rapid growth of teacher-training institutions since the attainment of Independence, the development of teacher-education in this State has generally been unsystematic. In view of the recent government decision to restructure the educational system of this State, it has become imparative that along with the re-organisation of education at different levels, teacher-education should also be planned and re-organised keeping in view the reformulated aims and objectives of school, junior college and university education. Besides it is perhaps high time that over and above the quantitative expansion of teacher-education, we should plan for qualitative improvement of the products of teacher training institutions, specially for their 'external fitness'.

All these would lead to a strong case for creating a State Board of Teacher Education in West Bengal and we hope that our Education Directorate and Education Department would take an early decision in the matter.

The Indian Education Commission of 1964-66 strongly recommended the establishment of such State Boards of Teacher Education and the Commission also suggested interalia the functions of such Boards, as given hereunder :

1) Prescribing standards for training institutions.
2) Improving curricula, text books, instructional materials and other related programmes for teacher-education.
3) Prescribing conditions for recognition of training institutions and arranging their periodic inspection.
4) Offering consultative services to the training institutions.
5) Ensuring that persons completing the prescribed courses are found competent for the teaching job.
6) Preparing plans for short-term and long-term development of teacher-education, both quantitative as well as qualitative.



শতবর্ষের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত ভাষণ দিচ্ছেন কলেজের অধ্যক্ষ শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী।

TEACHER EDUCATION — A PROFILE OF WEST BENGAL

—Dr. Pronab Krishna Choudhury

Education plays an important formative role in our society. It makes individuals fit for their environment - both natural and socio-cultural – through the development of their abilities. Education empowers a helpless child to lead a successful life in future. This empowerment occurs through teaching and instruction in the classroom. It has been truly said that "the destiny of India lies in its classroom" and "the teachers build the future citizens of the country". A lot of responsibilities lies with the teachers and the teachers must be properly equiped to perform their jobs. The teachers should develop necessary knowledge, skills and attitudes to assume these responsibilities and perform their duties in an effective manner. Our teachers are required to be properly trained and educated to achieve the objectives of our education system. Teacher Education colleges have been set up in our country to remain engaged in the development of qualified professional teachers.

Since independence there has been an unprecedented demand for education and as a result the number of students and schools has increased manifold in the last few decades. The Indian education system has expanded in terms of educational institutions, enrolment, diversified courses, teachers and other physical facilities. The teacher education colleges consequently has increased in number with little considerations of quality of training. The teacher education colleges are facing a lot of problems and the most important problem is the disparity in the quality of teacher education programmes in the country.

NCTE Act and its impact on Teacher Education :

The parliament framed the National Council For Teacher Education Act, 1993 for planned and coordinated development of teacher education system throughout the country. In accordance with the provisions of the aforesaid Act, Rules and Regulations framed thereunder, every institution imparting teacher training is entitled to run such course, only after it has received recognition from the NCTE. The requirement of the infrastruture, faculty members with prescribed qualifications and the intake permitted for such institutions, has been regulated under the provisions of the Act & Regulations of NCTE.

In West Bengal there were, in all, 46 institutions offering B.Ed course and 56 Primary Teachers' Training Institutes before NCTE Act came into effect in 1995. These institutions were either Government or Government aided. On an average the intake capacity of these colleges was about 150-200. There was

no gap between demand and supply for recruitment of trained teachers either at secondary level or at primary level. From 1996 onwards the colleges started submitting applications to the Regional office of the NCTE for getting recognition. But very few colleges got recognition that too with an intake of 50 for PTTIs and 60 for B.Ed. Colleges. Majority of the colleges sighed away from submitting application for recognition to NCTE because they were unable to fulfil the unrealistic / unachievable norms prescribed by the NCTE.

In West Bengal till 2004-2005 session both the recognised and unrecognised colleges offered training without any difficulty. But in the year 2006 the Hon'ble Calcutta High Court issued an order against a PIL that no teacher education college should run without getting recognition of NCTE. Consequently all the unrecognised B.Ed., BPEd & Primary Teachers' Training Institutes were closed down and the students who were already admitted and attended classes during the session 2005-2006 were debarred from appearing in the examination. To remove the stalemate an ordinance was promulgated for validation of the courses offered by those unrecognised colleges in the state. Accordingly, the Bed & BPEd degrees of students, who passed from unrecognised colleges up to 2005 were validated and permission to appear in the B.Ed. & BPEd examination scheduled to be held in 2006 was given by the NCTE in exchange of penalty to the tune of about Rs 10 Crores. But the PTTIs could not submit the penalty and missed the opprotunity as the matter in their case was subjudice. The situation has not yet improved.

At the beginning the number of recognised colleges were inadequate to cater the need of the state and as consequence tremendous pressure was mounting. The Government could not sit idle and decided to allow private enterprises to establish teacher training colleges in the state. In the mean time most of the unrecognised teacher training colleges tried hard to get recognition from the NCTE. During 2006 and 2007 ie, within a span of two years, inspite of so many hurdles, most of the colleges got recognition. As of now, in West Bengal, 07 Government 34 Government aided B.Ed. Institutions and 42 Private B.Ed. Colleges are recognised. Among the BPEd Colleges 4 Govt., 5 Govt. aided and 6 Private Colleges are recognised by the NCTE.

So far the recognition of PTTIs is concerned only 33 colleges are recognised till date and the rest of the college are eagerly waiting. Among those 33 recognised colleges 11 are govt, 7 govt aided and 115 private institutions.

If we look into the district-wise distribution of recognised private institutions, in Murshidabad 6 B.Ed colleges have so far been recognised whereas in Hooghly and Darjeeling no such college has yet been established (Table 1). However, in respect of number of NCTE recognised B.Ed and BPEd colleges, West Bengal occupies the topmost position in the eastern region (Table 2).

This is also true in case of PTTIs. There are about 138 PTTIs in the state though majority of these colleges are yet to get recognition of NCTE.

Matter of Concern : One of the functions of NCTE as envisaged in its statute is to take all steps to prevent commercialisation of teacher education and the council insists upon a declaration from the applicant institutions that the college would run on no profit no loss basis, but unfortunately, the scenario is something different. It is alleged that majority of self financing colleges are collecting money at an exorbitant rate in the name of donation and / fees taking advantage of the situation. Till date no step has been taken by the NCTE against the errant institutions. NCTE is indirectly acting as a facilitator of commercialisation of teacher education instead of preventing it.

Some people are of opinion that NCTE has :

- Allowed unchecked proliferation of teacher education institutions in the country.
- Granted recognition to colleges irrespective of demand for teachers in that state.
- Concentrated more on infrastructure rather than teaching process and curriculum.
- Granted recognition to more Bed colleges than necessary in some states, such as Uttar Pradesh, Tamil Nadu, Karnataka, Maharastra and neglected primary teacher education.

There are other serious allegations against the NCTE. Recently Sudip Banerjee report has recommended scrapping of the NCTE. The Government of India will decide as to whether the NCTE Act will be repealed or amended. However, one should not hesitate to welcome the council if it takes necessary steps for addressing the grey areas :

- Regarding qualification of Lecturer in elementary teacher education institution Diploma in Elementary Teacher Education or 5 years teaching experience in elementary school or elementary teacher education institution should be waived or should be made desirable. MA/MSc. with B.Ed should be accepted instead of MA/MSc. with Bachlor or Elementary Education (B.E1.Ed) because this course is not offered by any university in West Bengal. Secondly, as such, both B.Ed. and B.E1.Ed course are basically same and if at all any extra input is felt necessary that could be provided through in-service teacher education.

  Regarding Principal of PTTIs, teaching experience in elementary teacher education institution should be made desirable not compulsory atleast for coming 5/10 years. Alternatively, teaching experience in secondary teacher education college may serve the purpose. Retired teachers of B.Ed colleges may be appointed on contract basis upto the age of 65 years pending recruitment of a regular Principal.

- Regarding Principal of B.Ed. Colleges, Retired Readers / Principals of B.Ed. Colleges may be appointed as Principal in B.Ed college on contract basis upto the age of 65 years pending recruitment of a regular Principal.
- The minimum built up area for an institution with 100 intake capacity should be 1000 sq mts instead of 1500 sq mts. In case of institutions located in the cities or hills the built up area and Land area should be relaxed on merit basis. In case of Govt and Govt aided collegs or any other college established long before the NCTE Act came into effect, new norms of land area and built up area should not cause any impediment.
- There should have scope for using Psychology Lab, E T Lab, Language Lab etc in the course / curriculum of the Universities or Boards.
- There should have some Regulatory Mechanism to maintain uniformity in Curriculum Transaction, Practice Teaching, Fee Teaching, Fee Structure, Salary of staff and in the overall management of Teacher Education Institutions.
- Coordination & cooperation amongst the Institutions, concerned affiliating bodies, College Service Comission, School Service Comission, State Govt. and the Central Govt. do not at present prevail. But this is necessary for safeguarding the interest of all.

Silver Lining :

Now about ambition. Society considers a moderate degree of ambition in man as normal. A parent bitterly complained that his son was lazy and had no ambition in him. His attitude towards ambition will be shared by most of the parents. Most fathers want their boys to be ambitious. When ambition is, however, too high for one's abilities, the more reflective section of the population will probably consider such ambition as excessive and morbid. But what should we think of ambition which yokes a person to a single-minded devotion to a cause viz., amassing wealth, all-absorbing pursuit of science or art, accepting the work of political reforms as one's mission in life etc.? A person, wedded to such a vocation, will have almost nothing else in life. Such life eminently serves a social purpose but it is not possible to escape the question - 'Does such a person do

sufficient justice to himself?' Darwin in his boyhood loved to read poems. As he grew old, he found no time to read poems; he remained busy with his work of research and discovery. At an old age he once again opened a book of poems but was unable to find any delight in the reading of poems. He was sad for the loss of his capacity for enjoying poems and it may be said that his power had been atrophied through disuse. Do not such things happen in the lives of most of the too ambitious persons? Most of them have no time for love, for their children, music and poetry, clouds, the rising and setting sun or a moonlit night. Society gets many things from them but they take rather little from society. They are in so much hurry, so much absorbed in the single-minded pursuit of their mission or vocation. This is, indeed, a very basic question but we do not know any satisfactory answer to the question. But we see most men to-day value personal ambition more than contentment, social progress more than human happiness. May be, there is some morbidity in such an attitude, but the feeling is too wide spread to be called unnatural.

It may be relevant for us to point out one thing here. Like craving for pleasure and bodily narcissism, ambition is not probably a primary need of man. Sometimes ambition, particularly when it is excessive, arises out of frustration of the wish to be loved. In the wish to be loved the subject attaches importance to himself and to the love-object. When, however, he fails to get love, two psychological consequences follow. He shifts the almost entire emphasis to himself. He makes up his mind to acquire fame which, when acquired, will enable him to enjoy a feeling of self-importance. He silently says, as if, in so many words, "I see, I have not been loved; all right, I must so distinguish myself that I shall at least be respected". It was perhaps Byron who put the psychological process in a nutshell. He said that the first impulse of man is to be loved, failing that, he wants to be famous. The anger evoked by the frustration of the wish to be loved is satisfied when the love-object is made to worship the subject and thus losing her importance looks small. But such substitute gratification of the wish to be loved through fame hardly satisfies the longing of a person who, in his innermost mind, craves for love. Byron at the height of his fame threw away the life of a poet declaring that man had not been born only to scribble. Poet Tagore at the height of his glory and fame wrote, "It was my long expectation that the deepest hunger of the soul will find its final and supreme satisfaction–not in wealth, nor in fame but only in some amount of love. Indeed that was what I longed for." Love alone can satisfy the hunger of love. It is true that once a man is ambitious, the unsatisfied ambition always keeps his mind in a considerable tension. But ambition, even when it is gratified, never fully satisfies the mind and it often reveals to a thinking person the emptiness and insignificance of all ambitions and their gratification.

About K, the ego-centricity of the mind. An ego-centric mind considers self as the darling, values self more than others and self-love more than love for others. It shows somewhat cynical distrust in love and love services. It believes that in the time of danger, a person will care only for himself, or a mother loves her child because the child is a part of her body. While the possession of X, Y and Z in a moderate amount has been recognised as a sign of health, it is difficult to judge in the same way of men's ego-centricity. Its regressive character is too marked to escape one's notice. It may, however, be possible that K in a small amount will be shared by most men, but let us wait for our experimental findings to tell us if we can say so. No doubt the self is to some extent important to all of us, to some more, to some less and a person who sees and says that cannot certainly be regarded as morbid.

In X, Y, Z there is some objective reference, however, weak; but in K there is hardly any object - the sole stress is on the self. It is quite possible that the extent of K, when large, will reveal the morbid self-love of a person and his proneness to neurotic difficulties and probably also to unhappiness.

গান্ধীজীর শিক্ষানীতি ঃ প্রেক্ষিত একুশ শতকের ভারত

—সূর্যাংশু ভট্টাচার্য

যখন সুযোগ ছিল তখন গান্ধীজীর শিক্ষানীতি ভারতের শিক্ষাব্যবস্থায় স্থান পায়নি। এমনতো নয় যে গান্ধীজী হঠাৎ করে তাঁর শিক্ষাচিন্তা ভারতবাসীর সামনে উপস্থাপিত করেছেন। তিনি দীর্ঘসময় নিয়েছেন নানা ধরনের পরীক্ষা নিরীক্ষা করেছেন। জাকির হোসেন কে নিয়ে কমিটি গড়েছেন। আর্যনায়কম দম্পতির মতো মানুষদের শান্তিনিকেতন থেকে নিয়ে গেছেন। একটা নতুন শিক্ষানীতি এভাবেই গড়ে উঠেছে। এর মধ্যে বহু ব্যক্তিত্ব জড়িয়ে আছেন। বিজন ভট্টাচার্য সাধনা ভট্টাচার্য সেই শিক্ষা নীতিকে ফলিত রূপ দিতে চেয়েছেন। মানভূমে মাঝেহিরা গ্রামে চিত্তভূষণ দাশগুপ্তের নেতৃত্বে গান্ধীজীর নয়া শিক্ষানীতিকে কেন্দ্র করে সংগঠন গড়ে উঠেছে ১৯৪০ সালে। নানা মতের মঞ্চ কংগ্রেস সেই ১৯৩৮ সালেই সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে স্থির করেছে যে ভারতবাসীকে শিক্ষায় সচেতন ও স্বয়ম্ভর করতে গান্ধীজীর শিক্ষানীতিকেই প্রয়োগ করতে হবে। অথচ স্বাধীনতা প্রাপ্তির পরে যে শিক্ষাব্যবস্থা আসমুদ্র হিমাচলে প্রযুক্ত হল তাতে ধীরে ধীরে গান্ধীজীর নয়া শিক্ষা পদ্ধতি অপসৃত, বরণ করে নেওয়া হল ভারী শিল্পনীতির সঙ্গে পাশ্চাত্যর শিক্ষানীতিকেই। স্বাধীনতা-উত্তর যুগে কিছুটা গান্ধীজীর ভাবাদর্শের বুনিয়াদী শিক্ষা, বুনিয়াদী শিক্ষক শিক্ষণ প্রচলিত ছিল। তার পরে সরকারী প্রচেষ্টায় ধীরে ধীরে নিভিছে 'দেউটি'। পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগণা জেলার বাণীপুরে বুনিয়াদী শিক্ষা নিয়ে চর্চা চলছিল। এ ধরনের অনেক কেন্দ্রেই বুনিয়াদী শিক্ষার বদলে সাধারণ প্রচলিত শিক্ষা চালু হল।

যারা বুনিয়াদী শিক্ষার পক্ষে ছিলেন তারা সরকারী বিরূপতায় ম্লান হলেন। বুনিয়াদী শিক্ষাকে যুগোপযোগী করার তেমন কোন চেষ্টা আলোড়ন তোলেনি, যাঁরা গান্ধীবাদী তাঁরা গান্ধীতত্ব নিয়ে গবেষণা করেছেন, গান্ধীজীকে তাঁদের জীবিকার ভিত্তি করেছেন কিন্তু কদাচ গান্ধীজীর শিক্ষানীতিকে বাস্তবায়িত করতে হাত লাগাননি। ব্যতিক্রম অবশ্যই মাজিহিবার মতো কিছু আশা-বিন্দু । স্মরণ করি ডেনমার্কের মনীষী গ্রুণ্ডভিগ (১৭৮৩-১৮৭২) কে যাঁর সমাজ চিন্তা গান্ধীজীর সমাজ চিন্তার সমধর্মী। বিষয়টি আলোচনার যোগ্য এবং তা নতুন পথে সামর্থ্য যোগাতে সক্ষম। গান্ধীজীর কাম্য ছিল এমন ভারত যে ভারতে প্রতিটি মানুষ স্বয়ম্ভর—প্রতিটি গ্রাম হবে স্বয়ম্ভর। গান্ধীজীর এই কামনা রাষ্ট্র যন্ত্রের তথাকথিত উন্নয়নের তাগিদে হারিয়ে যেতে বসেছে। ফলে ভারতে আজ সম-ধর্মী সমাজের বদলে ভোগধর্মী সমাগ কায়েম হতে যাচ্ছে। বুনিয়াদী শিক্ষার কথা বাদ দিলেও যে পশ্চিম বিশ্বায়ণের সমর্থক শিক্ষা ব্যবস্থা ভারতে চালু হয়েছে তার এক প্রান্তে বিনামূল্যে বা নামমাত্র মূল্যে প্রাথমিক-মাধ্যমিক শিক্ষা অন্যপ্রান্তে বাৎসরিক পাঁচ লক্ষ টাকার বিনিময়ে শিক্ষা প্রদানের ব্যবস্থা করেছে পুণের কাছে প্রতিষ্ঠিত কংগ্রেস নেতা শারদ পাওয়ারের নামাঙ্কিত বিদ্যালয়। এই দুই ধরণের বিদ্যালয় থেকে যে ছাত্র-ছাত্রী বেরিয়ে সমাজের দায়িত্ব নেবে তাদের কি কোনো মিলনবিন্দু আছে? বিদ্যালয় শিক্ষাই ভারতকে নানা শ্রেণীতে ভাগ করে দেবে। অথচ কথা ছিল ভারতে থাকবে বহুধরণের নয় এক ধরণের Common School System। এই বুনিয়াদী শিক্ষা ব্যবস্থাই Common school system ভারতে প্রচলিত হতে পারতো। তা হলে ধন বৈষম্য আর ভারতে ভেদ তৈরী করতে পারতো না। গান্ধীজীর কল্পনাতো ছিল ধন বৈষম্যহীন সমাজ। আমরা সবাই রাজা'—একথা ভারতের মানুষের ভাবার আর আজ সুযোগ আছে নাকি? 'এক সূত্রে বাঁধিয়াছি সহস্র জীবন' এই ভাবমন্ত্র তো কেবল গান্ধীজীর শিক্ষানীতি ভিত্তিক Common school system ই দিতে পারে, অন্য কোনো শিক্ষানীতি সে ভাবধারা ভারতে প্রবাহিত করতে অক্ষম।

ভারতের প্রয়োজনির অনন্যতা গান্ধীজী অনুধাবণ করেছিলেন। নানা জাতি নানা ভাষিক নানা ধর্মের নানা সংস্কৃতির মানুষকে ভারতে একত্রিত রাখতে হলে চাই জাতিয় সংহতির চেতনা, ধর্মনিরপেক্ষতার মানসিকতা, চাই অস্পৃশ্যতা বর্জন, চাই পরমত সহিষ্ণুতা, চাই অহিংসাকে জীবনে প্রয়োগ। অন্য কোন দেশের জন্য শিক্ষার এমন ধরণের লক্ষ্য নির্দ্ধারণ প্রয়োজন নয়। গান্ধীজী তাই তাঁরা শিক্ষানীতির কয়েকটি মূল সূত্র রচনা করেছিলেন—

(ক) প্রীতি (সকল সম্প্রদায়ের মধ্যে সৌভ্রাতৃত্ব)

(খ) মুক্তি (অপরের উপর, জীবনধারণের জন্য, নির্ভরতাহীন, স্বাবলম্বন)

(গ) অভিব্যক্তি (নানা সৃজনশীল কর্মের মধ্য দিয়ে নিজেকে বিকশিত করা)

(ঘ) অহিংসা (রিপুকে প্রেম প্রীতি ভালোবাসার পথে নিমজ্জিত করা)

(ঙ) সত্যাগ্রহ (সত্যের প্রতি আগ্রহ, অসত্যের অন্যায়ের প্রতিরোধ)

(চ) সাফাই (পরিবেশ চেতনা, সৌন্দর্যের চর্চা, স্বাস্থ্য সুরক্ষা)

শিক্ষার যে সব তত্ত্ব আমাদের মনোযোগ আকর্ষণ করে তার মধ্যে জন ডিউই, কিলপ্যাট্রিক রুশো, পেষ্টালৎসী, জন ফ্রেডারিক হার্বার্ট, ফ্রেজারিক ফ্রয়েবেল, মারিয়া মণ্টেসরি, হেলেন পার্ক হার্ষ্ট প্রধান। তাঁরা যে সব মূল্যবান তত্ত্ব উপস্থাপন করেছেন তার মূল কথা মানব শিশুর বিকাশের নানা প্রত্যয়। বিংশ শতাব্দীর শুরু থেকে গান্ধীজী যে শিক্ষানীতির চর্চা করেছেন তা হলো পূর্বসূরীদের তত্ত্বকে অঙ্গীকৃত করে ভারতের প্রয়োজন সাধিত হবে এমন এক বাস্তব তত্ত্ব। সুতরাং অন্য তত্বকে অস্বীকার করার কথাই গান্ধীজী উচ্চারণ করেননি। তিনি কেবল ভারতের প্রয়োজন যে শিক্ষা তার দিকে লক্ষ্য রেখেই বুনিয়াদী শিক্ষার তত্ত্ব তৈরী করেছেন। একটি বিষয় উল্লেখ করা যেতে পারে ভারতবাসী যদি অহিংসা না হয় তবে এত বিভিন্নতার মধ্যে এক জাতি হিসেবে বাস করতে পারবে না। এই অহিংসা পাশ্চাত্য শিক্ষা ধারায় কোথাও নেই। আছে বুনিয়াদী শিক্ষাধারায় পাশ্চাত্যের সমাজে অহিংসা হওয়ার তেমন কোন বাধ্যবাধকতা নেই, যেমন আছে ভারতের মতো 'বিবিধের মাঝে মিলন মহান' সমাজে। উপরন্তু গরীব দেশের জন্য গরীব মানুষেরা যোগাতে পারে এমন কম খরচের শিক্ষার কথা গান্ধীজী ভেবেছিলেন। এমন শিক্ষা যা বেকার তৈরী করবে না। এই বুনিয়াদী শিক্ষাইতো ভারতের উপযোগী। এবারে দেখা যেতে পারে আধুনিক শিক্ষা ধারার সঙ্গে গান্ধীজীর শিক্ষানীতিকে মিলিয়ে দেওয়া যায় কিনা। আমারতো মনে হয় চেষ্টা করলে গবেষণা বহাল রাখলে এই দুই ধারার মধ্যে মৌলিক কোন পরিবর্তন না করে 'মিলাবে মিলিবে যাবে না ফিরে'। বিশ্বায়নের যুগে পৃথিবী যেমন আমাদের দ্বারে উপস্থিত হয়েছে তেমনতো পৃথিবীর উপস্থিতি গত শতকের বিশের ত্রিশের দশকে দেখা যায়নি। সুতরাং সেই বিশ্বায়ণের নিরিখে আজকে বুনিয়াদী শিক্ষার রূপান্তর করতে হবে বৈকী। সময়ের সঙ্গে তাল মেলাতে না পারলে কিছুই টিকে থাকে না। সুতরাং পরিবর্তীত পরিস্থিতিতে বুনিয়াদী শিক্ষার মূল ধাঁচা মূল লক্ষ্য ঠিক রেখে বুনিয়াদী শিক্ষার এখানে সেখানে সংযোজন এবং পরিমার্জন করতেই হবে। এ কাজটা তখনই সম্ভব যখন বুনিয়াদী শিক্ষা এক প্রখর গবেষণার বিষয় হিসেবে সরকারী পর্যায়ে গৃহীত হবে। যেমন বৃটিশ কাউন্সিলের সবর্দা গবেষণার বিষয় কিভাবে নানা ধরণের অ-ইংরেজদের ইংরেজি ভাষা শেখানো যায় তেমনি বুনিয়াদী শিক্ষা নিয়ে নিরন্তর গবেষণা করে যেতে হবে। শোনা যায় পৃথিবীর বিভিন্ন প্রান্তে প্রায় ২০০ রকমের বিভিন্ন উচ্চারণের ইংরেজি ভাষা আছে। এ বিষয়ে ইংরেজরা খুবই উদার। বুনিয়াদী শিক্ষাকে অপরিবর্তনীয় অপরিমার্জনীয় মনে করার মতো কূপমণ্ডুকতাকে প্রশয় দেওয়া আর নিজের পায়ে কুড়ুল মারা একই কথার নামান্তর। আমাদের উদার হতে হবে।

বুনিয়াদী শিক্ষা নিয়ে যেমন অজ্ঞতা রয়েছে তেমনি রয়েছে মৌলবাদী মনোভাব শিক্ষাতত্ত্ব হিসেবে যেহেতু বড়ো করে গড়া হয়নি বুনিয়াদী শিক্ষাকে। তাই বুনিয়াদী শিক্ষণ নিয়ে মূঢ়তার ছড়াছড়ি। আমি একজন বিশিষ্ট শিক্ষককে বুনিয়াদী শিক্ষা সম্বন্ধে তিনি কি জানেন জানতে চেয়েছিলাম। ৮৫ বৎসর বয়স্ক এই শ্রদ্ধেয় শিক্ষক গান্ধীজীর দর্শনে বিশ্বাসী। সেবাগ্রামে ৮ দিন কাটিয়েছেন গান্ধীজীর সান্নিধ্যে। অথচ তিনি প্রযুক্ত অবস্থায় বুনিয়াদী শিক্ষাকে দেখেননি। এমন দুর্ভাগ্যের যোগফল হচ্ছে বুনিয়াদী শিক্ষার হতাশাজনক পরিণাম। আমাদের এই অবস্থা থেকে ফিরে তাকাতে হবে। বুনিয়াদী শিক্ষার নবায়ন করে তাকে ফিরিয়ে আনতে হবে। চাই নব-আবিষ্কার।

প্রাসঙ্গিকভাবে, এইবারে, বুনিয়াদী শিক্ষা নিয়ে কিঞ্চিৎ আলোচনা করা যেতে পারে। দেখা যেতে পারে বুনিয়াদী শিক্ষার কাঠামো ও উদ্দেশ্য ঠিক রেখে বুনিয়াদী শিক্ষাকে আধুনিক শিক্ষার মূলস্রোতে আনা যায় কিনা।

বুনিয়াদী শিক্ষার পাঠ্যক্রম কর্মকেন্দ্রিক। এ বিষয়ে পাশ্চাত্যের শিক্ষাতাত্ত্বিকদের সঙ্গে গান্ধীজীর শিক্ষাতত্ত্বের বিরোধ নেই। কেন্দ্রস্থ কর্মের মধ্য দিয়ে শিশুর শিক্ষা সম্পন্ন হবে। এই কর্ম কখনো কখনো কোন শিল্পের রূপ নেবে। তাই বুনিয়াদী শিক্ষা শিল্পকেন্দ্রিক—ক্র্যাফ্ট সেন্টার্ড। পাঠ্যক্রমের কেন্দ্রে থাকতে পারে বয়ন বা কৃষি। থাকতে পারে খাদ্য প্রক্রিয়াকরণ অথবা তথ্যযন্ত্র। থাকতে পারে অত্যাধুনিক কোন শিল্প যা সংশ্লিষ্ট বসতিতে সহজ এবং সুলভ। পাঠ্যক্রম সেই শিল্পকে কেন্দ্র করে শিশু শিক্ষায় নানা বিষয়কে আনবে—সেই বিষয় গুলোর সঙ্গে সম্যক পরিচয় অনুঘটক হিসেবে কাজ করবে। ধরা যাক চরকা কেন্দ্রিক বয়ন শিল্পের কথা। এই বয়ন থেকে অনেক বিষয় আসবে, যেমন—

বয়ন শিল্প → জমি/মাটি → বৃক্ষ রোপণ/বৃক্ষের বৃদ্ধির পর্যায় → ফল → তুলো → আহরণ পদ্ধতি → সংরক্ষণ পদ্ধতি → নানা প্রকারের তুলো → তুলো থেকে সুতো—সুতো কাটার যন্ত্র → কুটির শিল্প/বড় শিল্প→ সুতো রঙ করা → নানা ধরণের তাঁত → কাপড় তৈরী → নক্সা → রক্ষণ → বিক্রয়। কুঁড়ি থেকে যেমন ফুলের পাপাড়ি প্রকাশিত হয়। তেমনি বয়নকে কেন্দ্র করে নানা বিষয়ের উন্মেষ হতে পারে। জন ডিউইতো বহু পূর্বেই বলেছেন যে প্রকৃত শিক্ষা কর্মসম্পাদন ছাড়া আসে না। মন্টেসরি ও শিশুর সক্রিয়তার উপর জোর দিয়েছেন। বুনিয়াদী শিক্ষা সক্রিয়তা ভিত্তিক (Activity Centred)। এই পদ্ধতির বিশেষত্ব হচ্ছে নানা বিষয়ের অনুবন্ধ (Correlation)। তবে একাধিক শিল্প/কর্ম/ বিষয়কে যদি কেন্দ্র করা যায়—যা পরিকল্পনা করে নেওয়াই যেতে পারে—তবে পরিবর্তনশীলতা ও নতুনত্ব পাঠ্যক্রমে আনা সম্ভব। এভাবে পাঠ্যক্রম বাস্তব ও আধুনিক হয়ে সক্রিয়তার ব্যপ্তি ঘটাতে পারে। ফলে শিশুর ব্যক্তিসত্তার বিকাশে সুযোগ বাড়বে। তা হলে দেখা যাচ্ছে যে বুনিয়াদী শিক্ষাকে প্রাসঙ্গিক ও শিক্ষার মূলস্রোতে আনার জন্যে নানা পদক্ষেপ নেওয়া যেতে পারে। ভাবা যেতে পারে—

(ক) পাঠ্যক্রমে প্রয়োজনে, শিশুর বয়স অনুযায়ী, একাধিক শিল্পকে অন্তর্ভুক্ত করা যেতে পারে। শিক্ষার অঙ্গনে শিশুকে সৃজনশীল করার যথেষ্ট সুযোগ দিতে হবে। শিশুরা নানা ধরনের কাজ করার ফল হবে—(i) শিশুর ইন্দ্রিয় গুলোর সমক্য চর্চা (ii) নানা কৌশল আয়ত্তকরণ (iii) ব্যবহারিক কর্ম দক্ষতা অর্জন (iv) শ্রমের মর্যাদা সম্বন্ধে প্রত্যয় (v) শ্রেণীর অন্যান্য ছাত্র-ছাত্রীদের সঙ্গে বন্ধুত্ব/সম্প্রীতির সম্পর্ক (vi) শৃঙ্খলাবোধের সঞ্চার (vii) মূল্যবোধ আয়ত্ব করা।

(খ) খেলাধুলার পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে। খেলাধুলা হবে উদ্দেশ্যমুখী, সুপরিকল্পিত ও গঠনমূলক। লক্ষ্য হবে স্বাস্থ্যের উন্নতি, শৃঙ্খলা জ্ঞান ও ব্যক্তিসত্তার বিকাশ।

(গ) নৃত্যগীত, অভিনয়, বিতর্কসভা, পত্রিকা, সাহিত্যসভা, শিক্ষামূলক ভ্রমণ এই ধরণের কৃত্যালীর মধ্য দিয়ে শিশুর নান্দনিক সম্ভাবনাগুলোর বিকাশ। এই ধরণের কর্মের মাধ্যমে শিশুর আত্মপ্রতিষ্ঠার সুযোগ আসে। নেতৃত্বে গড়ে উঠে। ব্যক্তিত্ব তৈরী হয়।

(ঘ) নির্মাণ ও সৃজনকে পাঠ্যক্রমের অঙ্গ করতে হবে। শিশুর সৃজন প্রবৃত্তি ও অহং-সত্তা এর ফলে সুগঠিত হবে। শিশু কল্পনাপ্রবণ হবে। কল্পনার সঙ্গে কাজ যুক্ত হয়ে আনন্দ সৃষ্টি করবে।

(ঙ) বিভিন্ন সামাজিক অনুষ্ঠানকে বিদ্যালয় কৃত্যালির মধ্যে আনতে হবে। এই সব কৃত্যালির মাধ্যমে শিশু শিখবে সহযোগিতা, আত্মত্যাগ, পরমতসহিষ্ণুতা, দলবদ্ধতা, সৌভ্রাতৃত্ব, নানা ধর্মের মিলনের প্রাসঙ্গিকতার কথা।


(চ) প্রকৃতির সঙ্গে নিয়ত প্রত্যক্ষ যোগাযোগ। ভ্রমণ, চড়ুই-ভাতি, গ্রাম পরিক্রমা প্রভৃতির বহুমুখী অভিজ্ঞতা শিশুরা লাভ করবে।

তাছাড়া নানা বিষয়ে প্রজেক্ট ছাত্র-ছাত্রীদের উৎসাহে পূর্ণ করবে। প্রজেক্ট হচ্ছে লক্ষ্য ভিত্তিক কাজ সে কাজ সক্রিয়তা শারীরিক ও মানসিক বাড়ায়। নেতৃত্বের চর্চা হয়। স্কুলের কাজের প্রজেক্ট (School Government) শিশুর গণতান্ত্রিক চেতনাকে সমৃদ্ধ করে। বুনিয়াদী শিক্ষার কার্যকারিতা নিয়ে কথা হচ্ছিল। পশ্চিমবঙ্গের প্রখ্যাত বুদ্ধিজীবী 'চতুরঙ্গ' পত্রিকার সম্পাদক জনাব আবদুর রাউফ সাহেবের সঙ্গে। তিনি এককালে বুনিয়াদী বিদ্যালয়ে পাঠ নিয়েছেন। তিনি বুনিয়াদী শিক্ষানীতির সমর্থক। স্মৃতিচারণ করে রাউফ সাহেব বললেন, "আমি ছিলাম স্কুল গভার্ণমেন্টের স্বাস্থ্যমন্ত্রী। কারণ আমি পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে স্কুলে যেতাম। আমার দায়িত্ব ছিল স্কুলের সব ছাত্রের দাঁত নখ পরীক্ষা খুব করে দেখা। এ কাজটি আমি আনন্দের সঙ্গে করতাম।" যে শিক্ষা ব্যবস্থায় এমন সার্থক ভাবে ছাত্রদের অংশ গ্রহণের সুযোগ—সেই শিক্ষাব্যবস্থাকে খারিজ করা হবে কেন? এভাবে গ্রামের কাজে (Village government) ছাত্রদের সার্থকভাবেই সামিল করা গেলে পঞ্চায়েতের কাজ করে উৎসাহ আসে। এইসব শিক্ষণীয় বিষয়গুলোর মধ্য দিয়ে গণতান্ত্রিক প্রক্রিয়া, আত্মনির্ভরতা অধিনায়কত্ব, সংহতির চর্চা হয়। ছাত্ররা সেই সঙ্গে জানতে পারে সমাজজীবনের বৈশিষ্ট্যগুলো।

বুনিয়াদী শিক্ষাব্যবস্থায় আধুনিক শিক্ষাব্যবস্থার অঙ্গ যে প্রজেক্ট তাকেও গুরুত্ব দেওয়া যেতে পারে। কেবল বৌদ্ধিক বিকাশ নয় প্রজেক্ট করতে গিয়ে শারীরিক বিকাশ ও সহজ লভ্য বুনিয়াদী শিক্ষায় শরীর ও মনের বিকাশ তুল্যমূল্য। প্রচলিত শিক্ষা ব্যবস্থায় বৌদ্ধিক বিকাশের উপর জোর সমধিক বলে শিক্ষা অনেকটাই একপেশে। বুনিয়াদী শিক্ষায় কোন একপেশে বিকাশের প্রশ্রয় নেই। এবারে আলোচনা করা যেতে পারে প্রজেক্টের বৈচিত্র্য কেমন হতে পারে। প্রজেক্ট রচনায় নিম্নলিখিত সূত্রগুলো স্মরণ রাখা যেতে পারে—(ক) মূর্ত থেকে অমূর্ত (খ) সহজ থেকে জটিল (গ) জ্ঞাত থেকে অজ্ঞাত (ঘ) নির্দিষ্ট থেকে অনির্দিষ্ট (ঙ) বিশেষ থেকে সামান্য (চ) সমগ্র থেকে অংশ। এরকম আরো সূত্র/উপসুত্র তৈরী করা যেতে পারে। এবারে আলোচনা করা যেতে পারে প্রজেক্ট কাজ কিভাবে এগুবে, কি কি ধাপ পেরোতে হবে সেই ধাপগুলো হলো—(i) উদ্দেশ্য নির্দ্ধারণ (ii) পরিকল্পনা গঠন (iii) সম্পাদনার নানা কাজ (iv) বিচারকরণ—অর্থাৎ লক্ষ্য অনুযায়ী কাজ ঠিক পথে ঠিক ভাবে এগুচ্ছে কি না (v) উপসংহার। নানা ধরণের প্রজেক্ট বিভিন্ন শ্রেণীতে দেওয়া যেতে পারে। যেমন—(ক) সৃজনমূলক (খ) রসানুভূতিমূলক (গ) সমস্যামূলক (ঘ) অনুশীলনমূলক।

বুনিয়াদী শিক্ষা ধারাকে কিভাবে সময়ানুগ করে সচল করা যায় সে সম্বন্ধে কিছু আলোচনা আরম্ভ করার দায় আমাদের সকলেরই। বুনিয়াদী শিক্ষাকে বলা হয় গান্ধীজীর 'সর্বশেষ এবং সর্বশ্রেষ্ঠ

দান'। এই সম্পদকে রক্ষা করা, তাকে প্রসারিত করার দায়িত্ব আমাদেরই নিতে হবে। আমাদের স্মরণে রাখতে হবে যে শিক্ষাতত্ত্বে পেষ্টালৎসী বা ডিউই-র যে অবদান সেই অবদানের উত্তরসূরী মহাত্মা গান্ধী। তাঁদের সূত্র ধরেই নিরক্ষর হতদরিদ্র ভারতবাসীকে শিক্ষিত ও আধুনিক করার লক্ষ্য নিয়েই গান্ধীজী স্বল্প খরচে শিক্ষার-সার্বজনীন শিক্ষার ঢালাও ব্যবস্থা করেছিলেন। পরাধীন ভারতের সীমাহীন দারিদ্র্যের প্রেক্ষাপটে বুনিয়াদী শিক্ষাকে চালু করেছিলেন গান্ধীজী। এই বিচারে গান্ধীজী ছিলেন ভারতের কাছে একজন 'মিশায়া'—দেবদূত বিশেষ। এখন সময় অনেক এগিয়ে গিয়েছে। আমরা একুশ শতক পরিক্রমা শুরু করেছি। ভুবনায়ন শুরু হয়ে গেছে। দুটি বিষয়ে আমাদের বুনিয়াদী শিক্ষানীতির সংস্কার করতে হবে বলে মনে হয়। প্রথমত বুনিয়াদি শিক্ষার ভাষানীতি পরিবর্তন করে ত্রি-ভাষা নীতি গ্রহণ করতে হবে। শিক্ষা অবশ্যই মাতৃভাষার মাধ্যমে হবে।



ত্রি-ভাষা সূত্র (কোঠারী কমিশন থেকে কিঞ্চিৎ পৃথক)

বিশ্বায়নের যুগে ইংরাজীভাষা শিক্ষাকে পরিহার করার কোন উপায় নেই। এমন ব্যবস্থা রাখতে হবে যে ছাত্র যদি মধ্য পথে ড্রপ্-আউট করে তবু দুটো ইংরেজি কথার মাধ্যমে পৃথিবীর নানা প্রান্তে রুজি রোজগার করে খেতে পারবে। তৃতীয় ভাষা হচ্ছে আঞ্চলিক ভাষা। যে অঞ্চলে বাস সে অঞ্চলের ভাষা ছাত্রদের জানতেই হবে। তবে পাঠ্যক্রমের ভার যাতে বোঝা হয়ে না দাঁড়ায় সে জন্যেই কেবল তিন বছর তৃতীয় ভাষা শিক্ষার কথা বলা হয়েছে। ভাষা শিক্ষার বোঝা যেন অন্যান্য শিক্ষণীয় বিষয়ের শিক্ষার অন্তরায় হয়ে না দাঁড়ায় তা আমাদের অবশ্যই দেখতে হবে, কারণ আমাদের লক্ষ্য স্বাবলম্বী মানুষ, বেকার মানুষ নয়। আমাদের লক্ষ্য স্বয়ম্ভর গ্রাম বা শহর। এ বিষয়ে বিস্তৃত আলোচনা এখন করব না।

এ কথা সত্য যে বুনিয়াদী শিক্ষার অভিনবত্ব হচ্ছে তার কর্মভিত্তিক শিক্ষা। মাত্র একটি শিল্প (craft) বা একটি ভাবনাকে (Project) কেন্দ্র করে আজকের আধুনিক শিক্ষা চলতে পারে না। সুতরাং একাধিক কেন্দ্র তৈরী করে অনুবদ্ধ পদ্ধতি প্রয়োগ করতে হবে। বলা বাহুল্য এই বুনিয়াদী শিক্ষায় শিক্ষকের ভূমিকা অপরিসীম। শিক্ষকের কল্পনা, আগ্রহ এবং যোগ্যতা বুনিয়াদী শিক্ষায় শিক্ষকের ভূমিকা অপরিসীম। শিক্ষকের কল্পনা, আগ্রহ এবং যোগ্যতা বুনিয়াদী শিক্ষার অন্যতম প্রধান মূলধন। শহরাঞ্চলে শিক্ষার কেন্দ্রে যদি কোন যন্ত্রশিল্প থাকে তবে শিক্ষককে সেই যন্ত্রশিল্পে পারদর্শী হতে হবে। নইলে সে শহরাঞ্চলের বুনিয়াদী বিদ্যালয় অচল অনর্থক হয়ে যাবে।

বুনিয়াদী বিদ্যালয়ে হাতে কলমে কাজ হবে, উৎপাদন হবে। তবু একথা মনে রাখতে হবে যে বুনিয়াদী বিদ্যালয়টি একটি শিক্ষা কেন্দ্র—কারখানা না। উৎপন্ন দ্রব্য থেকে বিদ্যালয়ের খরচে কিয়দংশ আসতে পারে, কিন্তু শিক্ষক ও শিক্ষাকর্মীদের মাইনের দায় সমাজকে সরকারকে নিতে হবে। প্রকৃতপক্ষে স্বাধীন ভারতের কিশোর কিশোরীদের শিক্ষা দেওয়ার দায় সরকারের।

শেষে একটি বিষয়ের উল্লেখ করতে চাই। সরকার যদি বুনিয়াদী শিক্ষা চালু করতে না চায় তবে আমরা কি করব? সেখানে আমাদের বক্তব্য হবে CBSE, ICSE, Delhi Board, আন্তর্জাতিক নানা পর্ষদ যদি নানা পাঠ্যক্রম চালু করতে পারে, পরীক্ষা নিতে পারে এবং শংশাপত্র দিতে পারে এবং সরকার সেই শংসাপত্র গ্রাহ্য করতে পারে, তবে সর্বভারতীয় স্তরে Indian Board on Basic Education গঠিত হোক। বুনিয়াদী শিক্ষা বিষয়ে অভিজ্ঞ ও কৃতী শিক্ষাবিদদের নিয়ে পাঠ্যক্রমে তৈরী হোক। পাঠদান পদ্ধতি মূল্যায়ন পদ্ধতি প্রভৃতি বিষয়গুলো সেই Board স্থির করে চালু করতে পারবে। এই ভাবে বুনিয়াদী শিক্ষাকে নিয়ে নতুন যাত্রাপথের সূচনায় গান্ধীবাদীরা আগ্রহী। আপাততঃ বুনিয়াদী শিক্ষার একটা সমান্তরাল ধারা চলুক না সরকার যদি বুনিয়াদী শিক্ষাকে শিক্ষার মূল স্রোত করতে দ্বিধাগ্রস্ত হয়।

একবিংশ শতাব্দীতে ভারতে শিক্ষার ভবিষ্যৎ সম্পর্কে কিছু ভাবনা ও দুর্ভাবনা

—জ্যোতির্ভূষণ দত্ত

বিংশ শতাব্দীর শেষের প্রায় দুই দশক বিশ্বায়ন এবং অর্থনৈতিক উদারীকরণের নামে বিভিন্ন রাষ্ট্রে চলেছে নানা ধরনের নীতি নির্ধারণ এবং কাঠামোগত পরিবর্তনের চেষ্টা; তীব্রতরভাবে এখনও তা চলছে। মুখ্যত আমেরিকা যুক্তরাষ্ট্রের নেতৃত্বে প্রযুক্তিবিদ্যায় সমৃদ্ধ শিল্পোন্নত পুঁজিবাদী রাষ্ট্রগুলি অনুন্নত এবং উন্নয়নশীল দেশগুলিতে এই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আন্তর্জাতিক অর্থভাণ্ডার, বিশ্বব্যাঙ্ক এবং বিশ্ববাণিজ্যসংস্থা প্রভৃতি আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলি এই বিশ্বায়ন প্রচেষ্টার প্রচার ও প্রয়োগের ক্ষেত্রে অনেকাংশেই শিল্পোন্নত দেশগুলির সাথে সহায়কের ভূমিকা পালন করে চলেছে।

বর্তমানকালে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার অভূতপূর্ব অগ্রগতির ফসল পৃথিবীর সর্বত্র অবাধে চলাচলের মাধ্যমে সব রাষ্ট্রের উন্নতির হার এবং সমতা সুনিশ্চিত করাই নাকি এই বিশ্বায়ন এবং উদারীকরণ কর্মসূচির লক্ষ্য।

পৃথিবীর বিভিন্ন দেশের মধ্যে আন্তর্জাতিক বাণিজ্য অর্থাৎ অর্থনৈতিক আদানপ্রদান এবং সেইসঙ্গে সাংস্কৃতিক যোগাযোগের প্রক্রিয়া তো অনেক দিন থেকেই চলছে। ইউরোপের শিল্প-বিপ্লবের পর সেই প্রক্রিয়া অনেক ব্যাপক হয়েছে। কিন্তু নয়া বিশ্বায়নের সাথে এই প্রক্রিয়ার পার্থক্য আসমান জমিন। অন্যদিকে আন্তর্জাতিকতা, বিশ্বভ্রাতৃত্ববোধ অথবা বিশ্বচেতনা প্রভৃতি ধারণাগুলির সাথে আমাদের পরিচয় অনেকদিনের এবং মানবসভ্যতার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে এগুলির গুরুত্ব সর্বজনস্বীকৃত। কিন্তু এই ধারণা এবং নয়া বিশ্বায়নের ধারণা সমার্থক নয়। আন্তর্জাতিকতা ভাবনাটির মধ্যে আদর্শবাদের যে দৃষ্টিভঙ্গি পৃথিবীর শান্তি, মৈত্রী এবং উন্নয়ন প্রচেষ্টাকে উদ্বুদ্ধ করেছে এবং মানবসভ্যতার অগ্রগতির ক্ষেত্রে প্রেরণা যুগিয়েছে, নয়া বিশ্বায়নের উদ্যোগের পেছনে উক্ত আদর্শবাদ বা মূল্যবোধ কাজ করে না। প্রকৃতপক্ষে ধনী শিল্পোন্নত দেশগুলির পুঁজিবাদী অর্থব্যবস্থার অনিবার্য সংকটমোচন ও প্রতিরোধের উদ্দেশ্যে এবং অতি মুনাফালাভের স্বার্থে নয়া এই বিশ্বায়ন দরিদ্র ও উন্নয়নশীল দেশগুলির বিরুদ্ধে সাম্রাজ্যবাদী আক্রমণের নতুন এক প্রকৌশল।

এই নয়া বিশ্বায়নের প্রধান রূপকার আমেরিকা যুক্তরাষ্ট্র। এই নয়া বিশ্বায়নের অমানবিক চক্রান্ত এবং সাম্প্রতিক কার্যকলাপ স্মরণ করলে স্বাভাবিকভাবে উদ্বেগ ও উৎকণ্ঠার সৃষ্টি হয়। একদিকে নয়া বিশ্বায়নের নামে সাম্রাজ্যবাদ এবং আর একদিকে ঐতিহ্য রক্ষার অছিলায় মৌলবাদ বর্তমান বিশ্বের সাধারণ মানুষকে বিভ্রান্ত করছে এবং তাদের জীবনযাত্রার ওপর আক্রমণ নামিয়ে এনেছে। সন্ত্রাসকে দুপক্ষই অজুহাত হিসাবে ব্যবহার করছে। শুভবুদ্ধিসম্পন্ন মানুষের পক্ষে বুঝতে অসুবিধে হয় না যে সন্ত্রাসের বিরুদ্ধে আমেরিকার আগ্রাসন আসলে সাম্রাজ্যবাদী অভিযান ছাড়া আর কিছু নয়। নয়া বিশ্বায়নে একটি মাত্র প্রতিষ্ঠানকেই সার্বজনীন এবং সর্বশক্তিমান বলে ধরা হচ্ছে, সেই প্রতিষ্ঠানটি হচ্ছে বাজার এবং বিশেষ করে মূলধনের বাজার। অনেকে মনে করেন যে বিশ্বায়নের প্রবক্তারা মুক্ত বাজারকে সব জায়গায় ছড়িয়ে দিতে চান। সেই দিক থেকে বিচার করলে নয়া বিশ্বায়নের মতাদর্শকে বাজার বা বাজারকেন্দ্রিক মৌলবাদ বলা চলে। কিন্তু আসলে এই মৌলবাদ মুক্ত বাজার চায় না। সে চায় যে জ্ঞানের বাজার, গবেষণার বাজার—মুষ্টিমেয় বহির্জাতিক কোম্পানির কুক্ষিগত থাকবে। আন্তর্জাতিক

বাণিজ্য সংস্থার (যা গ্যাট চুক্তি থেকে উদ্ভূত) মেধাসত্ত্ব-এর ধারণাগুলির মর্মার্থ এটাই। নয়া বিশ্বায়ন চায় মূলধনী মহাজন (দেশী একচেটিয়া এবং শিল্পোন্নত দেশগুলির বহুজাতিক সংস্থাগুলি) বিশাল থাবা মেলে একের পর এক গরিব দেশের সম্পদ গ্রাস করবে। বনানী, ভেষজ, সংস্কৃতি এবং শিক্ষার উপর আধিপত্য বিস্তার করবে। অন্যদিকে অনুন্নত উন্নয়নশীল দেশের জনসমষ্টি উন্নত দেশগুলিতে গিয়ে যাতে অভিবাসী (immigrant) না হতে পারে তার জন্য অভিগমন (immigration) সংক্রান্ত আইনকানুন কঠোরতর করা হচ্ছে। প্রকৃতপক্ষে এই বাজারকেন্দ্রিকতা একমুখী বিশ্বায়নের বাজারকেন্দ্রিক মৌলবাদীদের তথাকথিত মুক্ত বাজার, সত্যিকারের মুক্ত বাণিজ্যের কাছে প্রহসন মাত্র। বাজারি মৌলবাদ প্রায়শ আশ্রয় করে ধর্মীয় মৌলবাদকে। বাজারি মৌলবাদ যেমন বাজারকে বিকৃত করে শিল্পোন্নত সাম্রাজ্যবাদী দেশগুলির আধিপত্য প্রতিষ্ঠা করতে চায়, ঠিক তেমন ভাবেই ধর্মীয় মৌলবাদও যে ধর্মকে আশ্রয় করে গজিয়ে ওঠে, সেই ধর্মকে বিকৃত করেই নিজেকে প্রসারিত করে।

পুঁজিবাদী দুনিয়া সাম্রাজ্যবাদী উদ্দেশ্য সাধনের জন্য অর্থনীতি, দর্শন, সামাজিক মতাদর্শ, সামরিক ধ্যানধারণা এবং অস্ত্রশস্ত্র সবকিছুই বিশ্বের হাটে বিক্রি করতে বেরিয়ে পড়েছে। ক্রেতা অনিচ্ছুক হলে গালটিপে আদর করে অথবা গলাটিপে ভয় দেখিয়ে বিক্রয়ের ব্যবস্থা হচ্ছে। কারণ তাতেই নাকি পুঁজিবাদী বিশ্বের প্রাণভোমরা বাঁচবে, এবং পৃথিবীর সর্বাঙ্গীণ উন্নতি হবে। কিন্তু প্রকৃতপক্ষে বিশ্বায়ন পৃথিবীর যে কোনো দেশে বিশেষ করে তৃতীয় বিশ্বে শুধু অর্থনৈতিক সংকট সৃষ্টি করছে তাই নয়, যে কোনও দেশের আঞ্চলিক সংস্কৃতির ও জাতীয় শিক্ষার পক্ষে তার পরিণতি হয়ে উঠেছে অত্যন্ত বিপজ্জনক। জাতীয় সংস্কৃতি ও শিক্ষা, জাতীয় মূল্যবোধ এবং জাতীয় প্রতিষ্ঠানগুলি এর ফলে প্রবল চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। ভোগবাদ ও পণ্যমোহের উৎকর্ষ বৃদ্ধি এই চ্যালেঞ্জের একটি অংশ মাত্র।

বিশ্বে সাংস্কৃতিক সাম্রাজ্যবাদের ইতিহাস, যার অপরিহার্য অঙ্গ শিক্ষার ইতিহাস, অনেক দীর্ঘ। সেই ইতিহাস প্রলম্বিত হতে হতে সাংস্কৃতিক বিশ্বায়নের অবয়ব গ্রহণ করেছে। কেন্দ্রবিন্দুতে চলে এসেছে আমেরিকান থিম ও আমেরিকান আধিপত্য। সাংস্কৃতিক বিশ্বায়ন ভোগবাদ ও পণ্যমোহের বিস্তারের মাধ্যমে অর্থনৈতিক সাম্রাজ্যবাদের স্বার্থ চরিতার্থ করছে। এক্ষেত্রে শিক্ষাকেও গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে ব্যবহার করা হচ্ছে। তাই শিক্ষার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত ব্যক্তিবর্গকে, মননজগতের কারিগরদের, নয়া বিশ্বায়নের আগ্রাসী বৈশিষ্ট্যগুলি বিশেষভাবে জানতে হবে। কারণ এই আগ্রাসন নির্ধারণ করছে সমাজকাঠামো, সামাজিক চরিত্র, আরো নির্দিষ্ট করে বললে মানুষ ও মানবিক চরিত্রবৈশিষ্টগুলি এবং মানুষের সম্পর্কগুলি।

শিক্ষার ক্ষেত্রে নয়া বিশ্বায়নের গুরুত্বপূর্ণ ফলাফলগুলি নীচে সূত্রাকারে উল্লেখ করা যায় ঃ

(ক) 'পরিষেবা'-রূপী শিক্ষার ক্ষেত্রে দেশি ও বিদেশি পুঁজি ট্রিলিয়ান ডলারের (আনুমানিক ৪৭ লক্ষ কোটি টাকা) একটি শিল্পক্ষেত্র খুঁজে পেয়েছে এবং সেখানে অনুপ্রবেশের জন্য তারা মরিয়া হয়ে উঠেছে। এ ক্ষেত্রে আশঙ্কা করার যথেষ্ট কারণ আছে। শিক্ষার ক্ষেত্রে ব্যাপক বেসরকারিকরণ, বাণিজ্যকরণ ও ব্যক্তিমালিকানাকরণ শুরু হয়েছে। নিয়ন্ত্রণ নীতির মাধ্যমে ভারত সরকারও এই প্রক্রিয়ায় উৎসাহ যোগাচ্ছে।

গ্রামাঞ্চলের বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রও এই প্রভাব থেকে মুক্ত নয়। উচ্চশিক্ষা, কারিগরি ও বৃত্তিশিক্ষার ক্ষেত্রে এই প্রবণতা বিশেষভাবে উল্লেখযোগ্য। এটা ভাবাই স্বাভাবিক যে গ্রামাঞ্চলের ভূস্বামীগণ বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে এবং শহরাঞ্চলের বড় পুঁজি উচ্চশিক্ষা, কারিগরি শিক্ষা ও বৃত্তি শিক্ষার ক্ষেত্রে পুঁজি লগ্নির সুযোগ খুঁজে বেড়াচ্ছে।

(খ) শিক্ষা প্রতিষ্ঠানগুলির ওপর থেকে অত্যন্ত দ্রুত গতিতে রাষ্ট্রের নিয়ন্ত্রণ শিথিল হচ্ছে এবং জনমানসে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলির অবনমন ঘটছে।

(গ) ভারতের স্বাধীনতা সংগ্রাম-এর অন্যতম লক্ষ্য হিসাবে এবং স্বাধীনোত্তর যুগের শিক্ষা কমিশন ও কমিটির সুপারিশে জাতীয় শিক্ষার যে ধারণা ও কর্মসুচিকে অগ্রাধিকার দিতে বলা হয়েছে, নয়া বিশ্বায়নের প্রভাবে জাতীয় শিক্ষার সেই ধারণাটাই দ্রুত গতিতে বিলুপ্তির পথে।

(ঘ) কল্যাণকর রাষ্ট্রের অপরিহার্য দায়িত্ব বিবেচনায় সরকার আর শিক্ষাকে জনগণের অত্যাবশ্যক পরিষেবা হিসাবে গুরুত্ব দিতে চাইছে না। ক্রয়যোগ্য পণ্য হিসেবে শিক্ষা গ্রহণের দায় পরিবারের উপর বর্তাচ্ছে।

(ঙ) শিক্ষা ক্রমশ মহার্ঘ পথ্য হিসাবে বিবেচিত হচ্ছে, মানুষ গড়ার প্রক্রিয়া হিসাবে নয়।

(চ) পেশাদায়িত্ব (Professionalism) এর অছিলায় বহু শিক্ষা প্রতিষ্ঠান সমাজবিমুখ, জাতীয় ঐতিহ্য বিরোধী, ভোগসর্বস্ব এবং অমানবিক দৃষ্টিভঙ্গিসম্পন্ন এক নতুন প্রজন্মের সৃষ্টি করছে। একে নিয়ন্ত্রণ করতে না পারলে সভ্যতার অমানবিকীকরণের প্রক্রিয়াগুলি বলবান হবে।

(ছ) 'গ্যাট' চুক্তি নির্ভর Patent Law বিজ্ঞান ও প্রযুক্তির গবেষণার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করছে এবং আগামী দিনে এই বাধা আরও ভয়াবহ আকার ধারণ করবে।

(জ) শিক্ষার ক্ষেত্রে সরকারি দায়িত্ব হ্রাসের ফলে শ্রেণিবিভক্ত সমাজে জনগণের সামাজিক ও অর্থনৈতিক অসাম্য দ্রুত বৃদ্ধি পাবার আশঙ্কা দেখা দিচ্ছে।

(ঝ) শিক্ষার ক্ষেত্রে সাংবিধানিক প্রতিশ্রুতি রক্ষা করার ব্যাপারে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে।

(ঞ) বিদেশি ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির গুণগত মান সম্পর্কে অস্পষ্টতা ও বিভ্রান্তি দেখা দিচ্ছে। কিন্তু অন্যদিকে সেই সব শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রতি আকর্ষণ বাড়ছে এবং সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলির অবনমন ঘটছে।

(চ) মাতৃভাষা পঠনপাঠনের বিষয়টি অবহেলিত হচ্ছে। ফলে শিক্ষার্থীদের মধ্যে চিন্তা ও চেতনার ক্ষেত্রে দৈন্য দেখা দিচ্ছে। কারণ মাতৃভাষাই তো আমাদের চিন্তনের প্রধান মাধ্যম। এর মাধ্যমেই আমাদের বোধ, অনুভূতি, চেতনা ও মানসিকতার বিকাশ ঘটে।

প্রসঙ্গত ভারতবর্ষে শিক্ষার পরিমাণগত বৃদ্ধি, গুণগতমানের উন্নয়ন এবং সমানাধিকারের বিষয়টি বিবেচনা করা প্রয়োজন। স্বাধীনতালাভের ৬০ বছর পরেও আমাদের দেশে ৩৪% নিরক্ষর মানুষের বাস, যদিও পৃথিবীর মোট জনসংখ্যার ১৬% মানুষ এখানে বসবাস করে। ১৯৪৭ সালে ভারতে উচ্চশিক্ষাপ্রাপ্ত মানুষের সংখ্যা ছিল জনসংখ্যার মাত্র ১%। বর্তমানেও এ বিষয়ে কাঙ্ক্ষিত উন্নতি সম্ভব হয়নি। বর্তমানে গোটা দুনিয়ায় উচ্চ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা ১৩ কোটি ৭৮ লক্ষ। ভারতে আছে তার ৮.৬ শতাংশ মাত্র। শিক্ষার উন্নয়ন সূচকে বিশ্বের ১২৯টি দেশের মধ্যে ভারতের স্থান ১০৫ তম। সুতরাং শিক্ষার সর্বস্তরে পরিমাণগত বৃদ্ধির বিষয়টিকে অবশ্যই অগ্রাধিকার দিতে হবে। ২০০২ সালে ৮৬ তম সংবিধান সংশোধনের মাধ্যমে ৬ থেকে ১৪ বছর বয়সের সব শিশুর জন্য প্রারম্ভিক শিক্ষাকে মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। কিন্তু সাংবিধানিক এই অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে প্রস্তুত Right to Education Bill এর ভবিষ্যৎ এখনও মেঘাচ্ছন্ন।

ভারতবর্ষে নিরক্ষরতার সমস্যাটি অনুধাবন করার জন্য দুইটি তালিকা যুক্ত করা হল ঃ

তালিকা - ক (পৃঃ ১৯৩)।

তালিকা - খ (পৃঃ ১৯৪)।

বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে ভারতবর্ষের ২০০৮-০৯ আর্থিক বছরে কেন্দ্রিয় সরকারের বাজেটে শিক্ষাখাতে মোট বরাদ্দ হয়েছে ৩৮,৭০২.৮৭ কোটি টাকা। মোট ব্যয় বরাদ্দের মাত্র ৫.১৫%। বিদায়ী বছরের তুলনায় ৯,১১৪.১৬ কোটি টাকা বেশি। স্মরণ করা যায় যে কেন্দ্রিয় সরকারের মোট বরাদ্দের অন্তত ১০% শিক্ষাখাতে বরাদ্দের সুপারিশ বহুদিনের। সেই কাঙ্ক্ষিত লক্ষ্যে আজও পৌঁছানো সম্ভব হয়নি।

বলাই বাহুল্য, শিক্ষার সার্বিক মানোন্নয়নের প্রশ্নে পরিমাণগত বৃদ্ধির বিষয়টি যেমন গুরুত্বপূর্ণ গুণগত মানোন্নয়ন এবং সমানাধিকার-এর প্রশ্নটিও (equity) সমানভাবে গুরুত্বের দাবি রাখে। কিন্তু পরিমাণগত বৃদ্ধির পরিমাপ করা যত সহজ গুণগত মানোন্নয়ন এবং সমানাধিকারের মূল্যায়ন করা তত সহজ নয়। উক্ত বিষয় দুটির মূল্যায়নের প্রক্রিয়াটি অত্যন্ত জটিল। বহুবিধ উপাদানের সাথে ঐ বিষয় দুটির উন্নয়ন নির্ভরশীল। শিক্ষার গুণগত মান প্রধানত নির্ভর করে শিক্ষার নির্ধারিত লক্ষ্য ও উদ্দেশ্য এবং সেগুলি যথাযথ রূপায়ণের উপর। দেশে দেশে এবং যুগে যুগে শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য ভিন্ন হবে এটাই স্বাভাবিক। সাধারণভাবে শিক্ষাকে "মানুষ গড়ার প্রক্রিয়া" হিসেবে গণ্য করা হয়। কিন্তু মানুযের তো নানা ধরনের মডেল আছে। যেমন শারীরিক দিক থেকে বলবান কিন্তু মানসিক দিক থেকে দুর্বল মানুষ, সামাজিক দিক থেকে দায়বদ্ধ ও বিজ্ঞানমনস্ক মানুষ, জ্ঞানী কিন্তু কর্মবিমুখ মানুষ ইত্যাদি। কী ধরনের মানুষ গড়ার লক্ষ্যে শিক্ষা ব্যবস্থা পরিচালিত করা হবে তা প্রতিফলিত হয় শিক্ষার নির্ধারিত লক্ষ্য, পাঠ্যক্রম এবং পাঠ্যসূচির মধ্যে। শিক্ষা ব্যবস্থার সাধারণ লক্ষ্য ও উদ্দেশ্য কী? পাঠ্যক্রম ও পাঠ্যসূচির মধ্যে কোন্ লক্ষ্যগুলিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে ? —এসব বিষয়গুলির ভিত্তিতেই শিক্ষার গুণগত মান নির্ধারণের সূচক নির্ণয় করা সম্ভব হতে পারে।

শিক্ষার মাধ্যমে মানুষ ত্রিবিধ পরিবেশের সাথে সার্থক অভিযোজনের জন্য সামর্থ্য, দক্ষতা, অভ্যাস, মানসিকতা, মূল্যবোধ এবং প্রয়োজনীয় আচরণবিধি অর্জন করে থাকে। এই পরিবেশগুলি হল—প্রাকৃতিক পরিবেশ, সামাজিক পরিবেশ এবং নিজস্ব মনোজগতের পরিবেশ। এই অভিযোজন সংক্রান্ত সামর্থ্যের নিরিখে শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যকে সাধারণভাবে কয়েকটি ভাগে বিভক্ত করা যেতে পারে। এদের মধ্যে সমাজে প্রচলিত এবং সমাজের অগ্রগতির স্বার্থে প্রয়োজন বিভিন্ন অর্থনৈতিক কাজের জন্য শিক্ষার্থীকে প্রস্তুতিকরণের সাহায্যে একদিকে শিক্ষার্থী ভবিষ্যৎ কর্মজীবনের দায়দায়িত্ব পালনে যোগ্য হয়ে ওঠে এবং তার কাঙ্ক্ষিত জীবিকার সুযোগ সৃষ্টি হয়। অন্যদিকে এই প্রস্তুতির ফলে সমাজের অর্থনৈতিক কর্মকাণ্ডের বুনিয়াদ দৃঢ় হয় এবং সমাজের উন্নয়নশীল গতিশীলতা সুনিশ্চিত করা সম্ভব হতে পারে।

কিন্তু শুধুমাত্র শিক্ষার্থীর অর্থনৈতিক সামর্থ্য অর্জনের প্রচেষ্টার মধ্যে শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য এবং কর্মসূচি সীমাবদ্ধ থাকতে পারে না। পরিবারে এবং বৃহত্তর সামাজিক প্রোক্ষাপক্ষে সার্থক অভিযোজনের জন্য ও দায়দায়িত্ব পালনের জন্য শিক্ষার্থী যাতে বিভিন্ন ধরনের সামর্থ্য, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ অর্জন করতে পারে এবং সামগ্রিকভাবে মানবিক পরম্পরা, মূল্যবোধ ও ঐতিহ্যের সৃজনশীল ধারক ও বাহক হিসেবে যথাযথ ভূমিকা পালন করতে পারে—শিক্ষার লক্ষ্য, পাঠ্যক্রম এবং কর্মকাণ্ড নির্ধারণে সেই বিষয়টিকেও গুরুত্ব দিতে হবে। শিক্ষাকে মানুষ গড়ার প্রক্রিয়া হিসেবে বিবেচনা করলে, শিক্ষার উপরিউক্ত দায়বদ্ধতাকে কোনভাবেই উপেক্ষা করা সম্ভব নয়। এ প্রসঙ্গেই বলা হয় Man becomes man only by education.

শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণে তৃতীয় গুরুত্বপূর্ণ বিষয়টি হলো শিক্ষার্থীর জন্মসূত্রে প্রাপ্ত সৃজনশীল আকাঙ্ক্ষা, সম্ভাবনা ও প্রতিভার বিকাশ সাধনের কর্মসূচি।

শিক্ষাক্রমে এই ধরনের কর্মসূচি ব্যক্তিকে সৃজনশীল ব্যক্তিত্ব অর্জন করতে শুধু সাহায্য করে তাই নয়। এর ফলে সভ্যতার মানবিক উন্নয়ন সম্ভব হয় এবং ব্যক্তি সার্থকভাবে ও আনন্দদায়কভাবে সৃজনশীল মানবজীবন যাপনের যোগ্য হয়ে উঠতে পারে এবং সেইসঙ্গে সে তার সম্ভাবনা ও প্রতিভা স্ফূরণের সুযোগ পায়।

শিক্ষার সার্বিক মানোন্নয়নের প্রশ্নে পরিমানগত বৃদ্ধি ও গুণগত উন্নয়নের সাথে সাথে সমানাধিকার (Equity) এবং সামাজিক ন্যায় (Social justice) এই বিষয়গুলিও সমানভাবে গুরুত্বের দাবি রাখে। প্রত্যেক সরকারের কিছু সাংবিধানিক দায়িত্ব থাকে। রাষ্ট্রের সুরক্ষা এবং অর্থনৈতিক উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কাজ করা যেমন প্রয়োজন, সেই সঙ্গে সরকারকে সমতা ও সামাজিক ন্যায়ের বিষয়টিকেও অবশ্যই গুরুত্ব দিতে হবে। তাই আধুনিক কল্যাণমুখী রাষ্ট্রকে আর্থিক ও সামাজিক দিক থেকে পিছিয়ে থাকা জনগোষ্ঠীকে কিছু বাড়তি সরকারি সুযোগ সুবিধা দিতে হয়। শুধু অর্থনৈতিক কর্মকাণ্ড নয় সামাজিক, সাংস্কৃতিক এবং বিশেষভাবে শিক্ষাসংক্রান্ত সুযোগ সুবিধার ক্ষেত্রে পৃথিবীর কল্যাণমুখী (Welfare) রাষ্ট্রগুলি অনেকদিন এই নীতি অনুসরণ করেছে। বিংশ শতাব্দীর ন'য়ের দশক পর্যন্ত অর্থাৎ সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলিতে বিপর্যয়ের পূর্ব পর্যন্ত আমাদের মত গণতান্ত্রিক দেশে সরকার এ' ক্ষেত্রে চারটি মৌলিক কর্মসূচি গ্রহণ করেছে ঃ

(ক) শিক্ষার মৌলিক কাঠামোকে সংগঠিত করা;

(খ) শিক্ষায় বেসরকারি উদ্যোগের উপর রাজনৈতিক ও সামাজিক প্রভাব বজায় রাখা এবং তাকে নিয়ন্ত্রণ করা ;

(গ) সমাজের পিছিয়ে পড়া অংশকে ভরতুকি দিয়ে অল্প খরচে অথবা বিনা খরচে শিক্ষা পরিষেবা প্রদান করা;

(ঘ) শিক্ষার মূল ক্ষেত্রগুলির উপর নেতৃত্ব বজায় রেখে দেশি-বিদেশি একচেটিয়া পুঁজি এবং বেসরকারি সংস্থার ক্ষতিকর আধিপত্য থেকে শিক্ষাকে যথাসম্ভব মুক্ত রাখা।

অর্থনীতি এবং শিক্ষাসহ বিভিন্ন পরিষেবার ক্ষেত্রে গত প্রায় দু'দশক এই নীতিগুলি দ্রুত বিসর্জন দেওয়া হচ্ছে। মনে হচ্ছে, দেশের স্বনির্ভরতা ও সার্বভৌমত্ব রক্ষা করার দায়িত্বও কালক্রমে বেসরকারি উদ্যোগের উপরেই নির্ভরশীল হয়ে পড়বে।

এই পরিস্থিতিতে সর্বজনীন শিক্ষা, জনমুখী শিক্ষা, শিক্ষার মাধ্যমে জাতিগঠন এবং মূল্যবোধের শিক্ষা ও মানবতাবাদী শিক্ষা প্রভৃতি বহুদিনের লালিত ধারণাগুলি কতদিন আর প্রাসঙ্গিক থাকতে পারবে এবং শিক্ষার গুণগত মানের সূচকই বা কী হবে? শিক্ষা একটি গুরুত্বপূর্ণ সামাজিক প্রক্রিয়া তাই এক্ষেত্রে রাষ্ট্রের উদ্যোগ এবং বিনিয়োগ অত্যন্ত জরুরি। কিন্তু বিগত প্রায় দুই দশক ভারত সরকার অর্থনৈতিক সংস্কারের নীতি, উদারীকরণ ও বেসরকারিকরণের নীতি গ্রহণ করে চলেছে এবং এই প্রবণতা ক্রমবর্ধমান। কর্পোরেট সেক্টর শিক্ষাকে একটি বৃহৎ পরিষেবা শিল্প হিসেবে বিকাশ ঘটাতে তৎপর। এন.ডি.এ. সরকারের আমলে শিক্ষা ধারাবাহিকভাবে আক্রান্ত হয়েছে। নয়া উদার অর্থনীতি অনুসরণ করে ঐ সরকার যে শিক্ষানীতি গ্রহণ করেছিল তাতে সমাজের দুর্বল অংশ শিক্ষার সুযোগ থেকে বেশি বেশি করে বঞ্চিত হয়েছে। অন্যদিকে ঐ সরকার যুক্তিনির্ভর, বৈজ্ঞানিক, গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ শিক্ষার দাবি উপেক্ষা করে 'বিশ্বাসনির্ভর শিক্ষা'র নামে পাঠ্যক্রম ও পাঠ্যসূচিতে সাম্প্রদায়িকতার বিষ সঞ্চারিত করার চেষ্টা করেছে।

ঐ সময়ের আম্বানি-বিড়লা শিক্ষা কমিশনের রিপোর্ট, পুন্নাইয়া কমিটির রিপোর্ট প্রভৃতি পর্যালোচনা

করলে স্পষ্টত অনুধাবন করা যায় যে শিক্ষার বাণিজ্যিকীকরণ এবং শিক্ষাকে বাণিজ্যিক স্বার্থে সংগঠিত করাই ছিল এন. ডি.এ. সরকারের প্রধান উদ্দেশ্যে।

ভারতে স্বাধীনতার পর ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার কিছু পরিবর্তন করে জাতীয় শিক্ষা ব্যবস্থা চালু করার চেষ্টা হয়েছিল। বিদ্যালয় শিক্ষায় ইংরেজির আধিপত্য কিছু হ্রাস করে মাতৃভাষাগুলির উপর বেশী মর্যাদা দেওয়া শুরু হয়েছিল। দেখা গেছে যে ১৯৪৮ থেকে গঠিত বিভিন্ন শিক্ষা কমিশন ও কমিটিগুলি নেতৃত্ব দিয়েছেন ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণ, ডঃ এল. এস. মুদালিয়র, ডঃ ডি. এস. কোঠারি প্রমুখ দেশের অগ্রগণ্য শিক্ষাবিদরা। কিন্তু এন.ডি.এ. সরকারের আমলে এই ধারাবাহিকতার যে পরিবর্তন করা হল তাতে শিক্ষার স্বার্থ কতখানি রক্ষা করার চেষ্টা ছিল? ইউ.পি.এ. সরকার বা সংযুক্ত প্রগতিশীল মোর্চা সরকারের আমলেও উদার অর্থনীতির নিয়মরক্ষার স্বার্থে কেন্দ্রিয় সরকার শিক্ষার বাণিজ্যিকীকরণের জন্যই তৎপর রইল। শিক্ষা এবং অন্যান্য সব ক্ষেত্রে বিদেশি পুঁজির অবাধে প্রবেশের সুযোগ বাড়ছে। সেই সঙ্গে বৃদ্ধি করা হচ্ছে ইংরেজি ভাষার গুরুত্ব। কেন্দ্রিয় সরকার নিয়োজিত (২০০৫) 'জাতীয় জ্ঞান কমিশন' (National Knowledge Commission) এর তাই স্পষ্ট সুপারিশ, দেশব্যাপী প্রথম শ্রেণি থেকেই ইংরেজি ভাষা শেখানো হোক। জাতীয় শিক্ষা কমিশনের আরও সুপারিশ ঃ 'Language learning can not be separated from and must be integrated with, content learning. Therefore English should also be used to teach some non-language content subjects starting from class III in school.'' উল্লেখ করা যেতে পারে যে এই জাতীয় জ্ঞান কমিশনের চেয়ারমান ডঃ শ্যাম পিত্রোদা। উনি শুধু টেলিযোগাযোগ প্রযুক্তির একজন সুপরিচিত ব্যক্তিত্ব নন। মার্কিন যুক্তরাষ্ট্রের এবং ইউরোপের বেশ কয়েকটি ব্যাবসা প্রতিষ্ঠানের মালিক-পরিচালক। এই কমিশনের সদস্য হিসেবে আছেন 'Industry and Liberlisation' পুস্তকের প্রণেতা শিল্প-বাণিজ্য জগতের জনৈক লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তি এবং অন্য একজন যিনি ''One among the world's most respected business learders'' হিসেবে সম্মানিত। বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে জাতীয় জ্ঞান কমিশনের ভাষা পঠনপাঠনসংক্রান্ত সুপারিশ কার্যকরী করা হলে দেশের শিক্ষিত অংশকে জীবনের শুরু থেকেই ইংরেজি ভাষার স্রোতে ভাসিয়ে দেওয়া সম্ভব হতে পারে। কিন্তু সামাজিক ও আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া যে বিরাট সংখ্যক ছেলেমেয়ে আমাদের দেশে আছে এই ব্যবস্থার ফলে তাদের পক্ষে বিদ্যালয় শিক্ষা সম্পূর্ণ করা অসম্ভব হবে। শৈশবেই একটি বিদেশী, নিজের দৈনন্দিন জীবনের পরিবেশে অনুপস্থিত ভাষাকে শিক্ষার মাধ্যম করলে শিক্ষার্থীদের জ্ঞান অর্জনের বিষয়টি অবশ্যই বিঘ্নিত হবে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে আমাদের দেশে 'বাড়ির-ভাষা' এবং 'স্কুলের ভাষা'র মধ্যে যে পার্থক্য সেটাই লক্ষ লক্ষ শিক্ষার্থীর কাছে শিক্ষালাভের পথে একটি বিরাট বাঁধা। ইংরেজিকে শিক্ষার মাধ্যমে করলে তাদের অধিকাংশের পক্ষে লেখাপড়া শেখা অসম্ভব হয়ে যাবে না কি? শিক্ষার ক্ষেত্রে ঐসব শিক্ষার্থীর কাছে এটা এক ধরনের 'ভাষা সন্ত্রাস' হিসেবে গণ্য হবে। ইংরেজি প্রধান এই শিক্ষার ফলে নিজের ভাষা হারিয়ে যাবে, এই আশঙ্কা অমূলক নয়। নিজের ভাষার সাথে বিচ্ছেদ ঘটবে এটাই স্বাভাবিক। এর ফলশ্রুতি হিসেবে সমাজ সম্পর্কে উপেক্ষা বা নিস্পৃহতা আসতে বাধ্য। এই প্রসঙ্গে N.C.E.R.T-এর একটি উক্তি বিশেষভাবে প্রণিধানযোগ্য..........''to deny or wipe out a child's mother tongue (s) is to interfere with the sense of self.'' স্মরণ করতে হয় যে ইংরেজ রাজত্বের ঔপনিবেশিক শিক্ষা আদৌ 'মানুষ গড়ার শিক্ষা' ছিল না।

ভারতীয় সংবিধানের ৮৬তম সংশোধনের মাধ্যমে ৬ থেকে ১৪ বছর বয়সের সব শিশুর শিক্ষাকে মৌলিক অধিকারের তালিকায় নিয়ে আসা হয়েছে। শিক্ষার এই অধিকার মৌলিক অধিকার হিসেবে

স্বীকৃতি পেলেও একে বাস্তব রূপ দেবার জন্য প্রয়োজনীয় আইন কেন্দ্রিয় সরকার সংসদে পাশ না করে ২০০৬ সালের জুন মাসে রাজ্যে রাজ্যে পাঠিয়ে দেওয়া হল Model Right to Education Bill, 2006, এর খসড়া। বলা হলো, যেসব রাজ্য আইন প্রণয়ন বা সংশোধনের ক্ষেত্রে এই Model Bill হুবহু গ্রহণ করবে তাদের ক্ষেত্রে সর্বশিক্ষা অভিযানের অর্থবরাদ্দ একাদশ পরিকল্পনাকালেও ৭৫ ঃ ২৫ ভিত্তিতে থাকবে। যেসব রাজ্য এটা করতে পারবে না তারা সর্বশিক্ষা অভিযান বাবদ টাকা ৫০ঃ৫০ ভিত্তিতে পেতে পারে। এইভাবে বর্তমান কেন্দ্রিয় সরকার অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষার দায়িত্ব রাজ্যগুলির ওপর চাপিয়ে দিচ্ছে এবং সেই সাথে শিক্ষার সমস্ত স্তরে বাণিজ্যিকীকরণের ও বেসরকারীকরণের পথ উন্মুক্ত করে দিচ্ছে।

National Knowledge Commission আমাদের দেশের শিক্ষা ব্যবস্থার পুনর্গঠন সম্পর্কে ২০০৬, ২০০৭ এবং ২০০৮ সালে অনেকগুলি সুপারিশ করেছেন। এই সুপারিশগুলির মর্মার্থ অনুধাবন করার লক্ষ্যে ২০০৬ সালের প্রতিবেদনের প্রারম্ভিক কিছু বক্তব্য উল্লেখ করা প্রয়োজন। সেখানে National Knowledge Commission-এর উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে—"NKC's overarching aim is to transform India into a vibrant knowledge-based society. This entails a radical improvement in existing systems of knowledge as well as the creation of avenues for generating new forms of knowledge."

শিক্ষাকে জ্ঞান বিকাশের মাধ্যম এবং জ্ঞান সঞ্চালনের প্রক্রিয়া হিসেবে গড়ে তোলার প্রস্তাবে কারও আপত্তি থাকার প্রশ্নই ওঠে না। কিন্তু প্রশ্নটা অন্যত্র—প্রথমত শুধু জ্ঞান বিকাশ কি মানবিক শিক্ষা বা মানুষ গড়ার শিক্ষার মাধ্যম হতে পারে? দ্বিতীয়ত এই জ্ঞান বিকাশের শিক্ষা এবং শিক্ষার ক্ষেত্রে বেসরকারিকরণ ও বাণিজ্যিকীকরণের ক্রমবর্ধমান প্রসারের ফলে শিক্ষা কতখানি সাধারণ মানুষের নাগালের মধ্যে থাকতে পারবে? অধিকাংশ মানুষ যদি এর সুযোগ থেকে বঞ্চিত হয় তাহলে সর্বজনীন শিক্ষার ভবিষ্যত কী এবং শিক্ষা ব্যবস্থার কাছে সামাজিক ও আর্থিক দিক থেকে পিছিয়ে থাকা প্রায় সত্তর শতাংশ মানুষের প্রত্যাশা কী থাকতে পারে? এই ধরণের প্রশ্নকে কেন্দ্র করে ভারতে একবিংশ শতাব্দীর শিক্ষা সম্পর্কে এর মানবিক মুখ সম্পর্কে কিছু দুর্ভাবনার সৃষ্টি হওয়াই স্বাভাবিক।

আধুনিক ভারতে শিক্ষার লক্ষ্য সম্পর্কে মহাত্মা গান্ধীর উক্তি—"The goal of education is to establish a non-violent and non-exploitating social and economic order." ১৯৮৬ সালের Nation policy on Education সম্পর্কে ১৯৯০ সালে যে রিভিউ কমিটি গঠিত হয় তার প্রতিবেদনে শিক্ষার লক্ষ্য সম্পর্কে প্রস্তাব করা হয়। "Towards an Enlightened and Humani Society"। ভারতে শিক্ষার আধুনিকীকরণ সম্পর্কে আর একটি উক্তি বিশেষভাবে প্রনিধানযোগ্য—"Can we combine the progress of science and technology with the progress of mind and spirit also? We cannot be untrue to science because that represents the basic fact of life to-day. Still less can we be untrue to those essential principles for which India has stood in the past throughout the ages."। এই প্রসঙ্গে The Education Commission (1964-66)-এর ভারতীয় শিক্ষার লক্ষ্য সম্পর্কে একটি উক্তিও বিশেষভাবে উল্লেখের দাবী করে—"We believe that India should strive to bring science and the values of the spirit together in harmony and thereby save theri way for the cultural emergence of a siciety which cater to the needs of the whole man and not only to a particular fragment of personality."।

বর্তমানে ভারতের শিক্ষা ব্যবস্থার পুনর্গঠন সম্পর্কে যে সব ভাবনা চিন্তা হচ্ছে এবং যে সব

উদ্যোগ গ্রহণ করা হচ্ছে সেগুলি এবং বিশেষভাবে National Knowledge Commission-এর সুপারিশসমূহ কি উপরিউক্ত ধ্যানধারণার সাথে সামঞ্জস্যপূর্ণ? যদি তা না হয় তাহলে উক্ত ভাবনাচিন্তার ভিত্তিতে যেসব ব্যবস্থা গ্রহণ করা হবে তাতে কি শিক্ষার মানবিক সুখ সুনিশ্চিত করা সম্ভব হবে? এইসব দুর্ভাবনা এবং উৎকণ্ঠা থেকে মুক্তির উপায় সম্পর্কে আমাদের নিশ্চয় কিছু করণীয় থাকে।

প্রসঙ্গত হিটলারের কনসেনট্রেশন ক্যাম্প-এ একদা বন্দী জীবন যাপন করেছেন এমন একজন ব্যক্তির শিক্ষকদের প্রতি একটি আবেদন স্মরণ করতে বাধ্য হচ্ছি—

"Dear Teacher,

I am a survivor of a concentration camp. My eyes saw what no man should witness. Gas chambers built by learned engineers, children poisoned by educated physicians, infants killed by trained nurses, women and babied shot and burnt by High school and College graduates. So, I am suspicious of education. My request to teachers—help your students to become human. Your effort must never produce learned monsters, skilled sycophants, educated Eichmans."

তালিকা—ক

Literacy rates often populous (Population more than five crores) States ofIndia (Census 2001) [According to position]

Rank	Name of the State	Total Population	% of Literacy
1st	Maharashtra	5,27,33,958	77.27
2nd	Tamilnadu	6,21,10,839	73.47
3rd	West Bengal	8,02,21,171	69.22
4th	Gujrat	5,05,96,992	69.07
5th	Karnataka	5,27,33,958	67.04
6th	Andhra Pradesh	7,57,27,541	65.38
7th	Madhya Pradesh	6,03,85,118	64.11
8th	Rajasthan	5,67,43,122	61.03
9th	Uttar Pradesh	16,60,52,859	57.36
10th	Bihar	8,28,78,796	47.53
Total Population		78,42,02,613	
Total Population (India)		1,02,70,15,247	65.38

তালিকা—খ

Statement

Literacy in percentage in 2001	Name of the State	Average (%)	Male (%)	Female (%)
90% above	Kerala	90.92	94.20	87.86
80-90%	Mizoram, A&N.Island, Chandigarh, Daman & Diu, Delhi, Lakshadweep, Pondicheri			
70-79%	Himachal Pradesh	77.13	86.02	68.02
60-69%	Maharashtra	77.27	86.27	67.51
Below 60%	Tamilnadu	73.47	82.33	64.55
	Tripura	73.66	81.47	65.41
	Uttaranchal	72.28	84.01	60.26
	* Andhra Pradesh	65.38	75.85	54.16
	Assam	64.28	71.93	56.03
	*Chattishgarh	65.18	77.86	52.40
	# Gujrat	69.07	80.50	58.60
	* Hariyana	68.59	79.25	56.31
	* Karnataka	67.04	76.29	57.45
	Madhya Pradesh	64.11	76.80	50.28
	* Manipur	68.87	77.87	59.70
	* Meghalaya	63.31	66.14	60.41
	Nagaland	67.11	71.77	61.92
	Orissa	63.61	75.95	50.97
	#Punjab	69.95	75.63	66.53
	Rajassthan	61.03	76.46	44.34
	# Sikim	69.68	76.76	61.46
	# West Bengal	69.22	77.58	60.22
	Dadra & Naear Haveli	60.33	73.32	42.99
	Arunachal Pradesh, Bihar, Jammu & Kashmir, Jharkhand & Uttar Pradesh			
	India	**65.38**	**75.85**	**54.16**

*More than 65%; # Nearly 70%

State wise-Statement of Expenditure on shcool education

Statewise education expenditure (2005-06)								
State/UT	Total State Budget (2005-06)	Ele. Edu. Budget as% State Budget	Sec. Edu Budget as % State Budget	Total SSA Funds available	Available SSA funds as % State Budget	Unitexp. Rs. per enrolled student	Exp. Rs. per child in relevant population	%children in age group 5-14 not in school
Andhra Paradesh	373779000	6.18	4.05	6335212	27.45	3370	1849	12.40
Arunachal Pradesh	16320300	5.87	2.08	585353	61.07	6221	3737	27.90
Assam	137538600	14.75	5.40	3489728	17.21	6830	3526	12.90
Bihar	185821400	19.2	1.87	2947578	33.02	2790	1384	34.80
Chhattisgarh	81323100	10.36	3.28	6482183	76.96	2864	1885	18.00
Goa	29147400	2.38	6.15	103356	14.92		8869	5.40
Gujarat	246560700	8.13	4.78	3414017	17.02	4668	2376	14.40
Hariyana	129854400	7.56	5.18	2075743	21.15	7581	2656	12.80
Himachal Pradesh	58857200	9.84	6.17	1261503	21.79	8649	5917	5.00
Jammu & Kashmir	88740900	5.64	4.78	3094253	61.84	6841	2950	11.90
Jharkhand	93215300	12.70	2.80	6305416	53.24	3781	1750	23.30
Karnataka	283640000	9.40	4.62	5059942	18.98	5033	2809	11.70
Kerala	206962500	7.37	6.81	1303896	8.55	9894	4295	2.40
Madhya Pradesh	210349500	8.79	1.87	15034028	81.34	1840	1255	21.60
Maharashtra	501639500	9.05	7.92	8168924	18.00	7312	3331	10.90
Manipur	18497400	6.85	3.90	391361	30.88		3314	6.80
Meghalaya	18757100	8.37	3.75	669143	42.62	4723	3642	13.10
Mizoram	13949800	8.81	3.74	579944	47.20	8893	6980	4.70
Nagaland	18929300	8.00	2.52	288554	19.05	4969	3024	6.70
Orissa	137838500	9.11	4.03	5190704	41.32	3116	1846	19.80
Punjab	193565800	3.11	7.45	2699745	44.89	7615	3118	11.00
Rajasthan	220613100	13.11	7.28	8054752	2784	4515	2625	22.00
Sikkim	17728000	4.28	4.09	161026	21.23	12876	9063	5.90
Tamil Nadu	316555200	6.81	6.22	4918170	22.81	4216	2892	3.90
Tripura	26806600	11.23	6.72	1250492	41.54	7111	5178	11.80
Uttarabchal	64385300	8.58	8.64	1678492	30.38	8009	4365	12.40
Uttar Pradesh	480710600	9.63	4.92	24848816	53.70	2582	1333	22.50
West Bengal	311375900	6.66	8.06	5880182	28.36	3561	2087	17.10
Andaman Nicobar	15126100	3.74	2.72	47744	8.44		10917	2.60
Chandigarh	10509200	4.93	3.07	72995	14.09	8095	3835	6.10
Dadar & N. Haveli	4760900	3.08	1.00	66901	45.57		3574	15.80
Daman & Diu	2578900	3.15	2.81	26151	32.21		4388	2.00
Delhi	66936300	6.50	14.75	295733	6.80	6948	3868	9.70
Lakshadweep	2206000	0.31	4.48	5841	85.90		6256	6.30
Pondichery	15739300	4.34	3.64	106176	15.54	10017	5697	2.10

(কু) সংস্কার অপনোদনে শিক্ষকের ভূমিকা

—মনোতোষ দাশগুপ্ত

বড়ো আক্ষেপ ছিল আচার্য প্রফুল্লচন্দ্রের। প্রেসিডেন্সি কলেজে তাঁর ছাত্ররা গঙ্গায় গ্রহণের স্নান করতে যায়। তিনি লিখছেন, যে, তিনি ছাত্রদের গ্রহণের কারণ ব্যাখ্যা করে বুঝিয়েছেন। "তাহারা বুঝিত, আবার গ্রহণ মুক্তির স্নান করিতে গঙ্গাতেও যাইত।" আচার্য তো রসায়নের শিক্ষক। খুবই নিষ্ঠাসহকারে পড়াতেন। প্রথম শ্রেণি থেকে ক্লাস নিতেন। পড়াতে পড়াতে আবেগতাড়িত হয়ে পড়তেন। পরমাণুসমূহের পারস্পরিক আকর্ষণ বোঝাতে গিয়ে বেয়ারাকে জড়িয়ে ধরতেন। কিন্তু এসবের মধ্যে গ্রহণজনিত কুসংস্কারের কথা আসে কোথা থেকে?

আচার্য চেয়েছিলেন এদেশে বিজ্ঞানচর্চার জন্য নিষ্ঠ এক যুবসম্প্রদায় গড়ে উঠুক। পেরেও ছিলেন তিনি। আচার্যের রাসায়নিক গবেষণায় কৃতিত্বের তুলনায় এই কৃতিত্বও নেহাত ছোটো নয়, বরং বেশিই। একটি পরাধীন দেশে একেবারে শূন্য থেকে রসায়ন গবেষণায় ইমারত গড়ে তোলা এবং গবেষণালব্ধ ফলাফল প্রকাশের জন্য ইণ্ডিয়ান কেমিক্যাল সোসাইটি স্থাপন এবং সেই সোসাইটি পরিচালিত জার্নাল প্রকাশ করে তাকে পৃথিবীর বিভিন্ন দেশের অনুরূপ সংস্থার জার্নালের সঙ্গে একাসনে প্রতিষ্ঠিত করা অনন্যসাধারণ মেধা, সংগঠন-ক্ষমতা ও গবেষক হিসাবে অত্যুচ্চ উৎকর্ষের সমন্বয়েই সম্ভব হয়েছিল। আচার্য পি-সি-রায়ের ঐতিহ্যধারী; হয় প্রত্যক্ষ শিষ্য বা প্রশিষ্য বা পরোক্ষ শিষ্য।" এই অসাধ্য সাধন করতে গিয়ে আচার্যদেব খুব সঠিকভাবেই দেখেছিলেন যে বিজ্ঞান শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে সবচেয়ে আগে যেটা প্রয়োজন তা হল বিজ্ঞানমনস্কতা। এই বিজ্ঞানমনস্কতা আধুনিকতার সমার্থক। বিজ্ঞান গবেষণার অগ্রগতি একটা জাতির আধুনিকতার মাপকাঠি হলেও, সবাই তো আর বিজ্ঞান গবেষক হবে না। কিন্তু বিজ্ঞানমনস্ক হতে বাধা কোথায়? শিক্ষার একটা নির্দিষ্ট স্তর পর্যন্ত তাই বিজ্ঞান শিক্ষা আবশ্যিক হতে হয়। এই বিজ্ঞান শিক্ষা যুক্তি ও চিন্তার যে পরিশীলন, প্রণালীবদ্ধতা, সুভেদ্যতা, বিস্তার ও আন্তর্বৈষয়িকতা তৈরি করে গবেষণার ক্ষেত্রে তা খুবই সুফল দেয়। এই গুণগুলি মানব বিদ্যা চর্চার ক্ষেত্রেও দরকারী। তাই বলা যায়, প্রতিটি মানব বিদ্যার ছাত্রের প্রয়োজন বিজ্ঞানমনস্ক চিন্তাধারা আর প্রতিটি বিজ্ঞানের ছাত্রের প্রয়োজন একটি রসস্নিগ্ধ মন। আচার্য জগদীশচন্দ্র বসুর 'অব্যক্ত' ও অধ্যাপক শশিভূষণ দাশগুপ্তের 'শ্রীরাধার ক্রমবিকাশ' গ্রন্থদুটিকে পাশাপাশি রাখলেই এ কথার যৌক্তিকতা সম্যক বোঝা যাবে।

একটি পরিচ্ছন্ন মন ও পরিষ্কার চিন্তনক্ষমতা যে কোনও গবেষণার ক্ষেত্রে একান্ত জরুরি। এর প্রথম ধাপ সংস্কারাচ্ছন্নতা থেকে মুক্তি। এই সংস্কার যে কোনও ধরনের হতে পারে। বিশদ আলোচনায় যাবার আগে 'সংস্কার' কথাটার একটু ব্যাখ্যা করে নেওয়া যেতে পারে। কথাটার ব্যুৎপত্তি ঃ সম্ + √কৃ + অ (ভাববাচ্যে); অর্থ 'সম্যক্‌ভাবে যা করা হয়েছে'। বিশেষরূপে নির্মলীকরণ, শোধন/সংশোধন, অলংকরণ প্রভৃতি বোঝায় এ শব্দে। এই অর্থের প্রলম্বন ও প্রসারের মাধ্যমে আমরা বলতে পারি 'সংস্কার' শব্দের অর্থ 'বিশেষ ভাবে অনুষ্ঠিত কৃত্য' : অর্থাৎ সেদিক দিয়ে দেখতে গেলে 'সংস্কার' কিন্তু ভালো অর্থেই ব্যবহৃতব্য। 'সংস্কার' শব্দের অপর অর্থ সহজাত ধারণা, বিশ্বাস, জ্ঞান, প্রবৃত্তি ইত্যাদি। এই অর্থে ব্যবহারের উদাহরণ—পূর্বজন্মের সংস্কার; তার সংস্কার বস্তুটি গ্রহণে তাকে বাধা দিল; সংস্কারের বশবর্তী হয়ে সে একাজ করেনি ইত্যাদি। এখন এই যে সংস্কারের অর্থ 'বিশ্বাস' বা 'ধারণা' বা 'ঝোঁক' ইত্যাদি— এখান থেকেই শব্দার্থের 'অপকর্ষ' নিয়ম মেনে 'সংস্কার' কথাটার অর্থে একটা ঋণাত্মক ভাব এসেছে। 'সংস্কার' শব্দটিকে 'উদাসীন' (neutral; ধনাত্মক নয়, ঋণাত্মকও নয়) ধরলে, এর আগে 'কু' বিশেষণ বসিয়ে 'খারাপ ধারণা বা বিশ্বাস' বোঝানো হয়। আবার যখন সংস্কার বলতে 'পরিমার্জন',



কলেজে শতবর্ষ উপলক্ষ্যে সেমিনারে ভাষণ দিচ্ছেন শ্রী সুবিমল সেন, ভাইস চেয়ারম্যান, পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা সংসদ।

'মেরামতি', 'পরিশোধন' বা 'পরিবর্তন' বুঝি, তখন 'সংস্কার' আর 'কুসংস্কার' অভিন্ন হয়ে দাঁড়ায়। আর 'সংস্কার' বলতে শুধু 'ধারণা' বুঝালেও, এটা স্বভাবতঃই চলে আসে যে সংস্কার যখন মনে বদ্ধমূল হয়ে যায় বা গেঁথে বসে, তখন শত চেষ্টা বা যুক্তিজালেও তাকে উৎপাটিত করা যায় না। এই ভাবে গেঁথে বসা বিশ্বাস বা ধারণাই কালক্রমে কুসংস্কার হয়ে দাঁড়ায়। গবেষকের সংস্কারাচ্ছন্ন হতে নেই— বিজ্ঞান গবেষকের তো নয়ই। অনেকে প্রশ্ন করতে পারেন যে গবেষণার অর্থই তো একটা প্রাগ্ধারণাকে যুক্তি এবং পরীক্ষা (experiment) দ্বারা প্রমাণ/প্রতিষ্ঠা করা। এর উত্তর এই যে এই প্রাগ্ধারণা গেঁথে যাওয়া বিশ্বাস নয়, একে বলা হয় প্রকল্প বা হাইপোথেসিস্ (Hypothesis)। এখানে 'ধারণা' তৈরি করে নেওয়া হয়— 'ধারণাটি' লালিত বা অর্জিত নয়। আবার এ-ও হতে পারে যে 'ধারণা'টি নিজের বা অন্যের ভূয়োদর্শন, যুক্তি ও চিন্তার ফসল। একটা উদাহরণ নেওয়া যাক। না, তার আগে 'প্রকল্প' কথাটার একটু ব্যাখ্যা সেরে নেওয়া যাক। অনুরূপ ব্যাখ্যা টমাস হেনরি হাক্সলে-র 'Nature and Science' প্রবন্ধে আছে। এখানে একটু বিস্তারিত করা হল।

একজন লোক রোজই বা প্রায়ই আপেল খায়। আপেল খেতে খেতে একদিন দেখল যে আপেল টক। ভালো করে দেখতে গিয়ে দেখে আপেলটা কাঁচা। ব্যস্, তারপর ভুলেই গেছে ব্যাপারটা। বেশ কিছু দিন পরে আবার ,কদিন ওই ঘটনার পুনরাবৃত্তি। তবে কী কাঁচা আপেল মাত্রেই টক, বা আপেল টক হলেই কাঁচা হবে? এবার সে নিজেই পরীক্ষা করতে শুরু করল। দেখল যে, টক হলেই আপেল কাঁচা হবে— এটা ঠিক নয়; তবে কাঁচা আপেল টকই হয়। এটা হল একটা প্রকল্প। এবার সে আপেল উৎপন্ন হয় যে সব জায়গায়, সেখানে সেখানে গেল। দেখল, ঠিকই। তারপর দেশ বিদেশের পরিচিত মানুষের কাছে খোঁজ নিল, তাদের দিয়ে পরীক্ষা করিয়ে নিল, কখন-কোথায়-কবে-কীভাবে-কী ধরনের আপেল পরীক্ষিত হয়েছে, তা লিখিয়ে নিল, আপেলের উদ্ভিদবিদ্যাগত বৈশিষ্ট্যসমূহ উদ্ভিদবিদ্যাবিশারদকে দিয়ে শংসিত করিয়ে নেওয়া হল। এইভাবে দেশ-কালের যথাসম্ভব বিভিন্নতায় যখন দেখা গেল যে, কাঁচা আপেল টক, তখন বিস্তারিত ও বিভিন্ন পরিবেশে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রকল্প সূত্রে উত্তীর্ণ হল। 'কাঁচা আপেল টক'— এখন হল সূত্র (law)। কিন্তু কেন? আপেলে আছে আইসো ভ্যালেরিক অম্ল (iso-valeric acid)। এটা জানা যে অম্ল মাত্রেই টক। এই আইসো-ভ্যালেরিক অম্লের উপস্থিতিই কাঁচা আপেলকে টক করে। কাঁচা আপেলে কিন্তু আপেলের বিশেষ গন্ধটা থাকে না, বদলে একটা টক টক গন্ধ থাকে। তারপর আপেল পরিপূর্ণতা লাভ করে যখন, তখন আপেলের মধ্যস্থিত বিশেষ উৎসেচক (enzyme)-এর ও সূর্যালোকের প্রভাবে এই আইসো ভ্যালেরিক অম্ল আইসো-অ্যামিল, আইসো-ভ্যালেরেট নামক এস্টারে পরিণত হয়। এস্টার হচ্ছে 'জৈব যৌগ' আর এরা সুন্দর মিষ্টি গন্ধযুক্ত। তাই পাকা আপেল মিষ্টি ও সুন্দর বিশেষ গন্ধযুক্ত। এটা হল 'কাঁচা আপেল টক'-এর তত্ত্ব। এই তত্ত্ব কতগুলো স্বীকৃত বা জ্ঞাত তথ্য বা postulate-এর উপর নির্ভরশীল। এগুলো হল ঃ অম্লটক, এস্টার মিস্টি গন্ধযুক্ত ইত্যাদি। বিজ্ঞানের ক্ষেত্রে একটি ভালো উদাহরণ হল আভোগেড্রো প্রকল্প/সূত্র। এই ইতালীয় বিজ্ঞানী ১৮১১ সালে পূর্ব-প্রস্তাবিত বার্জেলিয়াস (সুইডিশ্ বৈজ্ঞানিক) -এর প্রকল্পের সংশোধন করে বললেন, "অভিন্ন তাপমাত্রা ও চাপে সম আয়তন যে কোনও গ্যাসে সমসংখ্যক অণু (বার্জেলিয়াস বলেছিলেন পরমাণু) থাকবে।" এটি অ্যাভোগেড্রো প্রকল্প। তারপর কেটে গেছে কতদিন! নানা ধরনের ভৌত ও রাসায়নিক পরীক্ষা পরোক্ষভাবে এই প্রকল্পের সত্যতা প্রতিষ্ঠিত করেছে। এই প্রকল্পের প্রত্যক্ষ প্রমাণ নেই এই কারণে যে, অণু গোনা সম্ভব নয়। বর্তমানে তাই একে আমরা অ্যাভোগেড্রো সূত্র বলি। বার্জেলিয়াসের প্রকল্প অশুদ্ধ প্রমাণিত হওয়া সত্ত্বেও একে আমরা 'সংস্কার' বলব না, 'কুসংস্কার' তো নয়ই। আবার এ-ও বলব না যে অ্যাভোগেড্রো এর 'সংস্কার সাধন করেছিলেন'

(reformed); বলব যে অ্যাভোগেড্রো বার্জেলিয়াসের প্রকল্পটি সংশোধিত (রূপান্তরিত বা আংশিক পরিবর্তিত) করেছিলেন (modified)। তবে মনে প্রোথিত বিস্ময়ের সংস্কার-সাধনের (reformation) বৈজ্ঞানিক প্রচেষ্টায়ও প্রকল্পের জন্ম হতে পারে।

আমরা আগেই বলেছি যে আধুনিক শব্দতত্ত্ব অনুযায়ী সংস্কারের মধ্যে একটি ঋণাত্মক ভাবনা আছে, যার চরম অবস্থা 'কুসংস্কার'। ইংরেজিতে আমরা এদের প্রতিশব্দ হিসাবে যথাক্রমে prejudice ও supertion বলতে পারি। মনস্তত্ত্ববিদরা কুসংস্কার থেকে সংস্কার বা পূর্বসংস্কার (prejudice) নিয়ে বেশি ভাবিত। সামাজিক মনস্তত্ত্ববিদ্যা (social psychology)-য় এই 'সংস্কার' নিয়ে প্রভূত গবেষণা করা হয়েছে এবং হচ্ছে। সংস্কার এবং কুসংস্কার-এর পার্থক্য মাত্রা (degree)-য়, রকম (kind)-এ নয়। কিন্তু দুটোই ক্ষতিকর। তাই অবশ্যই অপনোদনীয়। আর এই অপনোদন সম্ভব শিক্ষার মাধ্যমে। লক্ষণীয় আমরা 'শিক্ষা বলেছি, 'বিদ্যা' নয়। শিক্ষা (education) এবং 'বিদ্যা' (knowledge) অভিন্ন নয়। রবীন্দ্রনাথ তাঁর 'শেষের কবিতা'-র অমিতর মুখ দিয়ে বলিয়েছেন 'হীরের আংটিটা হচ্ছে বিদ্যা, আর তার থেকে ঠিকরে পড়া আলো হচ্ছে কালচার'। না, ঠিক হল না, কালচার ঠিকরায় বিদ্যা থেকে নয়, ঠিকরায় শিক্ষা থেকে। তাই বলা যায় শিক্ষা = বিদ্যা + x। এই 'x' রাশিটা ভীষণ ভীষ—ণ গুরুত্বপূর্ণ। ক্ষেত্রবিশেষে এমনও হতে পারে যে, শিক্ষা = x , অর্থাৎ এক্ষেত্রে 'বিদ্যা = O'। হতে পারে, ক্ষতি নেই। সংস্কার/কুসংস্কার অপনোদিত হতে পারে, শিক্ষারই মাধ্যমে। বিখ্যাত মনস্তত্ত্ববিদ্ এস-পি-আদিনারায়ণ লিখছেন ঃ As a weapon to fight prejudice, the psycologist prefers to think of education rather than knowlege. Mere imparting of knowledge has a 'take it or leave it' side to it. The responsibility of the giver ceases soon after the imparting. But education is a more active, constructive business where the giver and the receiver cooperate in making something out of knowledge এই কথা থেকে দুটো জিনিস খুব পরিষ্কার বেরিয়ে আসছে। দুটো নয়— তিনটে। প্রথমত ঃ আচার্য প্রফুল্লচন্দ্র ছিলেন একজন শিক্ষক— প্রকৃত শিক্ষক। দ্বিতীয়ত ঃ শিক্ষককে প্রকৃত 'শিক্ষক' হয়ে উঠতে হবে— জ্ঞানদাতা নয়। তৃতীয়ত ঃ শিক্ষককেই সংস্কার/কুসংস্কার অপনোদনের ভার নিতে হবে। শিক্ষকের কাজের মূল উদ্দেশ্য তো জাতি গঠন। আর এই জাতি গঠনে সবচেয়ে বড় উপাদান হচ্ছে মানুষ তৈরি। সুশিক্ষিত মানুষই পারে জাতিকে বহমানা নদীর মতো স্বচ্ছ, গতিময় ও সৃষ্টিশীল করে রাখতে। রবীন্দ্রনাথের কথা ঃ "যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে / অজস্র শৈবাল দাম বাঁধে আসি তারে। / যে জাতি জীবন হারা অচল অসার / পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।" 'লোকাচার' 'সংস্কার'-এরই রকমফের। রবীন্দ্রনাথ দেখাচ্ছেন অগ্রগতি স্তব্ধ হলেই শৈবালদামসদৃশ লোকাচারের প্রতিবন্ধক এসে জড়ো হয়। এই অগ্রগতি কীসের? অবশ্যই আর্থ সামাজিক অগ্রগতি। আর এই সামাজিক অগ্রগতির একটা অবিচ্ছেদ্য অংশ সাংস্কৃতিক। দেশ বা জাতির অর্থ তো হচ্ছে মানুষ। আর স্বাভাবিক ভাবেই দেশের প্রতিটি কোণার মানুষের সমান অগ্রগতি ঘটে না। আর যে কোন দেশ বা জাতির ক্ষেত্রে বৈচিত্রের সমাবেশ দেখা যায়। ভারতবর্ষের ক্ষেত্রে এটা খুবই বেশি ও সুপ্রকট বলে আমরা এর জন্য গর্ববোধ করি; কিন্তু কোন দেশেই অবিমিশ্র সমসত্ত্বতা নেই, থাকা সম্ভবও নয়। নানা অভ্যন্তরীণ কারণে বিভিন্ন মানবগোষ্ঠীর বা বিভিন্ন অঞ্চলে সমান অগ্রগতি ও শ্রীবৃদ্ধি সম্ভব হয় না। যে সব অংশে শিক্ষার প্রসার অপেক্ষাকৃত কম বা যেখানে আর্থিক সাচ্ছল্য নীচের দিকে, সেখানকার মানুষের মধ্যে সংস্কার— আচ্ছন্নতা লক্ষ্য করা যায়। কিন্তু দেশ/জাতির গড় অবস্থান সাধারণভাবে এতে ক্ষতিগ্রস্ত হয় না। কিন্তু ইতিহাস সাক্ষ্য দিচ্ছে যে সময়মতো সতর্ক না হলে এতে যে সামান্য ফাটল সৃষ্টি হয় কালক্রমে তা জাতীয় সংহতিকে বিধ্বস্ত করে ভাঙনের পথে নিয়ে যেতে পারে দেশ ও জাতিকে। মজা হচ্ছে যে এই ভাঙন ঘটে

আর্থিক ও রাজনৈতিক বৈষম্য সম্বন্ধে মানুষ যখন অবহিত হয়ে ওঠে। কিন্তু প্রথম দিকে অবহেলিত জনগোষ্ঠী অভিমানবশতঃ নিজেদের সংস্কৃতিকে আশ্রয় করে সরে থাকতে বা নিজেদের গুটিয়ে নিতে থাকে। এ সময় তারা লোকাচার বা সংস্কারকে সংস্কৃতি বলে ভুল করে। অংশের অগ্রগতি রুদ্ধ হয়ে পড়ায় জাতির অবাধ অগ্রগমনের স্রোতধারা ব্যাহত হয় এবং স্থানবিশেষে ঘূর্ণাবর্তের সৃষ্টি হয়, এর আধিক্য ঘটলে বা একে অবহেলা করলে বিপদ অনিবার্য। শিক্ষা-কেবলমাত্র শিক্ষাই এই বিপদ রুখতে পারে। শিক্ষাই মনের কোণে লালিত সংস্কারকে দূর করে স্বাজাত্যবোধের জন্ম দিতে পারে, যা ব্যষ্টিতে সমষ্টির অংশম্মন্যতাবোধ তৈরি করে এবং জাতির একজন হিসাবে তাকে ত্রুটির বিরুদ্ধে সোচ্চার হতে উদ্বুদ্ধ করে। নিজে সোচ্চার না হতে পারলেও সোচ্চার কণ্ঠের সঙ্গে গলা মেলাতে উৎসাহ দেয়।

শিক্ষা চিন্তার স্বকীয়তাকে উদ্বুদ্ধ করে, যুক্তিবিশ্লেষণের প্রবণতা উস্কে দেয় এবং সত্যের প্রতি একটা খোলা-মন-ধারণা তৈরি করে। আর এভাবেই শিক্ষা সংস্কারের সঙ্গে যুদ্ধে অস্ত্রের কাজ করে। স্বামী বিবেকানন্দ এ বিষয়টিকে আরও অল্পকথায় আরও বিস্তৃতভাবে বলেছেন, "মানুষের ভিতর যে পূর্ণত্ব প্রথম থেকেই আছে, তারই প্রকাশ-সাধনাকে বলে শিক্ষা।" রবীন্দ্রনাথও একই কথা বললেন একটু অন্য ভাবে, "আমাদের যে শক্তি আছে তাহারই চরম বিকাশ হইবে, আমরা যাহা হইতে পারি তাহাই সম্পূর্ণভাবে হইব, ইহাই শিক্ষার ফল।" আর একটু এগিয়ে রবীন্দ্রনাথ আবার বললেন, "যে শিক্ষা অন্তরের অমৃত তাহার সাহায্যেই আমরা মৃত্যুর হাত এড়াইব।" রবীন্দ্রনাথ তাই বারবার 'মানসিক শক্তি-হ্রাসকারী নিরানন্দ শিক্ষার হাত এড়াতে' 'চিন্তাশক্তি ও কল্পনা শক্তি'-কে উদ্বেলিত করতে চেয়েছেন। চিন্তা কল্পনাশক্তি না থাকলে তো মানুষে আর রোবটে কোন পার্থক্যই থাকে না! বিবেকানন্দ তাই বলছেন, "চালিত যন্ত্রের ন্যায় ভাল হওয়ার চেয়ে স্বাধীন সত্তা—চৈতন্য-শক্তির প্রেরণায় মন্দ হওয়াও আমার মতে কল্যাণকর।" বললেন বটে, কিন্তু মজা এই যে চৈতন্যশক্তি কাউকে মন্দ হবার প্ররোচনা দেয় না।

এই শক্তি তো মানুষের মধ্যে প্রথম থেকেই আছে। তাকে উদ্বোধিত করতে হবে। শিক্ষকই এই উদ্বোধক। বিবেকানন্দ বলেছেন, "উপদেষ্টার কর্তব্য কেবল পথ থেকে বাধাবিঘ্নগুলো সরিয়ে দেওয়া"; 'রাস্তা সাফ করে দেওয়া' "ছেলেগুলো যাতে নিজ নিজ হাত-পা নাক-কান, মুখ-চোখ ব্যবহার করে, নিজের বুদ্ধি খাটিয়ে নিতে শেখে।" আচার্য প্রফুল্লচন্দ্র তাই করতে চেয়েছিলেন একেবারে 'প্র্যাক্টিক্যালি'। আচার্যদেব দুঃখ পেয়েছেন এই ভেবে যে ছেলেরা 'বুঝিত, আবার গ্রহণ মুক্তির স্নান করিতে গঙ্গাতেও যাইত।' না, দুঃখ পাওয়া নিষ্প্রয়োজন ছিল। সংস্কার/কুসংস্কার বিতাড়ন অত সহজ নয়। বহুদিনের প্রোথিত জগদ্দল পাথর এক ধাক্কায় সরে যাবে, ভাবা ভুল। তবে একজনকে তো প্রথম ধাক্কাটা দিতে হবে! একটা সহজ অঙ্কের হিসাব নেওয়া যাক। মনে করা যাক, দিনে একবার ধাক্কা দিলে একশ দিনে কোনও একটা পাথর সরানো যায়। আজ যদি প্রথম ধাক্কাটা দিই তবে শততম দিনে পাথরটাকে উপড়ানো যাবে; আর কাল প্রথম ধাক্কা দিলে উপড়ানো যাবে একশ একতম দিনে। তাই যত তাড়াতাড়ি হয় ততই মঙ্গল। আচার্যদেব জানতেন, জেনেও দুঃখ পেয়েছেন এই কারণে যে তিনি উচ্চ শিক্ষা গ্রহণরত বিজ্ঞানের ছাত্রদের বৈজ্ঞানিক পদ্ধতিতে সংস্কার মুক্ত করতে চেয়েছিলেন, কিন্তু আশু ফললাভে ব্যর্থ হয়েছিলেন। আখেরে যে ব্যর্থ হননি, আধুনিক যুগের প্রেক্ষিতে ভাবলেই তা বোঝা যায়।

সংস্কার/কুসংস্কার দূর করার ব্যাপারটা যে কত প্রয়োজনীয় ও কঠিন, তা একটা তথ্য থেকেই প্রমাণিত হয়। রয়্যাল সোসাইটি যখন প্রতিষ্ঠিত হয় (১৬০৬ খৃঃ, নথিভুক্ত হয় ১৬৬২-তে), তখন এর প্রথম কাজই হল দীর্ঘলালিত সংস্কার বা অন্ধবিশ্বাসের বিরুদ্ধে সংগ্রাম করে এদের অসারতা প্রতিপন্ন করা। একটা বর্ণনায় দেখি, অধিবেশন বসেছে যে বিষয়টির নিষ্পত্তি করতে তা হল গণ্ডারের শিঙের গুঁড়ো দিয়ে তৈরি বৃত্তের মধ্যে একটা পিঁপড়ে ছেড়ে দেওয়া হলে সেই বৃত্ত ডিঙিয়ে আসা পিঁপড়েটির অসাধ্য।

সেই অধিবেশনের জন্য গণ্ডারের শিঙের গুঁড়ো গিয়েছিল ভারতবর্ষ থেকে। সেই গুঁড়ো যে সত্যিই গণ্ডারের শিঙের তা নানাভাবে প্রত্যয়িত করা হয়েছিল। অনুরূপে পিঁপড়েটিকেও প্রাণিবিজ্ঞানীদ্বারা শংসিত করা হয়েছিল। সব ব্যবস্থা করে দেখা গেল পিঁপড়েটি অনায়াসে ওই গুঁড়োর বৃত্ত অতিক্রম করল। এভাবে দিনের পর দিন। আর এসব কাজের অনেকটাই যেহেতু গীর্জার বিরুদ্ধে গেল, তাই গীর্জার ধর্মধ্বজীরা এঁদের বিরুদ্ধে খড়্গহস্ত হয়ে উঠল। গীর্জার পক্ষে প্রশাসন। তাই এসব অধিবেশন হত বারাঙ্গনা পল্লীতে।

এই ঘটনায় আরেকটি বিরাট সত্য বেরিয়ে আসে। তা হল এই যে মানুষের অগ্রগতির ইতিহাসে ব্যষ্টিগত ও সমষ্টিগত হিসাবে প্রতিটি মানুষের অবদান রয়েছে। মনে পড়ে অক্ষয়কুমার বড়ালের একটি কবিতা (মানব বন্দনা)-র পঙ্‌ক্তি : 'শরণ্য একত্বে তুমি বরেণ্য এককে'। ছাত্রছাত্রীদের দৃষ্টি এদিকটির প্রতি আকৃষ্ট করানো খুবই দরকার। শিক্ষক, ধরা যাক, ক্লাস নিচ্ছেন। পড়াচ্ছেন কাজি নজরুল ইসলামের 'বারাঙ্গনা' কবিতাটি ঃ 'কে বলে তোমায় বারাঙ্গনা মা, কে থুতু দেয় ও গায়ে?/হয়তো তোমার স্তন্য দিয়াছে সীতা কোন সতী মায়ে'। কিংবা পড়াচ্ছেন গুরুদেব রবীন্দ্রনাথের 'ওরা কাজ করে' : 'তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল... বহুদূরে প্রসারিত এদের বিচিত্র কর্মভার, /তারি পরে ভর দিয়ে চলিতেছে সমস্ত সংসার'। [দুর্ভাগ্য এই যে প্রথম কবিতাটি প্রকাশিত হওয়ার পর সজনীকান্ত দাস তাঁর 'শনিবারের চিঠি'-তে লিখেছিলেন, 'এইবার ঠিক হইয়াছে। নজরুল অবশেষে তাঁহার মাকে বেশ্যা বলিয়াছেন।'] এই দুটি ক্ষেত্রে প্রতিপাদ্য বিষয়ের সঙ্গে রয়েল সোসাইটির ঘটনাটি কী সুন্দর খাপ খেয়ে যাচ্ছে। এভাবেই শিক্ষক প্রসঙ্গকে ধরে প্রসঙ্গান্তরে যেতে পারেন, শিক্ষাদানকে নেহাতই সংকীর্ণতার খোলে বদ্ধ না রেখে তাকে প্রসারিত করে দিতে পারেন বহু বিচিত্র ধারায়। এর প্রয়োজন আছে। শিক্ষকের দায়িত্ব ও কর্তব্যের কথা সাধারণভাবে না বলে যদি শুধু আমাদের নিজেদের দিকে তাকাই, তবে কিন্তু এটি এক অবশ্য কর্তব্যের মধ্যে পড়বে। এখন তো নিয়ম হয়েছে যে পাঠ্যপুস্তকের প্রথমেই আমাদের পবিত্র সংবিধানের প্রস্তাবনা-অংশটি মুদ্রিত করতে হবে। এই প্রস্তাবনা অংশ যদি লক্ষ করি তবে দেখব সেখানে আছে ঃ আমরা, ভারতের জনগণ যথাবিধি ভারতকে একটি সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক প্রজাতন্ত্রে সংস্থাপিত করতে সংকল্প নিয়ে এবং সমস্ত নাগরিকদের বিধান করতে ঃ

ন্যায়বিচার, সামাজিক, আর্থিক এবং রাজনৈতিক স্বাধীনতা, চিন্তার, প্রকাশের, বিশ্বাসের (belief), প্রত্যয়ের (faith) এবং আরাধনার।

* * *

লক্ষণীয় বিশ্বাস ও প্রত্যয়ের স্বাধীনতার কথা বলা হয়েছে। এ থেকে মনে হতে পারে যে, পূর্ব সংস্কারও তো বিশ্বাস! যে যেই বিশ্বাসে খুশি থাকে, থাকুক না তা নিয়ে। তবে আমাদের প্রস্তাবনার এই অংশের সঙ্গে পড়তে হবে "অংশ IV A : মৌলিক কর্তব্যসমূহ" (Fundamental duties) অংশটি। এই অংশ সংবিধানের আদি সংস্করণে ছিল না। ১৯৭৬-এর ৪২তম সংশোধন (৩. ১. ১৯৭৭ থেকে কার্যকরী হয়)। এতে আছে [51-A (h) অংশে] "বিজ্ঞানমনস্কতা, মানবিকতা এবং অনুসন্ধিৎসা ও সংস্কারের প্রবণতা বিকাশ করা (to develop the scientific temper, humanism and the spirit of inquiry and reform". স্পষ্টই সংস্কার বা কুসংস্কারকে বিজ্ঞান ও অনুসন্ধিৎসার আলোকে দূর করতে হবে। এটা স্বাধীন ভারতের নাগরিকমাত্রেরই অন্যতম সাংবিধানিক কর্তব্য। আর শিক্ষকরা স্বাধীন দেশের নাগরিক তৈরি করেন, আগামী প্রজন্মকে তৈরি করেন— আর যেহেতু মানুষ নিয়েই দেশ— তাই বলা যায় তাঁরা দেশকে নিয়ত তৈরি করে চলেছেন, শিক্ষকদের উপর স্বভাবতঃই এই দায়িত্ব বেশি করে বর্তায়।

শিক্ষকেরা কীভাবে বিজ্ঞানমনস্কতা সংক্রমিত করে সংস্কার/কুসংস্কার দূর করতে সচেষ্ট হবেন, তা আলোচনা করার আগে সংস্কার কী, তা নিয়ে আলোচনা করে নেওয়া যাক। মনোবিজ্ঞানীরা বলে থাকেন, সংস্কার হচ্ছে জীবনের প্রতি একটা বিশেষ মনোভাব, জটিল সমস্যা নিয়ন্ত্রণের একটি বিশেষ উপায়। এর তাৎক্ষণিক ফল সন্তোষজনক হলেও আখেরে এটি ক্ষতিকর। সংস্কারের ইংরাজি প্রতিশব্দ prejudice -এর উৎস লাটিন praejudicium থেকে, যার অর্থ previous judgement। মধ্যযুগের ইংরাজিতে, পুরোনো ফরাসীতেও একই অর্থে এটি ব্যবহৃত— more previous judgement, ইংরাজিতে এর অর্থ কোন বিচার বা অধিকারকে অগ্রাহ্য করে কারও কোন কাজের ফলশ্রুতিতে ক্ষতি হওয়া। আরেকটি অর্থ আগে থেকে গড়ে নেওয়া কোন বিচার বা বিশ্বাস। 'অযৌক্তিক শত্রুভাব' ও বোঝায় এতে। বাংলায় সংস্কার বলতে এই সব অর্থের একটা সমন্বয়। এটি সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে বৌদ্ধিক শ্রম বাঁচানোর একটা পথ, বা একে বলা যায় snap-judgement-বা ঝটিকা-বিচার বা ঝটিকা-সিদ্ধান্ত। এই সংস্কার পক্ষে (pro) বা বিপক্ষে (anti) হতে পারে; দুটিই সমান ক্ষতিকর। মনোবিজ্ঞানীরা আরও দুটি শব্দগুচ্ছ ব্যবহার করেন এই প্রসঙ্গে ঃ (i) অবাস্তব চিন্তা (antisitic thinking) ও মানসিক আলস্য (mental laziness)। একবার যদি একটা বিশ্বাস/ধারণা/ভাবনা মনে গেঁথে যায়, তবে আর পুনর্ভাবনা বা পুনর্নিরীক্ষার কষ্ট স্বীকার না করে তাকে আঁকড়ে থাকার প্রবণতাই এই সংস্কার বা prejudice-এর জন্ম দেয়।

অবশ্য কিছু কিছু সংস্কার দৈনন্দিন জীবনে স্বাভাবিক ও অবশ্যাম্ভাবী। সারা পৃথিবীতে এমন কোন জায়গা নেই যেখানে সংস্কার দেখা যায় না। এই সংস্কারের উৎস কোথায়? মনোবিজ্ঞানীরা এই সংস্কারের উদ্ভবের একাধিক উৎস নির্দেশ করেছেন। এই উৎস আবার দুরকম ঃ (১) নৈর্ব্যক্তিক এবং (২) ব্যক্তিকেন্দ্রিক। নৈর্ব্যক্তিক উৎস আবার একাধিক, যেমন — (১) সংঘ (group)-উৎস ঃ ব্যক্তি মানুষ তো সঙ্ঘের বা সমাজেরই অংশবিশেষ। সংঘ বৃহত্তর অর্থে সমস্ত পৃথিবী বোঝায় (তুলনীয় ঃ বুদ্ধং শরণং গচ্ছামি, ধম্মং শরণং গচ্ছামি, সঙ্ঘং শরণং গচ্ছামি)। সমাজের লালিত সংস্কার সহজেই এবং স্বভাবতঃই তার মধ্যে স্পর্শাবে। পরীক্ষা করে দেখা গেছে সাধারণত বয়ঃকালের চতুর্থ ও পঞ্চম বর্ষের মধ্যে এটি ঘটে। (২) জাতিকেন্দ্রিকতা (ethnocentrism) ঃ এটি দেখা যায় সাধারণভাবে কোন জাতি বা মানবগোষ্ঠী অন্যের সাপেক্ষে নিজেকে বেশি বড়ো মনে করার প্রবণতায়। এই বোধকে গোষ্ঠী-উন্নাসিকতা বা group snobbery বলা যায়। (৩) অপরিচয় (unfamiliarity) ঃ দুই গোষ্ঠী, জাতি বা দেশের মধ্যে সবচেয়ে বেশি দুই ধর্মের মধ্যে অপরিচয় মানুযের মনে পরস্পরের প্রতি ভয়, ঘৃণা, অবিশ্বাসের জন্ম দেয়। যেমন ইংরেজ ও ভারতবাসীর মধ্যে একটা সময়ে বিরাট ব্যবধান ছিল সম্পূর্ণ অপরিচয়ের জন্য। যেমন ভারতবাসীরা মাটিতে বসে খায়— যেটা ইংরেজদের কাছে রীতিমতো ব্যায়ামচর্চা, ভারতবাসীরা হাত দিয়ে খায়— ইংরাজরা এটাকে অসভ্যতা মনে করত; ঢেকুর তোলা ইরেজদের কাছে রীতিমতো অভব্যতা, আর ভারতীয়দের ক্ষেত্রে এটা ভদ্রতাবিরুদ্ধ নয়, বরং অনেক ক্ষেত্রে নিমন্ত্রণকারীর পরিবেশিত খাবারের উৎকর্ষের স্বীকৃতি হিসাবে গণ্য হয়। আবার একত্রে খাবার সময় চুপ করে থাকা ভারতীয়দের কাছে ভব্যতাবিরুদ্ধ না হলেই ইংরেজদের কাছে তা-ই। আসলে ভারতীয়দের কাছে 'খাওয়া' ব্যাপারটা ব্যক্তিগত আর পাশ্চাত্যে এটি সামাজিক। ফলে যে পার্থক্য বোধের সংস্কার দুই পক্ষে জন্ম নেয় তার মধ্যে ইংরেজদের মনে আসে ভারতীয়দের প্রতি তাচ্ছিল্যবোধ আর ভারতীয়দের মনে একটা মিশ্র মনোভাব। ইংরেজরা শাসক অর্থাৎ রাজার জাত— এ থেকে আসে একটা হীনম্মন্যতাবোধ, আর সেই হীনম্মন্যতাবোধ স্বাজাত্যবোধ তথা উগ্র জাতীয়তাবোধ, দূরে থাকবার প্রবণতা ইত্যাদির সঙ্গে মিশে স্থির করে যে ইংরেজ ম্লেচ্ছ। রাজার জাত বলে অস্পৃশ্য ঘোষণা করা

যায় না, তাই 'জলচল নয়' ঘোষণা করা হয়। এমনকি তাদের দেশে খাওয়াও নিষিদ্ধ। গেলে গোবর খেয়ে প্রায়শ্চিত্ত করতে হয়। এখানে আমরা পরিষ্কার দেখলাম সংস্কার কীভাবে কুসংস্কারে পরিণত হয়। তাই সংস্কার ও কুসংস্কারের মধ্যে আমরা একটা পার্থক্য নির্দেশ করতে পারি এইভাবে ঃ সংস্কার নির্দেশ করা কঠিন, কিন্তু দূর করা অপেক্ষাকৃত সহজ; আর কুসংস্কার নির্দেশ করা সহজ, কিন্তু দূর করা খুবই কঠিন। আরও কঠিন হয় এই কারণে যে কুসংস্কারকে ধর্মের সঙ্গে জড়িয়ে ফেলে তাকে একেবারে ধর্মধ্বজী ও মৌলবাদীদের আওতায় নিয়ে ফেলা হয়। (৪) আর্থিক কারণ ঃ গেরহার্ট সীঙ্গার (Gerhart saenger) লিখেছেন, "জাতপাতের উঁচুনীচুর ধারণাটা শুধু যে শোষকের বিবেকের উপর প্রলেপ দিয়ে রাখে তা নয়, এটি সংখ্যাগুরু অংশের পরিবর্তনশীল অর্থনৈতিক চাহিদা মিটাতেও দরকার হয়ে পড়ে।" এ আজকের কথা নয়। আমাদের দেশের আর্য-অনার্যের যুদ্ধ এবং তার ফলশ্রুতি চতুর্বর্ণ প্রথা, আমেরিকার তুলো চাষের জন্য নিগ্রো ক্রীতদাসদের নিয়োগের বিষয়, দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গদের এক সময়ের বিশ্বাস যে কৃষ্ণাঙ্গরা প্রশাসনিক কাজের বা বিশেষ দক্ষতার কাজের অযোগ্য—এগুলো থেকেই আর্থিক কারণটা অনুভূত হয়।

আরেক ধরনের কারণ হচ্ছে ব্যক্তিকেন্দ্রিক কারণ। অবশ্য ব্যক্তি আর গোষ্ঠীর মধ্যে পার্থক্য করা অত সহজ নয়। ব্যক্তি গোষ্ঠী থেকে যেমন গ্রহণ করে, তেমনি সে গোষ্ঠীকে দেয়ও তো কিছু! সব দিক বিচার করলে এই সিদ্ধান্তেই আসতে হয় যে— কিছু সংস্কার মানুষ গোষ্ঠী থেকে সংগ্রহ করে, আর কিছু জন্ম নেয় ব্যক্তির নিজস্ব মানসিক প্রক্রিয়ায়। যে মানসিক চিন্তা-প্রক্রিয়াকে কখনো কখনো গতিবিজ্ঞান-প্রক্রিয়াসমূহ (dynamisms) বলা হয়। গতিবিজ্ঞান-প্রক্রিয়া হচ্ছে বিশেষ চিন্তা-প্রক্রিয়া, যার আছে বাধ্য করার ক্ষমতা। অর্থাৎ এটি হচ্ছে কার্যে-উপচে-পড়া চিন্তা। কাজেই দেখা যাচ্ছে গতিবিজ্ঞান-প্রক্রিয়া হল সংস্কারের কারণ; এটি পূর্বে বর্ণিত সামাজিক কারণের বিপরীত। এই গতিবিজ্ঞান প্রক্রিয়ার আবার রকমফের আছে, যেমন ঃ

(ক) নৈরাশ্য-আক্রমণ প্রকল্প (frustration aggression hypothesis) : এই প্রকল্প বলে যে নৈরাশ্য মাত্রেই আক্রমণ সৃষ্টি করে।

(খ) নির্বাধ ভাসমান আক্রমণ (free floating aggression) : নৈরাশ্য দূর করার সাধারণ উপায় হচ্ছে উন্নতির পথে বাধাগুলি দূর করে দেওয়া। কিন্তু যখন নানাবিধ কারণে এই বাধা দূরীকরণের পথে বাধা আসে তখনই এটি ঘটে। আক্রমণ স্পৃহা বা ক্রোধ স্বাভাবিক নির্গমনের পথ না পেলে অন্যভাবে প্রকাশ পায়। একটি উদাহরণ ঃ অফিসের বড়োসাহেব ছোটো সাহেবকে ধমকালেন; ছোটোসাহেব ধমকালেন বড়োবাবুকে, বড়োবাবু ধমকালেন কনিষ্ঠ কেরানীকে; তিনি ধমকালেন বেয়ারাকে; বেয়ারা বাড়ি গিয়ে ধমকালেন তাঁর স্ত্রীকে; স্ত্রী ধমকালেন ছেলেকে আর ছেলে তার পোষা বেড়ালটাকে মারল লাথি। আজকের প্রতিযোগিতার যুগে নৈরাশ্যগ্রস্ততা খুবই স্বাভাবিক। কিন্তু এর মূল কারণ অস্পষ্ট ও দুষ্প্রাপ্য হওয়ায় এ ধরনের সংস্কার দূরীকরণের ক্ষেত্রে সঠিক ধাপটি নেওয়া সম্ভব হয় না। সমাজ সাধারণতঃ নিজের গোষ্ঠীর মধ্যে এ ধরনের ব্যবহার সহ্য করনেনা, কিন্তু অন্য গোষ্ঠীর প্রতি এ ধরনের ব্যবহারে তারা দোষ দেখে না। একে তাই 'ঠোকরানোর তত্ত্ব' (peckingtheory) ও বলা যায়।

অবশ্য এই নৈরাশ্য-আক্রমণ প্রকল্পকে সর্বাত্মকভাবে গ্রহণ করা সমীচীন নয়। কারণ এটি সবক্ষেত্রে খাটে না। ধরা যাক 'x' নৈরাশ্যবশত নিজের অকৃতিত্বের জন্য 'y' ও 'z' -কে দায়ী করে থাকে। মনে মনে সে জানে যে মূলতঃ দায়ী হচ্ছে y; কিন্তু z-ও তার অসন্তোষ উদ্রেক করে, যেহেতু z, y-এর বন্ধু। এখন 'x' যদি কোনও উপলক্ষ্যে y-কে উপেক্ষা/অপমান/ঘৃণা করার সুযোগ পায়, তাহলে

যে সন্তোষ লাভ করবে z-এর প্রতি অনুরূপ ব্যবহার করলে তা হবে না। এখানে আমরা মানুষের কথা বললাম, প্রেক্ষিতের বিভিন্নতায়-ও এ জিনিস ঘটতে পারে। জার্মানরা যুদ্ধে হেরে গিয়ে ইহুদীদের প্রতি অত্যাচারী হয়ে ওঠে। এ অবস্থায় ইহুদীদের অত্যাচার করে যে আনন্দ তারা পেত, যুদ্ধে জয়ী হয়ে ইহুদীবিদ্বেষী হলে অনুরূপ অবস্থায় অন্য ধরনের আনন্দ পেত। হিন্দুদের মুসলমান-বিদ্বেষের ক্ষেত্রেও একই কথা বলা চলে। আর্যদের অনার্য-বিদ্বেষ অবশ্য অন্য ধরনের। শিক্ষাকে এ ধরনের সংস্কার নিয়ে কাজ করতে হলে তাই বিষয়টির মূলে যেতে হবে। খুবই সংবেদনশীল বিষয় এটি।

এই প্রসঙ্গে আরও দুটি কথা এসে পড়ে — (১) উপলক্ষ-নির্দেশন (scape goating) এবং (২) অভিক্ষেপণ (projection)। প্রথমটি স্বব্যাখ্যাত। নিজের পাপ, অকৃতি, দুরবস্থা ইত্যাদির জন্য অন্যকে দায়ী করা। জি-ডব্লু-অল্‌পোর্ট (G. W. Allport) তাঁর 'দি নেচার অব্ প্রেজুডিস্' বইয়ে All-duty scapegoat (সর্বক্ষেত্রোপলক্ষ) বলে একটা কথা ব্যবহার করেছেন। অনেক ক্ষেত্রেই কোন ধর্মীয়, জাতিপাত বা সম্প্রদায়গত একটি গোষ্ঠীর উপর সব দোষ চাপিয়ে দেওয়া হয়। দীর্ঘদিন লালিত হওয়ার ফলে এ ধরনের সংস্কার গভীরে প্রোথিত কুসংস্কার হয়ে দাঁড়ায়। আমেরিকানদের নিগ্রোবিদ্বেষ, জার্মানদের ইহুদী-বিদ্বেষ ও হিন্দুদের মুসলমান-বিদ্বেষ ক্রমবর্ধমান আক্রমণাত্মক সংস্কার।

অভিক্ষেপণ সংস্কার/কুসংস্কারের একটি গুরুত্বপূর্ণ ঘটনাশৈলী (mechanism)। এটি আসে ঈর্ষা (jealousy) বা দ্বেষ (envy) থেকে। একদল যখন কোন বিশেষ সুবিধা ভোগ করে, আর অন্যরা তা থেকে বঞ্চিত হয়, তখনই ঈর্ষা সৃষ্ট হয়। উৎকর্ষ বা যোগ্যতার প্রশ্ন বিবেচনায় না এনে তথাকথিত বঞ্চিতরা প্রথমোক্তদের উপর বিদ্বেষপরায়ণ হয়ে ওঠে। উদাহরণস্বরূপ ধরা যায়, দ্বিতীয় মহাযুদ্ধের সময় বিপজ্জনক অবস্থানে নিযুক্ত সৈনিকরা অপেক্ষাকৃত নিরাপদ স্থানে কর্তব্যরত সৈনিকদের উপর বিদ্বেষী হয়ে পড়ে। কিন্তু এটা তো পরিষ্কার যে এতে সংশ্লিষ্ট সৈনিকদের কোন হাত ছিল না। তাই বিদ্বেষীরা একটা অপরাধবোধে ভোগে, আর তা থেকে মুক্ত হতে গিয়ে এরা তাদের অপরাধবোধকে বিদ্বিষ্টদের উপর অভিক্ষেপিত করে। এভাবেই সে অপরাধবোধ থেকে মুক্ত হতে চায়। যেমন অসমবাসীরা ৬০ বা তার পরবর্তী বাঙালবিদ্বেষী আন্দোলনের সময় ভাবত যে বাঙালিরা আমাদের ব্যবসা-বাণিজ্য নষ্ট করছে। এটা 'আমি বাঙালিদের ব্যবসা বন্ধ করতে চাই'—ধারণার অভিক্ষেপিত চিন্তা-রূপ।

আরেকটি ব্যক্তিকেন্দ্রিক বিষয় হচ্ছে লিঙ্গ-বৈষম্য। আগে যে ঈর্ষার কথা বলা হল এই বিষম লিঙ্গের ক্ষেত্রে এটি সবচেয়ে প্রকট। প্রচলিত বিশ্বাস এই যে প্রতীচ্য থেকে প্রাচীতে মানুষ সেক্স-এর ব্যাপারে অনেক বেশি স্বাধীন ও মুক্তমনা। পাশ্চাত্যের মানুষের একসময়কার সুলতানের অন্তঃপুর নিয়ে একটা ঈর্ষার ভাব ছিল। আবার মুসলমানেরা একাধিক বিয়ে করতে পারে— এটি হিন্দুদের মনে ঈর্ষার উদ্রেক করত বা করে। পাশ্চাত্যে বিবাহবিচ্ছেদ সহজ—এটি আবার অনেক ক্ষেত্রে প্রাচ্যের মানুষের কাছে ঈর্ষণীয়। আমাদের হিন্দু সমাজের এক সময়ের কুলীনরা যেমন একসময় ঈর্ষার বস্তু হয়ে ছিল। এ তো গেল একদিক। আরেকটা দিক এই যে, নিগ্রোদের পৌরুষ ঈর্ষার বস্তু। আর্য অনার্যদের ক্ষেত্রে, গ্রাম-শহরের ক্ষেত্রে, বিভিন্ন জাত বা সম্প্রদায়ের মধ্যে এই পৌরুষের অভিব্যক্তি নিয়ে নানা বিশ্বাস আছে। পুরাণের যুগ থেকে এজন্য নানাধরনের ব্যভিচারের কাহিনী প্রচলিত। এই ব্যভিচার রোখার জন্যই একদল উপর স্তরের মানুষ বিধিনিষেধ আরোপ করে— পরে তা কুসংস্কার হয়ে দাঁড়ায়।

তৃতীয় আরেকটা দিক আছে। মেয়েদের দুর্বলতার সুযোগ নিয়ে পুরুষরা তাদের অত্যাচার করেছে। মেয়েদের সতীত্ব নিয়ে পুরুষদের বড়ো বেশি চিন্তা নানা ধরনের সামাজিক কুসংস্কারের জন্ম দিয়েছে। নাইটরা যত মানবদরদীই হোক নিজের স্ত্রীদের সতীত্ব অক্ষুণ্ণ রাখার জন্য তাদের লোহার জাঙ্গিয়া পরিয়ে যেত। সারা পৃথিবী জুড়ে বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে এ বিষয়ের নানা তথ্য পাওয়া যায়। স্ত্রী জাতিকে

সম্পত্তি থেকে বঞ্চিত করতে আমাদের দেশে যেমন সতীদাহ প্রথা এসেছিল তেমনি পুরুষের প্রতি বিশ্বস্ততার প্রমাণ হিসাবে ফ্যারাওদের সমাধিতে হারেমভর্তি স্ত্রীদের কবর দেওয়া হত। সেই যে ইতিহাস বলছে, সমাজবদ্ধ জীব যেদিন সম্পত্তি তৈরি করতে শিখল, প্রথম সম্পত্তি হল তার স্ত্রী আর কোনও মহিলা যে বিবাহিত তা বোঝাবার জন্য তীরের ফলা দিয়ে মাথার সিঁথি চিরে ক্ষত করা হত আর স্ত্রীকে যেমন ইচ্ছা ব্যবহারের অধিকারও জন্মাত। বেশি সন্তান হলে সম্পত্তি রক্ষায় সুবিধা তাই স্ত্রী হত সন্তান-উৎপাদনের যন্ত্র আর যত স্ত্রী তত সন্তান (অবশ্যই পুত্রসন্তান বেশি পছন্দের) স্ত্রীর প্রতি যথেচ্ছ ব্যবহারের উদাহরণ ম্যাক্সিম গোর্কির উপন্যাস (মা, পৃথিবীর পাঠশালায় ইত্যাদি) বা পল বার্কের উপন্যাস-এ চিত্রিত হয়েছে; আমাদের রামায়ণ, মহাভারত তো আছেই। অতীতের সংস্কার আজও বয়ে চলেছে বিবাহিতা মেয়েদের সিঁদুর পরা বা লোহা (নোয়া) বা গয়না পরা (যা বন্ধনের উপকরণ লোহার বেড়ির নামান্তর)-র মধ্য দিয়ে। এভাবেই সংস্কার কুসংস্কারে পরিণত হয়।

অত্যাচার যখন নিজেদের এবং অত্যাচারিতের মধ্যে পার্থক্য নির্দেশ করার পথ খুঁজে পায়, তখনই সে অত্যাচারের পিছনে নৈতিক সমর্থন খুঁজে বার করার জন্য সচেষ্ট হয়। এই পার্থক্যকেই মনস্তাত্ত্বিকরা বলেছেন দৃশ্যমানতা (visibility)। আর এটি খুঁজে পেলেই অত্যাচার ভিন্নভাবে প্রকট হয় এবং ফলে কুসংস্কার দৃঢ় ভিত্তি পায়। একে বলে 'শিকার করণ' (victimisation)।

এবার দেখা যাক, শিক্ষকরা কীভাবে এই সংস্কার বা কুসংস্কার দূর করার ক্ষেত্রে কাজ করতে পারেন। আমরা আগেই বলেছি যে কুসংস্কার চিহ্নিত করা সহজ, কিন্তু দূর করা কঠিন। এর একটা কারণ কুসংস্কারের সঙ্গে ধর্মীয় আবেগ, বিশ্বাস বা অনুভূতি (sentiment) জড়িত থাকে। সংস্কার অনেক সময় বোঝা কঠিন কিন্তু তা দূর করা সহজ। একটা উদাহরণ নেওয়া যাক। অজ্ঞতা বা অপরিচয় আমাদের দেশে হিন্দুমুসলমানের মধ্যে একটা দূরত্ব রচনা করেছে। এই অপরিচয়ের সংস্কার জলচলবিহীনতারূপ কুসংস্কারের সৃষ্টি করেছে। অনেক শিক্ষিত মানুষের মনে হয়ত শেষোক্ত কুসংস্কার নেই, কিন্তু অপরিচয় বা অজ্ঞতাজনিত সংস্কার রয়ে গেছে। যেমন অনেক শিক্ষিত লোকও হয়তো বলে বসেন, 'ও! উনি মুসলমান, আমি ভেবেছিলাম বাঙালি।' এই সংস্কার সামান্য অবধানতা দিয়েই কাটিয়ে দেওয়া যায়। জাত ও জাতির পার্থক্য একটু বুঝিয়ে দিলেই হল। শিক্ষকরা সহজেই এই ধারণা ছাত্রদের দিতে পারেন। শিক্ষকদের জেনে রাখা দরকার কী কী ধরণের সংস্কারে আমরা ভুগি; কী কী ধরণের সংস্কার অপনোদিত করা প্রয়োজন। সংবিধান পড়াবার সময়, যখনই জাতি কথাটা আসবে তখনই এই ধারণা দিয়ে দেওয়া দরকার। যখন পড়াতে হবে নজরুলের 'জাতের নামে বজ্জাতি' বা 'এক জাতি এক প্রাণ একতা' বা 'জগৎ জুড়িয়া এক জাতি আছে, সে জাতির নাম মানুষ জাতি' বা এই জাতীয় কোনো কিছু পাঠনের ক্ষেত্রে জাত/জাতি এসে যাবেই। এই প্রসঙ্গেই চলে যাওয়া যায় জাতিবিদ্বেষ-জাতীয় কুসংস্কারে। কাজি নজরুলের কবিতা 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতার পঙ্‌ক্তি, 'কাণ্ডারী, আজি পরীক্ষা জাতির অথবা জাতেরে করিবে ত্রাণ' একটি অসাধারণ উক্তি। এর সাহায্যে শিক্ষক অনেক দূর পর্যন্ত আলোচনায় চলে যেতে পারেন।

শিক্ষককে উপলক্ষ্য খুঁজে নিতে হবে। কিন্তু উপলক্ষ্যকে হতে হবে স্বতঃস্ফূর্ত, কোনোমতেই যেন এটা কষ্টকল্পিত মনে না হয়, জোর করে টেনে আনলে মাধুর্য নষ্ট হবার ভয় থাকে। রক্ত পড়াতে গিয়ে, রক্তের শ্রেণিবিভাগ পড়াতে গিয়ে অনেক আবেগতাড়িত ব্যাখ্যা দেওয়া যায় মানুষে মানুষ বিভেদীকরণের বিরুদ্ধে।

ধর্মীয় কুসংস্কার দূর করার প্রকৃষ্টতম উপায় ধর্মের তাৎপর্য বাস্তবে বোঝানো যে ধর্মের জন্য মানুষ নয়, মানুষের জন্য ধর্ম; ধর্ম কথাটা এসেছে 'ধৃ' ধাতু থেকে — যা ধারণ করে তা-ই ধর্ম। ধারণ করে

কোথায়? জ্ঞান, বুদ্ধি, উপলব্ধির এক সুউন্নত স্তরে। সব ধর্মই যে এক-প্রথমতঃ এই বোধটা মনে ঢোকানো দরকার। প্রকৃত ধর্ম যে মানুষকে ঘিরে— আর ধর্মের প্রাথমিক রূপ যে নীতিবোধ, এটাই ধর্মীয় বিদ্বেষ দূরীকরণের মহামন্ত্র। কন্‌ফুসিয়াস যেমন বুঝিয়েছিলেন নিজের অবস্থানের উপরে উঠে বৃহত্তর কিছুর জন্য সামর্থ্যমতো কাজ করাই ধর্মাচরণ। ডব্লু ব্যারো লিখেছেন, 'Religion is equally the basis of private and public faith; of the happiness of the individual and the prosperity of the nation.' এই দুই মতবাদে কোনও পার্থক্য নেই। আবার রবীন্দ্রনাথ যখন গেয়ে ওঠেন, 'মুক্তি? ওরে মুক্তি কোথায় পাবি, / মুক্তি কোথায় আছে।/ আপনি প্রভু সৃষ্টিবাঁধন পরে বাঁধা সবার কাছে।/ রাখো রে ধ্যান, থাক্ রে ফুলের ডালি, / ছিঁড়ুক বস্ত্র, লাগুক ধুলাবালি, /কর্মযোগে তার সাথে এক হয়ে/ ঘর্ম পড়ুক ঝরে।" তখনও তো এই একই কথা— কর্ম আর ধর্মাচরণে কোনও ফারাক নেই। আর কর্ম মানে তো মঙ্গলকর কর্ম, তাবৎ জীবের জন্য যা শুভঙ্কর। এর সঙ্গে যদি মিলিয়ে নেওয়া হয় বিবেকানন্দের কথা, 'ধর্ম মানে শুধু মতবাদ নয়, ধর্ম মানে সাধনা। সৎ হওয়া আর সৎকর্ম করা— এই দুয়ের মধ্যেই সমগ্র ধর্ম।' তবে স্পষ্ট হয় যে ধর্মের মূল কথা মানুষ আর ধর্ম মানুষকেই আশ্রয় করে বিকশিত হয়। আর এই ধর্মাচরণের চরমতম প্রকাশ শ্রীরামকৃষ্ণের কথা, 'জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।' পাঠনের সময় বিভিন্ন সুযোগে শিক্ষকদের পবিত্র কর্তব্য ধর্মীয় অন্ধকারের বিরুদ্ধে প্রচার করা। বলাই বাহুল্য যে এটা যে প্রচার তা যেন বোঝানো যায়।

এখানে একটা তথ্য দেওয়া ভালো। চলচ্চিত্র উৎসবের বিচারের ক্ষেত্রে একটা নিয়ম হল এই যে, শিশু চলচ্চিত্রে যেন কোন 'স্লোগান' না থাকে। এমন কী, সার্থক শিশু চলচ্চিত্র হিসাবে সত্যজিৎ রায়ের ছবি 'গুপী গাইন বাঘা বাইন' পুরস্কৃত হয়নি এই যুক্তিতে যে ছবিটিতে যুদ্ধবিরোধী প্রচার ছিল (অবশ্য সেই উৎসবে ছবিটি সঙ্গীতের জন্য পুরস্কৃত হয়েছিল)। এ ব্যাপারটা শিক্ষকদের খেয়াল রাখতে হবে। আজকের প্রতিক্রিয়াশীল সমাজে সর্বত্রই ফ্যাসিজম্ এর উঁকিঝুঁকি দেখা দিয়েছে ও দিচ্ছে। ফলে প্রকট প্রচার এক শ্রেণির মানুষকে ক্রুদ্ধ করে তুলতে পারে। ফলে এ ধরনের প্রচার সংশ্লিষ্ট শিক্ষকের উপর সমাজের অংশবিশেষের অসন্তোষ উৎপন্ন করতে পারে, আর তা আঘাত হয়ে নামতে পারে। না, 'আঘাত আসুক নবনব, আঘাত খেয়ে অচল রব' শিক্ষকের শপথ হতে পারে না। তার কাজ অন্যভাবে। একবারে মূলে গিয়ে আঘাত করতে হবে। অস্ত্র তাঁর পাঠন। পাঠন শৈলীকে তাই বিশেষভাবে শানিত করে তুলতে হবে।

বর্তমানের শিক্ষণ-কারুর বিশেষজ্ঞরা পাঠক্রম তৈরির ক্ষেত্রে যেসব পন্থা-প্রক্রিয়া-পরিকল্পনা (approaches, methods and planning) উপস্থিত করেছেন, তার মধ্যে একটি হচ্ছে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রবক্তা-পথিকৃৎ-বিশেষজ্ঞদের জীবন ও কাজের বিবরণ দিয়ে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করার প্রয়াস। উদাহরণ হিসাবে বলা যায়, বিজ্ঞানের ক্ষেত্রে এটি হবে ঃ motivating Iearners through life histories of scientists and their discoveries. শিক্ষকরা অনায়াসে মহান বিজ্ঞানীদের বৈজ্ঞানিক কাজকর্মের এবং বৃহত্তর সমাজের সঙ্গে তাঁদের মিথস্ক্রিয়ার বিবরণ দিতে পারেন— আর তাতে অনেক কথাই এসে পড়ে। উদাহরণ দেওয়া যাক ঃ তেজস্ক্রিয়তা ও রেডিয়াম/পোলেনিয়াম পড়াতে গিয়ে পিয়ের ক্যুরী ও মাদাম ক্যুরীর কথা আসবে। আসবে এই পরিবারকে নোবেল পরিবার বলা হয় সেকথাও। কারণটাও বলতে হবে স্বাভাবিক ভাবেই। এই পরিবারের মা (মাদাম মারিয়া শ্‌ক্লোদোভস্কা ক্যুরী) — মেয়ে (আইরিন জেলিও ক্যুরী), শ্বশুর (পিয়ের ক্যুরী)— জামাই (ফ্রেডরিক জেলিও ক্যুরী) নোবেল পুরস্কার পেয়েছিলেন। মাদাম ক্যুরী আবার পেয়েছিলেন দুবার। সেখানেও চমক— একবার পদার্থ বিদ্যায়, সেটা ১৯০৩ সালে পিয়ের ক্যুরি ও অঁরী বেকারেল-এর সঙ্গে যুগ্মভাবে, আর দ্বিতীয়বার ১৯১১ সালে এককভাবে রসায়নে।

এসবের সঙ্গে যে কথাটা আসতে পারে তা হল, তিনি মেয়েদের খ্রিস্টধর্মে দীক্ষা দেননি, দেননি কোনো ধর্মশিক্ষাও— নিজে যে ওসব গোঁড়ামিতে বিশ্বাস করতেন না। ছোট মেয়ে ইভ ক্যুরী তাঁর মায়ের অসাধারণ জীবন কথায় লিখেছেন যে মেয়েদের তিনি পরিষ্কার বুঝিয়ে দিয়েছিলেন যে বড় হয়ে ধর্মের ব্যাপারে তারা যেন তাদের নিজের নিজের খুশিমতো কাজ করে।

আরও একটা বিষয় এই বরেণ্যা বিজ্ঞানীর (বলা ভালো বিজ্ঞান-দম্পতির) জীবন থেকে শেখার। আজ উচ্চশিক্ষিত ছেলেমেয়েরা বেশিরভাগই ভালোবেসে বিয়ে করে। আবার যেহেতু উচ্চশিক্ষিত, তাই সহজেই আসে ভুল বোঝাবুঝি, অশান্তি— যা অবশেষে দাম্পত্য জীবনকে অসহনীয় করে তোলে। অনেকটা ওই like charges repel— আর কী! কিন্তু এই যে ক্যুরী দম্পতি— এঁদের তো মনীষা একেবারে উচ্চতম পর্যায়ের। অথচ কী মধুর এঁদের দাম্পত্য জীবন! (এঁদের জন্ম তারিখ যথাক্রমে ১৫ মে, ১৮৫৯ ও ৭ নভেম্বর ১৮৭৬); দাম্পত্য জীবনের হিসাব মাত্র ১১ বছরের (বিয়ে হয় ১৮৯৫ এর ২৬ জুলাই, আর পিয়ের দুর্ঘটনায় মারা যান ১৯ এপ্রিল, ১৯০৬)। ইভ ক্যুরী মায়ের জীবনকথায় লিখেছেন যে, সারাক্ষণ স্ত্রীর পাশে থেকে এমনই অভ্যাস হয়ে গিয়েছিল তাঁর (পিয়েরের) যে অল্প সময়ের জন্য ও মারী সরে গেলে তাঁর (বৈজ্ঞানিক) চিন্তার স্রোতে বাধা পড়ত। কেন ব্যাখ্যা করা যাবে না, ১৯০৩ থেকেই মাদাম ক্যুরীর মনের চারদিকে মৃত্যুর ছায়া যেন ভয় দেখিয়ে বেড়াত। একদিনের ঘটনা ইভ ক্যুরীর লেখার অনুবাদেঃ

'পিয়ের।!'

বিপদের আশঙ্কায় মারীর কণ্ঠ প্রায় রুদ্ধ। বিজ্ঞানী অবাক হয়ে জিজ্ঞেস করলেন,

'কী হল? বল ডার্লিং বল, তোমার কী হয়েছে?'

'পিয়ের, আমাদের মধ্যে একজন কেউ যদি আগে যায়, অন্যজনে তাহলে কী নিয়ে বাঁচবে? আমরা তো একে অন্যকে ছাড়া বাঁচতে পারব না গো! পারব না! পিয়ের ধীরে ধীরে মাথা নাড়লেন। মারী— তাঁর প্রেয়সী নারীর মতো এ ধরনের কথায় নতুন করে যেন তাঁকে মনে করিয়ে দিল যে বিজ্ঞানীর সার্থকতা বিজ্ঞান-সাধনায়, এই সাধনা পরিত্যাগ করার কোনো অধিকার তাঁর নেই। আস্তে আস্তে তুলে ধরলেন মারীর বিষাদমাখা মুখটি, তাকালেন তাঁর চোখের দিকে, দৃঢ় কণ্ঠে বললেন, 'তুমি ভুল করছ ডার্লিং। যাই ঘটুক না কেন, যদি আমাদের মধ্যে একজনকে জীবন্মৃত অবস্থায় বেঁচে থাকতে হয়, তবু তাকেই চালিয়ে যেতে হবে এই কাজ।'

আমরা জানি ঘটেছিল ঠিক তাই। নির্জীবপ্রায় মারী মেয়েদের মানুষ করেছেন, বৃদ্ধ শ্বশুরের সেবা করেছেন, আর করে গেছেন আরব্ধ বিজ্ঞান সাধনা দুর্নিরীক্ষ্য চরিতার্থতার দিকে লক্ষ্য রেখে। আর সেই ১৯০৬-এর ২১শে এপ্রিল ঃ আবার ইভ ক্যুরির লেখায় ফিরে যাই। লিখছেন ইভ ঃ

শনিবার সকালে তোমায় শুইয়ে দিলাম আমরা, তখন তোমার মাথাটা ছিল আমারই হাতে। বরফশীতল তোমার মুখে এঁকে দিলাম শেষ চুম্বন। বাগান থেকে তুলে আনলাম গোটাকয়েক পেরিউইঙ্কল্ ফুল, আর তার সঙ্গে দিলাম আমার সেই ছবিটা—যেটা দেখে তুমি ভালোবেসে বলতে ঃ ছোট্ট লক্ষ্মী ছাত্রী। সেই ছবিটার তো তোমার সঙ্গে যাওয়াই উচিত, কারণ তার মালিককে কয়েকবার দেখেই তুমি এত খুশি হয়েছিলে যে তাকে জীবনসঙ্গিনী করে নিতে এতটুকু দ্বিধা করোনি। তুমি পরে অনেকবারই আমাকে বলেছ যে জীবনে সেই একবার মাত্র এতটুকু দ্বিধা না করে ঠিক কাজটা করছ এই বিশ্বাস নিয়ে আমার কাছে এসেছিলে। পিয়ের, আমার পিয়ের, আমার মনে হয় ভুল তুমি করোনি গো! আমরা দুজনই দুজনের জন্য নিজেদের তৈরি করেছিলাম। আমাদের মিলন ছিল চরম ইঙ্গিত। কী অপূর্ব এক মিলনের মহাকাব্য—হাসিতে গড়া কান্নায় ভেজা। ওগো আধুনিক যুগের প্রেমিক-প্রেমিকা একবার ভাবো।

আজকের ধাত্রীবিদ্যাবিশেষজ্ঞরা মাতৃদুগ্ধের শ্রেষ্ঠত্বের কথা প্রচার করেন। তাঁরাও ভাবতে পারেন এই মাদাম মারিয়ার কথা ছাত্রদের এবং রোগিণীদের কাছে পৌঁছে দিতে। মাদাম ক্যুরী আইরিনের দেড় বছর বয়স পর্যন্ত বুকের দুধ খাইয়েছেন। তাঁর লেখা একটা চিঠি এরকম ঃ আমার খুদে রাজরানীকে আমি এখনও ভরপেট দুধ দিতে পারি (আইরিন জন্মাবার আগে মাদামের শরীর খুবই খারাপ হয়েছিল—মাথা ঘুরত, সহজেই ক্লান্তি আসত আর বেশ দুর্বল হয়ে পড়ে ছিলেন।) কিন্তু ভয় হচ্ছে যে বেশিদিন বোধ হয় আর পারব না। সপ্তাহ তিনেক আগে ওর ওজন কমে যায়; ওকে অসুস্থ, খিন্‌খিনে ও নির্জীব মনে হচ্ছিল। সে ভাবটা দিনকয় হল কেটে গেছে। ওজন যদি ঠিকমতো বাড়ে তবে আমি ওকে খাইয়ে যাব।" অতিরিক্ত ফিগার-সচেতন মায়েরা ভেবে দেখবেন।

আজকের মা-বাবারা অফিসে বা অন্যত্র কাজ করেন বলে ছেলেমেয়ের দেখভাল করতে পারেন না। ধাত্রী বা নার্সের কাছেই তারা মানুষ হয়। কিন্তু তাতে যে তাদের সম্যক বিকাশ হয় না, বা অনেক ক্ষেত্রে তাদের মধ্যে অস্বাভাবিকতা দেখা দেয়। এই যে বিদেশে স্কুল ছাত্র বেপরোয়া বন্দুক চালাচ্ছে বা অন্যান্য গর্হিত অপরাধ করে বসছে—তার পিছনে একমাত্র না হলেও অন্যতম কারণ যে মা-বাবার সাহচর্য, অভিভাবকত্ব, নির্দেশ না পাওয়া, তাতে কোন সন্দেহ নেই। মা-বাবারা প্রত্যক্ষভাবে এসব দিতে না পারার খামতিটা পুষিয়ে দিতে চান উপহার ইত্যাদির অনাবশ্যক সম্ভারে। সেক্ষেত্রেও মাদাম ক্যুরী আদর্শস্থানীয়া। আইরিনের ছবছর পরে জন্মায় তার দ্বিতীয় মেয়ে ইভ। শরীর খারাপ, শ্বাশুড়ি অসুস্থ, অর্থের প্রাচুর্য অনুপস্থিত, শ্রমসাধ্য গবেষণার কাজ (মারীর কাজ ছেলেদেরই উপযুক্ত ছিল)— অথচ মেয়েদের জন্য ধাত্রী রাখেননি। পিয়ের একবার বলেছিলেন, 'বাচ্চা ছাড়া তোমার আর কোন চিন্তাভাবনা নেই দেখছি। মেয়েদের সস্তা ছিটের জামা পরিয়েছেন, কিন্তু সমুদ্রতীরে তাদের নিয়ে খেলেছেনও। বাচ্চাকে স্নান করানো, জামা বদলানো— সব তিনি নিজের হাতে করতেন। তাঁর ডায়েরীতে দেখা গেছে বাচ্চাদের সব খুঁটিনাটি লিখে রেখেছেন—কবে তারা বসতে শিখল, কবে দাঁত উঠল, কবে প্রথম কথা বলল। আইরিনের যখন পড়াশোনা শুরুর সময় এল, এক অসাধারণ কাজ করলেন মারী। তাঁর সমপর্যায়ের অধ্যাপকদের সঙ্গে কথা বললেন। এঁদের মধ্যে একাধিক নোবেলবিজয়ী আছেন। এঁরাও তো সব পিতামাতা। তাঁরাই সবাইকে পড়াতে লাগলেন। জনা দশেক বাচ্চা এক বিশ্বখ্যাত অধ্যাপকের কাছে একদিন রসায়নের তালিম নেয়, তো অন্য দিন নোবেল বিজয়ীর কাছে পদার্থবিদ্যা শিখছে; আবার ডাকসাইটে গণিতের অধ্যাপক তাদের গণিত শেখাচ্ছেন। এ এক এলাহি ব্যাপার। পৃথিবীর যে কোনও বিদ্বজ্জনসভা যাদের নিজস্ব বিষয়ের উপর বক্তৃতা শোনাকে দুর্লভ সৌভাগ্য মনে করবে তাদের কাছে এই ক্ষুদেরা শিখত মাটির কাজ, ছবি আঁকা ইত্যদি। ভাবা যায়! এই দশজন বাচ্চার মধ্যে অনেকে ভবিষ্যতে বিজ্ঞানী হিসাবে বিশ্বজোড়া খ্যাতির অধিকারী হয়েছিলেন। আইরিন তো নোবেল বিজয় করেছিলেন। মাদাম কুরী তো এদের পদার্থ বিদ্যা শেখাবার জন্য নিত্যনূতন পাঠ পরিকল্পনা (lesson plan) তৈরি করতেন। সহজ থেকে সহজতর পরীক্ষার কথা ভেবেছেন। রবীন্দ্রনাথের কথা মনে পড়ে— তিনি ক্লাস ফোরের ছাত্রদের কীট্‌স্ পড়িয়েছিলেন। মাদামের পড়ানোর একটা উদাহরণ ঃ একটি গরম জল ভরা পাত্র নিলেন। প্রশ্ন করলেন, 'বলো তো একে গরম রাখতে কী করা উচিত?' ক্ষুদেগুলি নিজেদের বুদ্ধিমতো সব মত দিল বেশ গম্ভীর ভাবে বা অত্যুৎসাহে। কেউ বলল, 'পশম দিয়ে জড়িয়ে রাখতে হবে'। আরেকজন বলল, 'কাছের থেকে সব জিনিস সরিয়ে রাখতে হবে' (তাপ সঞ্চালন শিখেছে যে!) ইত্যাদি। মাদাম বললেন, 'বেশ, আমি কী করতাম জানো? প্রথমেই ঢাকনা দিয়ে ঢেকে দিতাম'; আর বলেই ঢেকে দিলেন পাত্রটা।

আচ্ছা স্কুলের বরিষ্ঠ শিক্ষকেরা একেবারে নীচের ক্লাসে একটু পড়ান না কেন? দেখুন না চেষ্টা করে। এর জন্য একাধিক স্কুলের মধ্যে একটা মিলিত কর্মসূচী করলে তো ভালোই হয়। হয় না?

কত সহজে শেখানো যায় যে অনেক সংস্কার, আসলে সংস্কার নয়— কুসংস্কার তো নয়ই, বরং এর পিছনে একটা বৈজ্ঞানিক সুচেতনা থাকে। তবে মা-মাসীমা-দিদিমা-ঠাকুমারা বিশ্বাস হিসাবে চেতনায় এমনভাবে ঢুকিয়ে দিয়েছেন, যে এগুলো সংস্কারপ্রতিম হয়ে দাঁড়িয়েছে। তবে শিক্ষকদের উচিত এর বৈজ্ঞানিক দিকটা তুলে ধরা। নীচে আমরা কিছু উদাহরণ দিলাম। বৈজ্ঞানিক ব্যাখ্যা অনেক সময় স্বব্যাখ্যাত।

(১) অন্ধকারে খাওয়া মানা; খেলে নাকি পেত্নী সঙ্গে খায়।

(২) মাটিতে বসে প্রস্রাব করলে ব্রাহ্মণদের পৈতে কানে জড়াতে হয়; নয় তো মরলে ব্রহ্মদৈত্য হতে হয়।

(৩) মন্দিরে জুতো পায়ে ঢোকা বারণ।

(৪) খাওয়ার সময় (অর্থাৎ মুখে খাবার নিয়ে) কথা বলতে নেই। বোঝাই যাচ্ছে যে তখন বিষম খাওয়ার সম্ভাবনা থাকে।

(৫) মাসিকের (মেয়েদের) সময় পুজোর জোগাড় করতে নেই। ওই সময় উঁচু হয়ে বসাটা ঠিক নয়— বোঝাই যাচ্ছে।

(৬) বটি দাঁড় করিয়ে রাখতে নেই, শুইয়ে রাখতে হয়।

(৭) শাঁখ বাজাবার আগে তার মধ্যে জল ঢেলে নিতে হয়।

আরেকটা মস্ত ব্যাপার আছে। অতীতে, বিশেষ করে গ্রামাঞ্চলে অন্ধকারই ছিল একটা সমস্যা। এখনও আছে।— গর্ত, সাপখোপ, চোর-ছ্যাঁচোর প্রভৃতির কত উপদ্রব রাত্রিবেলায়! এর বিরুদ্ধে যে সাবধানতা নেওয়ার ন্যূনতম প্রয়োজন তা হচ্ছে বাতি সঙ্গে নিয়ে যাওয়া। এই সাবধানতাকে নিয়ম করার জন্যই ভূতের ভয় আমদানী করা হয়েছে। আর এই ভূতের ভয় ব্যাপারটা এমনভাবে দেশকালের গণ্ডীকে ছাপিয়ে গেছে যে এর সঙ্গে তুলনা করা চলে কচুরী পানার। একজন ভদ্রলোক নাকি লাটিন আমেরিকায় কচুরী পানা দেখে মুগ্ধ হয়ে তাঁর বাড়ির চৌবাচ্চায় ফুল ফুটিয়েছিলেন। আজ সারা দেশেই কচুরীপানা একটা বিরক্তিকর ও বিপজ্জনক উৎপাত।

গাছপূজা, পশু বিশেষের প্রতি পক্ষপাতিত্বও সংস্কারের মধ্যে পড়ে। বিড়াল ষষ্ঠীর বাহন, অতএব অবধ্য; কুকুর মহাপ্রস্থানের পথে পাণ্ডবদের পথপ্রদর্শক, অতএব ভালোবাসার জিনিস; ইঁদুর গণেশের বাহন; লক্ষ্মী প্যাঁচা শুভঙ্কর ইত্যাদি। এ হচ্ছে প্রকৃতির সঙ্গে সহযোগিতা ও মিথোজীবিতার প্রকাশ। আগেই বলেছি যে সংস্কার চিন্তাকে বিশ্রাম দেয়। তাই বিষয়টাকে বোধের মধ্যে ঢুকিয়ে ধর্মীয় স্তরে নিয়ে যাওয়া হয়েছে। শাস্ত্রের কথা 'আস্তম্ব ব্রহ্মপর্যন্তং জগৎ তৃপ্যতু' উক্তির মধ্যে এই বিশ্বাসের কথাই ধরা হয়েছে। শুধু আমাদের দেশে বা শাস্ত্রে নয়। বিশ্বের সর্বত্রই এই বিশ্বাসের আবহ তৈরি হয়েছে। এস্-টি-কোলরিজ্ যখন লেখেন ঃ 'He prayeth best who loveth best / All things both great and small, / For the dear god who made us / He made and loveth all." বা ওয়ার্ডস্ওয়ার্থ লেখেন ঃ "Turn turn thy hasty foot aside, / Nor cronshlhal helpless worm. / The little creature your wayward looks devide / Required a God to farm", তখনও কিন্তু সেই প্রকৃতি প্রেমের কথা, সর্বজীবে করুণার কথা, সর্বোপরি মানুষ— প্রকৃতির পারস্পরিক সহযোগিতার কথাই কিন্তু বলা হয়। রবীন্দ্রনাথ যখন শান্তিনিকেতনে বৃক্ষরোপণ ও বনমহোৎসবের সূচনা করেন, তখন অনেকে বক্রোক্তি করেছিলেন। কিন্তু আজকের পরিবেশ-সচেতনতার যুগে এর গুরুত্ব সহজেই অনুধাবনীয়। শিক্ষকদের উচিত ছাত্রদের দৃষ্টি এই দিকে আকর্ষণ করা। অনেক কাজ হয় এতে।

অভিভাবক-শিক্ষক সহযোগিতা

—সুরেশ চন্দ্র আচার্য্য (১৯৬৩—৬৪)

[স্বাধীন ভারতের শিক্ষাসংকটের পটভূমিকায় অভিভাবক-শিক্ষক সহযোগিতার সমস্যাটি লেখক বিশ্লেষণ করিয়াছেন। তাহার মতে বর্তমান নৈরাশ্যজনক পরিস্থিতির নিরসনকল্পে প্রয়োজন এই দুই পক্ষের সম্প্রীতিপুষ্ট ঘনিষ্ঠ সহযোগিতা। তিনি সহযোগিতা লাভের কার্যকরী উপায় নির্দিষ্ট করিয়াছেন ও সেই সঙ্গে প্রত্যাশিত সুফলের ইঙ্গিত করিয়াছেন। যুক্তিপূর্ণ, গঠনমূলক আলোচনার দ্বারা অভিভাবক-শিক্ষক সমস্যাটির একটি বাস্তবরূপ প্রদান করিয়াছেন।]

স্বাধীন ভারতের শিক্ষা সংকট

স্বাধীনতা লাভের সঙ্গে সঙ্গে ভারত তার গণতান্ত্রিক চেতনাদর্শটিকে সার্বিক ও সার্বজনীন ভাবে উপলব্ধি করার জন্য শিক্ষার দ্রুত সম্প্রসারণে মন দিল। পর পর তিনটি পাঁচশালা পরিকল্পনার মোট ব্যয়ের একটা বিরাট অংশ এই জন্যই ব্যয়িত হয়েছে। বিদ্যালয়ে ও বিদ্যার্থীর সংখ্যা প্রত্যাশিতভাবে বাড়লেও তার আসল প্রত্যাশার লক্ষ্য পথে কোথায় যেন একটা বিরাট ফাটল থেকে গেছে। কমিশনের পর কমিশন বসিয়েও তা কিছুতেই ভরাট করা যাচ্ছে না। চরম আশাবাদীর মনেও আজ তাই একটা সংশয় নৈরাশ্যের ছায়া এসে পড়েছে। শিক্ষক শিক্ষাবিদ কর্তৃপক্ষ ও অভিভাবক সকলেই এই নৈরাশ্যের অন্ধকারে একে অপরের দিকে অঙ্গুলি নির্দেশে দোষারোপ করছেন।

অভিভাবক

অভিভাবকের ভাবনায় রীতিমতো নৈরাশ্যের ঝড়। নিজেদের জীবনের অপূর্ণ প্রত্যাশা ও বিশ্বাসগুলোকে ছেলেমেয়ের সম্ভাবনার ভেতর সম্পূর্ণ করে পাবার প্রবণতা পিতামাতার মনে স্বাভাবিক ভাবেই শাশ্বত। পুত্র কন্যারা সমাজে দশজনের মধ্যে একজন হয়ে সুখী সমৃদ্ধ সম্মানিত জীবন যাপন করুক এ ইচ্ছা পিতামাতার মধ্যে ঐকান্তিক। কিন্তু বাস্তব প্রয়োগক্ষেত্রে তাঁদের সামর্থহীনতা, অজ্ঞতা ও বিচক্ষণ বাস্তব প্রচেষ্টার ত্রুটির জন্য তাঁদের সে ইচ্ছা পূর্ণ হয় না; ফলে তাঁরা অসহিষ্ণু হয়ে শিক্ষক, শিক্ষায়তন ও শিক্ষা পদ্ধতির উপর আক্ষেপে ফেটে পড়েন।

আধুনিক শিক্ষার প্রকৃতি ও লক্ষ্য সম্বন্ধে তাঁদের কোন সুস্পষ্ট ধারণা নেই। তাই তাঁদের মতে শিক্ষা আজ ব্যবসায়ী পণ্যে পরিণত হয়েছে। শিক্ষকেরা সেই পণ্যের বিপণিক। শিক্ষার সংগে তাঁদের আর্থিক ছাড়া কোন আত্মিক যোগ নেই — শিক্ষার্থীর সংগেও না। তাই শিক্ষার্থীরা বৎসরান্তে বিদ্যালয় থেকে নিয়ে আসে "পড়ো বিদ্যার একখানা নিদর্শনী ছাড়পত্র' এবং ভগ্নোদ্যম ক্ষীণ কণ্ঠে পুঞ্জীভূত অসন্তোষ। সুতরাং মানুষ কই? — সুস্থ, প্রকৃতিস্থ আশাবাদী কর্মী মানুষ? আর আমাদের গণতান্ত্রিক স্বপ্ন?

শিক্ষক

শিক্ষকেরাও নীরব নেই। তাঁরা দশটা চারটার সামান্য পরিসরের মধ্যে জাতি ও জীবনের সাধ্য ও সাধনার যে চিত্র-চরিত্র তুলে ধরে শিক্ষার্থীর ব্যক্তিত্ব ও চরিত্র গড়ে তোলার জন্য অভিজ্ঞতার সঞ্চার ঘটাবার চেষ্টা করলেন তা বিদ্যালয়ের বাইরের প্রতিকূল পরিবেশে বিপরীত অভিজ্ঞতার অভিঘাতে নষ্ট

হয়ে গেল। এর জন্য দায়ী কে? শিক্ষক? শিক্ষার্থী? না — গৃহাবেষ্টন ও অভিভাবক? কিংবা আমাদের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনের অস্থিরতা ও অসাম্য কি এর জন্য কম দায়ী? তাছাড়া যে পারিপার্শ্বিকের প্রতি মুহূর্তের অভিজ্ঞতা শিক্ষার্থীর মনের পর্দায় অলক্ষিত ভাবে ছাপ ফেলে যায় তার প্রভাব ও প্রতিক্রিয়া শিক্ষার্থীর জীবনে যেমন স্থায়ী তেমনি কার্য্যকরীও বটে। বিদ্যালয়ের প্রচেষ্টা তার তুল্য মূল্যে শুধু নিষ্প্রভ নয় অকিঞ্চিৎকরও বটে।

শিক্ষার্থী

অন্যদিকে অভিভাবক ও শিক্ষকের এই অপ্রীতিকর অবিশ্বাস ও দৃষ্টিভঙ্গির বৈপরীত্য নানা ভাবে ছাত্র সমাজকে সামঞ্জস্যহীন বিকৃত বুদ্ধির দিকে ঠেলে দিয়েছে। না অভিভাবক — না শিক্ষক কারও উপরই তার পূর্ণ আস্থা নেই। অথচ বিদ্যালয়ে শিক্ষক — গৃহাবেষ্টনে অভিভাবক; স্ব স্ব ক্ষেত্রে উভয় পক্ষই অপ্রতিহত শক্তির অধিকারী। অতএব বুদ্ধিমান ছাত্রছাত্রী মাত্রেই একের বিরুদ্ধে অন্যের বিরূপতাকে জাগিয়ে রেখে নিজের পথে নিশ্চিন্ত হয়ে চলতে স্বস্তি পায়।

অপর পক্ষে বর্তমান সমাজে শিক্ষকের বৃত্তি মর্য্যাদা উচ্চমানে প্রতিষ্ঠিত না হওয়ায় শিক্ষকের পরামর্শ শিক্ষার্থীর কাছে শ্রদ্ধেয় বা গ্রহণীয় না হয়ে সহজে উপেক্ষণীয় হয়ে রয়েছে।

শিক্ষাদান ক্ষেত্রে শিক্ষকের দুরূহ কর্তব্য ও নব শিক্ষা পদ্ধতি সম্পর্কে অজ্ঞতাকে বিজ্ঞতা বলে চালিয়ে দেওয়ায় উৎসাহে অনেক সময় অসাধু অসতর্ক মন্তব্য করে গৃহাবেষ্টনের বায়ুমণ্ডলকে দূষিত করে তোলেন অভিভাবকেরা। সেই বিষাক্ত বায়ু শিক্ষার্থীর প্রাণ বায়ুর সংগে বিমিশ্র হয়ে তার স্বাভাবিক শোষণ ক্ষমতাকে পঙ্গু করে দেয়। ফলে অনিচ্ছা ও আধা ইচ্ছায় সংগৃহীত অপরিণত ও অপূর্ণগঠিত অভিজ্ঞতা ও জ্ঞান শিক্ষার্থীর জীবন পথে কোন গতি প্রেরণা সঞ্চার না করে তাকে অহেতুক উচ্ছৃঙ্খলতার নৈরাজ্যের দিকে ঠেলে নিয়ে যায়।

কর্তৃপক্ষ

শিক্ষাকর্তৃপক্ষও দেশের প্রয়োজন ও প্রকৃতির সংগে সংগতি রক্ষা করে শিক্ষাক্ষেত্রে নানা বৈদেশিক সিদ্ধান্ত ও দৃষ্টান্তের উপর নির্ভর করে কোন একটা নির্দিষ্ট সামঞ্জস্যপূর্ণ পদ্ধতির উপর ভর করে এগুতে পারছেন না।

অন্যান্য দেশের অগ্রগতির সঙ্গে সমানে পা ফেলে এগিয়ে চলার উৎসাহে পরিকল্পনার মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে তাঁরা বৈচিত্র্য ও অভিনবত্ব আনবার চেষ্টায় তৎপরতা দেখালেও দেশ জোড়া অজ্ঞতার বাস্তব বিপুল চেহারাখানাকে তাঁরা কিছুতেই ছুঁতে পারছেন না। শিক্ষার সম্প্রসারণের জন্য বাধাগুলোকে দূর করার ক্ষেত্রে তাঁরা চরম ঔদাসীন্য দেখিয়ে থাকেন। তা না হলে আমাদের দেশের বিদ্যালয়গুলির নবায়ন ও উন্নয়নের ক্ষেত্রে সাধারণ অভিভাবকদের সহযোগিতাকে তাঁরা উপেক্ষা করবেন কেন? বিদ্যালয়গুলির পরিচালক মণ্ডলী শিক্ষক নিয়োগ এবং আর্থিক ব্যয় মঞ্জুর সংক্রান্ত বিষয় ব্যতীত অন্য কোন বিষয়ে অনাগ্রহী। অভিভাবকদের সুযোগ সুবিধা, পরামর্শ ও সহযোগিতা সম্বন্ধে তাঁদের কোন আকর্ষন নেই। অভিভাবকেরাও তাই বিদ্যালয়ের শ্রী-সমৃদ্ধি ও স্বার্থ সম্বন্ধে নিস্পৃহ। ফলে বিদ্যালয়গুলি সামন্ততান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত হতে হতে গণতান্ত্রিক কল্যাণ আদর্শ থেকে দিনে দিনে ভ্রষ্ট হচ্ছে।

এই নৈর্‍্যাজনক নৈরাজ্য থেকে অব্যাহতি পাওয়ার জন্য একান্ত ভাবেই কাম্য অভিভাবক শিক্ষকের সম্প্রতিপুষ্ট ঘনিষ্ঠ সহযোগিতা।

সহযোগিতা লাভের উপযোগিতা ও উপায়

আমাদের নব প্রবর্তিত আধুনিক শিক্ষা পদ্ধতির প্রকৃতি প্রয়োজন সম্বন্ধে অভিভাবকদের আগে শিক্ষা দেওয়া দরকার। কারণ আজও তাঁরা সনাতন শিক্ষা পদ্ধতির গতানুগতিক স্মৃতিটিকে শ্রদ্ধার সঙ্গে জড়িয়ে ধরে নবতর ব্যবস্থাকে গ্রহণ করতে নারাজ রয়েছেন অনেকে।

তাছাড়া বর্তমান শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীর অন্তর পুরুষটিকে যথার্থভাবে উদ্বুদ্ধ করে তুলতে হলে যে উদ্দীপক পরিবেশের সমাবেশ ঘটানো প্রয়োজন তা অভিভাবকের সক্রিয় সহযোগিতা ব্যতীত নিতান্তই অসম্ভব।

এইজন্য বিদ্যায়তনের আয়োজন প্রয়োজন ও উদ্দেশ্য-পদ্ধতি সম্বন্ধে অভিভাবকের ধারণা যেমন স্পষ্ট হওয়া দরকার তেমনি শিক্ষার্থীর বংশগতি ও পারিপার্শ্বিক প্রভাব সম্বন্ধে শিক্ষকের ধারণা যত নিখুঁত হবে শিক্ষাক্ষেত্রে ব্যক্তিত্বের বিকাশ ও চরিত্র গঠন তত অল্পায়াসসাধ্য ও কার্য্যকরী হবে।

এক কথায় আমাদের বিদ্যায়তন ও গৃহনিকেতনের পরিবেশগত ব্যবধান না ঘুচলে বৈজ্ঞানিক মনস্তাত্ত্বিক উপায় অবলম্বনেও আমাদের শিক্ষার উদিষ্ট লক্ষ্যে অগ্রগতি নেই। কিন্তু অভিভাবক ও শিক্ষকের পারস্পরিক প্রীতিপুষ্ট সহযোগিতার দ্বারা অচিরেই বিদ্যালয় ও গৃহ পরস্পর পরস্পরের সম্পূরক বা পরিপূরক হয়ে উঠতে পারে।

জাতিগত উন্নতির প্রেরণার চাইতে ব্যক্তিগত স্বার্থের উৎসাহ ও উন্মাদনা অনেক বেশী। সন্তান সন্ততির বর্তমান শিক্ষা ক্ষেত্রে এই ব্যক্তিগত স্বার্থটি কোথায় তা অভিভাবকদিগকে দেখিয়ে দিতে পারলে তাদের সহযোগিতা যে শুধু স্বঃতোৎসারিত হবে তাই নয় সর্ববিধ অনুকুল পরামর্শ ও সক্রিয় তৎপরতা নিয়ে তাঁরা অচিরেই শিক্ষকের সহযোগী অন্তরঙ্গ আত্মীয় হয়ে উঠতে পারেন।

তাছাড়া এই ধরণের সহযোগিতা সন্ধানী সংস্থা গড়ে তোলার পেছনেও একটা প্রয়োজনীয় বৈজ্ঞানিক ভিত্তি রয়েছে।

বৈজ্ঞানিক ভিত্তি

ভারতের বিভিন্ন স্থানে Educational and Psychological Research Bureau গুলির অভিমত জানা সম্ভব না হলেও বর্তমানে কলিকাতা ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের সংলগ্ন এই ধরণের একটি সংস্থার কর্মকর্তাদের সঙ্গে আলোচনায় কয়েকটি গুরুত্বপূর্ণ সমস্যার সংকেত পাওয়া গেছে। তাঁরা বিভিন্ন স্থানের অসংখ্য ছাত্রছাত্রীর শিক্ষা সমস্যার কারণ অনুসন্ধানে পরীক্ষা চালিয়ে এই সিদ্ধান্তে উপস্থিত হয়েছেন যে অভিভাবকদের অজ্ঞতা সমস্যার ও অসতর্কতা বিদ্যালয় ও গৃহাবেষ্টনের প্রতিবেশ গত বিরূপতা, অভিভাবক ও শিক্ষকের পারস্পরিক আস্থাহীনতা ও প্রতিকূলতা, শিক্ষকতা বৃত্তির সামাজিক ও নৈতিক মানের ন্যূনতা ও সাামাজিক ও অর্থনৈতিক বৈষম্য — অনেক উচ্চ সম্ভাবনাময় বুদ্ধিমান ছাত্রছাত্রীকে উন্মার্গগামী করে জড় বুদ্ধির অতলতায় নামিয়ে এনেছে। তাঁদরে বিশ্বাস এই ধরণের অসুবিধাগুলি অভিভাবক ও শিক্ষকের সহযোগিতায় দূর না হলে এবং অভিভাবকেরা আধুনিক শিক্ষায় শিক্ষিত না হলে শিক্ষা ক্ষেত্রে আমাদের কোন লক্ষ্যণীয় অগ্রগতি নেই।

এই সকল আশু প্রয়োজনের কথা মনে রেখেই অভিভাবক-শিক্ষক সহযোগী সংস্থার দ্রুত গঠন ও সম্প্রসারণ হওয়া দরকার। এই ধরণের সংস্থার বাস্তব রূপ আমেরিকা প্রভৃতি দেশে বিশেষ ভাবে জনপ্রিয়তা লাভ করলেও আমরা তাদের অন্ধভাবে অনুসরণ করতে গেলে ভুল করবো। কারণ সে সব দেশের সামাজিক ও অর্থনৈতিক পটভূমি কিংবা অভিভাবকদের চেষ্টা-চিন্তা-চরিত্র আমাদের দেশের অনুরূপ নয়।

তবে আমাদের দেশের সামাজিক ও অর্থনৈতিক অভ্যস্ত জীবন যাত্রার সংগে সংগতি রেখে আমরা একটা কর্ম পদ্ধতির পরিকল্পনা নিতে পারি।

একটি প্রস্তাব

বর্তমান সমস্যার গুরুত্ব ও তার আশু সমাধানের সংকল্পে আমরা অভিভাবক শিক্ষক নির্বিশেষে সকলেই যদি স্ব স্ব ক্ষেত্রে দায়িত্ব গ্রহণে উৎসাহিত হই তাহলে আমেরিকার Parent-Teacher Association এর অনুকল্প একটা কোন প্রাদেশিক সংস্থা আমরা অনায়াসেই গড়ে তুলতে পারি। এই সংস্থার সংগঠন, লক্ষ্য ও কার্য্য পদ্ধতি হবে সম্পূর্ণভাবে গণতান্ত্রিক।

সংগঠন

অভিভাবক, শিক্ষক, শিক্ষাবিদ ও কর্তৃপক্ষ এই চার শ্রেণীর সভ্য নিয়ে সংস্থার কার্য্যকরী সমিতি গঠিত হতে পারে। এই প্রাদেশিক সংস্থা আবার প্রত্যেকটি বিদ্যালয়কে কেন্দ্র করে এক একটি আঞ্চলিক সংস্থা গড়ে তুলবেন।

লক্ষ্য ঃ এই সংস্থার লক্ষ্য হবে প্রধানতঃ পাঁচটি ঃ —

(১) অভিভাবক ও শিক্ষকের মধ্যে পারস্পরিক প্রীতি ও সহযোগিতামূলক আস্থা ফিরিয়ে আনা।

(২) শিক্ষার ক্ষেত্রজ যে কোন সমস্যা সমাধানে উভয় পক্ষের সমসক্রিয় সহযোগিতাকে উৎসাহ দান।

(৩) আধুনিক শিক্ষার স্বরূপ প্রকৃতি সম্বন্ধে অভিভাবকদের ধারণা সৃষ্টি করা।

(৪) এই নবতর শিক্ষার বাস্তব রূপায়ণের জন্য প্রয়োজনীয় পরিবেশ রচনা করার জন্য উভয় পক্ষকে উৎসাহ দান।

(৫) সাম্প্রদায়িক ভেদবুদ্ধি, দলীয় স্বার্থান্বেষা এবং শ্রেণী ও বৃত্তিগত বিভেদ বুদ্ধির বিলোপ ঘটিয়ে উভয় পক্ষের দায়িত্ব ও কর্ত্তব্য পালনে দৃঢ়তা আনয়ন করা।

কর্ম পদ্ধতি

এই সংস্থার কার্যপদ্ধতি গ্রাম ও শহর ভেদে ভিন্ন ভিন্ন হওয়া দরকার। কারণ এই জাতীয় বৈপ্লবিক প্রচেষ্টা আমাদের দেশে যেমন নূতন তেমনি সহজে সকলের সমর্থন নাও পেতে পারে। তাছাড়া এর বাস্তব প্রয়োগ ক্ষেত্রে আমাদের কোন অতীত অভিজ্ঞতা না থাকায় সহজে আমরা নিরুৎসাহিত হয়ে পড়তে পারি। সুতরাং এই প্রচেষ্টাকে কার্যকরী করার জন্য দৃঢ় সংকল্প ও অটুট ধৈর্য রাখতে হবে।

শহরাঞ্চলে

শহরাঞ্চলে বিভিন্ন বিদ্যালয়ে বিভিন্ন সময়ে শিশু-দিবস, শিক্ষক-দিবস ইত্যাদি উপলক্ষ্যকে কেন্দ্র করে বর্তমান শিক্ষার লক্ষ্য, তার কাম্য কর্ম পদ্ধতি এবং সম্ভাব্য সমস্যা সম্বন্ধে সহজ সরল আলাচনার জন্য অভিভাবকদের সমাবেশ ঘটিয়ে তাঁদের মনে নব প্রতীতি ও নব পরিবেশ রচনার প্রেরণা সঞ্চার করা যায়।

